আধুনিক ব্যাকরণকৌমুদী

[নবম ও দশম শ্রেণীর পাঠ্য]

শ্রীহেমচন্দ্র চক্রবর্তী, এম, এ (স্বর্ণপদকপ্রাপ্ত) কাব্য-স্মৃতি-তর্কতীর্থ
অধ্যাপক, কলিকাতা ও যাদবপুর বিশ্ববিদ্যালয়
কৃষ্ণনগর গভর্ণমেণ্ট কলেজের সংস্কৃত ভাষা ও
সাহিত্যের প্রধান অধ্যাপক (অবসরপ্রাপ্ত)

চিরঞ্জীব প্রকাশনী
পুস্তক প্রকাশক ও বিক্রেতা
৪৫, বেনিয়াটোলা লেন, কলিকাতা-৯

প্রকাশক :
চিত্ত সিংহ রায়
৪২, বেনিয়াটোলা লেন, কলিকাতা-৯

প্রথম সংস্করণ—জানুয়ারী ১৯৫৫

মুদ্রাকর :
শ্রীঅমলেন্দু শিকদার
জয়গুরু প্রিন্টিং ওয়ার্কস্
১৩/১, মণীন্দ্র মিত্র রো
কলিকাতা-৯

ভূমিকা

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ দশ শ্রেণীর বিদ্যালয়ের জন্য নূতন পাঠ্যক্রমের ব্যবস্থা করিয়াছেন। নবম ও দশম শ্রেণীর জন্য সংস্কৃত ব্যাকরণের গুরুভার লাঘব করিয়া নূতন পদ্ধতিতে ব্যাকরণ শিক্ষা দিবাব নির্দেশ দিয়াছেন। তদনুযায়ী **আধুনিক ব্যাকরণকৌমুদী** রচিত হইয়াছে। ব্যাকরণের মধ্যেই অনুবাদ ও বাক্যরচনা প্রভৃতিও সংযোষিত হইয়াছে। কোমলমতি বালক-বালিকাগণ যাহাতে প্রথম হইতে ব্যাকরণকে ভয় না করিয়া ক্রমে ক্রমে সংস্কৃত বাক্যরচনা, অনুবাদ, অশুদ্ধি-সংশোধন, সন্ধি, সমাস প্রভৃতি অতি সহজে শিখিতে পারে তাহার ব্যবস্থা করা হইয়াছে। প্রচুর উদাহরণ সহ অনুবাদ পদ্ধতি আলোচিত হইয়াছে। প্রধান প্রধান বিষয়গুলির বিস্তৃত আলোচনার পরে ঐ অংশের অবশ্য শিক্ষণীয় বিষয়গুলি পৃথক্‌ভাবে পুনরায় আলোচনা করা হইয়াছে।

সংস্কৃত ব্যাকরণ স্বভাবতঃ দুরূহ হইলেও এই বই-এ উহা অতীব সরল ভাষায় সহজবোধ্য করিয়া আলোচনা করা হইয়াছে।

দীর্ঘকাল সংস্কৃত সাহিত্য ও ব্যাকরণ অধ্যাপনার অভিজ্ঞতায় প্রথম শিক্ষার্থীর পক্ষে কোথায় অসুবিধা তাহা অনুভব করিয়া, পুস্তকখানি বচনা করিয়াছি।

সংস্কৃত হইতে বাংলা ও ইংরাজীতে এবং ইংরাজী ও বাংলা হইতে সংস্কৃতে অনুবাদের প্রচুর উদাহরণ এবং বিষয়ানুক্রমিক অশুদ্ধি-সংশোধন যুক্ত করিয়া ছাত্র-ছাত্রীদের সাহায্য করিবার চেষ্টা করিয়াছি। তাহারা উপকৃত হইলে এবং সুধী শিক্ষকগণের আনুকুল্য লাভ করিলে শ্রম সার্থক মনে কবিব।

পুস্তকখানির উৎকর্ষ-সাধনের জন্য শিক্ষকগণের পরামর্শ সাদরে গৃহীত হইবে।

ইতি

বিনীত নিবেদক

শ্রীহেমচন্দ্র চক্রবর্তী

সূচীপত্র

আধুনিক ব্যাকরণ কৌমুদী

প্রথম অধ্যায়

বর্ণ-প্রকরণ

মানুষ পরস্পরের মধ্যে ভাবের আদান প্রদান করে অর্থবিশিষ্ট শব্দ সমূহের উচ্চারণের মাধ্যমে। প্রত্যেকটি শব্দের একটি বিশিষ্ট অর্থ আছে। কেহ তাহার নিজের ইচ্ছামত অর্থে, শব্দ প্রয়োগ করিতে পারে না। কারণ এক এক জন ভিন্ন ভিন্ন অর্থে একই শব্দের প্রয়োগ করিলে অথ বুঝিতে পারা যায় না। এই শব্দ প্রয়োগেরও বিশিষ্ট রীতি আছে। উহাই ব্যাকরণের দ্বারা নিয়মিত হইয়াছে। এইরূপ শব্দের আবিষ্কার হইয়াছিল বলিয়াই জ্ঞান বিজ্ঞানের এত প্রসার সম্ভব হইয়াছে। তাই কবি দণ্ডী বলিয়াছেন—এই জগৎ অজ্ঞান অন্ধকারে আচ্ছন্ন হইত যদি শব্দ নামক জ্যোতিঃ সমস্ত জগৎকে আলোকিত না করিত।

ভাবের আদান প্রদানের জন্য ব্যবহৃত শব্দগুলির প্রয়োগ যাহা দ্বারা নিয়মিত ও নিয়ন্ত্রিত হয় তাহাকে **ব্যাকরণ** বলে। মহাভাষ্যকার পতঞ্জলি বলিয়াছেন— **শব্দানুশাসনং ব্যাকরণম্** অর্থাৎ যাহার দ্বারা শব্দের প্রকৃতিপ্রত্যয় নিরূপণ ও প্রয়োগবিধি জানা যায় তাহার নাম ব্যাকরণ। সহজ ভাষায় বলা যায়—যে শাস্ত্র পাঠ করিলে ভাষা শুদ্ধরূপে লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায় তাহার নাম **ব্যাকরণ**।

কোনও শব্দ উচ্চারিত হইলে উহার ধ্বনিরূপ আমরা শুনিতে পাই। কোনও শব্দে একটি ধ্বনি কোনও শব্দে একাধিক ধ্বনির সমাবেশ থাকে। 'রাম' এই কথাটি উচ্চারণ করিলে র্+আ+ম্+অ এই চারিটি ধ্বনি পাওয়া যায়। অতএব **ধ্বনি** শব্দের অর্থ,—শব্দের ক্ষুদ্রতম অংশ। এই ধ্বনিগুলি প্রকাশিত হয় কতকগুলি সাঙ্কেতিক চিহ্নের সাহায্যে। ধ্বনিনির্দেশক চিহ্নগুলির নাম **বর্ণ**। অ, আ, ক, খ, প্রভৃতির উচ্চারণে যে ধ্বনি শুনা যায় তাহাদের প্রতীক—অ, আ, ক, খ প্রভৃতি **বর্ণ**।

বর্ণ দুই প্রকার—**স্বরবর্ণ** ও **ব্যঞ্জনবর্ণ** অ, আ প্রভৃতি স্বরবর্ণ এবং ক, খ প্রভৃতি ব্যঞ্জনবর্ণ।

স্বরবর্ণ—স্বয়ং রাজতে ইতি স্বরঃ অর্থাৎ যে বর্ণ অন্য বর্ণের সাহায্য ব্যতীতই স্বয়ং উচ্চারিত হয় উহাই **স্বরবর্ণ**—পাণিনির স্বরবর্ণের সংজ্ঞা **অচ্**। যদিও অচ্‌এর মধ্যে আ ঈ ঊ প্রভৃতি নাই তথাপি অচ্ সংজ্ঞা হইতে যে স্বরবর্ণগুলি পাওয়া যায় উহাদের দীর্ঘ ও প্লুতস্বরও উহাদ্বারা বুঝান হইয়াছে।

স্বরবর্ণ তেরটি—অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, ৠ, ঌ, এ, ঐ, ও, ঔ। ইহা আবার দুই শ্রেণীতে বিভক্ত—**হ্রস্বস্বর** ও **দীর্ঘস্বর**। হ্রস্বস্বরের উচ্চারণে এক মাত্রা, দীর্ঘস্বরের উচ্চারণে দুই মাত্রা। সুতরাং যে স্বরবর্ণগুলির উচ্চারণে অপেক্ষাকৃত কম সময় লাগে উহারা **হ্রস্বস্বর**, যথা—অ, ই, উ, ঋ, ঌ এই পাঁচটি হ্রস্বস্বর।

যে স্বরবর্ণগুলির উচ্চারণে হ্রস্বস্বর অপেক্ষা বেশী সময় লাগে উহারা **দীর্ঘস্বর** যথা—আ, ঈ, ঊ, ৠ, এ, ঐ, ও, ঔ এই আটটি দীর্ঘস্বর।

ব্যঞ্জনবর্ণ—যে বর্ণগুলি অন্য বর্ণের সাহায্য ব্যতিরেকে উচ্চারিত হইতে পারে না উহারা **ব্যঞ্জনবর্ণ**। **ব্যঞ্জনম্ অন্বক্** অর্থাৎ অনু (পশ্চাৎ) অঞ্চতি (গচ্ছতি) ইতি অন্বক্, অর্থাৎ পরের উপর নির্ভরশীল। অন্যের আশ্রয় ব্যতীত ইহারা উচ্চারিত হইতে পারে না, তাই ইহারা ব্যঞ্জন।

ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম, য, র, ল, ব, শ, ষ, স, হ, ং, ঃ, এই পঁয়ত্রিশটি ব্যঞ্জন বর্ণ। পাণিনি ইহাদের সংজ্ঞা করিয়াছেন হল্, স্বরবর্ণের সাহায্য ব্যতীত ইহারা উচ্চারিত হইতে পারে না বলিয়া এইগুলিকে অ-কার যুক্ত করিয়া দেখান হইয়াছে। উহাদের প্রকৃতরূপ—ক্, খ্ এইরূপ হস্ চিহ্নযুক্ত।

ক হইতে ম পর্যন্ত পঁচিশটি ব্যঞ্জনবর্ণ, মুখ গহ্বরের বিভিন্ন স্থান স্পর্শ করিয়া উচ্চারিত হয় বলিয়া ইহারা **স্পর্শবর্ণ** (Mutes)। উচ্চারণের স্থানভেদ অনুসারে স্পর্শবর্ণ পঁচিশটিকে পাঁচটি **বর্গে** বা শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে। প্রত্যেক বর্গের নাম হইয়াছে ঐ বর্গের প্রথম বর্ণকে অবলম্বন করিয়া, যেমন **ক বর্গ**, **চ বর্গ** ইত্যাদি।

ক, খ, গ, ঘ, ঙ — **ক-বর্গ** (ইহাদের উচ্চারণ স্থান কণ্ঠ)
চ, ছ, জ, ঝ, ঞ — **চ-বর্গ** (ইহাদের উচ্চারণ স্থান তালু)
ট, ঠ, ড, ঢ, ণ — **ট-বর্গ** (ইহাদের উচ্চারণ স্থান মূর্ধা)
ত, থ, দ, ধ, ন — **ত-বর্গ** (ইহাদের উচ্চারণ স্থান দন্ত)
প, ফ, ব, ভ, ম — **প-বর্গ** (ইহাদের উচ্চারণ স্থান ওষ্ঠ)

কাদয়ো মাবসানাঃ স্পর্শাঃ।

য, র, ল, ব এই চারিটি **অন্তঃস্থবর্ণ**; স্পর্শবর্ণ ও উষ্মবর্ণের মধ্যে অবস্থিত বলিয়া উহারা অন্তঃস্থবর্ণ। অথবা উচ্চারণে স্বরবর্ণ ও ব্যঞ্জন বর্ণের মাঝামাঝি বলিয়া উহারা অন্তঃস্থবর্ণ। য, র, ল, ব এই চারিটিকে সেমি ভাওয়েল (Semi Vowel) বলে কারণ য = ই অ, র = ঋ অ, ল = ঌ অ, ব = উ অ।

শ, ষ, স, হ এই চারিটি **উষ্মবর্ণ** (Sibilant) ইহাদের উচ্চারণে বায়ুই প্রধান বলিয়া ইহারা **উষ্মবর্ণ**।

ং অনুস্বার ও ঃ বিসর্গ, এই দুইটিকে **অযোগবাহ বর্ণ** বলে। স্বর ও ব্যঞ্জনের মধ্যে ইহাদের উল্লেখ বা যোগ নাই, তাই **অযোগ** অথচ প্রয়োগ নির্বাহ করে, সেই জন্য ইহারা **অযোগবাহ বর্ণ**।

বর্ণমালার মধ্যে দুইটি ব আছে, একটি প বর্গের মধ্যে, অপরটি অন্তঃস্থ বর্ণের (য র ল ব) মধ্যে। দেবনাগরী অক্ষরে প বর্গীয় ব এর পেট কাটা এবং অন্তঃস্থ ব এর কোন চিহ্ন নাই; যে ব উবর্ণে পরিণত হয় বা প্রত্যয়ের ব, সন্ধিতে উৎপন্ন ব—অন্তঃস্থ ব, বহিঃ প্রভৃতির ব এবং বধ্, বন্ধ্, ব্রূ প্রভৃতির ব, প বর্গীয়। উদূঠৌ যত্র বিদ্যেতে যো বঃ প্রত্যয়সন্ধিজঃ। অন্তঃস্থং তং বিজানীয়াৎ তদন্যো বর্গ উচ্যতে।

প্রতিবর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ এবং শ, ষ, স এই তেরটিকে **অঘোষ বর্ণ** বলে (Surd)।

প্রতিবর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বর্ণ এবং য র ল ব হ ইহাদিগকে **ঘোষবদ্ বর্ণ** বলে (Sonant), কারণ ইহাদের উচ্চারণে স্বরতন্ত্রী কম্পিত হয়।

প্রতিবর্গের প্রথম, তৃতীয় ও পঞ্চম বর্ণ এবং য, র, ল, ব ইহাদিগকে **অল্প-**

প্রাণ বর্ণ বলে (Un-aspirated), কারণ ইহাদের উচ্চারণে প্রাণ বা নিঃশ্বাস হ-ধ্বনিযুক্ত নহে।

প্রতিবর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ এবং শ, ষ, স, হ এইগুলিকে **মহাপ্রাণ বর্ণ** (Aspirated) বলে, কারণ ইহাদের উচ্চারণে প্রাণ বা নিঃশ্বাস হ-ধ্বনি যুক্ত।

পাণিনি ও তাহার সম্প্রদায় চৌদ্দটি মাহেশ্বর সূত্রে অবলম্বনে ব্যাকরণ রচনা করিয়াছেন। অল্পাক্ষর, অসন্দিগ্ধ, সারবৎ, অনবদ্য ছিল সূত্রগুলি। ঐ চৌদ্দটি সূত্রে সমগ্রবর্ণমালার উল্লেখ আছে। কিন্তু, অ, আ, ক, খ, আমরা যেভাবে পড়ি, উহাতে সে ভাবে সন্নিবেশিত হয় নাই। বিশেস উদ্দেশ্য নিয়া বর্ণমালাব অক্ষরগুলি অন্যভাবে সন্নিবেশিত করিয়া কতকগুলি সংক্ষিপ্ত সংজ্ঞা বা **প্রত্যাহার** রচনা করিয়াছেন—সূত্রগুলি নীচে দেওয়া হইল—,

১। অ ই উ ণ্‌ ২। ঋ ৯ ক্‌ ৩। এ ও ঙ্‌ ৪। ঐ ঔ চ্‌। ৫। হ য ব র ট্‌। ৬। ল ণ্‌ ৭। ঞ ম ঙ ণ ন ম্‌ ৮। ঝ ভ ঞ্‌। ৯। ঘ ঢ ধ ষ্‌ ১০। জ ব গ ড দ শ্‌। ১১। খ ফ ছ ঠ থ চ ট ত ব্‌ ১২। ক প য়্‌, ১৩। শ ষ স র্‌ ১৪। হ ল্‌। ইহাদের যে কোনও সূত্র হইতে যে কোনও বর্ণ লইয়া, যে কোনও সূত্রের অন্তঃস্থিত হসন্ত যুক্ত একটি ব্যঞ্জন লইয়া, এক একটি প্রত্যাহার বা সংক্ষিপ্ত সংজ্ঞা করা হইয়াছে। এই প্রত্যাহারের আদিস্থিত বর্ণ হইতে ব্যঞ্জন পর্যন্ত সমগ্র বর্ণ গ্রহণ করিতে হইবে কিন্তু প্রত্যেক সূত্রের অন্ত:স্থিত ব্যঞ্জনগুলি ধরা হইবে না। অতএব অক্‌ বলিলে অ ই উ ণ্‌ এর অ ই উ এবং ঋ ৯ ক্‌ এর ঋ ৯ বুঝাইবে। এইরূপ অচ্‌ বলিলে অ ই উ ঋ ৯ এ ও ঐ ঔ এই সমুদায় স্বরগুলিকে বুঝাইবে। হ য ব র ট্‌ এর হ হইতে হল্‌ সূত্রের ল্‌ পর্যন্ত বর্ণের হল্‌ সংজ্ঞা। উহার দ্বারা সমুদায় ব্যঞ্জন বর্ণমালাকে বুঝাইবে। মোট প্রত্যাহার, ৪৪টি—অণ্‌, অক্‌, ইক্‌, উক্‌ ইত্যাদি। ইহাদের প্রয়োজন, যথা—ইকো যণচি—স্বরবর্ণ পরে থাকিলে ইক্‌ স্থানে যণ্‌ হয়। ইক্‌ অর্থ ই উ ঋ ৯ এবং যণ্‌ অর্থ য্‌ ব্‌ র্‌ ল্‌, সুতরাং ই স্থানে য্‌, উ স্থানে ব্‌, ঋ স্থানে র্‌ এবং ৯ স্থানে ল হয়। অতি + অন্ত্য = অত + য্‌ + অন্ত = অত্যন্ত।

বর্ণের উচ্চারণ স্থান

১। অ, আ, ক বর্গ ও হ—**কণ্ঠ্যবর্ণ**, কারণ ইহারা কণ্ঠ হইতে উচ্চারিত হয়। **অকুহবিসর্জনীয়ানাং কণ্ঠঃ**। (Gutturals)

২। ই, ঈ, চ, ছ, জ, ঝ, ঞ, য, শ—**তালব্যবর্ণ**, কারণ ইহারা তালু হইতে উচ্চারিত হয়। **ইচুযশানাং তালু**। (Palatals)

৩। ঋ, ৠ, ট, ঠ, ড, ঢ, ণ, র, ষ—**মূর্ধন্য বর্ণ**, কারণ ইহারা মূর্ধা হইতে উচ্চারিত হয়। **ঋটুরষাণাং মূর্ধা**। (Cerebrals)

৪। ঌ, ত, থ, দ, ধ, ন, ল, স—**দন্ত্য বর্ণ**, কারণ ইহারা দন্ত হইতে উচ্চারিত হয়। **ঌতুলসানাং দন্তাঃ**। (Dentals)

৫। উ, ঊ, প, ফ, ব, ভ, ম **ওষ্ঠ্য বর্ণ**, কারণ ইহারা ওষ্ঠ হইতে উচ্চারিত হয়। **উপূপধ্মানীয়ানাম্ ওষ্ঠৌ**। (Labials)

৬। এ, ঐ—**কণ্ঠতালব্য বর্ণ**, কারণ ইহারা কণ্ঠ ও তালু হইতে উচ্চারিত হয়। **এদৈতোঃ কণ্ঠতালু**। (Gutturo-palatals)

৭। ও, ঔ **কণ্ঠৌষ্ঠ্য বর্ণ**, কারণ ইহারা কণ্ঠ ও ওষ্ঠ হইতে উচ্চারিত হয়। **ওদৌতোঃ কণ্ঠৌষ্ঠম্**। (Gutturo-labials)

৮। অন্তঃস্থ ব **দন্তৌষ্ঠ্য বর্ণ**, কারণ ইহা দন্ত ও ওষ্ঠ হইতে উচ্চারিত হয়। **বকারস্য দন্তৌষ্ঠম্**। (Labio-dentals)

৯। (ং) অনুস্বার **অনুনাসিক বর্ণ**, কারণ ইহা নাসিকা হইতে উচ্চারিত হয়। **নাসিকা অনুস্বারস্য**। (Nasal)

১০। (ঃ) বিসর্গ, যে স্বরবর্ণের পরে থাকে, সেই স্বরবর্ণের উচ্চারণ স্থানই ইহার উচ্চারণ স্থান।

১১। ঙ, ঞ, ণ, ন, ম **অনুনাসিক বর্ণ**, কারণ ইহারা নাসিকা হইতে উচ্চারিত হয়। **ঞমঙণনানাম্ নাসিকা** (Nasals)।

অনুশীলনী

১। বর্ণ কাহাকে বলে? উহা কয় শ্রেণীতে বিভক্ত? প্রত্যেকের উদাহরণ দাও।

২। স্বর ও ব্যঞ্জন বর্ণে পার্থক্য কি?

৩। স্পর্শ বর্ণ কয় শ্রেণীতে বিভক্ত ও কি কি ?

৪। অন্তঃস্থ বর্ণ কোনগুলি ? কেন উহারা অন্তঃস্থ বর্ণ ?

৫। অযোগবাহ বর্ণ কি কি ? উহাদের এরূপ নামের কারণ কি ?

৬। কোনগুলি ঘোষবদ্ বর্ণ এবং কোনগুলি অঘোষ বর্ণ ?

৭। মহাপ্রাণ বর্ণ কি কি ? উহাদিগকে মহাপ্রাণ বর্ণ বলে কেন ?

৮। উচ্চারণ স্থান নির্ণয় কর :—ক, চ, দ, ম, প, ঋ, ৯, উ, ঈ, এ, ঔ,

বর্ণ-বিশ্লেষণ

শব্দের স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণগুলিকে পৃথক্ করিয়া দেখাইবার নাম **বর্ণ-বিশ্লেষণ**। পূর্বেই বলা হইয়াছে ব্যঞ্জনবর্ণগুলি হসন্ত, উচ্চারণের সুবিধার জন্য উহাদিগকে অকারযুক্ত করিয়া দেখান হইয়াছে। কারণ ব্যঞ্জনবর্ণগুলি স্বরবর্ণ যুক্ত না হইয়া উচ্চারিত হইতে পারে না। ব্যঞ্জনের সহিত স্বরযুক্ত হইলে উহাতে আর হসন্ত থাকে না, যথা—ক্, খ্, গ্ ইত্যাদি কিন্তু স্বর যুক্ত হইলে, ক্+অ=ক, খ্+আ=খা, গ্+ই=গি ইত্যাদি। এইরূপ স্বরবর্ণ ও ব্যঞ্জন-বর্ণ পৃথক্ করিয়া বর্ণ বিশ্লেষণ করিতে হয়।

রাম=র্+আ+ম্+অ কৃষ্ণ=ক+ঋ+ষ্+ণ্+অ

যুক্ত=য্+উ+ক্+ত্+অ আলয়=আ+ল্+অ+য়্+অ

নির্ণয়=ন্+ই+র+ণ্+অ+য়্+অ

লক্ষ্য করিবে, যে ব্যঞ্জনবর্ণে রেফ আছে উহার ঠিক পূর্বে র্ হইবে, যথা—গর্গ=গ+অ+র্+গ্+অ, সূর্য=স্+উ+র্+য্+অ। কিন্তু ব্রাহ্মণ স্থলে র্ ব্যঞ্জনবর্ণের পরে আছে—ব্+র্+আ+হ্+ম্+অ+ণ্+অ। যে ব্যঞ্জনের সহিত ব-ফলা আছে, তাহার অব্যবহিত পরে র্ হইবে।

সন্ধি বুঝিবার জন্য বর্ণবিশ্লেষণ জানা বিশেষ দরকার। সন্ধিতে পূর্ববর্তী শব্দের অন্তিম বর্ণ ও পরবর্তী শব্দের আদিস্থিত বর্ণের মিলন হয়। যথা কৃষ্ণ শব্দের অন্তিম বর্ণ অ এবং আলয় শব্দের আদি বর্ণ আ। অ এবং আ মিলিয়া সন্ধির নিয়ম অনুসারে আ হইবে। সুতরাং শব্দটি দাঁড়াইবে কৃষ্ণ+আলয়=কৃষ্ণালয়।

অনুশীলনী

১। বর্ণবিশ্লেষণ কাহাকে বলে।

২। বর্ণবিশ্লেষণের উপযোগিতা কি উদাহরণ দিয়া বুঝাইয়া দাও

৩। বর্ণবিশ্লেষণ কর :—আত্মা, চিরঞ্জীবী, পার্বতী, ব্রাহ্মণী।

পরিভাষা প্রকরণ

প্রকৃতি বা মূল শব্দ দ্বিবিধ—**প্রাতিপদিক** ও **ধাতু**।

প্রাতিপদিক—ধাতু ও প্রত্যয় ভিন্ন, অর্থযুক্ত শব্দকে **প্রাতিপদিক** বলে। কৃদন্ত, তদ্ধিতান্ত ও সমাসবদ্ধ শব্দকেও প্রাতিপদিক বলে। যথা—বৃক্ষ, লতা, পুষ্প, ধাবৎ, শ্রীমৎ, রাজপুরুষ ইত্যাদি। **অর্থবৎ অধাতুঃ অপ্রত্যয়ঃ প্রাতিপদিকম্, কৃৎ তদ্ধিতসমাসাশ্চ।**

ধাতু—যাহার দ্বারা করা, খাওয়া প্রভৃতি ক্রিয়া বুঝায় উহা **ধাতু** প্রকৃতি। যথা—ভূ (হওয়া), কৃ (করা), গম্ (যাওয়া) ইত্যাদি। **ভূবাদয়ঃ ধাতবঃ।**

সবর্ণ—যে বর্ণগুলির উচ্চারণ স্থান এক এবং উহাদের উচ্চারণের প্রযত্ন সমান তাহারা পরস্পর **সবর্ণ। তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্**। যথা—অ এবং আ পরস্পর সবর্ণ। কিন্তু স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ পরস্পরের সবর্ণ নহে।

পদ—ধাতু ও প্রাতিপদিক বিভক্তিযুক্ত হইলে **পদ** হয়। যথা—গম্ + তি = গচ্ছতি, রাম + সু = রামঃ। **সুপ্ তিঙন্তং পদম্**।

আদেশ—প্রকৃতি, প্রত্যয় বা উহাদের অংশবিশেষের যে পরিবর্তন হয় তাহাকে **আদেশ** বলে। যথা—লট্ প্রভৃতি পরে থাকিলে স্থা ধাতুর স্থানে তিষ্ঠ্, গম্ ধাতুর স্থানে গচ্ছ্ আদেশ হয়।

গুণ—ই ঈ স্থানে এ, উ ঊ স্থানে ও ; ঋ ৠ স্থানে অর্ এবং ঌ স্থানে অল্ **গুণ** নামে প্রসিদ্ধ। রমা + ঈশঃ = রমেশঃ। **অদেঙ্ গুণঃ।**

বৃদ্ধি—অ স্থানে আ, ই ঈ স্থানে ঐ এবং উ ঊ স্থানে ঔ, **বৃদ্ধি** নামে অভিহিত হয়। যথা—মুনি—মৌন, বিষ্ণু—বৈষ্ণব। **বৃদ্ধিরাদৈচ্।**

ইৎ—ইৎ অর্থ চলিয়া যাওয়া। কোনও বিশেষ কারণে উচ্চারিত বর্ণ প্রয়োগ কালে না থাকিলে তাহাকে **ইৎ** বলে। যথা—অচ্ প্রত্যয়ের চ্ ইৎ, ল্যপ্ প্রত্যয়ের ল্ ও প্ ইৎ।

নিপাত—চ, বা, তু প্রভৃতি অব্যয়কে **নিপাত** বলে। **চাদয়োঽসত্ত্বে** প্র, পরা, অপ প্রভৃতি এবং স্বর্ প্রভৃতিও নিপাত। **প্রাদয়ো নিপাতাঃ।**

উপসর্গ—প্র, পরা, অপ প্রভৃতি ক্রিয়ার সঙ্গে যুক্ত হইলে উহাদিগকে **উপসর্গ** বলে। উপসর্গ কুড়িটি। উপসর্গ ধাতুর অব্যবহিত পূর্বে বসিবে। সুতরাং প্র+অবিশৎ=প্রাবিশৎ (অপ্রবিশৎ হইবে না)। **উপসর্গাঃক্রিয়াযোগে। তে প্রাগ্ ধাতোঃ।**

গতি—ধাতুর সহিত যুক্ত উপসর্গগুলি **গতি** সংজ্ঞালাভ করে। **গতিশ্চ** প্র, পরা প্রভৃতি কুড়িটি ভিন্নও গতি আছে। বশীভবতি, আবিষ্করোতি, তিরস্করোতি ইত্যাদি স্থানে বশী, আবিস্, তিরস্ প্রভৃতিও গতি। **চ্বি ডাচশ্চ, আবিস্পুরসোর্গত্যোঃ।**

টি—শব্দের অন্তিম স্বর হইতে আরম্ভ করিয়া শেষ পর্যন্তের নাম **টি**। যথা—মুনি (ম্+উ+ন্+**ই**) শব্দে ই, রাজন্ শব্দে (র্+আ+জ্+**অ**+**ন্**) অন্ ভাগ টি। **অচোঽন্ত্যাদি টি।**

উপধা—শব্দের অন্ত্যবর্ণের পূর্ব বর্ণকে **উপধা** বলে। যথা—নর শব্দে (ন্+অ+র্+অ) অন্ত্যবর্ণ অ, উহার পূর্ব বর্ণ র্ উপধা। মুনীন্ শব্দের ঈ উপধা। **অলোঽন্ত্যাৎ পূর্ব উপধা।**

নদী—ঈ কারান্ত ও ঊ কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দকে ব্যাকরণে **নদী** বলা হয়। গৌরী, বধূ, লক্ষ্মী। **যূস্ত্র্যাখ্যৌ নদী।**

ঘি—সখি শব্দ ভিন্ন ইকারান্ত ও উকারান্ত পুংলিঙ্গ শব্দকে **ঘি** বলে। মুনি, সাধু। **শেষোঘ্যসখি।**

ঘ—তরপ্ ও তমপ্ প্রত্যয়কে **ঘ** বলে। যথা—মহত্তর, মহত্তম। **তরপ্ তমপৌ ঘঃ।**

নিষ্ঠা—ক্ত ও ক্তবতু প্রত্যয়কে **নিষ্ঠা** বলে। গত, গতবৎ। **ক্তক্তবতু নিষ্ঠা।**

কৃত্য—তব্য, অনীয়, যৎ, ণ্যৎ ও ক্যপ্ প্রত্যয়কে **কৃত্য** প্রত্যয় বলে। গন্তব্য, দর্শনীয়, দেয়, ভার্যা, শিষ্য।

সম্প্রসারণ—য ব র ল স্থানে ক্রমান্বয় ই উ ঋ ৯ হইলে তাহাকে **সম্প্রসারণ** বলে। যথা—যজ্—ইষ্ট, (য স্থানে ই), বচ্—উবাচ (ব স্থানে উ)। **ইগ্ যণঃ সম্প্রসারণম্।**

প্রগৃহ্য—ঈ কারান্ত, ঊ কারান্ত এবং এ কারান্ত দ্বিবচননিষ্পন্ন শব্দ **প্রগৃহ্য**। যথা—মুনী, সাধূ, লতে, যাচেতে ইত্যাদি। **ঈদূদেদ্ দ্বিবচনং প্রগৃহ্যম্।**

দ্বিতীয় অধ্যায়

সন্ধি প্রকরণ

Euphonic Combination

দ্রুত উচ্চারণের জন্য সন্নিহিত দুইটি বর্ণের পরস্পর মিলনকে **সংহিতা** বা **সন্ধি** বলে।

দুইটি বর্ণ সন্নিহিত হইলে দ্রুত উচ্চারণকালে কখনও পূর্ববর্ণ বিকৃত হয় (দেবালয়) কখনও পরবর্ণ বিকৃত হয় (মহতীচ্ছা) কখনও উভয় বর্ণই বিকৃত হয় (রমেশঃ, তদ্ধিতঃ) কখনও পূর্ববর্ণের লোপ হয় (প্রেজতে), কখনও পরবর্ণের লোপ হয় (গখেহর্পয়)। ইহাই সন্ধির কার্য।

সন্ধির নিয়ম—সন্ধি সর্বত্র অবশ্য করণীয় নহে। বাক্যে সন্ধি করা বা না করা ইচ্ছাধীন। অনেক সময় সন্ধি করিলে শ্রুতিমধুর হয়, সেস্থানে সন্ধি করা উচিত। আবার কোনও স্থানে সন্ধি করিলে শ্রুতিকটু হয়, সে স্থানে সন্ধি না করাই বিধেয়। কিন্তু একপদে, ধাতু ও উপসর্গের মধ্যে, সমাসে এবং শ্লোকে সন্ধি অবশ্যই করিতে হইবে। এই সকল স্থানে সন্ধি না করিলে ভুল হইবে।

সংহিতৈক পদে নিত্যা নিত্যা ধাতুপসর্গয়োঃ।
সমাসেঽপি চ নিত্যা স্যাৎ সা চান্যত্র বিভাষিতা॥

এক পদে সন্ধি নিত্য যথা—পো + অনঃ = পবনঃ।

ধাতু ও উপসর্গের মধ্যে সন্ধি নিত্য—পরি + ঈক্ষা = পরীক্ষা, প্র + অবিশৎ = প্রাবিশৎ।

সমাসেও সন্ধি অবশ্য করণীয়—মহা + আশয়ঃ = মহাশয়ঃ, বিদ্যা + আলয়ঃ = বিদ্যালয়ঃ। বাক্যে সন্ধি ইচ্ছাধীন, রামো গচ্ছতি বা রামঃ গচ্ছতি দুইই চলে। মনে রাখিবে দুইটি বর্ণ মিলিত হইলে তাহাকে **সন্ধি** বলে এবং দুইটি পদ মিলিত হইয়া একপদে পরিণত হইলে তাহাকে **সমাস** বলে।

সন্ধি তিন প্রকার—স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও বিসর্গসন্ধি।

স্বরবর্ণের সহিত স্বরবর্ণের মিলনের নাম স্বরসন্ধি।

ব্যঞ্জনবর্ণের সহিত ব্যঞ্জন বা স্বরবর্ণের মিলনের নাম **ব্যঞ্জনসন্ধি**।

বিসর্গের সহিত স্বর বা ব্যঞ্জন বর্ণের মিলনের নাম **বিসর্গসন্ধি**।

স্বরসন্ধি

১। যদি অকার কিংবা আকারের পর অকার কিংবা আকার থাকে তাহা হইলে উভয়ে মিলিয়া আকার হয়, আকার পূর্ববর্ণে যুক্ত হয়—

অ + অ = আ, অ + আ = আ, আ + অ = আ, আ + আ = আ।

অ + অ = আ—শশ + অঙ্কঃ = শশাঙ্কঃ,

অ + আ = আ—দেব + আলয়ঃ = দেবালয়ঃ।

আ + আ = আ—মহা + আশয়ঃ = মহাশয়ঃ।

আ + অ = আ—সুধা + অংশুঃ = সুধাংশুঃ।

২। যদি ই কার কিংবা ঈ কারের পরে ই কার কিংবা ঈ কার থাকে তাহা হইলে উভয়ে মিলিয়া ঈকার হয়, ঈ কার পূর্ববর্ণে যুক্ত হয়—

ই + ই = ঈ, ই + ঈ = ঈ, ঈ + ই = ঈ, ঈ + ঈ = ঈ

ই + ই = ঈ—মুনি + ইন্দ্রঃ = মুনীন্দ্রঃ, ই + ঈ = ঈ—গিরি + ঈশঃ = গিরীশ ;

ঈ + ই = ঈ—মহী + ইন্দ্রঃ = মহীন্দ্রঃ, ঈ + ঈ = ঈ—লক্ষ্মী + ঈশঃ = লক্ষ্মীশঃ ;

৩। যদি উ কার কিংবা ঊ কারের পরে উ কার কিংবা ঊ কার থাকে তাহা হইলে উভয়ে মিলিয়া ঊ কার হয়, ঊ কার পূর্ববর্ণে যুক্ত হয়—

উ + উ = ঊ, উ + ঊ = ঊ, ঊ + উ = ঊ, ঊ + ঊ = ঊ

উ + উ = ঊ—বিধু + উদয়ঃ = বিধূদয়ঃ, উ + ঊ = ঊ—লঘু + ঊর্মিঃ = লঘূর্মিঃ।

ঊ + উ = ঊ—বধূ + উৎসবঃ = বধূৎসবঃ, ঊ + ঊ = ভূ + ঊর্ধ্বম্ = ভূর্ধ্বম্।

৪। যদি ঋকারের পর ঋ কার থাকে তাহা হইলে উভয়ে মিলিয়া ৠ কার হয়, ৠ কার পূর্ববর্ণে যুক্ত হয়—

ঋ + ঋ = ৠ

ভ্রাতৃ + ঋদ্ধিঃ = ভ্রাতৄদ্ধিঃ, পিতৃ + ঋণম্ = পিতৄণম্।

অকঃ সবর্ণে দীর্ঘঃ—অ, ই, উ, ঋ এর সবর্ণ পরে থাকিলে দীর্ঘ হয়। পাণিনি এই সূত্রটির দ্বারা পূর্বোক্ত চারিটি সূত্রের সবর্ণ দীর্ঘ ব্যবস্থা করিয়াছেন।

৫। যদি অকার কিংবা আকারের পর ইকার কিংবা ঈ কার থাকে তাহা হইলে উভয়ে মিলিয়া একার হয়, এ কার পূর্ববর্ণে যুক্ত হয় –

অ+ই=এ—আ+ই=এ, অ+ঈ=এ, আ+ঈ=এ

অ+ই=এ—দেব+ইন্দ্রঃ=দেবেন্দ্রঃ, আ+ই=এ—মহা+ইন্দ্রঃ=মহেন্দ্রঃ

অ+ঈ=এ—গণ+ঈশঃ=গণেশঃ, আ+ঈ=এ—রমা+ঈশঃ=রমেশঃ।

৬। যদি অকার কিংবা আকারের পর উ কার কিংবা ঊ কার থাকে তাহা হইলে উভয়ে মিলিয়া ও কার হয়, ও কার পূর্ববর্ণে যুক্ত হয়—

অ+উ=ও, আ+উ=ও, অ+ঊ=ও, আ+ঊ=ও

অ+উ=ও—নীল+উৎপলম্ = নীলোৎপলম্, আ+উ = ও—মহা+উদধিঃ = মহোদধিঃ, অ+ঊ = ও—এক+ঊনবিংশতিঃ = একোনবিংশতিঃ আ+ঊ গঙ্গা+ঊর্মিঃ=গঙ্গোর্মিঃ।

৭। যদি অ কার কিংবা আকারের পর ঋ কার থাকে তাহা হইলে উভয়ে মিলিয়া অর্ হয়, অ পূর্ববর্ণে যুক্ত হয় এবং র্, রেফ হইয়া পরবর্ণের মস্তকে যায়।

অ+ঋ=অর্, আ+ঋ=অর্

অ+ঋ=অর্—দেব+ঋষিঃ=দেবর্ষিঃ ; সপ্তর্ষিঃ, হিমর্তুঃ।

আ+ঋ=অর্—মহা+ঋষিঃ=মহর্ষিঃ, দেবতর্ষভঃ।

আদ্‌গুণঃ—অকার কিংবা আকারের পর ই ঈ থাকিলে এ, উ ঊ থাকিলে ও এবং ঋ থাকিলে অর্ হয়। এই সূত্র দ্বারা পাণিনি ৫, ৬, ৭ নং সূত্রের বক্তব্য প্রকাশ করিয়াছেন, পরিভাষা প্রকরণে গুণের স্বরূপ বলা হইয়াছে—অদেঙ্ গুণঃ।

ঋতে চ তৃতীয়া সমাসে—ঋত শব্দের সহিত তৃতীয়া তৎপুরুষ সমাস হইলে গুণ না হইয়া বৃদ্ধি হয়, অর্থাৎ ঋ স্থানে অর্ না হইয়া আর্ হয়,—

শীতেন+ঋতঃ=শীতার্তঃ, কিন্তু হিম+ঋতু=হিমর্তুঃ, পরম+ঋতঃ=পরমর্তঃ।

৮। যদি অকার কিংবা আকারের পর একার কিংবা ঐ কার থাকে তাহা হইলে উভয়ে মিলিয়া ঐ কার হয়, ঐ কার পূর্ববর্ণে যুক্ত হয়—

অ+এ=ঐ, আ+এ=ঐ, অ+ঐ=ঐ, আ+ঐ=ঐ

অ+এ=ঐ—অদ্য+এব=অদ্যৈব, এক+একম্=একৈকম্

আ+এ=ঐ—সদা+এব=সদৈব, যথা+এবম্=যথৈবম্।

অ+ঐ=ঐ—মত+ঐক্যম্=মতৈক্যম্, এব+ঐকমত্যম্=এবৈকমত্যম্

আ+ঐ=ঐ—মহা+ঐশ্বর্যম্=মহৈশ্বর্যম্, মহা+ঐরাবতঃ=মহৈরাবতঃ।

৯। যদি অকার কিংবা আকারের পর ও কার কিংবা ঔ কার থাকে তাহা হইলে উভয়ে মিলিয়া ঔ কার হয়, ঔ কার পূর্ববর্ণে যুক্ত হয়—

অ+ও=ঔ, আ+ও=ঔ, অ+ঔ=ঔ, আ+ঔ=ঔ

অ+ও=ঔ—জল+ওঘঃ=জলৌঘঃ, বন+ওকস্=বনৌকস্

আ+ও=ঔ=মহা+ওষধিঃ=মহৌষধিঃ, সদা+ওদনঃ=সদৌদনঃ।

অ+ঔ = ঔ = চিত্ত+ঔদার্যম্ = চিত্তৌদার্যম্, গত+ঔৎসুক্যঃ = গতৌৎসুক্যঃ।

আ+ঔ=ঔ=মহা+ঔদার্যম্=মহৌদার্যম্,সদা+ঔৎসুক্যম=সদৌৎসুক্যম্

বৃদ্ধিরেচি—অর্থাৎ অকার কিংবা আকারের পর এ বা ঐ থাকিলে ঐ এবং ও বা ঔ থাকিলে ঔ হয়, ৮ ও ৯ নং সূত্রের দ্বারা পরবর্ণের বৃদ্ধিরূপ একাদেশ হইয়াছে।

১০। ই কার কিংবা ঈ কারের পর ই ঈ ভিন্ন স্বরবর্ণ থাকিলে ই ঈ স্থানে য্ হয় এবং পরের স্বর য্ কারে যুক্ত হয়।

ই+অ=য্+অ=য ; ঈ+অ=য্+অ=য

যদি+অপি=যদ্যপি, অতি+আচারঃ=অত্যাচারঃ, ইতি+অপি=ইত্যপি, অভি+উদয়ঃ=অভ্যুদয়ঃ, প্রতি+অহম্=প্রত্যহম্, মুনি+ঋষভঃ=মুন্যৃষভঃ, যদি+এবম্=যদ্যেবম্, নদী+অম্বু=নদ্যম্বু, বলী+ঋষভঃ=বল্যৃষভঃ, দেবী+এষা=দেব্যেষা, সরস্বতী+ওঘঃ=সরস্বত্যোঘঃ।

১১। উ কার কিংবা ঊ কারের পর উ ঊ ভিন্ন স্বরবর্ণ থাকিলে উ ঊ স্থানে ব্ হয় এবং পরের স্বর ব্ কারে যুক্ত হয়।

উ+অ=ব্+অ=ব, ঊ+অ=ব্+অ=ব

অনু+অয়ঃ=অন্বয়ঃ, সু+আগতম্=স্বাগতম্, মধু+ইদম্=মধ্বিদম্, অনু+এষণম্=অন্বেষণম্, মধু+ঋতে=মধ্বৃতে, সরযূ+অম্বু=সরয্বম্বু, তনু+ঈশ্বরঃ=তন্বীশ্বরঃ, বধূ+ঐশ্বর্যম্=বধ্বৈশ্বর্যম্।

১২। ঋ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে ঋ স্থানে র্ হয় এবং র্ পূর্ববর্ণে যুক্ত হয়।

ঋ+অ=র্+অ=র, ঋ+ই=র্+ই=রি

পিতৃ+অনুমতিঃ=পিত্রনুমতিঃ, পিতৃ+আদেশঃ=পিত্রাদেশঃ, মাতৃ+ইচ্ছা=মাত্রিচ্ছা, পিতৃ+উপদেশঃ=পিত্রুপদেশঃ।

ইকো যণ্ অচি—অসবর্ণ স্বর পরে থাকিলে ই ঈ স্থানে য্, উ ঊ স্থানে ব্ এবং ঋ স্থানে র্ হয়। ১০, ১১, ১২ নম্বর সূত্রের সন্ধি এই নিয়ম অনুসারে হইয়াছে।

১৩। স্বরবর্ণ পরে থাকিলে এ কার স্থানে অয়্, ও কার স্থানে অব্, ঐ কার স্থানে আয়্ এবং ঔ স্থানে আব্ হয়।

এচোঽয়বায়াবঃ—স্বরবর্ণ পরে থাকিলে এ স্থানে অয়্, ও স্থানে অব্, ঐ স্থানে আয়্, ঔ স্থানে আব্ হয়। অ অথবা আ পূর্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর য্ বা ব্ এর সহিত যুক্ত হয়।

এ স্থানে অয়—নে+অনম্=নয়নম্, শে+অনম্=শয়নম্

ও স্থানে অব্—পো+অনঃ=পবনঃ, পো+ইত্রঃ=পবিত্রঃ

ঐ স্থানে আয়্—নৈ+অকঃ=নায়কঃ, গৈ+অকঃ=গায়কঃ

ঔ স্থানে আব্—নৌ+ইকঃ=নাবিকঃ, পৌ+অকঃ=পাবকঃ

পদের (সুবন্ত বা তিঙন্তের) অন্তস্থিত এ ও ঐ ঔ স্থানে যে অয়্, অব্, আয়্, আব্ হয় তাহার য্ এবং ব্ এর বিকল্পে লোপ হয়। **লোপঃ শাকল্যস্য**। য্ ব্ লোপ হইলে লোপের পর আর সন্ধি হয় না।

সখে+আগচ্ছ=সখয়াগচ্ছ, সখ আগচ্ছ, সখে+এহি=সখয়েহি, সখ এহি, প্রভো+আগচ্ছ=প্রভবাগচ্ছ, প্রভ আগচ্ছ, প্রভো+ইহ=প্রভবিহ, প্রভ ইহ, শ্রিয়ৈ+অর্থঃ=শ্রিয়ায়র্থঃ, শ্রিয়া অর্থঃ, শ্রিয়ৈ+এতি=শ্রিয়ায়েতি, শ্রিয়া এতি, রবৌ+উদিতে=রবাবুদিতে, রবা উদিতে, বিধৌ+উদিতে=বিধাবুদিতে, বিধা উদিতে, তৌ+ঈশ্বরৌ=তাবীশ্বরৌ, তা ঈশ্বরৌ।

১৪। পদের অন্তস্থিত এ কার কিংবা ও কারের পর অ থাকিলে অ লোপ পায়। ঽ এইরূপ লুপ্ত অ কারের চিহ্ন থাকে। **এঙঃ পদান্তাদতি**।

গৃহে+অবস্থানম্=গৃহেঽবস্থানম্, তে+অপি=তেঽপি, প্রভো+অত্র=প্রভোঽত্র, বিষ্ণো+অব=বিষ্ণোঽব।

১৫। অ কারান্ত বা আ কারান্ত উপসর্গের পরে ই ধাতু এবং এধ্ ধাতুর

এ কার থাকিলে বৃদ্ধিরূপ একাদেশ হয় (অর্থাৎ অ বা আ + এ = ঐ)।

উপ + এতি = উপৈতি, অব + এতি = অবৈতি, আ + এতি = ঐতি, উপ + এধতে = উপৈধতে।

কিন্তু ই বা এধ্ ধাতুর এ কার না হইলে পূর্বস্থিত অ কার বা আ কারের লোপ হয়।

উপ + এহি = উপ্ + এহি = উপেহি, অব + এহি = অবেহি।

নিপাতনসিদ্ধ সন্ধি

শক + অন্ধুঃ = শকন্ধুঃ, কুল + অটা = কুলটা, সীমন্ + অন্তঃ = সীমন্তঃ, (সীঁথি), সার + অঙ্গঃ = সারঙ্গঃ (মৃগ), পতৎ + অঞ্জলিঃ = পতঞ্জলিঃ, মনস্ + ঈষা = মনীষা, মনস্ + ঈষিন্ = মনীষিন্, স্ব + ঈরঃ = স্বৈরঃ, গো + অক্ষঃ = গবাক্ষঃ, গো + ইন্দ্রঃ = গবেন্দ্রঃ, গো + অগ্রম্ = গবাগ্রম্, গোঽগ্রম, গো অগ্রম্।

সন্ধিনিষেধ বা প্রকৃতিভাব

১। ও কারান্ত অব্যয়ের সহিত তাহার পরবর্তী পদের সন্ধি হয় না—অহো অপেহি, অহো আগতঃ, অহো + ঈশ্বরঃ। **ওৎ**।

২। আ ভিন্ন একস্বর বিশিষ্ট অব্যয়ের সহিত পরবর্তী স্বরের সন্ধি হয় না—অ অত্যপি, উ উমেশ। **নিপাত একাজনাঙ্**।

৩। অদস্ শব্দের ঈ কারান্ত ও উ কারান্ত পদের সহিত পরবর্তী স্বরের সন্ধি হয় না—অমী অশ্বাঃ, অমূ অর্ভকৌ। **অদসো মাৎ**।

৪। ঐ কারান্ত ভিন্ন দ্বিবচন নিষ্পন্ন পদের সহিত পরবর্তী স্বরের সন্ধি হয় না।

মুনী + এতৌ, সাধূ + ইমৌ, লতে এতে, যাচেতে + অর্থম্ কিন্তু নরৌ + এতৌ = নরাবেতৌ। **প্লুতপ্রগৃহ্যা অচি নিত্যম্**।

লক্ষণীয় স্বরসন্ধি

ভূ+ঊর্ধ্বম্=ভূর্ধ্বম্, পিতৃ+ঋণম্=পিতৄণম্, মধু+ঋতে=মধ্বৃতে, দেব+ঋষিঃ=দেবর্ষিঃ, মহা+ঋষিঃ=মহর্ষিঃ, অদ্য+এব=অদ্যৈব, মত+ঐক্যম্=মতৈক্যম্, নে+অনম্=নয়নম্, পো+অনঃ=পবনঃ, নৈ+অকঃ=নায়কঃ, পৌ+অকঃ=পাবকঃ, মুনে+আগচ্ছ=মুনয়াগচ্ছ, মুন আগচ্ছ, প্রভো+এহি=প্রভবেহি, প্রভ এহি, ধিয়ৈ+অর্থঃ=ধিয়ায়র্থঃ, ধিয়া অর্থঃ, রবৌ+উদিতে=রবাবুদিতে, রবা উদিতে, বিধৌ+অস্তমিতে=বিধাবস্তমিতে, বিধা অস্তমিতে, সুখ+ঋতঃ=সুখার্তঃ, দুঃখ+ঋতঃ=দুঃখার্তঃ, কিন্তু পরম+ঋতঃ=পরমর্তঃ, প্র+এতি=প্রৈতি, উপ+এতি=উপৈতি, অব+এতি=অবৈতি কিন্তু অব+এহি=অবেহি, উপ+এহি=উপেহি, আ+ঋতঃ=আর্তঃ, শক+অন্ধুঃ=শকন্ধুঃ, কুল+অটা=কুলটা, সীমন্+অন্তঃ=সীমন্তঃ (কেশবিন্যাস) অন্যত্র সীমান্তঃ, সার+অঙ্গঃ=সারঙ্গঃ (মৃগ বিশেষ, অন্যত্র সারাঙ্গঃ চিত্রিতাঙ্গঃ), মনস্+ঈষা=মনীষা, হরে+অব=হরেঽব, বিষ্ণো+অব=বিষ্ণোঽব, গো+অগ্রম্=গবাগ্রম্, গোঽগ্রম্, গো+অক্ষঃ=গবাক্ষঃ, ব্রহ্ম+ঋষিঃ=ব্রহ্মর্ষিঃ, ব্রহ্ম ঋষিঃ।

স্বরসন্ধি সঙ্ক্ষেপ

অ+অ=আ	উ+উ=ঊ	অ আ+এ ঐ=ঐ
অ+আ=আ	উ+ঊ=ঊ	অ আ+ও ঔ=ঔ
আ+অ=আ	ঊ+উ=ঊ	ঋ ৠ+ঋ ৠ ভিন্ন স্বর=র্
আ+আ=আ	ঋ+ঋ=ৠ	এ+স্বর=অয়্ বা অ
ই+ই=ঈ	ই ঈ+ই ঈ ভিন্ন স্বর=য্	ঐ+স্বর=আয়্ বা আ
ই+ঈ=ঈ	উ ঊ+উ ঊ ভিন্ন স্বর=ব্	ও+স্বর=অব্ বা অ
ঈ+ই=ঈ	অ আ+ই ঈ=এ	ঔ+স্বর=আব্ বা আ
ঈ+ঈ=ঈ	অ আ+উ ঊ=ও	পদান্ত এ+অ=অ কার লোপ
উ+উ=ঊ	অ আ+ঋ=অর্	পদান্ত ও+অ=অ কার লোপ

অনুশীলনী

১। সন্ধি কাহাকে বলে? সন্ধি কত প্রকার ও কি কি?

২। সন্ধি কোথায় অবশ্য কর্তব্য; কোথায় বৈকল্পিক ও কোথায় নিষিদ্ধ?

৩। সন্ধি কর:

নদী+এষা, মহা+ঈশ্বরঃ, রবৌ+উদিতে, গঙ্গা+ঊর্মিঃ, সরযূ+অম্বু, অম্বু+এষণম, দেব+ঋষিঃ, মহা+ঋষিঃ, আ+ঋ, মাতৃ+ঋণম্, গো+অগ্রম্, সপ্ত+ঋষীণাম্, প্রভো+অশ্বাঃ, লতে+এতে, সাধু+এতৌ, মুনী+আগতৌ, নরৌ+এতৌ, অমী+অশ্বাঃ, যাচেতে+অর্থম্, মধু+ঋতে, মাতা+ইব।

৪। সন্ধি বিচ্ছেদ কর:—

পবনঃ, নাবিকঃ, নয়নম্, স্বাগতম্, ব্রহ্মর্ষিঃ, অত্যধিকম্, প্রত্যাক্ষা, নত্বম্বু, সূর্যউদিতে, তদৈব, ইত্যেব, মমৈতৎ, শ্রুত্বৈতৎ, অভীষ্টম্, সর্বত্রৈব, যদ্যেবম্, দেশেঽথবা, ইহৈব, তাবাহতুঃ, অন্ত্যজ্জয়িন্যাম্, দ্বাবপি, কেনাপ্যুপায়েন।

৫। সংশোধন কর:—

পরিক্ষা সমাপ্তা, অত্যান্তং পীড়িতঃ, মাত্রীচ্ছাপূরণীয়া, মহার্ষিঃ আগতঃ, পবিত্রং গঙ্গৌদকম্, সদেব সুখং ভবতু, দৃষ্টৈতৎ, অত্যাধিকঃ শুভ্রঃ, ভূম্যাধিকারী নৃপতিঃ।

ব্যঞ্জন সন্ধি

১। চ্ কিংবা ছ পরে থাকিলে পূর্ববর্তী ত্ ও দ্ স্থানে চ্ হয়, স্তোঃ শ্চুনা শ্চুঃ

ত্ বা দ্+চ্=চ্চ্	ত্ বা দ্+ছ্=চ্ছ্
সৎ+চরিত্রম্=সচ্চরিত্রম্	উৎ+ছেদঃ=উচ্ছেদঃ
বিপদ্+চিন্তা=বিপচ্চিন্তা	বিপদ্+ছায়া=বিপচ্ছায়া।

২। জ্ কিংবা ঝ্ পরে থাকিলে পূর্ববর্তী ত্ ও দ্ স্থানে জ্ হয়।

ত্ বা দ্ + জ্ = জ্‌জ্ ত্ বা দ্ + ঝ্ = জ্‌ঝ্

উৎ + জ্বলঃ = উজ্জ্বলঃ মহৎ + ঝঞ্ঝনম্ = মহজ্‌ঝঞ্ঝনম্

উৎ + জীবনম্ = উজ্জীবনম্ এতদ্ + ঝঙ্কারঃ = এতজ্‌ঝঙ্কারঃ

বিপদ্ + জালম্ = বিপজ্জালম তদ্ + ঝনৎকারঃ = তজ্‌ঝনৎকারঃ

তদ্ + জ্ঞানম্ = তজ্‌জ্ঞানম্

৩। পদের অন্তস্থিত ত্ কিংবা দ্ কারের পর শ্ থাকিলে ত্ ও দ্ স্থানে চ্ এবং শ্ স্থানে ছ্ হয়।

ত্ + শ্ = চ্ + ছ্ = চ্ছ্ দ্ + শ্ = চ্ + ছ্ = চ্ছ্

মহত্ + শকটম্ = মহচ্ছকটম তদ্ + শরীরম্ = তচ্ছরীরম্

উৎ + শ্বাসঃ = উচ্ছ্বাসঃ তদ্ + শ্রুত্বা = তচ্ছ্রুত্বা

কিন্তু উৎ + সন্নঃ = উৎসন্নঃ

৭। (ক) পদের অন্তস্থিত ত কিংবা দ কারের পর হ্ থাকিলে ত্ স্থানে দ ও হ্ স্থানে ধ্ হয়।

ত্ + হ্ = দ্ধ্ দ্ + হ্ = দ্ধ্

উৎ + হৃতঃ = উদ্ধৃতঃ তদ্ + হিতম্ = তদ্ধিতম্

মহৎ + হিতম্ = মহদ্ধিতম্ বিপদ্ + হেতুঃ = বিপদ্ধেতুঃ

৪। (খ) পদের অন্তস্থিত ক্ কারের পরে হ্ থাকিলে ক্ স্থানে গ্ ও হ্ স্থানে ঘ হয় বিকল্পে—বাক্ + হরিঃ = বাগ্‌ঘরিঃ, বাগ্‌হরিঃ।

৫। ট্ কিংবা ঠ্ পরে থাকিলে পূর্বস্থিত ত্ ও দ্ স্থানে ট্ হয়।

ত্ + ট্ = ট্ট্ দ্ + ট্ = ট্ট্

উৎ + টঙ্কারঃ = উট্টঙ্কারঃ তদ্ + টীকা = তট্টীকা

৬। ড্ কিংবা ঢ্ পরে থাকিলে পূর্বস্থিত ত্ ও দ্ স্থানে ড্ হয়।

ত্ বা দ্ + ড্ = ড্ ড্ ত্ বা দ্ + ঢ্ = ড্ ঢ্

উৎ + ডীনঃ = উড্ডীনঃ এতদ্ + ঢক্কা = এতড্‌ঢক্কা

৭। পদের অন্তস্থিত ন্ কারের পর শ্ থাকিলে ন্ স্থানে ঞ্ এবং শ্ স্থানে ছ্ হয়।

মহান্ + শব্দঃ = মহাঞ্ছব্দঃ ধাবন্ + শশঃ = ধাবঞ্ছশঃ

৮। ল্ পরে থাকিলে পূর্বস্থিত ত্, দ্ ও ন্ স্থানে ল্ হয়। ন্ স্থানে ল্ হইলে, পূর্ববর্ণ অনুনাসিক (চন্দ্রবিন্দু ঁ) যুক্ত হয়।

ত্+ল্=ল্ল্ দ্+ল্=ল্ল্

বৃহৎ+ললাটম্=বৃহল্ললাটম এতদ্+লীলা=এতল্লীলা

উৎ+লেখঃ=উল্লেখঃ তদ্+লহরিকা=তল্লহরিকা

ন্+ল্=ঁল্ল্

মহান্+লাভঃ=মহাঁল্লাভঃ ভবান্+লভতে=ভবাঁল্লভতে

বিদ্বান্+লিখতি=বিদ্বাঁল্লিখতি।

৯। পদের অন্তস্থিত ন্ কার হ্রস্বস্বরের পরে থাকিলে এবং পরে স্বরবর্ণ থাকিলে ন্ কারের দ্বিত্ব হয় (ন্ন্) এবং পরের স্বর ন্ কারে যুক্ত হয়।

ধাবন্+অশ্বঃ=ধাবন্নশ্বঃ হসন্+আগতঃ=হসন্নাগতঃ

চিন্তয়ন্+ইহ=চিন্তয়ন্নিহ।

কিন্তু ন্ দীর্ঘস্বরের পরে হইলে ন্ কারের দ্বিত্ব হয় না।

মহান্+আগ্রহঃ=মহানাগ্রহঃ, ভবান্+আগতঃ=ভবানাগতঃ

১০। চ্ কিংবা ছ্ পরে থাকিলে পদের অন্তস্থিত ন স্থানে অনুস্বার (ং) হয় এবং চ্ স্থানে শ্চ্ এবং ছ্ স্থানে শ্ছ্ হয়।

ন্+চ্=ংশ্চ্ ন্+ছ্=ংশ্ছ্

কস্মিন্+চিৎ=কস্মিংশ্চিৎ ধাবন্+ছাগঃ=ধাবংশ্ছাগঃ

হসন্+চলতি=হসংশ্চলতি মহান্+ছেদঃ=মহাংশ্ছেদঃ

১১। ট্ কিংবা ঠ্ পরে থাকিলে পদের অন্তস্থিত ন স্থানে অনুস্বার (ং) এবং ট্ স্থানে ষ্ট্ এবং ঠ্ স্থানে ষ্ঠ্ হয়।

ন্+ট্=ংষ্ট্ ন্+ঠ্=ংষ্ঠ্

চলন্+টিট্টিভঃ=চলংষ্টিট্টিভঃ মহান+ঠক্কুরঃ=মহাংষ্ঠক্কুরঃ

১২। ত্ কিংবা থ্ পরে থাকিলে পদের অন্তস্থিত ন স্থানে অনুস্বার (ং) এবং ত্ স্থানে স্ত্ এবং থ্ স্থানে স্থ্ হয়।

ন্+ত্=ংস্ত্ ন্+থ্=ংস্থ্

পতন্+তরুঃ=পতংস্তরুঃ ক্ষিপন্+থূৎকারঃ=ক্ষিপংস্থূৎকারঃ

মহান্+তাপসঃ=মহাংস্তাপসঃ

১৩। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে ম্ স্থানে অনুস্বার (ং) হয়।

মাম্ + বদতি = মাংবদতি মধুরম্ + হসতি = মধুরংহসতি

কিন্তু স্বরবর্ণ পরে থাকিলে ম, পরের স্বরবর্ণের সহিত মিলিত হয়।

মাম্ + অবদৎ = মামবদৎ অহম্ + ঈশ্বর = অহমীশ্বরঃ।

মাং অবদৎ লিখিলে ভুল হইবে।

১৪। স্পর্শবর্ণ (ক হইতে ম পর্যন্ত) পরে থাকিলে ম্ কারের পরে যে বর্গের বর্ণ আছে, সেই বর্গের পঞ্চম বর্ণ হয়, বিকল্পে অনুস্বার হয়।

কিম্ + করোতি = কিঙ্করোতি, কিংকরোতি

ক্ষিপ্রম্ + চলতি = ক্ষিপ্রঞ্চলতি, ক্ষিপ্রংচলতি

গুরুম্ + নমতি = গুরুন্নমতি, গুরুংনমতি

কিম্ + ফলম্ = কিম্ফলম্, কিংফলম্।

১৫। স্বরবর্ণের পরস্থিত ছ্ স্থানে চ্ছ্ হয়।

পরি + ছেদঃ = পরিচ্ছেদঃ আ + ছাদনম্ = আচ্ছাদনম্

বৃক্ষ + ছায়া = বৃক্ষচ্ছায়া বি + ছেদঃ = বিচ্ছেদঃ

১৬। উৎ উপসর্গের পরস্থিত স্থা ও স্তন্ভ্ ধাতুর স্ লোপ হয়।

উৎ + স্থানম্ = উত্থানম উৎ + স্তম্ভঃ = উত্তম্ভঃ।

১৭। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকিলে পদের অন্তস্থিত বর্গের প্রথম বর্ণ স্থানে সেই বর্গের তৃতীয় বর্ণ হয়।

ক্ স্থানে গ্, চ্ স্থানে জ্, ট্ স্থানে ড্, ত্ স্থানে দ্ ও প্ স্থানে ব্ হয়।

দিক্ + অন্তঃ = দিগন্তঃ, বাক্ + ঈশঃ = বাগীশঃ, দিক্ + গজঃ = দিগ্গজঃ।

জগৎ + ঈশঃ = জগদীশঃ, জগৎ + বন্ধুঃ = জগদ্বন্ধুঃ

অচ্ + অন্তঃ = অজন্তঃ, দ্বিট্ + এষঃ = দ্বিডেশঃ

অপ্ + ইন্ধনঃ = অবিন্ধনঃ, অপ + দঃ = অব্দঃ, অপ্ + জম্ = অব্জম্, ষট্ + আননঃ = ষড়াননঃ, বাক্ + রোধঃ = বাগ্রোধঃ।

১৮। পদের অন্তস্থিত ক্ কারের পরে ন্ কিংবা ম্ থাকিলে ক্ স্থানে গ অথবা ঙ্ হয়।

ক্+ন্=গ্ ন্ অথবা ঙ্ ন্ ক্+ম্=গ্ ম্ অথবা ঙ্ ম্

দিক্+নাগঃ=দিগ্নাগঃ, দিঙ্নাগঃ প্রাক্+মুখঃ=প্রাগ্মুখঃ, প্রাঙ্মুখঃ

বাক্+মধুরা=বাগ্মধুরা, বাঙ্মধুরা

১৯। পদের অন্তস্থিত ত্ কারের পরে ন্ কিংবা ম্ থাকিলে ত্ স্থানে দ্ এবং বিকল্পে ন্ হয়।

তৎ+নাম=তদ্নাম, তন্নাম, জগৎ+নাথঃ=জগদ্নাথঃ, জগন্নাথঃ,

তৎ+মুখম্=তদ্মুখম্, তন্মুখম্

২০। মাত্র এবং ময় পরে থাকিলে পদের অন্তস্থিত বর্গের প্রথম বর্ণ স্থানে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়।

তৎ+মাত্রম্=তন্মাত্রম্, বাক্+মাত্রম্=বাঙ্মাত্রম্, চিৎ+মাত্রম্=চিন্মাত্রম্
উদক্+মাত্রম্=উদঙ্মাত্রম্, তৎ+ময়ঃ=তন্ময় উদক্+ময়ম্=উদঙ্ময়ম
চিৎ+ময়ঃ=চিন্ময়ঃ বাক্+ময়ম্=বাঙ্ময়ম্ মৃৎ+ময়ঃ=মৃন্ময়ঃ

২১। ষ্ এর পরস্থিত ত বর্গস্থানে ট বর্গ হয়

আকৃষ্+তঃ=আকৃষ্টঃ নিকৃষ্+তঃ=নিকৃষ্টঃ ষষ্+থঃ=ষষ্ঠঃ

লক্ষ্যণীয় ব্যঞ্জন সন্ধি

উৎ+স্থানম্=উত্থানম্, গ্রামম্+গচ্ছতি=গ্রামংগচ্ছতি, ত্বম্+করোষি=ত্বংকরোষি, ত্বঙ্করোষি, কিম্+পচসি=কিংপচসি, কিম্পচসি, সন্+অচ্যুতঃ=সন্নচ্যুতঃ, ধাবন্+অশ্বঃ=ধাবন্নশ্বঃ, ভবান্+আগতঃ=ভবানাগতঃ, উৎ+লেখঃ=উল্লেখঃ, মহান্+লাভঃ=মহাঁল্লাভঃ, বিদ্বান্+লিখতি=বিদ্বাঁল্লিখতি, পতন্+তরুঃ=পতংস্তরু, কস্মিন্+চিৎ=কস্মিংশ্চিৎ, জগৎ+নাথঃ=জগন্নাথঃ, তৎ+শ্রুত্বা=তচ্ছ্রুত্বা, মহান্+জয়ঃ=মহাঞ্জয়ঃ, বাক্+ঈশঃ=বাগীশঃ, মৃৎ+ময়ঃ=মৃন্ময়ঃ, বাক্+হরিঃ=বাগ্ঘরিঃ, বাগ্হরিঃ, তৎ+হিতম্=তদ্ধিতম্, তদ্হিতম্, তরু+ছায়া=তরুচ্ছায়া, পরি+ছেদঃ=পরিচ্ছেদঃ, আ+ছাদনম্=আচ্ছাদনম

ব্যঞ্জনসন্ধি সংক্ষেপ

ত্ বা দ্+চ্=চ্চ্ ন্+চ্=ং শ্চ্

ত্ বা দ্+ছ্=চ্ছ্ ন্+ছ্=ং শ্ছ্

ত্ বা দ্+জ্=জ্জ্ ন্+ত্,থ্=ংস্ত, ংস্থ

ত্ বা দ্+য্=জ্জ্	ন্+ট্, ঠ্=ণ্ট, ণ্ঠ
ত্ বা দ্+শ্=চ্ছ্	ম্+ব্যঞ্জন=ং
ত্ বা দ্+হ্=দ্ধ্	ম্+স্পর্শ বর্ণ=ং, অথবা পঞ্চম বর্ণ।
ত্ বা দ্+ট্=ট্ট্	বর্গের প্রথম বর্ণ+৩য়, ৪র্থ, ৫মবর্ণ,
ত্ বা দ্+ড্=ড্ড্	য্ র্ ল্ ব্ হ্, স্বরবর্ণ=তৃতীয় বর্ণ।
ত্ বা দ্+ল্=ল্ল্	স্বরবর্ণ+ছ্=চ্ছ্
ন্+ল্=ঁল্ল্	হ্রস্বস্বরের পরে ন্+স্বরবর্ণ=ন্ন্

অনুশীলনী

১। সন্ধি কর :—

পতন্+তরুঃ, মহান্+লাভঃ, ভবান্+ত্রায়তাম্, তরু+ছায়া, সৎ+আশয়ঃ, উৎ+স্থাস্যতি, ধাবন্+অশ্বঃ, এবম্+চ, এতদ্+চিন্তয়তি, বাক্+দেবী, হসন্+চলতি, চিৎ+মাত্রম্, জীবন্+আস্তে, জগৎ+ঈশঃ, মহান্+ছেদঃ, তৎ+ভবতি, এতদ্+জ্ঞাত্বা, তৎ+শ্রুত্বা, উৎ+শাসনম্, হসন্+অবদৎ, উৎ+শ্বাসঃ, দিক্+অন্তঃ।

২। সন্ধি বিচ্ছেদ কর :—

কশ্চিৎশ্চিৎ, তচ্ছ্রুত্ব, সচ্চিদানন্দঃ, যাবজ্জীবম্, চলচ্চিত্তম্, ভক্ষয়ন্নাস্তে, মহানয়ম্, প্রাণাংস্ত্যজতি, দিগম্বরঃ, বাগীশঃ, ষড়াননঃ, বৃহদ্রথঃ, বিদ্বাঁল্লিখতি, ভবাঞ্জয়তু, যজ্ঞঃ, উত্থিতঃ, আচ্ছাদনম্, হসন্নুবাচ, উল্লেখ্যঃ, তাবন্মরণম্, জগন্নাথঃ, জীবন্নেব, তচ্ছ্রুত্বা,

৩। শুদ্ধ কর :—

মহান্নাগ্রহঃ, হসঞ্চলতি, বাকীশ্বরং, চলন্তরুঃ, তরুছায়া, চিদ্মাত্রম্, বিপদ্পাতঃ, তদ্প্রসঙ্গঃ, জগবন্ধুঃ, নরাঙ্ক, তৎশূলম্, গৃহংআগতম্, মহত্‌াশ্রয়ঃ, ভগবান্নেব।

৪। নিম্নোদ্ধৃত বাক্যগুলির সন্ধি বিচ্ছেদ কর :—

(ক) অস্তি কশ্মিংশ্চিদধিষ্ঠানে জীর্ণধনঃ নাম বণিক্ পুত্রঃ।

(খ) সঃ চ বিভবক্ষয়াদ্দেশান্তরগমনমচিন্তয়ৎ।

(গ) তচ্ছ্রুত্বা জীর্ণধনঃ আহ—নাস্তি দোষঃ তে।

(ঘ) তদ্ গম্যতামনেন সার্ধং স্নানোপকরণমাদায়।

১১। যদি অ আ ভিন্ন স্বরবর্ণের পরে বিসর্গ থাকে ও স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে তাহা হইলে বিসর্গ স্থানে র্ হয়, র্ পরবর্ণের সহিত মিলিত হয়।

অ আ ভিন্ন স্বরের পর ঃ+স্বরবর্ণ প্রভৃতি=র্+স্বরবর্ণ প্রভৃতি।

নৃপতিঃ+আসীৎ=নৃপতিরাসীৎ, কবিঃ+অয়ম্=কবিরয়ম্, রবেঃ+উদয়ঃ=রবেরুদয়ঃ, নিঃ+বন্ধঃ=নির্বন্ধঃ, দুঃ+নীতিঃ=দুর্নীতিঃ, মুহুঃ+মুহুঃ=মুহুর্মুহুঃ, শিশুঃ+হসতি=শিশুর্হসতি।

১২। স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকিলে অ-কারের পরস্থিত র-জাত বিসর্গ স্থানে র্ হয় ও র্ পরবর্ণের সহিত যুক্ত হয়।

প্রাতঃ, পুনঃ, অন্তঃ, স্বঃ প্রভৃতি পদের বিসর্গ এবং ঋ কারান্ত দাতৃ, ভ্রাতৃ প্রভৃতি শব্দের সম্বোধনের এক বচনের বিসর্গ,-র জাত বিসর্গ।

র-জাত বিসর্গ+স্বরবর্ণ প্রভৃতি=র্

প্রাতঃ+এব=প্রাতরেব, পুনঃ+অপি=পুনরপি, অন্তঃ+আত্মা=অন্তরাত্মা, ভ্রাতঃ+অপি=ভ্রাতরপি, মাতঃ+দেহি=মাতর্দেহি।

১৩। র-জাত বিসর্গের পরে র থাকিলে, বিসর্গের পূর্বস্থিত স্বর দীর্ঘ হয় এবং বিসর্গের লোপ হয়।

র-জাত বিসর্গ+র্=পূর্বস্বর দীর্ঘ ও বিসর্গ লোপ

প্রাতঃ+রম্যম্=প্রাতারম্যম্, পুনঃ+রমতে=পুনারমতে

স্বঃ+রাজ্যম্=স্বারাজ্যম্, পিতঃ+রক্ষ=পিতারক্ষ

১৪। অ আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত বিসর্গের পরে র্ থাকিলে পূর্বস্বর দীর্ঘ হয় এবং বিসর্গের লোপ হয়।

অ আ ভিন্ন স্বরের পর বিসর্গ+র্=পূর্বস্বর দীর্ঘ, বিসর্গ লোপ

নিঃ+রবঃ=নীরবঃ, নিঃ+রোগঃ=নীরোগঃ

চক্ষুঃ+রোগঃ=চক্ষূরোগঃ, শম্ভুঃ+রাজতে=শম্ভূরাজতে

দাশরথিঃ+রামঃ=দাশরথী রামঃ।

১৫। নিম্নলিখিত সন্ধিগুলি লক্ষ্য করিবে—

অহন্+গণঃ=অহর্গণঃ, অহন্+অহঃ=অহরহঃ, অহন্+পতিঃ=অহর্পতিঃ,

অহঃপতিঃ, গীঃ+পতি=গীর্পতিঃ, গীষ্পতিঃ, তৎ+করঃ=তস্করঃ, বৃহৎ+পতিঃ=বৃহস্পতিঃ, নমঃ+কারঃ=নমস্কারঃ, তিরঃ+কারঃ=তিরস্কারঃ, সম্+কারঃ=সংস্কারঃ, সম্+কৃতঃ=সংস্কৃতঃ।

লক্ষ্যণীয় বিসর্গ সন্ধি

দ্বাঃ+এষা=দ্বারেষা, অহঃ+রাত্রঃ=অহোরাত্রঃ, নিঃ+রবঃ=নীরবঃ, পিতঃ+রক্ষ=পিতারক্ষ, মাতুঃ+রোদনম্=মাতুরোদনম্, প্রাতঃ+রম্যম্=প্রাতারম্যম্, পুনঃ+রাজতে=পুনারাজতে, নিঃ+রন্ধ্রঃ=নীরন্ধ্রঃ, যযুঃ+রাজানঃ=যযুরাজানঃ, দাশরথিঃ+রামঃ=দাশরথীরামঃ, স্বঃ+রাজ্যম্=স্বারাজ্যম্, ভাঃ+করঃ=ভাস্করঃ, রামঃ+গচ্ছতি=রামোগচ্ছতি, পুনঃ+গচ্ছ=পুনর্গচ্ছ, পিতুঃ+এব=পিতুরেব, সঃ+অয়ম্=সোঽয়ম, সঃ+গচ্ছতি=সগচ্ছতি, দেবাঃ+গচ্ছন্তি=দেবাগচ্ছন্তি, নৃপঃ+আসীৎ=নৃপ আসীৎ, নৃপতিঃ+আসীৎ=নৃপতিরাসীৎ, এষঃ+অহম্=এষোঽহম্।

বিসর্গ সন্ধি সংক্ষেপ

ঃ+চ্, ছ্=শ্চ্, শ্ছ্ — সঃ, এষঃ+অ-ভিন্ন বর্ণ=বিসর্গ লোপ

ঃ+ট্, ঠ্=ষ্ট্, ষ্ঠ্ — অঃ+অ-ভিন্ন স্বরবর্ণ=বিসর্গ লোপ

ঃ+ত্, থ্=স্ত্, স্থ্ — আঃ+স্বরবর্ণ প্রভৃতি=বিসর্গ লোপ

অঃ+অ=ওঽ — ভোঃ+স্বরবর্ণ প্রভৃতি=বিসর্গ লোপ

অঃ+বর্গের ৩য়, ৪র্থ, ৫ম বর্ণ, য্ র্ ল্ ব্ হ্=ও

অ আ ভিন্ন স্বরের পর ঃ+স্বরবর্ণ প্রভৃতি=র্

অ কারের পর র-জাত বিসর্গ+স্বরবর্ণ প্রভৃতি=র্

র-জাত বিসর্গ+র্=পূর্বস্বর দীর্ঘ, বিসর্গ লোপ

অ আ ভিন্ন স্বরের পর বিসর্গ+র্=পূর্বস্বর দীর্ঘ, বিসর্গ লোপ।

অনুশীলনী

১। সন্ধি কর :—

নৃপঃ+আসীৎ, নৃপতিঃ+আসীৎ, সঃ+অয়ম্, নদ্যাঃ+তীরম্, চন্দ্রঃ+উদেতি, এষঃ+অহম্, তরোঃ+ছায়া, নরঃ+গচ্ছতি, সঃ+আহ, এষঃ+পন্থাঃ, আদেশঃ+অয়ম্, দেবঃ+গচ্ছতি, ভ্রাতঃ+রমস্ব, প্রাতঃ+রম্যম্, গুতঃ+অসৌ, শম্ভুঃ+রাজতে, বায়ুঃ+বাতি।

২। সন্ধি বিচ্ছেদ কর :—

স বদতি, পুনারমতে, শিরশ্ছেদঃ, নরোঽয়ম্, চন্দ্র উদেতি, অশ্বো ধাবতি, বালকা হসন্তি, কশ্চিৎ, বলির্বদ্ধঃ, রবেরুদয়ঃ, দোষস্তে, হরী রাজতে, সম্পদো মূলম্।

৩। শুদ্ধ কর :—

চন্দ্রোদেতি, সো গচ্ছতি, এষশ্ছাগঃ, প্রথমো প্রশ্নঃ, আদেশায়ম্, মাতোরক্ষ, যুধিষ্ঠিরুবাচ, শিরোপরি, মনোকষ্টম্, দুরাদৃষ্টম্, এষো ধাবতি, রজ্জুচ্ছিদ্যতে, উদিতো চন্দ্রাকাশে, নৃপরাসীৎ, সাধ্বেষোগচ্ছতি, সশ্চৌরঃ, মনভাবঃ, দুরাবস্থা।

৪। যথাসম্ভব সন্ধি করিয়া সংস্কৃত অনুবাদ কর :—

প্রথম সর্গ। চন্দ্র উদিত হইতেছে। উন্নত পর্বতগুলি অচঞ্চল। ঘোড়াগুলি দৌড়াইতেছে। কুক্কুর শব্দ করে। বায়ু প্রবাহিত হয়। প্রাতঃকাল রমণীয়। চক্ষুরোগ উপেক্ষা করিও না। বুদ্ধিই বল। যুধিষ্ঠির স্বর্গে গমন করিলেন।

৫। নিম্নোদ্ধৃত বাক্যগুলির সন্ধি বিচ্ছেদ কর :—

(ক) জীর্ণধন আহ নাস্তি দোষস্তে যদি সা মূষিকৈর্ভক্ষিতা।

(খ) সোঽপি লক্ষ্মণো নিজচৌর্যশঙ্কিতঃ।

(গ) পিতৃব্যোঽয়ং তব।

পদ প্রকরণ (Parts of Speech)

মানুষ মনের ভাব প্রকাশ করিবার জন্য বাক্য ব্যবহার করে। অর্থবিশিষ্ট কতকগুলি শব্দের সাহায্যে একটি ভাব সম্পূর্ণ রূপে প্রকাশ করিলে উহা **বাক্যে** পরিণত হয়। বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দের একটি বিশিষ্ট অর্থ আছে। অর্থহীন শব্দ কচট ইত্যাদি বাক্যে ব্যবহার করা যায় না।

সংস্কৃতে নর শব্দ বা গো শব্দ মানুষ বা গরু অর্থ বুঝাইলেও উহাকে পদে পরিণত না করিয়া ব্যবহার করা যায় না। **নাপদং শাস্ত্রে প্রযুঞ্জীত** অর্থাৎ কোনও শব্দ পদে পরিণত না করিয়া ব্যবহার করিবে না। শব্দের সহিত বিভক্তি যুক্ত হইলে **পদ** হয়। **সুপ্‌তিঙন্তং পদম্**—প্রাতিপদিক সুপ্ যুক্ত হইলে পদে পরিণত হয়। পূর্বেই বলা হইয়াছে ধাতু ও প্রত্যয় ভিন্ন অর্থবিশিষ্ট শব্দ

প্রাতিপদিক। প্রাতিপদিক সুপ্ যুক্ত হইলে পদ হয়, উহাকে **সুবন্ত পদ** বলে, ক্রিয়াবাচক প্রকৃতির নাম ধাতু, উহার সহিত তিঙ্ যুক্ত হইলে **তিঙন্তপদ** হয়। সু ও জস্, অম্ ও শস্ প্রভৃতি বিভক্তি; উহার অন্তে বা শেষে আছে সুপ্। আদিতে সু এবং অন্তে প্, এই আদ্যন্ত মিলিয়া হইয়াছে সুপ্। যে প্রাতি-পদিকের অন্তে সুপ্ আছে উহা সুবন্ত পদ,—নরঃ, মুনিঃ, লতা, নদী ইত্যাদি।

বাক্যে শব্দগুলির সহিত বিভক্তি যোগ করিয়া পদে পরিণত করা হয়। এই বিভক্তিগুলির সাহায্যে পদগুলির পরস্পরের সম্বন্ধ বুঝা যায়। যে স্থলে কোনও সম্বন্ধ না বুঝায় সে স্থলেও অন্ততঃ পক্ষে প্রথমা বিভক্তি যুক্ত করিয়া পদে পরিণত করিয়া বাক্যে ব্যবহার করিতে হয়, কারণ পদ না হইলে বাক্যে ব্যবহার করা যায় না।

অব্যয় পদগুলিতেও বিভক্তি যোগ করিয়া বাক্যে ব্যবহার করা হয়। তবে বিভক্তি যোগ করার জন্য উহার আকৃতির কোনও পরিবর্তন হয় না। বাক্যে ব্যবহৃত লতা, নদী প্রভৃতিও পদ; প্রথমার এক বচনে উহার রূপের কোনও পরিবর্তন হয় নাই।

প্রাতিপদিক সুবন্ত হইলে এবং ধাতুপ্রকৃতি তিঙন্ত হইলে পদ হয় (**সুপ্‌তিঙন্তং পদম্**)। এই পদ পাঁচ ভাগে বিভক্ত—বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় ও ক্রিয়া।

বিশেষ্য পদ (Noun)

যাহার দ্বারা কোনও কিছুর নাম বুঝা যায় তাহা **বিশেষ্য** পদ। বিশেষ্য পদের দ্বারা কোনও ব্যক্তি, বস্তু, জাতি, গুণ বা ক্রিয়ার নাম বুঝায়; যথা—

ব্যক্তির নাম—রামঃ, শ্যামঃ, হরিঃ ইত্যাদি।
বস্তুর নাম—জলম্, ফলম্, ঘটঃ ইত্যাদি।
জাতির নাম—মনুষ্যঃ, পশুঃ, পক্ষী ইত্যাদি।
গুণের নাম—দয়া, ধৈর্য্যম্, বীর্যম্ ইত্যাদি।
ক্রিয়ার নাম—গমনম্, ভোজনম্, দর্শনম্ ইত্যাদি।

গুণাদিভির্যদ্ ভেদ্যম্ তদ্বিশেষ্যমুচ্যতে অর্থাৎ গুণ প্রভৃতির দ্বারা যাহা বিশেষিত হয় তাহাকে বিশেষ্য বলে।

বিশেষণ (Adjective)

যে পদের দ্বারা বিশেষ্যের গুণ, দোষ বা অবস্থা বুঝা যায় তাহাকে বিশেষণ বলে। **বিশিষ্টতে, পৃথক্‌ক্রিয়তে, ভিদ্যতে বা বিশেষ্যং যেন তদ্ বিশেষণম্**, তাই বলা হয় **ভেদকং বিশেষণম্**। অতএব যে পদের দ্বারা কোনও বস্তু বা পদার্থকে বিশেষিত করা হয় উহা **বিশেষণ,** উদাহরণ স্বরূপ বলা যায়—নীলং পদ্মম্। এখানে নানাবিধ পদ্মের মধ্যে নীল রংএর পদ্মটিকে বিশেষিত করা হইয়াছে বা অন্য পদ্ম হইতে পৃথক্ করা হইয়াছে। এইরূপ—স্থূলঃ নরঃ, এস্থানে নর বা মানুষ সমূহের মধ্য হইতে যিনি স্থূল তাহাকে অস্থূল বা রোগা মানুষ হইতে পৃথক্ করা হইয়াছে অর্থাৎ নর, স্থূল দ্বারা বিশেষিত হইয়াছে। সুতরাং নীলম্, স্থূলঃ ইত্যাদি বিশেষণ পদ।

সংস্কৃতে বিশেষ্যের যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন বিশেষণেরও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হইবে।

বিশেষ্যস্য হি যল্লিঙ্গং বিভক্তি-বচনে চ যে।
তানি সর্বাণি যোজ্যানি বিশেষণপদেষ্বপি ॥

যথা—সুন্দরঃ বালকঃ।	সুন্দরী বালিকা।	সুন্দরং ফলম্।
সুন্দরং বালকম্।	সুন্দরীং বালিকাম্।	সুন্দরং ফলম্।
সুন্দরেণ বালকেন।	সুন্দর্যা বালিকয়া।	সুন্দরেণ ফলেন।
সুন্দরৌ বালকৌ।	সুন্দর্যৌ বালিকে।	সুন্দরে ফলে

ইত্যাদি।

দুই এর মধ্যে অধিক শুভ্র বা বহুর মধ্যে অধিক শুভ্র ইত্যাদি বিশেষণের তারতম্য বা উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইবার জন্য তরপ্, তমপ্ বা ঈয়সুন্, ইষ্ঠন্ প্রত্যয় বিশেষণের সহিত যুক্ত হইয়া শুভ্রতর, শুভ্রতম, গরীয়ান্, গরিষ্ঠ ইত্যাদি পদ সিদ্ধ হয়। ইহার আলোচনা পরে করা হইবে।

কোনও কোনও স্থলে বিশেষণ শব্দ দ্বারাই বিশেষ্যকে বুঝান হয়, সে স্থলে বিশেষ্য পদটি উহ্য থাকে অর্থাৎ বিশেষ্যের উল্লেখ থাকে না। দরিদ্রঃ ধনং যাচতে —দরিদ্র ধন প্রার্থনা করে। এখানে দরিদ্রঃ নরঃ, এই নরঃ বিশেষ্য পদটির উল্লেখ করা হয় নাই।

ধাতুর সহিত শতৃ, শানচ্, তব্য, অনীয়, তৃচ্, নিন্ প্রভৃতি কৃৎ প্রত্যয় যোগ করিলে উহা ক্রিয়ার অর্থ প্রকাশ করিলেও বিশেষণপদরূপে ব্যবহৃত হয়, যথা—

গম্ + শতৃ = গচ্ছৎ,	ধাব্ + শতৃ = ধাবৎ
সেব্ + শানচ্ = সেবমান,	বিদ্ + শানচ্ = বিদ্যমান
গম্ + তব্য = গন্তব্য,	কৃ + তব্য = কর্তব্য
দৃশ্ + অনীয় = দর্শনীয়,	কৃ + অনীয় = করণীয়
কৃ + তৃচ্ = কর্তৃ,	দা + তৃচ্ = দাতৃ
দ্রুত-গম্ + নিন্ = দ্রুতগামিন্।	মিথ্যা-বদ্ + নিন্ = মিথ্যাবাদিন্

গচ্ছৎ, ধাবৎ, সেবমান প্রভৃতি শব্দ বিশেষণ, সুতরাং উহাদের লিঙ্গ, বচন বিভক্তি, বিশেষ্যের অনুরূপ হইবে।

অণ্, ষ্যঞ্, ঠন্, ময়ট্ প্রভৃতি তদ্ধিতপ্রত্যয়যোগে বিশেষ্য, বিশেষণে পরিণত হয় যথা—

অণ্—শরৎ + অণ্ = শারদ, মনস্ + অণ্ = মানস, ঋষি + অণ্ = আর্ষ

ষ্যঞ্—তালু + ষ্যঞ্ = তালব্য, পৃথিবী + অণ্ = পার্থিব

ঠন্—মাস + ঠন্ = মাসিক, দিন + ঠন্ = দৈনিক

ময়ট্—জল + ময়ট্ = জলময়, সুবর্ণ + ময়ট্ = সুবর্ণময়

কয়েকটি বিশেষ্যপদের বিশেষণে রূপ—

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
অগ্নি	আগ্নেয়	পর	পরকীয়
আদি	আদ্য	পুর	পৌর
ঈশ্বর	ঐশ্বরিক	পৃথিবী	পার্থিব
নিশা	নৈশ	বন	বন্য
ন্যায়	ন্যায্য	লোক	লৌকিক
গ্রাম	গ্রাম্য	শিব	শৈব

বিশেষণ হইতে বিশেষ্যে পরিবর্তিত রূপ—

বিশেষণ	বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য
কৃপণ	কার্পণ্য	করুণ	কারুণ্য
গুরু	গৌরব	দক্ষিণ	দাক্ষিণ্য

তরুণ	তারুণ্য	পূর্ণ	পূর্ণতা
দীন	দৈন্য	মৃদু	মৃদুতা; মার্দব
নিপুণ	নৈপুণ্য	মন্দ	মান্দ্য
মধুর	মাধুর্য্য	প্রবল	প্রাবল্য
শীত	শৈত্য	লঘু	লঘুতা, লাঘব

সর্বনাম (Pronoun)

যে পদ বিশেষ্যের অর্থ বুঝাইবার জন্য উহার পরিবর্তে ব্যবহৃত হয় তাহাকে সর্বনাম পদ বলে। **সর্বেষাং নামানি সর্বনামানি**—সর্বনাম সকল নামের পরিবর্তে ব্যবহৃত হয়।

রাম ভাল ছেলে—রামঃ সাধুঃ বালকঃ। রাম প্রত্যহ বিদ্যালয়ে যায়—রামঃ প্রত্যহং বিদ্যালয়ং গচ্ছতি। রামের পিতা শিক্ষক—রামস্য পিতা শিক্ষকঃ। এইরূপ বার বার রাম শব্দের প্রয়োগ করিলে শুনিতে ভাল লাগে না। এই জন্য উহার পরিবর্তে বাংলায়, সে, তাহার প্রভৃতি যেরূপ ব্যবহৃত হয়, সংস্কৃতেও তেমনি সঃ, তস্য প্রভৃতি সর্বনাম গুলি ব্যবহৃত হয়।

সংস্কৃতে ভবৎ শব্দ সর্বনাম নহে। উহাতে সবনামের বিশিষ্ট রূপ হয় না। মনে রাখিবে ভবৎ শব্দ নাম পুরুষ বা প্রথম পুরুষ।

সর্ব শব্দ শিব অর্থে সর্বনাম নহে, কাজেই, শিবকে নমস্কার এই অর্থে সর্বায় নমঃ হইবে, কিন্তু সকলকে নমস্কার অর্থে—সর্বস্মৈ নমঃ হইবে। এই রূপ **স্ব শব্দ আপনি বা আপন অর্থে সর্বনাম** কিন্তু ধন ও জ্ঞাতি অর্থে বিশেষ্য। ধন সমূহের রক্ষা করা উচিত—**স্বানাং রক্ষা কার্যা**। সকলে নিজেদের মঙ্গল চায়—**সর্বে স্বেষাং হিতমিচ্ছন্তি**। এইরূপ—বিশ্ব শব্দ সকল অর্থে সর্বনাম—বিশ্বে জনাঃ—সকল লোক। কিন্তু জগৎ অর্থে বিশ্ব শব্দ সর্বনাম নহে।

রূপের ভেদ অনুসারে সর্বনামগুলি পাঁচ ভাগে বিভক্ত যথা—সর্বাদি, অন্যাদি, পূর্বাদি, যদাদি ও ইদমাদি।

১। সর্বাদি—সর্ব, বিশ্ব, উভয়, এক, একতর ইত্যাদি

২। অন্যাদি—অন্য, অন্যতর, ইতর, কতর, কতম, একতম ইত্যাদি।

ইহাদের রূপ সর্ব শব্দের ন্যায়। কেবল ক্লীব লিঙ্গে প্রথমা ও দ্বিতীয়ার এক বচনে—**অন্যৎ, অন্যতরৎ, ইতরৎ, কতরৎ, কতমৎ, একতমৎ** এইরূপ ত্ কারান্ত পদ হয়, এইমাত্র পার্থক্য। মনে রাখিবে, অন্যতম শব্দের ক্লীব লিঙ্গে প্রথমা ও দ্বিতীয়ার এক বচনে **অন্যতমম্** হইবে, অন্যতমৎ হইবে না।

৩। পূর্বাদি—পূর্ব, পর, অপর, অবর, অধর, উত্তর, দক্ষিণ, স্ব ইত্যাদি।

পূর্ব, উত্তর দক্ষিণ শব্দ সর্বনাম, কিন্তু **পশ্চিম শব্দ সর্বনাম নহে,** সুতরাং **পশ্চিমদিকে—পশ্চিমায়াং দিশি,** কিন্তু পূর্বদিকে—পূর্বস্যাং দিশি।

৪। যদাদি—যদ্, তদ্, এতদ্, ত্যদ্, কিম্।

৫। ইদমাদি—ইদম্, অদস্, যুষ্মদ্, অস্মদ্ ইত্যাদি।

অব্যয় (Indeclinables)

যে সকল শব্দ তিন লিঙ্গে, তিন বচনে ও সকল বিভক্তিতে একই প্রকার থাকে, অর্থাৎ রূপের কোনও পরিবর্তন হয় না, তাহাদিগকে **অব্যয়** বলে।

সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্বাসু চ বিভক্তিষু।
বচনেষু চ সর্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ম্॥

যাহার ব্যয় নাই অর্থাৎ বিভক্তি প্রভৃতির যোগে যাহার রূপের কোনও পরিবর্তন হয় না, সর্বদা একই প্রকার থাকে, তাহাকে অব্যয় বলে।

অব্যয়াৎ আপ্সুপঃ অর্থাৎ অব্যয়ের উত্তর সকল বিভক্তির লোপ হয়; সুতরাং কোনও বিভক্তিতেই ইহার রূপের কোনও পরিবর্তন হয় না। অব্যয়ের উত্তর বিভক্তি যুক্ত হয় বলিয়া উহা পদে পরিণত হয়। সুতরাং সংস্কৃতে উহার প্রয়োগে কোনও বাধা নাই। মনে রাখিবে অব্যয়ের বিশেষণ সর্বদা ক্লীবলিঙ্গ রম্যং প্রাতঃ। শোভনং দিবা।

পাণিনি ব্যাকরণে অব্যয় নামে কোনও সংজ্ঞা নাই। তিনি নাম দিয়াছেন নিপাত। নানা অর্থে নিপতিত হয় বলিয়া উহাদের নাম **নিপাত।** এই নিপাতগুলিকে পাঁচ ভাগে ভাগ করা যায়—স্বরাদি, চাদি, প্রাদি, কৃদব্যয় ও তদ্ধিতান্ত অব্যয়।

১। **স্বরাদি অর্থাৎ স্বঃ (স্বর্গ অর্থে), অন্তঃ, প্রাতঃ, পুনঃ, উচ্চৈঃ, নীচৈঃ,**

শনৈঃ, ঋতে, যুগপৎ, আরাৎ, পৃথক, হ্যঃ, শ্বঃ, দিবা, সায়ম্, চিরম্, মনাক্, ঈষৎ, জোষম্, তূষ্ণীম্, বহিঃ সময়া, নিকষা, স্বয়ম্, মৃষা, নক্তম্, হে, অন্তরা, অন্তরেণ, সহসা, বিনা, নানা, স্বস্তি, মুধা, বৃথা, দিষ্ট্যা, মিথ্যা, পুরা, মিথঃ, সাকম্, সার্ধম্, সমম্, নমঃ, মা, কামম্, ভূয়ঃ, সাক্ষাৎ, সপদি, অঞ্জসা, চিরায়, চিরেণ, চিরাৎ, অস্তম্, সদা, সর্বদা, স্থানে, বরম্, বলাৎ প্রভৃতি অব্যয়।

২। চাদি—অর্থাৎ চ প্রভৃতি অব্যয়—চ, বা, হ, অহ, এব, এবম্, নূনম্, শশ্বৎ, যুগপৎ, চেৎ, চন, কচ্চিৎ, যত্র, তত্র, হন্ত, মাঙ্, যাবৎ, তাবৎ, স্বাহা, স্বধা, তথা, তথাহি, খলু, কিল, অথ, সুষ্ঠু, স্ম, অ, ই, উ, যথা, কিম্, পুরা, ধিক্, হাহা, নচেৎ, নোচেৎ জাতু, কথম, কুতঃ, কুত্র, শম।

৩। প্রাদি—প্র প্রভৃতি কুড়িটি অব্যয়, যথা—প্র, পরা, অপ, সম্, অনু, অব, (নিস্), নির্, (দুস্), দুর্, অভি, বি, অধি, সু, উৎ, অতি, নি, প্রতি, পরি, অপি, উপ, আঙ্।

প্রপারাপসমন্ববনির্দুর্‌রভিব্যধিসূদতিনিপ্রতিপর্যপয়ঃ।
উপ আঙিতি বিংশতিরেষ সখে উপসর্গবিধিঃ কথিতঃ কবিনা॥

উপসর্গগুলির নিজেদের কোনও অর্থ নাই। কিন্তু ক্রিয়ার সহিত যুক্ত হইয়া ইহারা বিভিন্ন অর্থের সূচক বা দ্যোতক হয়।

প্র, পরা প্রভৃতি অব্যয়গুলি ক্রিয়ার সহিত যুক্ত হইলে ইহাদিগকে উপসর্গ বলে। উপসর্গগুলি ধাতুর অব্যবহিত পূর্বে বসিবে। ইহাদের সহিত ধাতুর সন্ধি নিত্য, ইহা সন্ধি প্রকরণে বলা হইয়াছে। উপসর্গ ধাতুর ঠিক পূর্বে বসে বলিয়া অপ্রবিশৎ হইতে পারে না, হইবে প্র—অবিশৎ—প্রাবিশৎ, (**উপসর্গাঃ ক্রিয়াযোগে, তে প্রাগ্ ধাতোঃ**)।

ইংরেজীতে put on, put off, put up প্রভৃতি স্থলে preposition-এর ভেদে ধাতুর অর্থ যেরূপ পরিবর্তিত হয়, সংস্কৃতেও সেইরূপ উপসর্গ যোগে ধাতুর অর্থের পরিবর্তন হয়।

উপসর্গেণ ধাত্বর্থো বলাদন্যত্র নীয়তে।
প্রহারাহারসংহারবিহারপরিহারবৎ॥

হৃ ধাতুর অর্থ হরণ করা বা বহন করা, কিন্তু ভিন্ন ভিন্ন উপসর্গযোগে উহার অর্থের কিরূপ পরিবর্তন ঘটিয়াছে লক্ষ্য কর—

প্র—হৃ অর্থ প্রহার করা—প্রভুঃ ভৃত্যম্ প্রহরতি।

আ—হৃ অর্থ আহার করা বা সংগ্রহ করা—বৃক্ষাৎ পুষ্পম্ আহরতি।

বি—হৃ অর্থ বিচরণ করা—বালিকা উদ্যানে বিহরতি।

সম্—হৃ অর্থ সঙ্কুচিত করা—বাণং সংহর।

পরি—হৃ অর্থ পরিত্যাগ করা—শোকং পরিহরতি।

হৃ ধাতুরই বিভিন্ন অর্থ, কোন্ স্থানে কোন্ অর্থ গ্রহণ করা হইবে, তাহা সূচনা করিয়া দেয় উপসর্গ।

উপসর্গ প্রয়োগের উপযোগিতা—

১। উপসর্গ যোগে—ধাতুর অর্থের পরিবর্তন ঘটে—প্রহরতি, আহরতি।

২। উপসর্গ যোগে ধাতুর অর্থের উৎকর্ষ বুঝায়—দদাতি—দান করে। প্রদদাতি—প্রকৃষ্টরূপে দান করে।

৩। কোথাও ধাতুর অর্থের পরিবর্তন ঘটে—গচ্ছতি—যায়, আগচ্ছতি—আসে, হসতি—হাসে, উপহসতি—উপহাস করে, করোতি—করে, উপকরোতি—উপকার করে।

৪। কোথাও অকর্মক ধাতু উপসর্গযোগে সকর্মক হয়। যথা—সঃ ভবতি কিন্তু সঃ সুখম্ অনুভবতি, শয্যায়াং শেতে—শয্যাম্ অধিশেতে।

৫। কোথাও সকর্মক ধাতু উপসর্গযোগে অকর্মক হয়। যথা—সঃ গ্রামম্ গচ্ছতি, গঙ্গা যমুনয়া সঙ্গচ্ছতে, ইদং বাক্যং সঙ্গচ্ছতে।

৬। কোথাও আত্মনেপদী ধাতু উপসর্গযোগে পরস্মৈপদী হয়। যথা—রম্—মানসে রমতে, অথচ সঃ পাঠাৎ বিরমতি।

৭। আবার কোথাও পরস্মৈপদী ধাতু উপসর্গযোগে আত্মনেপদী হয়। যথা—স্থা—বালকঃ গৃহে তিষ্ঠতি কিন্তু গৃহাৎ প্রতিষ্ঠতে, গৃহে সন্তিষ্ঠতে, বিতিষ্ঠতে, অবতিষ্ঠতে ইত্যাদি।

মনে রাখিবে উপসর্গ ক্রিয়ার পূর্বে বসিবে এবং উপসর্গ ও ধাতুর মধ্যে সন্ধি নিত্য—

অনু + অভবৎ—অন্বভবৎ (অনুঅভবৎ হইবে না)

পরি+অত্যজৎ—পর্যত্যজৎ (অপরিত্যজৎ হইবে না)

নির্+অগচ্ছৎ—নিরগচ্ছৎ (নিঃঅগচ্ছৎ বা অনির্গচ্ছৎ হইবে না)

৪। কৃদব্যয়—ক্তাচ্, ল্যপ্, ণমুল্, তুমুন্ প্রভৃতি কৃৎপ্রত্যয়নিষ্পন্ন পদ অব্যয়, ভোজনং কৃত্বা গচ্ছতি—(ভোজন করিয়া যায়) এস্থানে কৃত্বা পদটি অব্যয়। এইরূপ, সঃ মাতরং প্রণম্য বহিঃ গচ্ছতি (সে মাতাকে প্রণাম করিয়া বাহিরে যায়)। এখানে প্রণম্য শব্দটি প্র পূর্বক নম্ ধাতুর সহিত ল্যপ্ প্রত্যয় যোগ করিয়া নিষ্পন্ন হইয়াছে। ধাতুর পূর্বে প্র, পরা প্রভৃতি থাকিলে, করিয়া, যাইয়া প্রভৃতি অর্থে ক্তাচ্ না হইয়া ল্যপ্ হয়।

স মাতৃচরণং স্মারং স্মারং কার্যং করোতি (সে মাতার চরণ স্মরণ করিয়া স্মরণ করিয়া কাজ করে)। এখানে স্মরণ করিয়া অর্থে স্মৃ ধাতুর সহিত ণমুল্ প্রত্যয় যুক্ত হইয়াছে।

যাইতে, খাইতে প্রভৃতি অর্থে ইংরেজীতে যেরূপ ধাতুর পূর্বে to বসে, সংস্কৃতে সেইরূপ ধাতুর সহিত তুমুন্ প্রত্যয় যুক্ত হয়, যথা—

গম্+তুম্ = গন্তুম্ (যাইতে)। কৃ+তুম্ = কর্তুম্ (করিতে)।

গন্তুম্, কর্তুম্ প্রভৃতি পদ অব্যয়, সঃ গৃহং গন্তুম্ ইচ্ছতি (সে বাড়ী যাইতে চায়)।

৫। তদ্ধিতান্ত অব্যয়—

শস্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়, যথা—একৈক+শস্=একৈকশঃ, ক্রম+শস্=ক্রমশঃ, বহু+শস্=বহুশঃ। পঞ্চ+শস্=পঞ্চশঃ—পাঁচটি পাঁচটি করিয়া, ছাত্রাঃ পঞ্চশঃ গচ্ছন্তি—ছাত্রগণ পাঁচটি পাঁচটি করিয়া যাইতেছে। বহুশঃ পশ্যতি—বহুবার দেখে।

বিভক্তির অর্থে তসিল্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়, যথা—

পঞ্চমী বিভক্তির অর্থে—গ্রাম+তসিল্—গ্রামতঃ—(গ্রাম হইতে), এইরূপ কিম্+তসিল্=কুতঃ—কোথা হইতে। ইদম্+তসিল্=অতঃ—ইহা হইতে। সর্ব+তসিল্=সর্বতঃ— সকল হইতে।

সপ্তমী বিভক্তির অর্থে ত্রল্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়, যথা—

কিম্+ত্রল্=কুত্র (কোথায়), ইদম্+ত্রল্= অত্র (এখানে), যৎ+ত্রল্= যত্র (যেখানে), তৎ+ত্রল্= তত্র (সেখানে), সর্ব+ত্রল্=সর্বত্র (সব যায়গায়)।

প্রকারার্থে থাল্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়, যথা—

সর্ব+থাল্=সর্বথা (সকল প্রকারে), তদ্+থাল্=তথা (সেই প্রকারে), যদ্+থাল্=যথা (যে প্রকারে)।

তুল্যার্থ বতিচ্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়, যথা—

পিতৃ+বৎ=পিতৃবৎ, গুরুঃ পিতৃবৎ পূজ্যঃ—গুরু পিতার ন্যায় পূজ্য।

ক্রিয়াপদ (Verb)

যাহার দ্বারা কোন কাজ করা, হওয়া, থাকা প্রভৃতি বুঝায়, তাহাকে **ক্রিয়া** বলে। ক্রিয়াবাচক প্রকৃতিকে **ধাতু** বলে, যথা—গম্ (যাওয়া), ভূ (হওয়া) দৃশ্ (দেখা) প্রভৃতি। ধাতুর উত্তর তি, তস্, অন্তি প্রভৃতি বিভক্তিযুক্ত হইলে উহারা ক্রিয়াপদে পরিণত হয়। তি, তস্, অন্তি প্রভৃতি বিভক্তিগুলির আদিতে তি এবং অন্তে ঙ্ আছে বলিয়া উহাদিগকে তিঙ্ বলে। তিঙ্-যুক্ত ধাতুকে **তিঙন্ত পদ** বলে। যথা গচ্ছতি, ভবতি, পশ্যতি ইত্যাদি। তিঙ্ বিভক্তি দশভাগে বিভক্ত—লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, লৃট্, লুট্, লৃঙ্, আশীর্লিঙ্, লিট্ ও লুঙ্। এই তিঙ্ বিভক্তিসমূহকে একসঙ্গে লকার বলে।

বিভক্তির তিনটি পুরুষ ও তিনটি বচন। প্রথম পুরুষ বা নাম পুরুষ, মধ্যম পুরুষ এবং উত্তম পুরুষ। অস্মৎ শব্দ উত্তম পুরুষ, যুষ্মৎ শব্দ মধ্যম পুরুষ এবং ইহা ভিন্ন সব প্রথম পুরুষ বা নাম পুরুষ। কর্তা যে পুরুষ, ধাতুর সহিত সেই পুরুষের তিঙ্ বিভক্তি হইবে।

সংস্কৃতে বচন তিনটি—একবচন, দ্বিবচন ও বহুবচন। কর্তা এক হইলে ধাতুর সহিত একবচন, দুই হইলে দ্বিবচন এবং দুই-এর অধিক হইলে বহুবচনের তিঙ্-যুক্ত হয়।

তিঙ্ বিভক্তি দুইভাগে বিভক্ত—পরস্মৈপদ ও আত্মনেপদ। প্রত্যেকটি লকারে নয়টি করিয়া আকৃতি, সুতরাং পরস্মৈপদে দশ লকারে ৯×১০=৯০টি এবং আত্মনেপদে ৯০টি, মোট ১৮০টি আকৃতি।

সংস্কৃতে ধাতুসমূহ রূপের সাদৃশ্য অনুসারে দশটি শ্রেণীতে বিভক্ত হইয়াছে।

উহার এক একটি শ্রেণীকে গণ বলা হয়। গণের নাম হইয়াছে ঐ শ্রেণীর ধাতুর প্রথমটিকে অবলম্বন করিয়া। যথা, ভ্বাদিগণ—ভূ ধাতু যে গণের আদিতে আছে উহা ভ্বাদিগণ। তুদ্ ধাতু যে শ্রেণীর আদিতে আছে উহা তুদাদি গণ। এইরূপ অন্যত্র।

দশটি গণ যথা, ভ্বাদি, তুদাদি, দিবাদি, স্বাদি, তনাদি, ক্র্যাদি, রুধাদি, অদাদি, হ্বাদি বা জুহোত্যাদি ও চুরাদি। "ভ্বাদ্যদাদী জুহোত্যাদি দিবাদিঃ স্বাদিরেব চ। তুদাদিশ্চ রুধাদিশ্চ তনক্র্যাদিচুরাদয়ঃ ॥"

পুরুষ (Person)

সংস্কৃতে উত্তম পুরুষ, মধ্যম পুরুষ ও প্রথম পুরুষ বা নামপুরুষভেদে ত্রিবিধ পুরুষ আছে। ইংরাজীতে যেরূপ First person, Second person, Third person আছে, সংস্কৃতেও সেইরূপ তিনটি পুরুষ। First person উত্তম পুরুষ, Second person মধ্যম পুরুষ ও Third person প্রথম পুরুষ বা নাম পুরুষ। Third person কে নাম পুরুষ বলাই ভাল। তাহা না হইলে, ইংরাজীর First person-এর সহিত ভুল হইতে পারে।

আমি, আমরা, আমাকে, আমাদিগকে প্রভৃতি উত্তম পুরুষ। তুমি, তোমরা, তোমাদিগকে প্রভৃতি মধ্যম পুরুষ। ইহা ভিন্ন যাবতীয় বিশেষ্য ও সর্বনাম পদ নাম পুরুষ। ভবৎ শব্দ তুমি বা আপনি বুঝাইলেও সংস্কৃতে উহা নাম পুরুষ। অতএব ভবৎ শব্দ কর্তা হইলে উহার ক্রিয়া নাম পুরুষের হইবে (মধ্যম পুরুষের হইবে না।)। ক্রিয়াপদের আলোচনা প্রসঙ্গে পুরুষ সম্বন্ধে বিশেষ ভাবে বলা হইবে।

বচন (Number)

যাহার দ্বারা সংখ্যা বুঝায়, তাহাকে বচন বলে। সংস্কৃতে বচন তিনটি— একবচন, দ্বিবচন ও বহুবচন। এক বচনে এক সংখ্যা, দ্বিবচনে দুই সংখ্যা এবং বহু বচনে দুই-এর অধিক সংখ্যা বুঝা যায়। যথা, নরঃ বলিলে নরের সংখ্যা এক বুঝা যায়—সুতরাং উহা একবচন। এইরূপ নরৌ বলিলে নরের সংখ্যা দুই এবং নরাঃ বলিলে নরের সংখ্যা দুই-এর অধিক বুঝা যায়।

কোন কোন শব্দ নিত্য একবচনে, নিত্য দ্বিবচনে বা নিত্য বহু বচনে ব্যবহৃত হয়। ত্রিভুবনম্, পাণিপাদম্, যুগলম্, দ্বয়ম্, গণঃ, উনবিংশতি হইতে নবনবতি পর্যন্ত সংখ্যাবাচক শব্দ ও শতম্, সহস্রম্ প্রভৃতি নিত্যই একবচনে ব্যবহৃত হয়, যদিও ইহারা এক-এর অধিক সংখ্যা বুঝায়।

জাতি বুঝাইলে একবচন ব্যবহৃত হয়। যথা ব্রাহ্মণঃ পূজ্যঃ। এস্থলে ব্রাহ্মণ অর্থ ব্রাহ্মণ জাতি, একজন ব্রাহ্মণ নহে, সম্পন্নঃ ব্রীহিঃ (ধান পাকিয়াছে)। অন্নম্ সিদ্ধম্ (ভাত হইয়াছে) ইত্যাদি স্থানে ব্রীহি জাতি, অন্ন জাতি বুঝা যায়।

দ্বি ও উভ শব্দ দুই ও উভয় অর্থে নিত্যই দ্বিবচন। দ্বৌ নরৌ (দুইজন লোক), উভৌ নরৌ (উভয় লোক)। কিন্তু উভয় শব্দ দুইজনকে বুঝাইলেও কখনও দ্বিবচনে ব্যবহৃত হয় না। সাধারণতঃ একবচনে ব্যবহৃত হয়; কখনও কখনও বহুবচনে ব্যবহৃত হয়। যথা, উভয়ে দেবমনুষ্যাঃ (উভয় দেব ও মনুষ্যগণ) কিন্তু রামঃ শ্যামশ্চ উভয়ঃ (রাম ও শ্যাম উভয়)।

এইরূপ দার (স্ত্রী), অক্ষত (আতপ চাল), লাজ (খৈ), অসু (প্রাণ) প্রাণ, কতি প্রভৃতি নিত্য বহুবচনে ব্যবহৃত হয়। যথা সীতা রামস্য দারাঃ (সীতা রামের স্ত্রী); প্রাণাঃ রক্ষিতাঃ (প্রাণ রক্ষিত); কতি নরাঃ (কয়েকজন লোক)।

কোন কোন দেশবাচক শব্দ বহুবচনে ব্যবহৃত হয়। যথা অঙ্গাঃ (অঙ্গদেশ) বঙ্গাঃ (বঙ্গদেশ) কলিঙ্গাঃ (কলিঙ্গদেশ)।

অপ্ (জল), সুমনস্ (পুষ্প), বর্ষা (বর্ষাকাল), অপ্সরস্ (অপ্সরা), সিকতা (বালুকা), সমা (বৎসর), এই শব্দগুলি নিত্য স্ত্রীলিঙ্গ ও বহুবচন। যথা—অপঃ পিব (জলপান কর), বর্ষাঃ সমারব্ধাঃ (বর্ষা আরম্ভ হইয়াছে)। অপ্সরস্ সিকতা ও সমা—এই তিনটি শব্দ কখনও কখনও একবচনেও ব্যবহৃত হয়।

গৌরব বুঝাইলে একজন অর্থেও বহুবচনের প্রয়োগ হয়। যথা গুরু বলেন এই অর্থে--গুরবঃ বদন্তি। আপনি যেরূপ আদেশ করেন, এই অর্থে—যথা ভবন্তঃ আদিশন্তি। এখানে গুরবঃ অর্থ বহু গুরু নহে, ভবন্তঃ অর্থ আপনারা নহে।

সাধারণত বিশেষ্য ও বিশেষণের লিঙ্গ, বিভক্তি ও বচন একই রূপ হয়। যথা রম্যঃ দেশঃ, সুন্দরী বালিকা, শুক্লম্ পত্রম্ ইত্যাদি। কিন্তু উদ্দেশ্য-বিধেয়-

ভাব বুঝাইলে বিশেষ্য ও বিশেষণের লিঙ্গ ও বচন ভিন্ন হইতে পারে। যথা নারীণাং ভূষণং পতিঃ, বেদাঃপ্রমাণম্। এইরূপ শতং ব্রাহ্মণাঃ, সহস্রং দেবাঃ ইত্যাদি।

অনুশীলনী

১। বচন কাহাকে বলে? সংস্কৃতে বচন কয়টি ও কি কি? উদাহরণ সহ বুঝাইয়া দাও।

২। কয়েকটি উদাহরণ দাও—

নিত্য একবচন, নিত্য দ্বিবচন, নিত্য বহুবচন।

৩। উদ্দেশ্য-বিধেয়ভাব বুঝাইলে লিঙ্গ ও বচনের পার্থক্য হয়,' এইরূপ উদাহরণ দাও।

লিঙ্গ প্রকরণ (Gender)

সংস্কৃতে লিঙ্গ তিন প্রকার—পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ ও ক্লীবলিঙ্গ। সাধারণত যে সকল শব্দ পুরুষ বুঝায় তাহারা পুংলিঙ্গ, যথা নরঃ, দেবঃ, ছাত্রঃ, বালকঃ ইত্যাদি।

যে সকল শব্দ স্ত্রী বুঝায় তাহারা স্ত্রীলিঙ্গ যথা নারী, দেবী, ছাত্রী, বালিকা ইত্যাদি।

যে সকল শব্দ পুরুষ বা স্ত্রী বুঝায় না তাহারা ক্লীবলিঙ্গ, যথা—ফলম্, জলম্, ধনম্, গৃহম্ ইত্যাদি।

সংস্কৃতে পুরুষ বুঝাইলেই পুংলিঙ্গ বা স্ত্রী বুঝাইলেই স্ত্রীলিঙ্গ অথবা, পুরুষ বা স্ত্রী কিছুই না বুঝাইলে ক্লীবলিঙ্গ হইবে এরূপ কথা বলা যায় না। কারণ দার শব্দ পুংলিঙ্গ কিন্তু উহার অর্থ স্ত্রী। কলত্র শব্দের অর্থ স্ত্রী, কিন্তু শব্দটি ক্লীবলিঙ্গ। সুতরাং শব্দটি স্ত্রী, পুরুষ প্রভৃতি বুঝাইলেই স্ত্রীলিঙ্গ বা পুংলিঙ্গ হয় না।

কোন্ শব্দটি কোন্ লিঙ্গ তাহা নিরূপণ করিতে হয়, কোষগ্রন্থ, ব্যাকরণ প্রভৃতির সাহায্যে, তাই বলা হয় (লিঙ্গম্) অশিষ্যং সংজ্ঞাপ্রমাণত্বাৎ।

সহজে লিঙ্গ নিরূপণ করিবার জন্য কয়েকটি নিয়ম নীচে দেওয়া হইল।

পুংলিঙ্গ

১। দেব, সুর, বিবুধ প্রভৃতি দেবতার্থক শব্দ পুংলিঙ্গ।

২। শিব, হরি, গণেশ প্রভৃতি পুরুষ দেবতাদের নাম পুংলিঙ্গ।

৩। অসুর, দানব, দৈত্য প্রভৃতি অসুর পর্য্যায় শব্দ পুংলিঙ্গ।

৪। বলি, সুদাস প্রভৃতি দৈত্যদিগের নাম পুংলিঙ্গ।

৫। নাক, ত্রিদিব, স্বর্গ প্রভৃতি স্বর্গবাচক শব্দ পুংলিঙ্গ।

৬। যজ্ঞ, ক্রতু, যাগ প্রভৃতি যজ্ঞবাচক শব্দ পুংলিঙ্গ।

৭। মেঘবাচক শব্দ যেমন বারিদ, পয়োদ, জলদ, জলধর প্রভৃতি পুংলিঙ্গ। কিন্তু মেঘবাচক অভ্র শব্দ ক্লীবলিঙ্গ।

৮। সমুদ্রবাচক শব্দ যেমন সাগর, অব্ধি, রত্নাকর, বারিধি প্রভৃতি পুংলিঙ্গ।

৯। পর্বতবাচক শব্দ গিরি, অচল, অদ্রি প্রভৃতি পুংলিঙ্গ।

১০। কর, চরণ, ওষ্ঠ, দোঃ, দন্ত, কণ্ঠ, কেশ, নখ, স্তন প্রভৃতি পুংলিঙ্গ।

১১। ঘঞ্, অচ্, অপ্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ, যথা—যাগঃ, পাকঃ, ভাবঃ, জয়ঃ, নয়ঃ, চয়ঃ, করঃ, হরঃ, বিস্তারঃ। কিন্তু ভয়, বর্ষ, মুখ ও পদ ক্লীবলিঙ্গ।

১২। কি প্রত্যয়ান্ত শব্দসকল পুংলিঙ্গ, যথা—জলধিঃ, বারিধিঃ, ব্যাধিঃ, আধিঃ, বিধিঃ, নিধিঃ। (জল—ধা+কি=জলধি)।

১৩। দার, অক্ষত, লাজ, অসু ও প্রাণ শব্দ পুংলিঙ্গ ও নিত্য বহুবচনান্ত, যথা—দারাঃ, অক্ষতাঃ, লাজাঃ, অসবঃ, প্রাণাঃ।

১৪। আম্র, জম্বু প্রভৃতি শব্দ বৃক্ষ বুঝাইলে পুংলিঙ্গ ও ফল বুঝাইলে ক্লীবলিঙ্গ, যথা—আম্রঃ=আম্রবৃক্ষ, আম্রম্=আম্রফলম্।

স্ত্রীলিঙ্গ

১। এক স্বরবিশিষ্ট ঈ-কারান্ত ও ঊ-কারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ, যথা—শ্রীঃ, হ্রীঃ, ধীঃ, ভূঃ ইত্যাদি।

২। রাত্রিবাচক শব্দ স্ত্রীলিঙ্গ, যেমন—নিশা, যামিনী।

৩। লতাবাচক শব্দ স্ত্রীলিঙ্গ, যেমন—বীরুধ্, ব্রততি ইত্যাদি।

৪। দিগ্‌বাচক শব্দ স্ত্রীলিঙ্গ, যেমন—আশা, কাষ্ঠা ইত্যাদি।

৫। নদীবাচক শব্দ স্ত্রীলিঙ্গ, যথা—সরিত্, স্রোতস্বিনী ইত্যাদি।

৬। তল্ প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ, যথা—দেবতা, জনতা, গুরুতা ইত্যাদি।

৭। ক্তিন্ প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ, যথা—গতিঃ, নীতিঃ, বুদ্ধিঃ, স্থিতিঃ, কৃতিঃ ইত্যাদি।

৮। ঊনবিংশতি হইতে নবনবতি পর্যন্ত সংখ্যাবাচক শব্দসকল স্ত্রীলিঙ্গ এবং ইহারা বহুকে বুঝাইলেও একবচন, যথা—ঊনবিংশতিঃ, ষষ্টিঃ, সপ্ততিঃ, বিংশতিঃ, নবতিঃ, নবনবতিঃ ইত্যাদি।

৯। ঋ-কারান্ত মাতৃ, দুহিতৃ, স্বসৃ শব্দ স্ত্রীলিঙ্গ।

১০। অপ্, সুমনস্, বর্ষা, অপ্সরস্, সিকতা, সমা এই কয়টি শব্দ নিত্য স্ত্রীলিঙ্গ ও বহুবচনান্ত, যথা—আপঃ, সুমনসঃ, বর্ষাঃ, অপ্সরসঃ, সিকতাঃ, সমাঃ। কিন্তু অপ্সরস্, সিকতা ও সমা এই তিনটির কথনও কখনও একবচনেও প্রয়োগ হয়।

ক্লীবলিঙ্গ

১। আকাশ, বন, পাত্র, পত্র, জল, মুখ, ভয়, বর্ষ, পদ প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ।

২। পদ্মবাচক শব্দ ক্লীবলিঙ্গ, যথা—পদ্মম্, সরোজম্, পঙ্কজম্, উত্‌পলম্ ইত্যাদি।

৩। নেত্রবাচক শব্দ ক্লীবলিঙ্গ, যথা—চক্ষুঃ, নয়নম্, নেত্রম্, অক্ষি, লোচনম্ ইত্যাদি।

৪। অসুন্-প্রত্যয়ান্ত যশস্, সরস্ প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ।

৫। ত্ব-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ, যথা—গুরুত্বম্, হীনত্বম্, দেবত্বম্ ইত্যাদি।

৬। ভাববাচ্যে বিহিত ক্ত প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ, যথা—গতম্, স্থিতম্, গীতম্ ইত্যাদি।

৭। অনট্ বা ল্যুট্ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ, যথা—গমনম্, ভোজনম্ ইত্যাদি।

৮। সমাহার দ্বন্দ্ব, সমাহার দ্বিগু ও অব্যয়ীভাব সমাসনিষ্পন্ন শব্দ ক্লীবলিঙ্গ, যথা—পাণিপাদম্, করচরণম্, ত্রিভুবনম্, চতুর্যুগম, পঞ্চরাত্রম্, যথাশক্তি, দুর্ভিক্ষম্ ইত্যাদি।

৯। সংখ্যাবাচক শতম্, সহস্রম্ প্রভৃতি ক্লীবলিঙ্গ।

১০। বন্ধু অর্থে মিত্র শব্দ ক্লীবলিঙ্গ—মিত্রম্ = বন্ধুঃ, মিত্রঃ = সূর্যঃ।

১১। ক্রিয়ার বিশেষণ ও অব্যয়ের বিশেষণ ক্লীবলিঙ্গ, যথা—মন্দং গচ্ছতি; দ্রুতং ধাবতি; রমণীয়ং প্রাতঃ; রম্যং নক্তম্।

কতকগুলি শব্দ স্বভাবতই ক্লীবলিঙ্গ, যথা—বনম্, পত্রম্, জলম্, শীলম্, গমনম্, কাননম্, পুষ্পম্, ফলম্, ধনম্, বলম্, আসনম, শুভম্, অশুভম, মাংসম, বক্তম্, মুখম্, ভস্মম্, সৈন্যম্, সুখম্, দুঃখম্, স্বর্ণম, রৌপ্যম্, লৌহম্, বস্ত্রম্, তৃণম্, ধান্যম্, দধি ইত্যাদি।

তৃতীয় অধ্যায়

ণত্ব বিধান ও ষত্ব বিধান

ণত্ব বিধান

১। ঋ ৠ র্ অথবা ষ্-এর পরস্থিত একই পদের ন্ ণ্ হয়, যথা—নৃণাম্, নৄণাম্, দাতৄণাম্, জীর্ণম্, কৃষ্ণঃ, **রষাভ্যাং নোণঃ সমান পদে।**

২। স্বরবর্ণ, ক বর্গ, প বর্গ, য্ ব্ হ্ এবং অনুস্বার দ্বারা ব্যবহিত হইলেও ঋ ৠ র্ ষ্ এর পরস্থিত একই পদের ন্ ণ্ হয়। যথা—করিণং, মূর্খেণ, ক্রমেণ, রামেণ, বৃংহণম্ রয়েণ ইত্যাদি। **অট্ কুপ্বাঙ্নুম্ ব্যবায়েঽপি।**

৩। এক পদে ঋ ৠ, র্ অথবা ষ্ এবং অন্য পদে ন থাকিলে ন্ ণ্ হয় না। যথা—নৃযানম্, ত্রিনেত্রঃ, ত্রিনয়নঃ সর্বনাম, চারুনেত্রা, দুর্নাম, বারিনিধিঃ ইত্যাদি।

৪। পদের অন্তস্থিত ন্ মূর্ধণ্য হয় না। যথা নরান্, ভ্রাতৄন্, দাতৄন্, হরীন্, গ্রহান্, বৃক্ষান্ ইত্যাদি। **পদান্তস্য**

৫। যদি অন্যপদস্থিত ন্ কোনও বিভক্তি স্থানে হয় কিংবা স্ত্রীলিঙ্গে ঈকার যুক্ত হয় তাহা হইলে বিকল্পে ণ্ হয়। যথা—প্রভাবেণ, প্রভাবেন; বিষপায়িণা, বিষপায়িনা; নগরবাসিণী, নগরবাসিনী।

৬। যদি পরপদ এক স্বর বিশিষ্ট হয় এবং পূর্বপদে ঋ ঋ, র্ বা ষ্ থাকে তবে সর্বদা ণ্ হয়। যথা প্রভুণা। বৃত্রহণৌ

৭। যদি পরপদ ক বর্গ যুক্ত থাকে তাহা হইলে ন সর্বদা ণ্ হয়। যথা—শ্রীকামেণ, দুর্গমেণ, পরিপাকেণ ইত্যাদি।

৮। কতকগুলি শব্দে ন্ বিকল্পে ণ্ হয়—ব্রীহিবণম্, ব্রীহিবনম্;

৯। কতকগুলি শব্দে ন্ নিত্য ণ্ হয়—শরবণম্, ইক্ষুবণম্, আম্রবণম্ প্রবণম্।

১০। প্র, পূর্ব, অপর প্রভৃতি শব্দের পরস্থিত অহ্ন শব্দের ন্ সর্বদা ণ্ হয়—প্রাহ্ণ, পূর্বাহ্ণ, অপরাহ্ণ।

১১। প্র, পরা, পরি, নির্ প্রভৃতি উপসর্গের পরস্থিত নদ্, নম্, নশ্, নী, হন্ প্রভৃতি ধাতুর ন্ সর্বদা ণ্ হয়।—

প্রণদতি, প্রণামঃ, প্রণশ্যতি, (কিন্তু প্রনষ্টঃ) প্রণয়তি, নির্ণয়ঃ, পরিণয়ঃ, প্রহণ্যতে।

১২। মাত্র ও ময়ট্ প্রত্যয়ের ম্ এর সহিত যুক্ত ন কখনও ণ হয় না—মৃন্ময়ঃ, সুহৃন্মাত্রম্।

কতকগুলি শব্দে সর্বদাই ণ্ হয়—

বণিক্, লবণম্, গুণঃ, নিপুণঃ, বীণা, মণিঃ, পুণ্যম্, বাণী, কণিকা, বাণঃ কল্যাণম্, অণুঃ, ফণী, পাণিঃ, বিপণিঃ, শোণিতঃ, পণঃ, পণ্যম্, বাণিজ্যম্।

অনুশীলনী

১। নিম্নলিখিত শব্দ গুলিতে ণ এর কারণ নিরূপণ কর :—

অপরাহ্ণ, পিতৃণাম্, সর্পেণ, বিস্তীর্ণম্, পরিণামঃ, প্রণয়ঃ।

২। নিম্নলিখিত শব্দ গুলিতে ণ কেন হইলনা বল :—

বারিনিধিঃ, নয়ান্, ত্রিনেত্রঃ, প্রনষ্টঃ, রঘুনাথঃ।

৩। শুদ্ধ করিয়া লেখ :—

মূর্খেন প্রনম্যতে। পানীয়মাণয়। প্রণষ্টঃ হরিনঃ। মহত্তাং প্রভাবেন কৃতম্। বিষপারিণা মরনম্ আশ্রিতম্।

ষত্ব বিধান

১। অ আ ভিন্ন স্বরবর্ণ ক্ অথবা র্ এর পববর্তী স্ ষ্ হয়। ই ণ্ কোঃ। যথা—মুণিষু, নদীষু, নরেষু, বধূষু, বণিক্ষু, দিক্ষু।

২। ষত্বের নিমিত্ত পূর্বে থাকিলে অনুস্বার ও বিসর্গের ব্যবধানেও স্ ষ্ হয়। হবীংষি, ধনূংষি, আশীঃষু।

৩। অকাব আকার ভিন্ন স্বরান্ত উপসর্গের পরস্থিত ষোপদেশ ধাতুর স্ ষ্ হয়। বিষাদঃ, নিষেকঃ, অধিষ্ঠানম্, পরিষজ্জতে, বিষীদতি, অভিষ্টৌতি। কিন্তু প্রতি উপসর্গের পরস্থিত সদ্ ধাতুর স্ ষ্ হয় না—প্রতিসীদতি। (সদ্, সহ্, সিধ্, সেন্, স্তু, স্থা, প্রভৃতি ধাতু ষোপদেশ)।

৪। পবি, নি, বি পূর্বক সেব্, সহ্ প্রভৃতি ধাতুর স্ ষ্ হয়—নিষেবতে, পরিষহতে, বিষহতে, বিষাদঃ, বিষণ্ণঃ।

৫। সাৎ প্রত্যয়েব স্ ষ্ হয় না—অগ্নিসাৎ, ভূমিসাৎ

কতকগুলি শব্দে সর্বদাই ষ্ হয়।

পাষাণঃ, ভাষা, আষাঢ়ঃ, ষট্, ষণ্ডঃ, মাষঃ বাষ্পঃ।

অনুশীলনী

১। ষত্ব বিধির সাধারণ নিয়ম কি? উদাহরণেব সাহায্যে বুঝাইয়া দাও।

২। নিম্নলিখিত শব্দগুলিতে ষত্বের কারণ কি?

বিষণ্ণঃ, অভিষেকঃ, মুনিষু, দিক্ষু, হবীংষি।

চতুর্থ অধ্যায়

শব্দরূপ (Declension)

বিভক্তি (Case-ending)

৪

যাহার দ্বারা সংখ্যা ও কারক বুঝা যায় তাহাকে **বিভক্তি** বলে। **সংখ্যা-কারকবোধয়িত্রী বিভক্তিঃ।**

সংস্কৃতে বিভক্তি সাতটি—**প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী,**

ষষ্ঠী ও সপ্তমী। শব্দের সহিত বিভক্তি যুক্ত হইলে উহাকে **পদ** বলে। প্রত্যেক বিভক্তিতে **তিনটি বচন—একবচন, দ্বিবচন ও বহুবচন**।

এক বচনের বিভক্তি যুক্ত হইলে একটি বস্তু বুঝায়। এইরূপ দ্বিবচনের বিভক্তি যুক্ত হইলে দুইটি ও বহু বচনের বিভক্তি যুক্ত হইলে দুই এর অধিক বস্তু বুঝায়।

প্রাতিপদিকের সহিত সু, ঔ, জস্ প্রভৃতি বিভক্তি যুক্ত হয়। এই বিভক্তি-গুলির আদিতে সু এবং অন্তে সুপ্, এর প্ আছে; তাই বিভক্তিগুলিকে **সুপ্ বিভক্তি** বলে। প্রাতিপদিকের সহিত সুপ্ যুক্ত হইলে **পদ বা সুবন্ত পদ** হয়। বিভক্তি যুক্ত করিয়া পদে পরিণত না করিয়া সংস্কৃতে কেবল প্রাতিপদিক ব্যবহার হয় না। প্রত্যেক বিভক্তিতে এক বচন, দ্বিবচন ও বহুবচন এই তিনটি বচন; সুতরাং সাতটি বিভক্তিতে ২১টি পদ আছে।

বিভক্তির আকৃতি

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সু (ঃ)	ঔ	জস্ (অঃ)
	এক জন	দুই জন	বহু জন
দ্বিতীয়া	অম্	ঔ	শস্ (অঃ)
	এক জনকে	দুই জনকে	বহুকে
তৃতীয়া	টা (আ)	ভ্যাম্	ভিস্ (ভিঃ)
	এক জনের দ্বারা	দুই জনের দ্বারা	বহুর দ্বারা
চতুর্থী	ঙে (এ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)
	এক জনকে	দুই জনকে	বহুকে
পঞ্চমী	ঙসি (অঃ)	ভ্যাম্	ভ্যস্ (ভ্যঃ)
	এক জন হইতে	দুই জন হইতে	বহু হইতে
ষষ্ঠী	ঙস্ (অঃ)	ওস্ (ওঃ)	আম্ (নাম্)
	এক জনের	দুই জনের	বহু জনের
সপ্তমী	ঙি (ই)	ওস্ (ওঃ)	সুপ্ (সু)
	এক জনে	দুই জনে	বহুতে

সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। কিন্তু কোনও কোনও শব্দের সম্বোধনের একবচনের রূপে কিছু পার্থক্য আছে, সেইজন্য শব্দ রূপে সম্বোধনের রূপ সর্বত্র দেওয়া হইবে।

স্বরান্ত শব্দ

অ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

নর—মানুষ (Man)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নরঃ	নরৌ	নরাঃ
দ্বিতীয়া	নরম	নরৌ	নরান্
তৃতীয়া	নরেণ	নবাভ্যাম্	নরৈঃ
চতুর্থী	নরায়	নরাভ্যাম্	নরেভ্যঃ
পঞ্চমী	নরাৎ	নরাভ্যাম্	নরেভ্যঃ
ষষ্ঠী	নরস্য	নরয়োঃ	নরাণাম্
সপ্তমী	নরে	নরয়োঃ	নরেষু
সম্বোধন	নর	নরৌ	নরাঃ

সর্বনাম ভিন্ন সমস্ত অকারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ নর শব্দের মত। নর শব্দে লক্ষ্য করিবে, নরান্ (২য়া বহু), নরেণ (৩য়া ১ম), নরাণাম (৬ষ্ঠী বহু) নরেষু (৭মী বহু), এইগুলি ণত্ব ও ষত্ব বিধি অনুসারে হইয়াছে। কয়েকটি অকারান্ত পুংলিঙ্গ শব্দ—দেব, অসুর, যক্ষ, রাক্ষস, গন্ধর্ব, গজ, অশ্ব, সিংহ, ব্যাঘ্র, কুকুর, মার্জার, মূষিক, শৃগাল, কাক, বায়স, বৃষ, অজ, মেষ, পর্বত, সাগর, হস্ত, কর, দেহ, গ্রাম, বিদ্যালয়, মৃগ, গ্রহ, শৈল, অর্থ, রোগ, দোষ, গুণ, কূপ, কলহ, হংস, অনল, অনিল, ধূম, যজ্ঞ, গ্রন্থ, শব্দ, মেঘ, ছাত্র, পুত্র, বর্ণ, মনুষ্য, কণ্ঠ, চরণ, কর্ণ, জনক, মাতুল, পিতৃব্য, বৃক্ষ, দর্পণ, বিহগ, সরোবর, ভৃত্য, মার্গঃ, লোক প্রভৃতি।

প্রাতিপদিকের সহিত বিভক্তি যোগ করিলে উহার রূপের যেরূপ পরিবর্তন হয়, অর্থেরও সেইরূপ পরিবর্তন হয়। বাংলা হইতে সংস্কৃত এবং সংস্কৃত হইতে বাংলা করিতে হইলে ইহা জানা বিশেষ প্রয়োজন। এই জন্য বিভক্তি যোগে অর্থের কিরূপ পরিবর্তন হয় তাহা নিম্নে দেখান হইল।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নরঃ	নরৌ	নরাঃ
	একজন লোক	দুইজন লোক	বহু লোক
দ্বিতীয়া	নরম্	নরৌ	নরান্
	একজন লোককে	দুইজন লোককে	বহু লোককে
তৃতীয়া	নরেণ	নরাভ্যাম্	নরৈঃ
	একজন লোকেব দ্বাবা	দুইজন লোকের দ্বাবা	বহু লোকের দ্বারা
চতুর্থী	নরায়	নরাভ্যাম্	নরেভ্যঃ
	একজন লোককে	দুইজন লোককে	বহু লোককে
পঞ্চমী	নরাৎ	নরাভ্যাম্	নরেভ্যঃ
	একজন লোক হইতে	দুইজন লোক হইতে	বহু লোক হইতে
ষষ্ঠী	নরস্য	নরয়োঃ	নরাণাম্
	একজন লোকের	দুইজন লোকের	বহু লোকের
সপ্তমী	নরে	নরয়োঃ	নরেষু
	একজন লোকে	দুইজন লোকে	বহু লোকে, লোক দিগেতে

অনুবাদ প্রণালী

১। ইংরেজী বা বাংলা হইতে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে প্রথমে ইংরেজী বা বাংলা বাক্যটিকে বিশুদ্ধ বাংলায় পরিণত করিতে হইবে, যথা A hand of the tiger বাংলায় হইবে বাঘের হাত। ইহার বিশুদ্ধ বাংলা— ব্যাঘ্রের হস্ত।

২। তারপরে ঠিক করিতে হইবে ঐ বিশুদ্ধ বাংলা শব্দটি কোন লিঙ্গ এবং উহার রূপ কোন শব্দের মত হইবে। এখানে বিশুদ্ধ বাংলা শব্দ —ব্যাঘ্র পুংলিঙ্গ এবং অকারান্ত। সুতরাং উহার রূপ হইবে অকারান্ত, পুংলিঙ্গ নর শব্দের মত।

৩। যদি শব্দটি অকারান্ত পুংলিঙ্গ না হয় তাহা হইবে উহার বদলে অকারান্ত পুংলিঙ্গ শব্দ পাওয়া যায় কি না তাহা দেখিতে হইবে। কারণ শব্দটি পুংলিঙ্গ অকারান্ত হইলে নর শব্দের মত রূপ হইবে এবং ভুলের সম্ভাবনা কম হইবে। King এর বাংলা রাজা কিন্তু উহার মূল শব্দ, রাজন্ উহার বিভিন্ন বিভক্তির রূপ অপেক্ষাকৃত কঠিন। তাই উহার সমার্থক নৃপ শব্দ ব্যবহার করিলে পুংলিঙ্গ অকারান্ত নর শব্দের মত রূপ হইবে এবং ভুলের সম্ভাবনা অপেক্ষাকৃত কম হইবে। এইরূপ পাখী Bird বিশুদ্ধ বাংলা পক্ষী না করিয়া বিহঙ্গ বা বিহগ করিলে অনুবাদ করা সহজ হয়।

৪। তারপরে চিন্তনীয় 'বাঘের' এইস্থানে কোন বিভক্তি হইবে এবং কোন বচন হইবে।

এস্থলে বাংলায় কোন বিভক্তিতে কি প্রকার রূপ হয়, তাহা মনে রাখিতে হইবে, যথা :—

(বিভক্তি—অ **রাম** যায় প্রথমা একবচন, 'রা' বা গণ, গুলি **বালকেরা, গাছগুলি** প্রথমা বহুবচন।

(কে, রে, অ) **রামকে** বল দ্বিতীয়া একবচন, দিগকে, দিগেরে **বালক-দিগকে** বল দ্বিতীয়া বহুবচন।

দ্বারা, দিয়া কর্তৃক **রামের দ্বারা** তৃতীয়া একবচন দিগের দ্বারা, দিগ কর্তৃক গণের দ্বারা **বালকগণের দ্বারা** তৃতীয়া বহুবচন।

কে, রে, অ,—**বালককে দাও** চতুর্থী একবচন, দিগকে, দিগেরে **বালক-দিগকে দাও** ৪র্থী বহুবচন।

হইতে, থেকে, চেয়ে—**গ্রাম** হইতে পঞ্চমী একবচন, দিগ হইতে, দিগের থেকে দেবগণ হইতে ৫মী বহুবচন।

র, এর—**রামের** বই ষষ্ঠী একবচন, দিগের, দের বালকদের বই ষষ্ঠী বহুবচন।

তে, এ, অয়—**গ্রামে** থাকে ৭মী একবচন, দিগেতে, দিগে, পর্বত গুলিতে ৭মী বহুবচন।

"ব্যাঘ্রের হস্ত" এই স্থানে "ব্যাঘ্রের" অন্তে এর আছে সুতরাং ষষ্ঠীর একবচন হইবে। পূর্বেই বলা হইয়াছে ব্যাঘ্র শব্দের রূপ পুংলিঙ্গ অকারান্ত নর শব্দের

ন্যায়। নর শব্দের ষষ্ঠীর এক বচনে নরস্য, সুতরাং ব্যাঘ্র শব্দের ষষ্ঠীর একবচনে ব্যাঘ্রস্য।

৫। তারপরে হাতের বিশুদ্ধ বাংলা হস্ত, উহার রূপ কিরূপ হইবে তাহা চিন্তা করিবে। উহাও অকারান্ত এবং পুংলিঙ্গ। সুতরাং উহার রূপ অকারান্ত পুংলিঙ্গ নর শব্দের মত হইবে। হস্ত বাংলা 'অ' বিভক্তিযুক্ত, কাজেই উহাতে প্রথমার এক বচন আছে। সংস্কৃতে অকারান্ত পুলিংঙ্গ নর শব্দের একবচন নরঃ। হস্ত শব্দের প্রথমার একবচনে হস্তঃ, বাঘেব হাত = ব্যাঘ্রের হস্ত = ব্যাঘ্রস্য হস্তঃ।

৬। বিশেষণ থাকিলে উহা কোন বিশেষ্যের বিশেষণ তাহা ঠিক করিতে হইবে। বিশেষ্যের যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন, বিশেষণেরও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হইবে। ভয়ঙ্কর বাঘের হাত এরূপ বাক্যের সংস্কৃত করিতে হইবে ভয়ঙ্কর শব্দটি 'ব্যাঘ্রের' বিশেষণ, বিশেষ্য 'ব্যাঘ্র' পুংলিঙ্গ ও উহাতে ষষ্ঠীর একবচন আছে। সুতরাং ভয়ঙ্কর শব্দেও পুংলিঙ্গ ষষ্ঠীর একবচন হইবে। ভয়ঙ্কর শব্দ অকারান্ত পুংলিঙ্গ, উহার ষষ্ঠী বিভক্তির একবচনে ভয়ঙ্করস্য হইবে। ভয়ঙ্কর ব্যাঘ্রের হস্ত = ভয়ঙ্করস্য ব্যাঘ্রস্য হস্তঃ।

৭। ভয়ঙ্কর ব্যাঘ্রের দৃঢ় হস্ত—এখানে হস্ত শব্দ পুংলিঙ্গ প্রথমার একবচন, সুতরাং উহার বিশেষণ 'দৃঢ়' শব্দেরও পুংলিঙ্গ প্রথমার একবচন হইবে। দৃঢ় শব্দটি অকারান্ত পুংলিঙ্গ। উহার রূপ নর শব্দের মত হইবে। প্রথমার একবচনে যেরূপ নরঃ হয় সেইরূপ দৃঢ় শব্দেব প্রথমার একবচনে দৃঢ়ঃ হইবে।

অনুবাদ

ভয়ঙ্কর ব্যাঘ্রের দৃঢ় হস্ত = ভয়ঙ্করস্য ব্যাঘ্রস্য দৃঢ়ঃ হস্তঃ।

ভয়ঙ্কর ব্যাঘ্রটিকে = ভয়ঙ্করম্ ব্যাঘ্রম্ (ভয়ঙ্কর ও ব্যাঘ্র ২য়া একবচন)।

দুই জন সুন্দর মানুষের দ্বারা = সুন্দরাভ্যাং নরাভ্যাম্ (সুন্দর ও নর ৩য়া বহুবচন)।

দরিদ্রকে প্রদত্ত অর্থ = দরিদ্রায় প্রদত্তঃ অর্থঃ (দরিদ্র ৪র্থী একবচন ও অর্থ ১মা একবচন)।

অধর্ম হইতে জাত = অধর্মাৎ জাতঃ = (অধর্ম ৫মী একবচন ও জাত ১মা একবচন)।

দরিদ্র লোকদিগকে রক্ষা কর = দরিদ্রান্ নরান্ রক্ষ (দরিদ্র, নর, ২য়া বহুবচন)।

দুইটি শব্দের অর্থ = শব্দয়োঃ অর্থঃ (শব্দ ষষ্ঠী দ্বিবচন, অর্থ ১মা একবচন)।

কৃষকগণ গ্রামসমূহে বাস করে = কর্ষকাঃ গ্রামেষু বসন্তি।

উচ্চ বিদ্যালয় হইতে আগত ছাত্রগণ — উচ্চাৎ বিদ্যালয়াৎ আগতাঃ ছাত্রাঃ।

সাগরের ঢেউ দ্বারা কম্পিত — সাগরস্য তরঙ্গেণ কম্পিতঃ।

সরোবরসমূহে শুভ্র হংসগুলি — সরোবরেষু শুভ্রাঃ হংসাঃ।

শান্ত আশ্রমের রমণীয় মৃগগণ — শান্তস্য আশ্রমস্য রমণীয়াঃ মৃগাঃ।

পাঠের জন্য শ্রম — পাঠায় শ্রমঃ।

ক্রূর ব্যাধের তীক্ষ্ণ বাণের দ্বারা নিহত পক্ষী — ক্রূরস্য ব্যাধস্য তীক্ষ্ণেন বাণেন নিহতঃ বিহঙ্গঃ।

বিদেশ হইতে আনীত বৃক্ষগুলিতে — বিদেশাৎ আনীতেষু বৃক্ষেষু।

বৃক্ষসমূহে বিহঙ্গগণের মনোরম শব্দ — বৃক্ষেষু বিহঙ্গানাং রম্যঃ শব্দঃ।

জনকের স্নেহ দ্বারা পালিত পুত্রগণ — জনকস্য স্নেহেন পালিতাঃ পুত্রাঃ।

রাজার বিজ্ঞ মন্ত্রিগণ কর্তৃক — নৃপস্য বিজ্ঞৈঃ সচিবৈঃ।

চন্দ্রের শুভ্র কিরণের দ্বারা — চন্দ্রস্য শুভ্রেণ কিরণেন।

সিংহের কেশরগুলি নরম = সিংহস্য কেশরাঃ কোমলাঃ।

সুশীল বালক উজ্জ্বল চন্দ্র দেখে = সুশীলঃ বালকঃ উজ্জ্বলং চন্দ্রং পশ্যতি।

অনুশীলনী

১। (ক) সংস্কৃতে অনুবাদ কর :—

ধার্মিক রাজাগণ। দরিদ্র ছাত্রের। বন্য ব্যাঘ্রসমূহ হইতে। নীল মেঘসমূহদ্বারা। চতুর শৃগালগণকে। উজ্জ্বল সূর্যের তীক্ষ্ণ কিরণসমূহ। মূর্খ ছাত্রদের। নূতন ছাত্রদিগেতে। চতুর বানরগুলির দ্বারা। শান্ত আশ্রমসমূহে। মূর্খ ভৃত্য হইতে। কৃষ্ণবর্ণ মেঘগুলি হইতে। গভীর কূপসমূহের।

(খ) সুশীল বালক চাঁদ দেখে। বালকগণ বিদ্যালয় হইতে আসিল। বাঘগুলি পর্বতে বাস করে। অন্ধ দরিদ্রগণকে অর্থ দাও। তৃষ্ণার্ত হরিণগুলি সরোবরের নিকটে যাইতেছে। ধার্মিক লোকদের উপদেশসমূহ হিতকর। বৃদ্ধ লোকটি রোগরদ্বারা আক্রান্ত। মন্দ বায়ু দেহ শীতল করে।

২। নর শব্দের দ্বিতীয়ার বহু বচনে, তৃতীয়ার একবচনে, ষষ্ঠী ও সপ্তমীর বহুবচনে কি রূপ হইবে?

৩। নরান ও নরেণ শব্দে ন ও ণ কেন হইল?

৪। শুদ্ধ কর :—

সুন্দরঃ নরম। মত্তঃ গজস্য দক্ষঃ। দুর্বলঃ অশ্বাৎ। বীরস্য নরাণাং দহাঃ। নৃপস্য দুর্বলঃ হস্তৌ। সুশীলায় ছাত্রেভ্যঃ। সুন্দরৌ নরয়োঃ। মূর্খে নরেষু। দুর্বলঃ হস্তৌ মূর্খস্য নরণাম। কম্পিতাভ্যাং হস্তেন। পরাধীনং দেশস্য শাস্ত্রঃ ছাত্রাঃ। দরিদ্রং নরেভ্যঃ যচ্ছতি। কম্পিতেন হস্তাভ্যাং দদাতি। বঙ্গস্য গজানাং বিশালঃ দেহাঃ।

ই-কারান্ত পুংলিঙ্গ শব্দ—মুনি—ঋষি (Sage)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মুনিঃ	মুনী	মুনয়ঃ
দ্বিতীয়া	মুনিম	মুনী	মুনীন্
তৃতীয়া	মুনিনা	মুনিভ্যাম	মুনিভিঃ
চতুর্থী	মুনয়ে	মুনিভ্যাম	মুনিভ্যঃ
পঞ্চমী	মুনেঃ	মুনিভ্যাম	মুনিভ্যঃ
ষষ্ঠী	মুনেঃ	মুন্যোঃ	মুনীনাম
সপ্তমী	মুনৌ	মুন্যোঃ	মুনিষু
সম্বোধন	মুনে	মুনী	মুনয়ঃ

পতি ও সখি ভিন্ন যাবতীয় পুংলিঙ্গ ই-কারান্ত শব্দের রূপ মুনি শব্দের ন্যায়। ই-কারান্ত পুংলিঙ্গ শব্দের লক্ষণীয় রূপ ১মা ও দ্বিতীয়ার দ্বিবচনে—মুনী। দ্বিতীয়ার বহুবচনে মুনীন্। ষষ্ঠী বহুবচনে মুনীনাম। সপ্তমী বহুবচনে মুনিষু।

কয়েকটি ই-কারান্ত পুংলিঙ্গ শব্দ—বিধি, নিধি, ব্যাধি, বারিধি, পয়োধি, কবি, কপি, গিরি, ঋষি, অরি, পাণি, ধ্বনি, যতি, বহ্নি, অগ্নি, অতিথি, অসি, ব্রীহি, হরি, রবি, রশ্মি, সারথি, মণি।

পতি শব্দের রূপ মুনি শব্দের স্থায় হইবে না। কিন্তু সমাসবদ্ধ শব্দের শেষ পদ পতি হইলে উহার রূপ মুনি শব্দের তুল্য। যথা—নৃপতি, নরপতি, ভূপতি, অধিপতি।

বিভিন্ন বিভক্তিতে মুনি শব্দের অর্থ—

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মুনিঃ	মুনী	মুনয়ঃ
	একজন মুনি	দুইজন মুনি	মুনিগণ, মুনিরা
দ্বিতীয়া	মুনিম্	মুনী	মুনীন্
	মুনিকে	মুনি দুইজনকে	মুনিদিগকে
তৃতীয়া	মুনিনা	মুনিভ্যাম	মুনিভিঃ
	মুনি দ্বারা	মুনি দুজনের দ্বারা	মুনিগণ কর্তৃক
চতুর্থী	মুনয়ে	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
	মুনিকে	মুনি দুজনকে	মুনিদিগকে
পঞ্চমী	মুনেঃ	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
	মুনি হইতে	মুনি দুজন হইতে	মুনিগণ হইতে
ষষ্ঠী	মুনেঃ	মুন্যোঃ	মুনীনাম্
	মুনির	মুনি দুইজনের	মুনিদের
সপ্তমী	মুনৌ	মুন্যোঃ	মুনিষু
	মুনিতে	মুনি দুইজনে	মুনিদিগেতে
সম্বোধন	মুনে	মুনী	মুনয়ঃ
	হে মুনি	হে মুনিদ্বয়	হে মুনিগণ

অনুবাদ

মুনির আদেশ—মুনেঃ আদেশঃ। কপিগণের শব্দ—কপীনাং শব্দঃ। ঋষি হইতে আগত—ঋষেঃ আগতঃ। অসিগুলির দ্বারা নিহত—অসিভিঃ নিহতঃ।

মুনিগণকে অর্ঘ দাও—মুনিভ্যঃ অর্ঘং যচ্ছ। গিরিসমূহের অধিপতি—গিরীণাম্ অধিপতিঃ। মুনিদ্বয়ের অনুগ্রহ—মুন্যোঃ অনুগ্রহঃ। শত্রুদের তরবারিগুলি পতিত—অরীণাম্ অসয়ঃ পতিতাঃ। বৃদ্ধ ঋষির শিষ্যগণ তরুণ—বৃদ্ধস্য ঋষেঃ শিষ্যাঃ তরুণাঃ। ধনপতির অরিগণ—ধনপতেঃ অরয়ঃ। প্রখর বহ্নির তাপ প্রশমিত—প্রখরস্য বহ্নেঃ তাপঃ শান্তঃ। ঋষিগণ নৃপতিগণের প্রতি সদয়—ঋষয়ঃ নৃপতীন্ প্রতি সদয়াঃ।

পতি—স্বামী, প্রভু (Husband, Lord)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পতিঃ	পতী	পতয়ঃ
দ্বিতীয়া	পতিম্	পতী	পতীন্
তৃতীয়া	পত্যা	পতিভ্যাম্	পতিভিঃ
চতুর্থী	পত্যে	পতিভ্যাম্	পতিভ্যঃ
পঞ্চমী	পত্যুঃ	পতিভ্যাম্	পতিভ্যঃ
ষষ্ঠী	পত্যুঃ	পত্যোঃ	পতীনাম্
সপ্তমী	পত্যৌ	পত্যোঃ	পতিষু
সম্বোধন	পতে	পতী	পতয়ঃ

পতিশব্দের লক্ষণীয় রূপ—৩য়া ১ব—পত্যা, ৪র্থী ১ব—পত্যে, পঞ্চমী ১ব—পত্যুঃ, ষষ্ঠী ১ব—পত্যুঃ, সপ্তমী একবচন—পত্যৌ। লক্ষ্য করিলে দেখিবে, মুনি শব্দ হইতে পতি শব্দের রূপে পার্থক্য—৩য়া, ৪র্থী, ৫মী, ৬ষ্ঠী ও ৭মীর একবচনে।

অবশ্য মনে রাখিবে পতি শব্দ সমাসবদ্ধ শব্দের শেষ পদ হইলে উহার রূপ মুনি শব্দের মত হইবে।

	তৃতীয়া একবচন	চতুর্থী একবচন
পতি—	পত্যা	পত্যে
মুনি—	মুনিনা	মুনয়ে
নৃপতি—	নৃপতিনা	নৃপতয়ে

৫মী একবচন	৬ষ্ঠী একবচন	৭মী একবচন
পতি—পত্যুঃ	পত্যুঃ	পত্যৌ
মুনি—মুনেঃ	মুনেঃ	মুনৌ
নৃপতি—নৃপতেঃ	নৃপতেঃ	নৃপতৌ

সখি —বন্ধু, সখা (Male friend)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সখা	সখায়ৌ	সখায়ঃ
দ্বিতীয়া	সখায়ম্	সখায়ৌ	সখীন্
তৃতীয়া	সখ্যা	সখিভ্যাম্	সখিভিঃ
চতুর্থী	সখ্যে	সখিভ্যাম্	সখিভ্যঃ
পঞ্চমী	সখ্যুঃ	সখিভ্যাম্	সখিভ্যঃ
ষষ্ঠী	সখ্যুঃ	সখ্যোঃ	সখীনাম
সপ্তমী	সখ্যৌ	সখ্যোঃ	সখিষু
সম্বোধন	সখে	সখায়ৌ	সখায়ঃ

সখি শব্দের রূপে লক্ষণীয়—১মা একবচনে—সখা, দ্বিবচনে—সখায়ৌ, বহু-বচনে—সখায়ঃ, দ্বিতীয়া একবচনে সখায়ম্, দ্বিবচনে সখায়ৌ। অন্যত্র পতি শব্দের মত। তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমীর দ্বিবচন ও বহুবচনে পতি, সখি ও মুনি শব্দের রূপ একই প্রকার।

মুনি, সখি ও পতি শব্দের পার্থক্য মনে রাখিবার জন্য পাশাপাশি তিনটি শব্দের রূপ—

	একবচন	দ্বিবচন	বহুবচন
১মা	মুনিঃ, পতিঃ, সখা	মুনী, পতী, সখায়ৌ	মুনয়ঃ, পতয়ঃ, সখায়ঃ
২য়া	মুনিম্, পতিম্, সখায়ম্	,, ,, ,,	মুনীন্, পতীন্, সখীন্
৩য়া	মুনিনা, পত্যা, সখ্যা	মুনিভ্যাম্, পতিভ্যাম্, সখিভ্যাম্	মুনিভিঃ, পতিভিঃ, সখিভিঃ
৪র্থী	মুনয়ে, পত্যে, সখ্যে	,, ,, ,,	মুনিভ্যঃ, পতিভ্যঃ, সখিভ্যঃ
৫মী	মুনেঃ, পত্যুঃ, সখ্যুঃ	,, ,, ,,	,, ,, ,,
৬ষ্ঠী	,, ,, ,,	মুন্যোঃ, পত্যোঃ, সখ্যোঃ	মুনীনাম্, পতীনাম্, সখীনাম্
৭মী	মুনৌ, পত্যৌ, সখ্যৌ	,, ,, ,,	মুনিষু, পতিষু, সখিষু
সম্বোধন	মুনে, পতে, সখে	মুনী, পতী, সখী	মুনয়ঃ, পতয়ঃ, সখায়ঃ

মুনি ও পতি শব্দের রূপের তুলনা করিলে দেখা যায়—৩য়া, ৪র্থী, ৫মী, ৬ষ্ঠী ও

৭মীর একবচনে ক্রমান্বয়ে (৩য়া) মুনিনা, পত্যা ; (৪র্থী) মুনয়ে, পত্যে ; (৫মী) মুনেঃ, পত্যুঃ , (৬ষ্ঠী) মুনেঃ, পত্যুঃ , (৭মী) মুনৌ, পত্যৌ ; পার্থক্য আছে। বাকী সর্বত্র মুনি ও পতি শব্দের রূপ এক প্রকার।

মুনি ও সখি শব্দের রূপের তুলনা করিলে দেখা যায় প্রথমার একবচন (মুনিঃ, সখা), দ্বিবচন (মুনী, সখায়ৌ), বহুবচন (মুনয়ঃ, সখায়ঃ), দ্বিতীয়ার একবচন (মুনিম্, সখায়ম্), তৃতীয়ার একবচন (মুনিনা, সখ্যা), চতুর্থীর একবচন (মুনয়ে, সখ্যে), পঞ্চমীর একবচন (মুনেঃ, সখ্যুঃ), ষষ্ঠীর একবচন (মুনেঃ, সখ্যুঃ), সপ্তমীর একবচন (মুনৌ, সখ্যৌ) এই কয়েকটি স্থানে রূপের ভেদ আছে।

পতি ও সখি শব্দের রূপের তুলনা করিলে দেখা যায়—প্রথমার একবচন (পতিঃ, সখা), দ্বিবচন (পতী, সখায়ৌ), বহুবচন (পতয়ঃ, সখায়ঃ), দ্বিতীয়ার একবচন (পতিম, সখায়ম), দ্বিবচন (পতী, সখায়ৌ)—এই কয়েকটি স্থানে রূপের পার্থক্য।

অনুবাদ

মাননীয় অতিথিগণ—মান্যাঃ অতিথয়ঃ। ধন্য নৃপতিগণ—ধন্যাঃ নৃপতয়ঃ। বন্ধু বিনা কে রক্ষা করে—সখায়ং বিনা কঃ রক্ষতি। পৃথিবীর পতিগণকে নমস্কার—পৃথিব্যাঃ পতিভ্যঃ নমঃ। নৃপতি হইতে লব্ধ—নৃপতেঃ লব্ধঃ। বন্ধুর নিকট হইতে আগত—সখ্যুঃ আগতঃ। রাম ও শ্যাম দুই বন্ধু—রামঃ শ্যামশ্চ সখায়ৌ। ইহা মুনি, পতি ও সখার জন্য—মুনয়ে, পত্যে, সখ্যে চ ইদম্। পতির ও সখার স্নেহ গভীর—পত্যুঃ সখ্যুঃ চ স্নেহঃ গভীরঃ। সে প্রভুর সহিত আগত—স পত্যা আগতঃ। মুনির সহিত যাও—মুনিনা সহ গচ্ছ। পতির সহিত আগত বন্ধু—পত্যা সহ আগতঃ সখা।

অনুশীলনী

১। মুনি, সখি, পতি বা কবি শব্দের প্রয়োগ করিয়া শূন্যস্থান পূরণ কর :-
বিনা—ন জীবামি।—নমঃ। —সহ গচ্ছতি বালকঃ।
প্রিয়ং—বদতি।—সকাশাৎ আগতঃ সঃ। সঃ—বিশ্বসিতি।
বাল্মীকিঃ—আসীৎ।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

মুনিদের শিষ্যগণ। নৃপতি অরিও নহে, বন্ধুও নহে। নরপতিগণের পাণি সমূহে। ঋষিগণ মাননীয় মুনিগণকে বলেন। মুনিগণ আশ্রমে বাস করেন। রবির রশ্মিসমূহ পর্বতে বিকীর্ণ। ঋষিগণ বন্ধুগণের সহিত যজ্ঞ করেন। কবি ও মুনি বাল্মীকিকে নমস্কার। মুনি পুত্রকে অসি দান করেন। পর্বতসমূহে (অদ্রি) বানরগণ (কপি) বাস করে। প্রভু ও বন্ধুর দ্বারা আদিষ্ট। দুই ঋষির দুই বন্ধু কবি। কবিগণ ঋষিগণকে দান করেন। মণি হরির সখার নিকট হইতে শুনিয়াছে। শত্রুদের তরবারিগুলি অতি তীক্ষ্ণ। মুনিদ্বয় পৃথিবীপতির সহিত অগ্নির উদ্দেশ্যে দান করে।

৩। শুদ্ধ করিয়া লেখ :—

মান্যান মুনিন বদন্তি কপিনঃ। পতিনঃ সখিনা সহ গচ্ছন্তি। সখিম্ ধিক্। নরাণাং পতয়ে নমঃ। সখিনা মুন্যায় পতয়ে চ দত্তম্। নরপত্যুঃ আদেশঃ। মম দ্বৌ সখী আগতৌ। সখেঃ পুত্রাঃ হরিণঃ সকাশং গচ্ছন্তি। অরিস্য অসিনঃ পতন্তি। মুনেঃ সখেঃ পতেঃ কবেশ্চ স্নেহেন পালিতঃ। বৃদ্ধস্য কবিস্য সখয়ঃ অগ্নিনম্ নমন্তি। সখৌ পতৌ কবৌ চ স্নিহ্যতি নারী। নরপত্যুঃ সখিঃ ধনপতিনং বদতি। মুনয়ঃ কবিনং বাল্মীকিনং বদন্তি। নৃপত্যুঃ সখিম্ সারথিনং বদতি বিপ্রঃ।

ঈ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

সুধী—প্রাজ্ঞ (Wise)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সুধীঃ	সুধিয়ৌ	সুধিয়ঃ
দ্বিতীয়া	সুধিয়ম্	সুধিয়ৌ	সুধিয়ঃ
তৃতীয়া	সুধিয়া	সুধীভ্যাম্	সুধীভিঃ
চতুর্থী	সুধিয়ে	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
পঞ্চমী	সুধিয়ঃ	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
ষষ্ঠী	সুধিয়ঃ	সুধিয়োঃ	সুধিয়াম্
সপ্তমী	সুধিয়ি	সুধিয়োঃ	সুধীষু
সম্বোধন	সুধীঃ	সুধিয়ৌ	সুধিয়ঃ

লক্ষ্য করিলে দেখিবে, যেখানেই 'য' পরে আছে সেইখানেই 'ধি' হইয়াছে সুধিয়ৌ, সুধিয়ঃ ইত্যাদি ; যেখানে য় পরে নাই সেখানে 'ধী' হইয়াছে যথা— সুধীভিঃ, সুধীভ্যঃ, সুধীভ্যাম, সুধীষু ইত্যাদি। ইহা মনে রাখিলে শব্দরূপ লিখিতে ভুল হইবে না।

সুধী শব্দের লক্ষণীয় রূপ—প্রথমার একবচনে বিসর্গ আছে সুধীঃ, সম্বোধনের একবচনেও সুধীঃ হইবে। ষষ্ঠীর বহুবচনে সুধিযাম্ (সুধীনাম্ নহে)। সপ্তমীর একবচনে সুধিযি।

গ্রামণী, সেনানী, অগ্রণী প্রভৃতি শব্দ ভিন্ন ঈকারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ সুধী শব্দের মত।

মন্দধী, তুর্ধী, কুধী, হতশ্রী, শুদ্ধধী প্রভৃতি শব্দের রূপ সুধী শব্দের ন্যায়।

ঈ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

সেনানী—সেনাপতি (Commander of an Army)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সেনানীঃ	সেনান্যৌ	সেনান্যঃ
দ্বিতীয়া	সেনান্যম্	সেনান্যৌ	সেনান্যঃ
তৃতীয়া	সেনান্যা	সেনানীভ্যাম্	সেনানীভিঃ
চতুর্থী	সেনান্যে	সেনানীভ্যাম্	সেনানীভ্যঃ
পঞ্চমী	সেনান্যঃ	সেনানীভ্যাম্	সেনানীভ্যঃ
ষষ্ঠী	সেনান্যঃ	সেনান্যোঃ	সেনান্যাম্
সপ্তমী	সেনান্যাম্	সেনান্যোঃ	সেনানীষু
সম্বোধন	সেনানীঃ	সেনান্যৌ	সেনান্যঃ

লক্ষণীয় রূপ—২য়া একবচনে—সেনান্যম্, ২য়া বহুবচনে—সেনান্যঃ, ৬ষ্ঠী বহুবচনে—সেনান্যাম্, ৭মী একবচনে—সেনান্যাম্।

অগ্রণী ও গ্রামণী শব্দের রূপ সেনানী শব্দের ন্যায়, প্রধী শব্দের রূপ সেনানী শব্দের ন্যায় ; কেবল সপ্তমীর একবচনে প্রধ্যি হয়। বাতপ্রমী (শীঘ্রগামী

মৃগ বিশেষ) শব্দের রূপ সেনানী শব্দের ন্যায় ; কেবল ২য়া একবচনে—বাতপ্রমীম্, ২য়া বহুবচনে—বাতপ্রমীন্ এবং ৭মী একবচনে—বাতপ্রমী হয়। ক্বিপ্ প্রত্যয় নিষ্পন্ন বাতপ্রমী শব্দের রূপ সেনানী শব্দের ন্যায়, সপ্তমীর একবচনে— বাতপ্রম্যি হয়।

অনুবাদ

দুইজন বিজ্ঞলোক—সুধিয়ৌ। প্রাজ্ঞ লোকদিগকে—সুধিয়ঃ। প্রাজ্ঞ লোকদের—সুধিয়াম্। প্রাজ্ঞ লোকে — সুধিয়ি।

সুধী লোকদিগের উপদেশ হিতকর—সুধিয়াং নরাণাম্ উপদেশঃ হিতকরঃ।

সুধী সাধুগণের নিকট হইতে শ্রুত—সুধীভ্যঃ সাধুভ্যঃ শ্রুতঃ।

রবি সুধীদের মধ্যে শ্রেষ্ঠ—রবিঃ সুধীষু (সুধিয়াম্) শ্রেষ্ঠঃ।

জ্ঞানী লোকের উপদেশ পালনীয়—সুধিয়াম্ উপদেশঃ পালনীয়ঃ।

মন্দধী বালকগণ জানে না—মন্দধিয়ঃ বালকাঃ ন জানন্তি।

সুধী দ্বারা উপদিষ্ট—সুধিয়া উপদিষ্টঃ।

হতধী বালক ভুলিয়া যায়—হতধী বালকঃ বিস্মরতি।

বিজ্ঞগণের সঙ্গ হিতকর—সুধিয়াম্ সঙ্গঃ হিতকরঃ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

জ্ঞানী লোকটি বলেন। বিদ্বান্‌গণ সমাগত। হে প্রাজ্ঞ! আদেশ করুন। জ্ঞানীদের উপদেশ হিতকর। সুধী কর্তৃক উপদিষ্ট। ইহা সুধীগণের চিন্তনীয়। রাম সুধীগণের মধ্যে শ্রেষ্ঠ। বিজ্ঞজনকে নমস্কার। বিজ্ঞজন ছাড়া কে রক্ষা করিবে? মন্দধী জনকে ধিক্। রাম ও শ্যাম সুধী। বিজ্ঞ পুরোহিতের জন্য। সুধীগণের নিকট হইতে আগত। সুধীদের হিতকর উপদেশ। মন্দধী বালকের জনক বৃদ্ধ।

২। সুধী শব্দের প্রয়োগ করিয়া শূন্যস্থান পূরণ কর :—

—উপদেশঃ। —সহ আগতঃ। —অর্থং দেহি। —শ্রেষ্ঠঃ কালিদাসঃ, —কঃ ন বিশ্বসিতি ?—ইদং শ্রুতম। —বিনা কঃ রক্ষতি ?

৩। শুদ্ধ কর :—

সুধিয়ায় বস্ত্রং দদাতি। সুধীনা সহ গচ্ছতি মন্দধী। কুধীং ধিক্। সুধীয়াৎ অর্থং ন গৃহ্লাতি। সেনানীং বদ। সুধীয়ং বিশ্বসিতি। সুধীয়ৌ গচ্ছতঃ। সুধীনাম্ উপদেশঃ। গ্রামণী এবম্ বদতি।

উ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

সাধু—মুনি, সাধু, সজ্জন (A Pious man, A Sage)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সাধুঃ	সাধূ	সাধবঃ
দ্বিতীয়া	সাধুম্	সাধূ	সাধূন্
তৃতীয়া	সাধুনা	সাধুভ্যাম্	সাধুভিঃ
চতুর্থী	সাধবে	সাধুভ্যাম্	সাধুভ্যঃ
পঞ্চমী	সাধোঃ	সাধুভ্যাম	সাধুভ্যঃ
ষষ্ঠী	সাধোঃ	সাধ্বোঃ	সাধূনাম্
সপ্তমী	সাধৌ	সাধ্বোঃ	সাধুষু
সম্বোধন	সাধো	সাধূ	সাধবঃ

লক্ষণীয় রূপ ১মা ও ২য়া দ্বিবচনে—সাধূ, ২য়া বহুবচনে—সাধূন্, ৬ষ্ঠী বহুবচনে—সাধূনাম্। উকারান্ত পুংলিঙ্গ যাবতীয় শব্দের রূপ সাধু শব্দের ন্যায়।

শিশু, পশু, গুরু, লঘু, বন্ধু, বিষ্ণু, রিপু, শত্রু, বায়ু, বিভু, প্রভু, ভানু, বাহু, ঋতু, হেতু, তরু, সেতু, মৃত্যু, বেণু, জন্তু, পরশু, বটু, অণু, ক্রতু, অংশু, ইক্ষু, ইষু, ঋজু, দস্যু, ধাতু, রাহু, ভিক্ষু, তন্তু প্রভৃতি শব্দের রূপ সাধু শব্দের ন্যায়।

অনুবাদ

বন্ধুদের কৃপায় আমরা জীবিত—বন্ধূনাং কৃপয়া জীবিতাঃ বয়ম্। হে বন্ধু আমাকে রক্ষা কর—ভোঃ বন্ধো! মাং রক্ষ। দুইজন বন্ধু উপস্থিত—বন্ধূ

উপস্থিতৌ। একজন সাধু হাসিতেছে—সাধুঃ হসতি। সাধুরা এইরূপ বলেন—সাধবঃ এবং বদন্তি। বন্ধুর গ্রাম সমৃদ্ধ—বন্ধোঃ গ্রামঃ সমৃদ্ধঃ। সাধুদের স্বভাব অনুকরণীয়—সাধূনাং স্বভাবঃ অনুকরণীয়ঃ। বিষ্ণুকে নমস্কার—বিষ্ণবে নমঃ। পশুগণ জল পান করে—পশবঃ জলং পিবন্তি। যদু ও মধু সুধী—যদুঃ মধুশ্চ সুধিয়ৌ। সাধুদের পরিত্রাণের জন্য—সাধূনাং পরিত্রাণায়। গুরুজনদের আদেশ অবিচারণীয়—গুরূণামাজ্ঞা অবিচারণীয়া। দৃঢ় বাহু দ্বারা ধৃত—দৃঢ়াভ্যাং বাহুভ্যাং ধৃতঃ। তরুগণের ছায়া শীতল—তরূণাং ছায়া শীতলা। সুধী গুরুগণের নিকট হইতে শ্রুত—সুধীভ্যঃ গুরুভ্যঃ শ্রুতম্। দুইজন জ্ঞানী লোক দস্যুদের সহিত যায়—সুধিয়ৌ দস্যুভিঃ সহ গচ্ছতঃ। সৎ লোকের কথা সত্য—সাধূনাং বাক্যম্ সত্যম্।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

সাধুদিগকে। দুইজন সাধুর। সাধুগণের দ্বারা। বন্ধু হইতে। রিপুগণের। বাহু যুগলের। শিশুগণ পড়ে। শীতল বায়ু প্রবাহিত হইতেছে। তৃষ্ণার্ত পশুগণ জলপান করে। পুরোহিত সকল ঋতুতে যাগ করেন। আকাশে ভানুর কিরণ উজ্জ্বল। সকলে দস্যুগণকে ভয় করে। জন্তুগণ তৃষ্ণার্ত। গুরুজনের নিকট হইতে শ্রুত। সাধুকে নমস্কার। বন্ধুগণকে বিশ্বাস করিও। শিশুগণকে পালন কর। বাহু দ্বারা অর্জিত।

২। শুদ্ধ কর :—

গুরুস্য আদেশঃ পালনীয়ঃ। সাধুনাম্ উপদেশঃ। শিষ্যঃ গুরুণঃ সেবতে। শিশুনাং ক্রন্দনম্। সাধুরঃ শিশুন্ পশ্যন্তি। অসাধুং সাধুয়া জয়েৎ। সুধীনাং বন্ধুবঃ গচ্ছন্তি। ঈশ্বরঃ সাধুনাং পূজিতঃ। কঃ সাধুন্ বিভেতি। শম্ভুস্য কৃপা প্রার্থনীয়া। দস্যুনাং দয়া নাস্তি। বিদ্যাহীনঃ পশুনাং তুল্যঃ। তরুবঃ ছায়াং যচ্ছন্তি।

৩। সাধু শব্দের দ্বিতীয়া ও ষষ্ঠী বিভক্তির রূপ লেখ।

উ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

প্রতিভূ—জামিন (Surety)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	প্রতিভূঃ	প্রতিভুবৌ	প্রতিভুবঃ
দ্বিতীয়া	প্রতিভুবম্	প্রতিভুবৌ	প্রতিভুবঃ
তৃতীয়া	প্রতিভুবা	প্রতিভূভ্যাম	প্রতিভূভিঃ
চতুর্থী	প্রতিভুবে	প্রতিভূভ্যাম্	প্রতিভূভ্যঃ
পঞ্চমী	প্রতিভুবঃ	প্রতিভূভ্যাম্	প্রতিভূভ্যঃ
ষষ্ঠী	প্রতিভুবঃ	প্রতিভুবোঃ	প্রতিভুবাম্
সপ্তমী	প্রতিভুবি	প্রতিভুবোঃ	প্রতিভূষু
সম্বোধন	প্রতিভূঃ	প্রতিভুবৌ	প্রতিভুবঃ

স্বভূ, আত্মভূ, অধিভূ প্রভৃতি উ-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ প্রতিভূ শব্দের ন্যায়।

লক্ষ্য করিলে দেখিবে প্রতিভূ শব্দের পরে যেখানেই ব আছে সেখানেই (উ) ভু হইয়াছে। যথা—প্রতিভুবৌ, প্রতিভুবঃ ইত্যাদি। কিন্তু যেখানে পরে ব নাই সেখানে (উ) ভূ হইয়াছে, যথা—প্রতিভূভ্যাম্, প্রতিভূভিঃ, প্রতিভূভ্যঃ, প্রতিভূষু। ইহা মনে রাখিলে শব্দরূপ লেখায় ভুলের সম্ভাবনা কম হইবে।

ঋ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

দাতৃ—দাতা (Giver)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দাতা	দাতারৌ	দাতারঃ
দ্বিতীয়া	দাতারম্	দাতারৌ	দাতৄন্
তৃতীয়া	দাত্রা	দাতৃভ্যাম্	দাতৃভিঃ
চতুর্থী	দাত্রে	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ
পঞ্চমী	দাতুঃ	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ
ষষ্ঠী	দাতুঃ	দাত্রোঃ	দাতৄণাম্
সপ্তমী	দাতরি	দাত্রোঃ	দাতৃষু
সম্বোধন	দাতঃ	দাতারৌ	দাতারঃ

ভ্রাতৃ, পিতৃ প্রভৃতি শব্দ ভিন্ন যাবতীয় ঋ-কারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ দাতৃ শব্দের ন্যায়। ধাতৃ, বিধাতৃ, কর্তৃ, সবিতৃ, হন্তৃ, শ্রোতৃ, নেতৃ, জেতৃ, দ্রষ্টৃ, শ্রোতৃ, প্রভৃতি পুংলিঙ্গ ঋ-কারান্ত শব্দের রূপ 'দাতৃ' শব্দের মত। দাতৃ শব্দের লক্ষণীয় রূপ দ্বিতীয়ার বহুবচনে---দাতৄন্, ষষ্ঠীর বহুবচনে---দাতৄণাম্।

ঋ-কারান্ত পুংলিঙ্গ শব্দ

ভ্রাতৃ—ভাই (Brother)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভ্রাতা	ভ্রাতরৌ	ভ্রাতরঃ
দ্বিতীয়া	ভ্রাতরম	ভ্রাতরৌ	ভ্রাতৄন্
তৃতীয়া	ভ্রাত্রা	ভ্রাতৃভ্যাম	ভ্রাতৃভিঃ
চতুর্থী	ভ্রাত্রে	ভ্রাতৃভ্যাম	ভ্রাতৃভ্যঃ
পঞ্চমী	ভ্রাতুঃ	ভ্রাতৃভ্যাম	ভ্রাতৃভ্যঃ
ষষ্ঠী	ভ্রাতুঃ	ভ্রাত্রোঃ	ভ্রাতৄনাম্
সপ্তমী	ভ্রাতরি	ভ্রাত্রোঃ	ভ্রাতৃষু
সম্বোধন•	ভ্রাতঃ	ভ্রাতরৌ	ভ্রাতরঃ

পিতৃ, জামাতৃ, দেবৃ (দেবর) নৃ (মানুষ) শব্দের রূপ ভ্রাতৃ শব্দের মত। নৃ শব্দের ষষ্ঠীর বহুবচনে নৃণাম্ নৄণাম্ এই দুই পদ হয়। অন্যত্র 'ভ্রাতৃ' শব্দের মত। লক্ষ্য করিলে দেখিবে, ভ্রাতৃ শব্দের প্রথমার দ্বিবচনে ও বহুবচনে এবং দ্বিতীয়ার একবচনে ও দ্বিবচনে রূপের ভেদ আছে, অন্যত্র দাতৃ শব্দের মত। যথা—

প্রথমা ও দ্বিতীয়ার দ্বিবচনে—দাতারৌ, ভ্রাতরৌ ; প্রথমার বহুবচনে—দাতারঃ, ভ্রাতরঃ ; দ্বিতীয়ার একবচনে—দাতারম্, ভ্রাতরম্।

অনুবাদ

দাতৃগণ—দাতারঃ। ভ্রাতৃগণ—ভ্রাতরঃ। দাতাকে—দাতারম্। ভ্রাতাকে। ভ্রাতরম্।

পিতার ধন হইতে বঞ্চিত ভ্রাতৃগণ=পিতুঃ ধনাৎ বঞ্চিতাঃ ভ্রাতরঃ।

দরিদ্রগণ দাতাদের ধন লাভ করে=দরিদ্রাঃ দাতৄণাম্ ধনং লভন্তে।

দাতা কর্ণকে নমস্কার=দাত্রে কর্ণায় নমঃ।

দাতাদিগের উপর বিশ্বাস কর=দাতৃষু বিশ্বাসং কুরু।

আমি নেতাদের নিকট শুনিয়াছি = অহম্ নেতৃভ্যঃ শ্রুতবান্।

হে ভগবান্! দাতাদিগকে রক্ষা কর = ভোঃ ঈশ্বরঃ! দাতৄন্ রক্ষ।

পিতা হইতে পুত্র জন্মে = পিতুঃ পুত্রঃ জায়তে। বিধাতাকে ধিক = ধিক বিধাতারম।

রামচন্দ্র ভাই লক্ষ্মণকে বলিলেন = রামচন্দ্রঃ ভ্রাতরম্ লক্ষ্মণম আহ।

দুর্যোধন ভাইদের মধ্যে বড় = দুর্যোধনঃ ভ্রাতৄণাম (ভ্রাতৃষু) জ্যেষ্ঠঃ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

বিধাতার দয়া। ভর্তার সহিত। নেতৃগণের আদেশ। বিধাতা হইতে ভীত। স্বামীর (ভর্তা) আদেশ পালনীয়। কর্তারা ধন দান করিতেছেন। দাতাদিগের সহিত ভাইরা যাইতেছে। তিনি পিতৃগণের পূজা করেন। ভাই ভাইকে বিশ্বাস করে না।

২। শুদ্ধ করিয়া লেখ :—

ভ্রাতাস্য বাক্যম্। ভ্রাতারঃ দাতান্ নিন্দন্তি। দাতরঃ পিতারম্ সেবন্তে। বিধাতাং পূজয়। ভ্রাতায় ধনং দেহি। পিতাস্য আদেশং পালয়। পিতারৌ জামাতরা সহ গচ্ছতঃ। মনুঃ সবিতাং জাতঃ। পিতায়াং মৃতে জামাতারঃ শোকাকুলাঃ। শ্বশুরঃ জামাতায় কন্যাং দদাতি।

ও-কারান্ত পুংলিঙ্গ শব্দ

গো—গরু (Cow, Bull)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গৌঃ	গাবৌ	গাবঃ
দ্বিতীয়া	গাম	গাবৌ	গাঃ
তৃতীয়া	গবা	গোভ্যাম	গোভিঃ
চতুর্থী	গবে	গোভ্যাম্	গোভ্যঃ
পঞ্চমী	গোঃ	গোভ্যাম	গোভ্যঃ
ষষ্ঠী	গোঃ	গবোঃ	গবাম্
সপ্তমী	গবি	গবোঃ	গোষু
সম্বোধন	গৌঃ	গাবৌ	গাবঃ

'ও' কারান্ত সমস্ত পুংলিঙ্গ শব্দের রূপ গো শব্দের মত। গো শব্দ ষাঁড় অর্থে পুংলিঙ্গ এবং গাভী অর্থে স্ত্রীলিঙ্গ।

লক্ষণীয় রূপ — দ্বিতীয়ার একবচনে – গাম, দ্বিতীয়ার বহুবচনে = গাঃ ও ষষ্ঠীর বহুবচনে = গবাম।

অনুবাদ

গরুটি—গৌঃ। গরুটিকে – গাম। গরুগুলিকে – গাঃ। গরুগুলির – গবাম্।

দুর্যোধন গরুগুলি চুরি করিয়াছিল = দুর্যোধনঃ গাঃ অপাহরৎ।

বশিষ্ঠ গরুগুলির সেবা করেন = বশিষ্ঠঃ গাঃ সেবতে।

গরুতে যদি গোত্ব থাকে = যদি গবি গোত্বম।

গরুগুলি হইতে কে ভয় পায় = গোভ্যঃ কঃ বিভেতি।

গরুর দুগ্ধ বলকর = গোঃ দুগ্ধং বলকরম।

গরুগুলির মধ্যে কালো গরু বেশী দুধ দেয় = গোষু (গবাম বা) কৃষ্ণা বহুক্ষীরা।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

গরুগুলি মাঠে চরে। গরুগুলি আন। আমরা গরুগুলিকে পূজা করি। হিন্দুরা গরুকে জননী বলে। গরুগুলিকে নমস্কার। গরুগুলির সহিত মেষগুলি আন। গরু অতি শান্ত জীব। গরুর দুগ্ধ হইতে দধি হয়। গরুর দুধ বৃদ্ধ ও শিশুদের পক্ষে বিশেষ প্রয়োজনীয়। গরুটি মরিয়া গেলে দুধ পাওয়া যাইবে না।

২। শুদ্ধ করিয়া লেখ :—

গোপালঃ গাবং পালয়তি। গৌ শান্ত পশুঃ। গোনাং সেবা কর্তব্যা। গবেন সহ মেষং পালয়তি। গোবে নমঃ। গোঃ দুগ্ধং ভবতি।

স্বরান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ লতা (Creeper)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	লতা	লতে	লতাঃ
দ্বিতীয়া	লতাম্	লতে	লতাঃ
তৃতীয়া	লতয়া	লতাভ্যাম্	লতাভিঃ
চতুর্থী	লতায়ৈ	লতাভ্যাম্	লতাভ্যঃ
পঞ্চমী	লতায়াঃ	লতাভ্যাম্	লতাভ্যঃ
ষষ্ঠী	লতায়াঃ	লতয়োঃ	লতানাম্
সপ্তমী	লতায়াম্	লতয়োঃ	লতাসু
সম্বোধন	লতে	লতে	লতাঃ

লক্ষণীয় রূপ—২য়া বহু বচনে—লতাঃ ; ৩য়া একবচনে—লতয়া, ৫মী, ও ৬ষ্ঠী একবচনে—লতায়াঃ ; ৭মী একবচনে—লতায়াম্।

বালা, মালা, শোভা, আভা, প্রভা, বিদ্যা, শিলা, রেখা, শিখা, জটা, সেবা, বালিকা, তারকা, নিশা, মায়া, দয়া, দেবতা, শালা, শিক্ষা, সেনা, সভা, বার্তা, বসুধা, লজ্জা, যাত্রা, মর্যাদা, তৃষ্ণা, তারা, ধরা, নিদ্রা, দশা, গুহা, কান্তা করুণা, কৃপা, ক্ষমা, ছায়া, জায়া প্রভৃতি যাবতীয় স্ত্রীলিঙ্গ আকারান্ত শব্দের রূপ লতা শব্দের মত।

অম্বা শব্দের সম্বোধনের একবচনে 'অম্ব' হইবে (অম্বে হইবে না)। অন্যত্র লতা শব্দের মত।

অনুবাদ

বাংলায় বিশেষ্য স্ত্রীলিঙ্গ হইলে উহার বিশেষণে সাধারণতঃ স্ত্রী প্রত্যয় হয় না। কিন্তু সংস্কৃতে বিশেষ্য যে লিঙ্গ হইবে বিশেষণও সেই লিঙ্গ হইবে। সুতরাং সুন্দর 'লতা'-এর সংস্কৃত অনুবাদ—সুন্দরী লতা। একটি সরল রেখা—সরলা রেখা। দুইটি বক্র লতা—বক্রে লতে। রম্যলতার দ্বারা—রম্যয়া লতয়া।

সে লতা হইতে পুষ্প আহরণ করিতেছে = সঃ লতায়াঃ পুষ্পম্ আহরতি।

পতি ভার্যাকে জানাইল = পতিঃ ভার্যায়ৈ নিবেদয়তি স্ম।

লতাসমূহের রূপ মনোহর = লতানাং রূপম্ মনোহরম্।

শুষ্ক লতায় ফুল নাই = শুষ্কায়াং লতায়াং পুষ্পং নাস্তি।

দ্বিতীয়া ও তৃতীয়া শব্দের চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমীর একবচনে দুইটি করিয়া রূপ হয়। একটি লতা শব্দের মত, অপরটি সর্বনাম শব্দের মত।

	৪র্থী একবচন	৫মী একবচন	৬ষ্ঠী একবচন	৭মী একবচন
দ্বিতীয়া শব্দের	দ্বিতীয়ায়ৈ	দ্বিতীয়ায়াঃ	দ্বিতীয়ায়াঃ	দ্বিতীয়ায়াম্
	দ্বিতীয়স্যৈ	দ্বিতীয়স্যাঃ	দ্বিতীয়স্যাঃ	দ্বিতীয়স্যাম্
তৃতীয়া শব্দের	তৃতীয়ায়ৈ	তৃতীয়ায়াঃ	তৃতীয়ায়াঃ	তৃতীয়ায়াম্
	তৃতীয়স্যৈ	তৃতীয়স্যাঃ	তৃতীয়স্যাঃ	তৃতীয়স্যাম্।

অন্যান্য বিভক্তিতে লতা শব্দের মত রূপ হয়।

মনে রাখিবে বর্ষা শব্দ কেবলমাত্র বহুবচনেই ব্যবহৃত হয়, উহার রূপ লতা শব্দের মত।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

লতাগুলি। লতা দুইটির। লতাসমূহের। কোমল লতার দ্বারা। শুষ্ক লতাগুলি হইতে। সিংহ গহ্বরে বাস করে। লতাগুলিতে ভ্রমরগুলি বসিয়াছে। দুর্গার রূপ চিন্তা কর। বানর শাখার অগ্রভাগে আরোহণ করে। লতায় লতায় ফুল ফুটিয়াছে।

২। শুদ্ধ করিয়া লেখ :—

বিদ্যা দুর্লভঃ। ক্ষীণঃ বালিকা। দুর্গাস্য রূপেণ জীবামি। রামঃ সীতেন সহ বনং গচ্ছতি। উজ্জ্বলং শিখাং পশ্যতি। লতাৎ কুসুমানি আহরতি। মূর্খাং ভার্যাং পতয়ঃ ভীতাঃ। শুষ্কেষু শাখাসু উপবিষ্টাঃ বিহঙ্গাঃ। প্রাতঃ শয্যাং উত্তিষ্ঠ। আকাশে উজ্জ্বলান্ তারকান্ পশ্য।

আ-কারান্ত জরা শব্দের রূপ লতা শব্দের মত। কিন্তু ঔ, অস্ প্রভৃতি স্বরাদি বিভক্তি পরে থাকিলে জরা শব্দের স্থানে বিকল্পে জরস্ আদেশ হয়। উহার রূপ বেধস্ শব্দের ন্যায়।

জরা—বার্ধক্য, (Old age)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	জরা	জরসৌ, জরে	জরসঃ, জরাঃ
দ্বিতীয়া	জরসম্, জরাম্	জরসৌ, জরে	জরসঃ, জরাঃ
তৃতীয়া	জরসা, জরয়া	জরাভ্যাম্	জরাভিঃ
চতুর্থী	জরসে, জরায়ৈ	জরাভ্যাম্	জরাভ্যঃ
পঞ্চমী	জরসঃ, জরায়াঃ	জরাভ্যাম্	জরাভ্যঃ
ষষ্ঠী	জরসঃ, জরায়াঃ	জরসোঃ, জরয়োঃ	জরসাম্, জরাণাম
সপ্তমী	জরসি, জরায়াম্	জরসোঃ, জরয়োঃ,	জরাসু
সম্বোধন	জরে	জরসৌ, জরে	জরাঃ

ই—কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

মতি—বুদ্ধি (Intellect)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মতিঃ	মতী	মতয়ঃ
দ্বিতীয়া	মতিম্	মতী	মতীঃ
তৃতীয়া	মত্যা	মতিভ্যাম্	মতিভিঃ
চতুর্থী	মত্যৈ, মতয়ে	মতিভ্যাম্	মতিভ্যঃ
পঞ্চমী	মত্যাঃ, মতেঃ	মতিভ্যাম্	মতিভ্যঃ
ষষ্ঠী	মত্যাঃ, মতেঃ	মত্যোঃ	মতীনাম্
সপ্তমী	মত্যাম্, মতৌ	মত্যোঃ	মতিষু
সম্বোধন	মতে	মতী	মতয়ঃ

মতি শব্দের লক্ষণীয় রূপ—দ্বিতীয়া বহুবচনে—মতীঃ, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমীর একবচনে দুইটি করিয়া রূপ; একটি নদী শব্দের মতো, অপরটি মুনি শব্দের মত। ক্তিন্ প্রত্যয়ান্ত যাবতীয় শব্দের রূপ মতি শব্দের ন্যায়।

বুদ্ধি, শান্তি, স্থিতি, কৃতি, শ্রেণি, ওষধি, ধূলি, ভূমি, অঙ্গুলি, আলি, প্রভৃতি, প্রণতি, রাত্রি, কীর্তি, সমিতি, প্রকৃতি, সরণি, নিয়তি, শ্রুতি, গতি, ছবি, জাতি, তিথি, দ্যুতি, ভক্তি, মুক্তি, মূর্তি, রীতি, নীতি, বেদি, ব্যক্তি, শক্তি প্রভৃতি শব্দের রূপ মতি শব্দের মত।

অনুবাদ

বর্তক ভূমিতে বাস করে—বর্তকঃ ভূমৌ নিবসতি।

তাহার আকৃতি দর্শনযোগ্য—দর্শনীয়া খলু তস্য আকৃতিঃ।

ভক্তি হইতে জ্ঞান জন্মে—ভক্তেঃ জ্ঞানং জায়তে।

যাহার কীর্তি আছে সে বাঁচিয়া থাকে—কীর্তির্যস্য স জীবতি।

শক্তি হইতে ভক্তি বড়—শক্তেঃভক্তিঃ গরীয়সী।

রাত্রির অন্ধকারে যাইও না—রাত্রেঃ অন্ধকারে ন গচ্ছ।

বুদ্ধি যার বল তার—বুদ্ধির্যস্য বলং তস্য।

তিনি জাতিতে ব্রাহ্মণ—সঃ জাত্যা ব্রাহ্মণঃ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

জন্মভূমিকে নমস্কার। প্রকৃতির মধুর শোভা দর্শন কর। তাহার বুদ্ধি তীক্ষ্ণ। সে স্মৃতি হইতে উদ্ধার করে। তাহার ভীতির কারণ কি? তিনি মুক্তির জন্য তপস্যা করেন। তোমার ধর্মে মতি হউক। রাত্রি অতীত হইলে তাহারা চলিয়া গেল।

২। শুদ্ধ করিয়া লেখ :—

তস্য গভীরঃ ভক্তিঃ। ভক্তিনা বিনা দেবতাং ন জানন্তি। কঠিনেষু ভূমিষু বীজানি ন রোহন্তে। নিপুণেন বুদ্ধিনা ভূমে বসন্তি নরাঃ। এষঃ স্থূলস্য বুদ্ধিস্য ন গোচরঃ। গভীরে রাত্রে কে গচ্ছন্তি? ভক্তিনা হরেঃ প্রীতিং লভন্তে মনুষ্যঃ। দৃঢ়ে ভক্তৌ বিদ্যমানে কা ভীতিঃ?

ঈ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

নদী—নদী (River)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নদী	নদ্যৌ	নদ্যঃ
দ্বিতীয়া	নদীম্	নদ্যৌ	নদীঃ
তৃতীয়া	নদ্যা	নদীভ্যাম্	নদীভিঃ
চতুর্থী	নদ্যৈ	নদীভ্যাম্	নদীভ্যঃ
পঞ্চমী	নদ্যাঃ	নদীভ্যাম্	নদীভ্যঃ
ষষ্ঠী	নদ্যাঃ	নদ্যোঃ	নদীনাম্
সপ্তমী	নদ্যাম্	নদ্যোঃ	নদীষু
সম্বোধন	নদি	নদ্যৌ	নদ্যঃ।

লক্ষণীয় রূপ—১মা ১বচন—নদী, ২য়া বহু—নদীঃ, ৭মী ১বঃ—নদ্যাম্।

শ্রী, হ্রী, ভী, ধী, স্ত্রী প্রভৃতি ভিন্ন যাবতীয় ঈ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ নদী শব্দের মত। লক্ষ্মী শব্দের রূপ নদী শব্দের মত, কেবল প্রথমার একবচনে লক্ষ্মীঃ এইরূপ বিসর্গযুক্ত পদ হয়। অন্যান্য বিভক্তিতে নদী শব্দের মত। অরী, তরী, তন্ত্রী শব্দের রূপ লক্ষ্মী শব্দের মত।

মঞ্জরী, লেখনী, বাণী, বীথী, অটবী, কদলী, শ্রেণী, নগরী, মহী, যামিনী, পৃথিবী, পুরী, পদবী, শর্বরী, আবলী, ওষধী, অঙ্গুলী ইত্যাদি যাবতীয় ঈ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ নদী শব্দের মত।

শ্রী—লক্ষ্মী, সৌন্দর্য

(Goddess of fortune, beauty)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	শ্রীঃ	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
দ্বিতীয়া	শ্রিয়ম্	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
তৃতীয়া	শ্রিয়া	শ্রীভ্যাম্	শ্রীভিঃ
চতুর্থী	শ্রিয়ৈ, শ্রিয়ে	শ্রীভ্যাম্	শ্রীভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	শ্রিয়াঃ, শ্রিয়ঃ	শ্রীভ্যাম্	শ্রীভ্যঃ
ষষ্ঠী	শ্রিয়াঃ, শ্রিয়ঃ	শ্রিয়োঃ	শ্রিয়াম্, শ্রীণাম্
সপ্তমী	শ্রিয়াম্, শ্রিয়ি	শ্রিয়োঃ	শ্রীষু
সম্বোধন	শ্রীঃ	শ্রিয়ৌ	শ্রিয়ঃ

হ্রী, ধী, ভী, শব্দের রূপ শ্রী শব্দের তুল্য। লক্ষ্য করিবে শ্রী শব্দের পরে যখনই 'য়' বসিয়াছে তখনই শ্রি (হ্রস্ব ই-কারান্ত) হইয়াছে (শ্রিয়ৌ, শ্রিয়ঃ)। অন্যত্র শ্রী (ঈ-কারান্ত) হইয়াছে (শ্রীভ্যাম্, শ্রীণাম্ কিন্তু শ্রিয়াম্)।

শ্রী শব্দের লক্ষণীয় রূপ—১মা ১ ব শ্রীঃ (বিসর্গযুক্ত), ২য়া বহু শ্রিয়ঃ, ষষ্ঠী বহু শ্রিয়াম্, শ্রীণাম্, ৭মী ১ ব শ্রিয়াম্, শ্রিয়ি। সম্বোধনে শ্রীঃ (বিসর্গ যুক্ত)।

শ্রী শব্দের রূপ সুধী শব্দের মত কেবল ৪র্থী, ৫মী, ষষ্ঠী ও ৭মীর একবচনে যথাক্রমে শ্রিয়ৈ, শ্রিয়াঃ, শ্রিয়াঃ, শ্রীয়াম্ অতিরিক্ত এই রূপগুলি হয় এবং ষষ্ঠীর বহুবচনে শ্রীণাম্ একটি অতিরিক্ত পদ হয়।

স্ত্রী—ভার্যা, স্ত্রীলোক (Wife, woman)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্ত্রী	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ
দ্বিতীয়া	স্ত্রিয়ম্, স্ত্রীম্	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ, স্ত্রীঃ
তৃতীয়া	স্ত্রিয়া	স্ত্রীভ্যাম্	স্ত্রীভিঃ
চতুর্থী	স্ত্রিয়ৈ	স্ত্রীভ্যাম্	স্ত্রীভ্যঃ
পঞ্চমী	স্ত্রিয়াঃ	স্ত্রীভ্যাম্	স্ত্রীভ্যঃ
ষষ্ঠী	স্ত্রিয়াঃ	স্ত্রিয়োঃ	স্ত্রীণাম্
সপ্তমী	স্ত্রিয়াম্	স্ত্রিয়োঃ	স্ত্রীষু
সম্বোধন	স্ত্রি	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ

লক্ষ্য করিবে স্ত্রী শব্দের রূপে যেখানেই 'য়' পরে আছে সেখানেই স্ত্রি (হ্রস্ব ই-কারান্ত) হইয়াছে (স্ত্রিয়ৌ, স্ত্রিয়ঃ ইত্যাদি); কিন্তু যেখানে 'য়' পরে নাই সেখানে স্ত্রী ঈ-কারান্ত হইয়াছে। (স্ত্রীম্, স্ত্রীঃ, স্ত্রীভ্যাম্, স্ত্রীণাম্ ইত্যাদি)।

স্ত্রী শব্দের লক্ষণীয় রূপ—১মা ১ ব—স্ত্রী (বিসর্গহীন), ২য়া ১ ব—স্ত্রিয়ম্, স্ত্রীম, ২য়া বহু—স্ত্রিয়ঃ, স্ত্রীঃ, সম্বোধন ১ ব—স্ত্রি।

সুধী, শ্রী ও স্ত্রী প্রভৃতি ঈ-কারান্ত শব্দের ও উহাদের অনুরূপ শব্দের রূপে যেখানেই 'য়' পরে আছে সেখানেই ঈ-কার স্থানে ই-কার হইয়াছে সুধিয়ৌ, শ্রিয়ৌ, স্ত্রিয়ৌ ইত্যাদি। ইহা মনে রাখিলে শব্দ রূপে ভুল হইবার সম্ভাবনা কম থাকিবে। ঈ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপের তুলনামূলক আলোচনা—

নদী, শ্রী এবং স্ত্রী শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নদী, শ্রীঃ, স্ত্রী	নদ্যৌ, শ্রিয়ৌ, স্ত্রিয়ৌ	নদ্যঃ, শ্রিয়ঃ, স্ত্রিয়ঃ
দ্বিতীয়া	নদীম, শ্রিয়ম্, স্ত্রিয়ম, স্ত্রীম	নদ্যৌ, শ্রিয়ৌ, স্ত্রিয়ৌ	নদীঃ, শ্রিয়ঃ, স্ত্রিয়ঃ, স্ত্রীঃ
তৃতীয়া	নদ্যা, শ্রিয়া, স্ত্রিয়া	নদীভ্যাম্, শ্রীভ্যাম্, স্ত্রীভ্যাম্	নদীভিঃ, শ্রীভিঃ, স্ত্রীভিঃ
চতুর্থী	নদ্যৈ, শ্রিয়ৈ, শ্রিয়ে, স্ত্রিয়ৈ	নদীভ্যাম্, শ্রীভ্যাম্, স্ত্রীভ্যাম	নদীভ্যঃ, শ্রীভ্যঃ, স্ত্রীভ্যঃ
পঞ্চমী	নদ্যাঃ, শ্রিয়াঃ, শ্রিয়ঃ, স্ত্রিয়াঃ	নদীভ্যাম্, শ্রীভ্যাম্, স্ত্রীভ্যাম্	নদীভ্যঃ, শ্রীভ্যঃ, স্ত্রীভ্যঃ
ষষ্ঠী	নদ্যাঃ, শ্রিয়াঃ, শ্রিয়ঃ, স্ত্রিয়াঃ	নদ্যোঃ, শ্রিয়োঃ, স্ত্রিয়োঃ	নদীনাম্, শ্রিয়াম্, শ্রীণাম, স্ত্রীণাম্
সপ্তমী	নদ্যাম্, শ্রিয়াম্, শ্রিয়ি, স্ত্রিয়াম্	নদ্যোঃ, শ্রিয়োঃ, স্ত্রিয়োঃ	নদীষু, শ্রীষু, স্ত্রীষু,
সম্বোধন	নদি, শ্রীঃ, স্ত্রি	নদ্যৌ, শ্রিয়ৌ, স্ত্রিয়ৌ	নদ্যঃ, শ্রিয়ঃ, স্ত্রিয়ঃ

লক্ষ্য করিলে দেখিবে, নদী ও স্ত্রী শব্দের প্রথমার একবচনে বিসর্গ নাই। কিন্তু শ্রী শব্দের ১মার ১বচনে বিসর্গ আছে, যথা শ্রীঃ। সম্বোধনে ১মা ১বচনে নদী ও স্ত্রী হ্রস্ব হইয়াছে (নদি, স্ত্রি)। কিন্তু শ্রী শব্দের সম্বোধনে সুধী শব্দের ন্যায় বিসর্গ আছে (শ্রীঃ)। শ্রী এবং স্ত্রী শব্দের রূপে যেখানেই য় পরে আছে, সেখানেই হ্রস্ব হইয়াছে। শ্রী শব্দের ৪র্থী, ৫মী, ষষ্ঠী ও ৭মীর ১বচনে যথাক্রমে শ্রিয়ৈ, শ্রিয়াঃ, শ্রিয়াঃ, শ্রিয়াম্ এই চারটি অতিরিক্ত পদ হয়। এবং ষষ্ঠীর বহুবচনে শ্রিয়াম্ একটি অতিরিক্ত পদ হয়।

অনুবাদ

নদীগুলিকে—নদীঃ। স্ত্রীগণকে—স্ত্রিয়ঃ, স্ত্রীঃ। শ্রীসমূহকে—শ্রিয়ঃ।

নদীগুলির—নদীনাম্। স্ত্রী গণের—স্ত্রীণাম্। শ্রীসমূহের—শ্রিয়াম্, শ্রীণাম্।

রাজা দাসীদিগকে উপহার দেন—নৃপঃ দাসীভ্যঃ উপহারম্ প্রযচ্ছতি।

তাহারা নদীগুলির সৌন্দর্যে মুগ্ধ—তে নদীনাম্ সৌন্দর্যেণ মুগ্ধাঃ।

জননী ও জন্মভূমি স্বর্গ অপেক্ষাও শ্রেষ্ঠ—জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী।

বীরবর গভীর রজনীতে লক্ষ্মীকে দেখিতে পাইল—বীরবরঃ গভীরায়াং রজন্যাম্ লক্ষ্মীম্ অপশ্যৎ।

স্ত্রীলোকগণ অলঙ্কার প্রিয়—স্ত্রিয়ঃ অলঙ্কারপ্রিয়াঃ।

স্ত্রীলোকদিগকে দেবীর ন্যায় পূজা করা উচিত—স্ত্রিয়ঃ দেব্য ইব পূজ্যাঃ;

অগ্নিমিত্র পত্নীকে একটি দাসী দিলেন—অগ্নিমিত্রঃ পত্ন্যৈ দাসীম্ অযচ্ছৎ।

স্ত্রীলোকদিগের লেখনী পুরুষদিগকে ক্ষমা করে না—স্ত্রীণাং লেখন্যঃ পুরুষান্ ন ক্ষমন্তে।

বাণিজ্যে লক্ষ্মী বাস করে—বাণিজ্যে বসতি লক্ষ্মীঃ।

লক্ষ্মী বীরগণের প্রতি প্রসন্ন—লক্ষ্মীঃ বীরেষু প্রসন্না।

যেখানে লক্ষ্মী থাকেন সেখানে সরস্বতী থাকেন না—যত্র লক্ষ্মীঃ বসতি ন তত্র সরস্বতী।

তারাপীড় উজ্জয়িনীতে বাস করিতেন—অবসৎ তারাপীড়ঃ উজ্জয়িন্যাম্।

শ্রী থাকিতে ভয় নাই—সত্যাং শ্রিয়াং নাস্তি ভীঃ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

নদী হইতে। পুষ্করিণীগুলিতে। স্ত্রীলোক দুইজনকে। কুমারীগণকে। সে স্ত্রীকে অলঙ্কার দান করেন। নদীগুলি পর্বত হইতে প্রবাহিত। রমণীর স্বভাব অতি মনোরম। নৃপতি নগরী হইতে বহির্গত হইয়া লজ্জাবতী রমণীগণকে দেখিলেন। তুমি কোন শ্রেণীতে পড়? রজনী প্রভাত হইলে তাহারা চলিয়া গেল। জননীকে নমস্কার। স্ত্রীলোককে সকলে বিশ্বাস করে না। দেবী জননীর অনুগ্রহে আমরা ভয় হইতে মুক্ত। বেগবতী নদীগুলি হইতে ভীত। লক্ষ্মী ও সরস্বতীকে নমস্কার। ভীষণ বিন্ধ্যাটবীতে রজনী গভীর হইল।

২। যোগ্য বিশেষ্য বা বিশেষণের দ্বারা শূন্যস্থান পূরণ কর:—

চঞ্চলা—কুত্রাপি চিরং ন তিষ্ঠতি। ধীবরঃ গভীরায়াং— বহির্গচ্ছন্তীম্— অপশ্যৎ। নারীং—অহং জানামি। যুবত্যৈ—এতৎ প্রদত্তম্। —রজন্যাম্ কঃ জাগর্তি? দুষ্টাং—ধিক। সুন্দরীভিঃ—এতৎ কৃতম্। গভীরায়াঃ —জলং শীতলম্।

৩। শুদ্ধ করিয়া লেখ :—

রামচন্দ্রস্য জননয়ঃ তিস্রঃ। বাসে শ্রী প্রতিবসতি। গৌরী: শিবস্য স্ত্রীঃ। জননীস্য আদেশং পালয়। স্রিয়ৌ স্ত্রিয়ৌ চ ন বিশ্বসেৎ। ভগিনীনা সহ গচ্ছ। সুন্দরস্য নারীস্য স্বভাবঃ সুন্দরঃ।

উ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

ধেনু—গরু (Cow)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধেনুঃ	ধেনূ	ধেনবঃ
দ্বিতীয়া	ধেনুম্	ধেনূ	ধেনূঃ
তৃতীয়া	ধেন্বা	ধেনুভ্যাম্	ধেনুভিঃ
চতুর্থী	ধেন্বৈ, ধেনবে	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
পঞ্চমী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
ষষ্ঠী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেন্বোঃ	ধেনূনাম্
সপ্তমী	ধেন্বাম্, ধেনৌ	ধেন্বোঃ	ধেনুষু
সম্বোধন	ধেনো	ধেনূ	ধেনবঃ

লক্ষণীয় রূপ—৩য়া একবচন—ধেন্বা এবং ৪র্থী, ৫মী, ষষ্ঠী ও ৭মীর একবচনে দুইটি করিয়া রূপ, একটি সাধু শব্দের মত, অপরটি বধূ শব্দের মত।

তনু, রেণু, চঞ্চু, স্নায়ু, রজ্জু ইত্যাদি যাবতীয় উ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ ধেনু শব্দের ন্যায়।

লক্ষ্য করিলে দেখিবে ধেনু শব্দের রূপ, দ্বিতীয়ার বহুবচন ও তৃতীয়ার একবচনে ভিন্ন সাধু শব্দের মত। চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমীর একবচনে একটি করিয়া অতিরিক্ত রূপ, বধূ শব্দের মত

৪র্থী একবচন—বধ্বৈ—ধেন্বৈ ; পঞ্চমী একবচন—বধ্বাঃ—ধেন্বাঃ ; ষষ্ঠী একবচন—বধ্বাঃ—ধেন্বাঃ, সপ্তমী একবচন—বধ্বাম্—ধেন্বাম্।

উ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

বধূ—পত্নী (Wife, bride, woman)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বধূঃ	বধ্বৌ	বধ্বঃ
দ্বিতীয়া	বধূম	বধ্বৌ	বধূঃ
তৃতীয়া	বধ্বা	বধূভ্যাম্	বধূভিঃ
চতুর্থী	বধ্বৈ	বধূভ্যাম্	বধূভ্যঃ
পঞ্চমী	বধ্বাঃ	বধূভ্যাম	বধূভ্যঃ
ষষ্ঠী	বধ্বাঃ	বধ্বোঃ	বধূনাম্
সপ্তমী	বধ্বাম্	বধ্বোঃ	বধূষু
সম্বোধন	বধু	বধ্বৌ	বধ্বঃ

লক্ষণীয় রূপ—১মা একবচনে—বধূঃ, ৩য়া একবচনে—বধ্বা, সপ্তমী একবচনে—বধ্বাম্।

ভ্রূ, ভূ, সুভ্রূ প্রভৃতি শব্দ ভিন্ন যাবতীয় উ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ বধূ শব্দের মত।

বধূ শব্দের অনুরূপ শব্দ, যথা—চমূ, চঞ্চু, তনূ, পুনর্ভূ, প্রসূ, বীরসূ ইত্যাদি।

ভূ—পৃথিবী (Earth)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভূঃ	ভুবৌ	ভুবঃ
দ্বিতীয়া	ভুবম্	ভুবৌ	ভুবঃ
তৃতীয়া	ভুবা	ভূভ্যাম্	ভূভিঃ
চতুর্থী	ভুবৈ, ভুবে	ভূভ্যাম্	ভূভ্যঃ
পঞ্চমী	ভুবাঃ, ভুবঃ	ভূভ্যাম্	ভূভ্যঃ
ষষ্ঠী	ভুবাঃ, ভুবঃ	ভুবোঃ	ভুবাম্, ভূনাম্
সপ্তমী	ভুবাম্, ভুবি	ভুবোঃ	ভূষু
সম্বোধন	ভূঃ	ভুবৌ	ভুবঃ

ভূ শব্দের লক্ষণীয় রূপ—প্রথমার একবচনে ভূঃ, চতুর্থীর একবচনে—ভুবৈ, ভুবে ; পঞ্চমী ও ষষ্ঠীর একবচনে—ভুবাঃ, ভুবঃ, ষষ্ঠীর বহুবচনে—ভুবাম্—ভূনাম্। সপ্তমীর একবচনে—ভুবাম্, ভুবি ও সম্বোধনের একবচনে—ভূঃ।

লক্ষ্য করিবে, ভূ শব্দের রূপে যেখানেই 'ব' পরে আছে সেখানেই ভু (হ্রস্ব উ-কারান্ত) হইয়াছে। ভ্রূ ও সুভ্রূ শব্দের রূপ ভূ শব্দের মত। কেবল সুভ্রূ শব্দের সম্বোধনের একবচনে সুভ্রু এই পদও দেখা যায়।

অনুবাদ

ধেনু দ্বারা—ধেন্বা। ধেনুর জন্য—ধেন্বৈ, ধেনবে। বধূ দ্বারা—বধ্বা। বধূর জন্য—বধ্বৈ। পৃথিবী দ্বারা—ভুবা। পৃথিবীর জন্য—ভুবৈ, ভুবে। ধেনুর দুগ্ধ পুষ্টিকর—(ধেন্বাঃ) ধেনোঃ দুগ্ধং পুষ্টিকরম্। ধেনুকে নমস্কার—(ধেন্বৈ) ধেনবে নমঃ। ধেনু হইতে দুগ্ধ হয—ধেনোঃ (ধেন্বাঃ) দুগ্ধং জায়তে। ধেনুগুলির সেবা করা উচিত—ধেনূনাং সেবা কর্তব্যা। বধূদিগকে উপহার দাও—বধূভ্যঃ উপহারং প্রযচ্ছ। বধূগণ জলের জন্য নদীতে যায়—বধ্বঃ জলায় নদীং যান্তি। যে গরু দুধ দেয় না তাহাকে দিয়া কি হইবে—কিং তয়া ক্রিয়তে ধেন্বা যা ন দুগ্ধদা। মাতা পুত্রবধূকে স্নেহ করেন—মাতা পুত্রবধ্বাং স্নিহ্যতি। রাজা পৃথিবীর ভার বহন করেন—নৃপঃ ভুবঃ ভারং বহতি। পৃথিবীতে কেহ নিজের দোষ দেখে না—ভুবি কোঽপি স্বদোষং ন পশ্যতি। পাখী চঞ্চু দ্বারা আহার করে—বিহঙ্গঃ চঞ্চ্বা খাদতি।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

যদ্ শব্দকে পুংলিঙ্গে য ধরিয়া এবং স্ত্রীলিঙ্গে যা ধরিয়া সর্ব শব্দের মত রূপ করিলে খুব সহজ হইবে।

	পুংলিঙ্গে			স্ত্রীলিঙ্গে		
	একবচন	দ্বিবচন	বহুবচন	একবচন	দ্বিবচন	বহুবচন
১মা	যঃ	যৌ	যে	যা	যে	যাঃ
২য়া	যম্	যৌ	যান	যাম্	যে	যাঃ
৩য়া	যেন	যাভ্যাম্	যৈঃ	যয়া	যাভ্যাম্	যাভিঃ
৪র্থী	যস্মৈ	যাভ্যাম্	যেভ্যঃ	যস্যৈ	যাভ্যাম্	যাভ্যঃ
৫মী	যস্মাৎ	যাভ্যাম্	যেভ্যঃ	যস্যাঃ	যাভ্যাম্	যাভ্যঃ
৬ষ্ঠী	যস্য	যয়োঃ	যেষাম্	যস্যাঃ	যয়োঃ	যাসাম
৭মী	যস্মিন	যয়োঃ	যেষু	যস্যাম্	যয়োঃ	যাসু

ক্লীবলিঙ্গে ১মা ও দ্বিতীয়া—১ বচন—যৎ, দ্বিবচন—যে, বহুবচন—যানি। অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের মত রূপ।

তদ্—তিনি, সে, তাহা (He, She, It)

তদ শব্দকে পুংলিঙ্গে ত এবং স্ত্রীলিঙ্গে তা ধরিয়া সর্বশব্দের মত রূপ করিলে, কেবল প্রথমার একবচনে পুংলিঙ্গে—সঃ এবং স্ত্রীলিঙ্গে—সা হয়।

	পুংলিঙ্গে			স্ত্রীলিঙ্গে		
	একবচন	দ্বিবচন	বহুবচন	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সঃ	তৌ	তে	সা	তে	তাঃ
দ্বিতীয়া	তম	তৌ	তান	তাম্	তে	তাঃ
তৃতীয়া	তেন	তাভ্যাম্	তৈঃ	তয়া	তাভ্যাম্	তাভিঃ
চতুর্থী	তস্মৈ	তাভ্যাম্	তেভ্যঃ	তস্যৈ	তাভ্যাম্	তাভ্যঃ
পঞ্চমী	তস্মাৎ	তাভ্যাম	তেভ্যঃ	তস্যাঃ	তাভ্যাম্	তাভ্যঃ
ষষ্ঠী	তস্য	তয়োঃ	তেষাম্	তস্যাঃ	তয়োঃ	তাসাম
সপ্তমী	তস্মিন্	তয়োঃ	তেষু	তস্যাম্	তয়োঃ	তাসু

ক্লীবলিঙ্গে—১ম ও দ্বিতীয়া—একবচনে -তৎ, দ্বিবচনে--তে, বহুবচনে--তানি তৃতীয়া হইতে অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গ তদ শব্দের ন্যায় রূপ।

এতদ (ইনি, ইহা) শব্দের রূপ তদ্ শব্দের ন্যায়। কেবল একটি এ-পূর্বে বসিবে এবং সঃ স্থলে এষঃ, সা স্থলে এষা হইবে, অন্যত্র তদ্ শব্দের পূর্বে এ দিতে হইবে।

ইদম্ ও এতদ্ শব্দের দ্বিতীয় বার প্রয়োগ স্থলে দ্বিতীয়ার একবচন, দ্বিবচন ও বহুবচনে, তৃতীয়ার একবচনে ও ষষ্ঠী, সপ্তমীর দ্বিবচনে ইদম্ ও এতদ্ স্থানে এন আদেশ হয়। **দ্বিতীয়া টৌঃস্বেনঃ**। পুং দ্বিতীয়া—এনম্, এনৌ, এনান্, তৃতীয়া—এনেন। ষষ্ঠী, সপ্তমীর দ্বিবচন—এনয়োঃ, স্ত্রীলিঙ্গে দ্বিতীয়া—এনাম্, এনে, এনাঃ, তয়া ১ব এনয়া, ৬ষ্ঠী, ৭মী দ্বিব—এনয়োঃ। ক্লীবলিঙ্গে দ্বিতীয়া—এনৎ, এনে এনানি।

কিম্—কে, কি (What)

পুংলিঙ্গ কিম্ শব্দকে অ-কারান্ত ক বলিয়া ধরিবে এবং স্ত্রীলিঙ্গে কা ধরিবে। তারপর যদ্ শব্দের ন্যায় রূপ করিবে।

	পুংলিঙ্গে			স্ত্রীলিঙ্গে		
	একবচন	দ্বিবচন	বহুবচন	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কঃ	কৌ	কে	কা	কে	কাঃ
দ্বিতীয়া	কম্	কৌ	কান্	কাম্	কে	কাঃ
তৃতীয়া	কেন	কাভ্যাম্	কৈঃ	কয়া	কাভ্যাম্	কাভিঃ
চতুর্থী	কস্মৈ	কাভ্যাম্	কেভ্যঃ	কস্যৈ	কাভ্যাম্	কাভ্যঃ
পঞ্চমী	কস্মাৎ	কাভ্যাম্	কেভ্যঃ	কস্যাঃ	কাভ্যাম্	কাভ্যঃ
ষষ্ঠী	কস্য	কয়োঃ	কেষাম	কস্যাঃ	কয়োঃ	কাসাম্
সপ্তমী	কস্মিন্	কয়োঃ	কেষু	কস্যাম্	কয়োঃ	কাসু

ক্লীবলিঙ্গে ১মা ও ২য়া—একবচন কিম্, দ্বিবচন—কে, বহুবচন—কানি তৃতীয়া হইতে অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের মত রূপ।

ইদম্—এই, ইহা, ইনি (This)

	পুংলিঙ্গে			স্ত্রীলিঙ্গে		
	একবচন	দ্বিবচন	বহুবচন	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অয়ম্	ইমৌ	ইমে	ইয়ম্	ইমে	ইমাঃ
দ্বিতীয়া	ইমম্	ইমৌ	ইমান্	ইমাম্	ইমে	ইমাঃ
তৃতীয়া	অনেন	আভ্যাম্	এভিঃ	অনয়া	আভ্যাম্	আভিঃ
চতুর্থী	অস্মৈ	আভ্যাম্	এভ্যঃ	অস্যৈ	আভ্যাম্	আভ্যঃ
পঞ্চমী	অস্মাৎ	আভ্যাম্	এভ্যঃ	অস্যাঃ	আভ্যাম্	আভ্যঃ
ষষ্ঠী	অস্য	অনয়োঃ	এষাম্	অস্যাঃ	অনয়োঃ	আসাম
সপ্তমী	অস্মিন্	অনয়োঃ	এষু	অস্যাম্	অনয়োঃ	আসু

ক্লীবলিঙ্গে ১মা ও দ্বিতীয়া একবচন—ইদম্ ; দ্বিবচন—ইমে; বহুবচন—ইমানি। অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের মত রূপ।

অদস্—উহা, ঐ, উনি (That)

	পুংলিঙ্গে			স্ত্রীলিঙ্গে		
	একবচন	দ্বিবচন	বহুবচন	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অসৌ	অমূ	অমী	অসৌ	অমূ	অমূঃ
দ্বিতীয়া	অমুম্	অমূ	অমূন্	অমূম্	অমূ	অমূঃ
তৃতীয়া	অমুনা	অমূভ্যাম	অমীভিঃ	অমুয়া	অমূভ্যাম্	অমূভিঃ
চতুর্থী	অমুষ্মৈ	অমূভ্যাম্	অমীভ্যঃ	অমুষ্যৈ	অমূভ্যাম	অমূভ্যঃ
পঞ্চমী	অমুষ্মাৎ	অমূভ্যাম	অমীভ্যঃ	অমুষ্যাঃ	অমূভ্যাম্	অমূভ্যঃ
ষষ্ঠী	অমুষ্য	অমুয়োঃ	অমীষাম	অমুষ্যাঃ	অমুয়োঃ	অমূষাম্
সপ্তমী	অমুষ্মিন	অমুয়োঃ	অমীষু	অমুষ্যাম	অমুয়োঃ	অমূষু

মনে রাখিবে, অদস্ শব্দের পুংলিঙ্গে একবচনে ম এর সহিত সর্বত্র হ্রস্ব উ-কার (মু), ষষ্ঠী, সপ্তমী ভিন্ন দ্বিবচনে ম্ এর সহিত দীর্ঘ ঊকার (মূ) এবং দ্বিতীয়া ভিন্ন বহুবচনে সর্বত্র ম এর সহিত দীর্ঘ ঈকার (মী)। অদস্ শব্দের স্ত্রীলিঙ্গের রূপে ম্ এর সহিত ঈ কার নাই। তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমীর একবচনে এবং ষষ্ঠী ও সপ্তমীর দ্বি-বচনে ম-এর সহিত (উ) মু অন্যত্র মূ হইয়াছে।

অদস্—উহা, ঐ (That) ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
১মা ও ২য়া	অদঃ	অমূ	অমূনি

অন্যান্য বিভক্তিতে পুংলিঙ্গের মত

অস্মদ্—আমি (I)

ইহার রূপ তিন লিঙ্গেই এক।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অহম্	আবাম্	বয়ম্
দ্বিতীয়া	মাম্, মা	আবাম্, নৌ	অস্মান্, নঃ
তৃতীয়া	ময়া	আবাভ্যাম্	অস্মাভিঃ
চতুর্থী	মহ্যম্, মে	আবাভ্যাম্, নৌ	অস্মভ্যম্, নঃ
পঞ্চমী	মৎ	আবাভ্যাম্	অস্মৎ
ষষ্ঠী	মম, মে	আবয়োঃ, নৌ	অস্মাকম্, নঃ
সপ্তমী	ময়ি	আবয়োঃ	অস্মাসু

~~যুষ্মদ্~~—তুমি (You)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ত্বম্	যুবাম্	যূয়ম্
দ্বিতীয়া	ত্বাম্, ত্বা	যুবাম্, বাম্	যুষ্মান্, বঃ
তৃতীয়া	ত্বয়া	যুবাভ্যাম্	যুষ্মাভিঃ
চতুর্থী	তুভ্যম্, তে	যুবাভ্যাম্, বাম্	যুষ্মভ্যম্, বঃ
পঞ্চমী	ত্বৎ	যুবাভ্যাম্	যুষ্মৎ
ষষ্ঠী	তব, তে	যুবয়োঃ, বাম্	যুষ্মাকম্, বঃ
সপ্তমী	ত্বয়ি	যুবয়োঃ	যুষ্মাসু

অনুবাদ

মনে রাখিবে, অস্মদ্ ও যুষ্মদ শব্দের দ্বিতীয়া, চতুর্থী ও ষষ্ঠীর বৈকল্পিক রূপগুলি অর্থাৎ—মা, নৌ, নঃ, মে এবং ত্বা, বাম্, বঃ, তে কখনও বাক্যের আদিতে, বসিবে না। সুতরাং মে গৃহম হইবে না, মম গৃহম্ অথবা গৃহং মে এইরূপ হইবে। সম্বোধনের অব্যবহিত পরেও উহারা বসিবে না, চ বা প্রভৃতি অব্যয়ের সহিতও এইগুলি ব্যবহার করা যায় না।

অস্মদ্ উত্তম পুরুষ, যুষ্মদ মধ্যম পুরুষ এবং এতদ্ভিন্ন সমুদায় নাম পুরুষ

উত্তম পুরুষ কর্তা হইলে ক্রিয়া উত্তম পুরুষের হইবে এবং কর্তার সংখ্যা (বচন) অনুসারে ক্রিয়ার বচনের প্রয়োগ হইবে। অহং গচ্ছামি, আবাং গচ্ছাবঃ, বয়ং গচ্ছামঃ।

মধ্যম পুরুষ কর্তা হইলে ক্রিয়া মধ্যম পুরুষের হইবে এবং কর্তার সংখ্যা অনুসারে ক্রিয়ার বচনের প্রয়োগ হইবে। ত্বং জীবসি, যুবাম্ জীবথঃ, যূয়ম্ জীবথ। নাম পুরুষের স্থলেও এইরূপ বুঝিবে—সঃ গচ্ছতি, তৌ গচ্ছতঃ ও তে গচ্ছন্তি।

সর্বনাম কখনও বিশেষ্যের মত কখনও বিশেষণের মত ব্যবহৃত হয়। যাহার পরিবর্তে সর্বনাম ব্যবহৃত হইবে, সর্বনাম পদে তাহার লিঙ্গ, বচন ও পুরুষ হইবে। বিশেষণ রূপে ব্যবহৃত হইলে, বিশেষ্যের লিঙ্গ বচন অনুসারে, সর্বনামের লিঙ্গ, বচন হইবে, যথা—তস্মৈ দেবায় নমঃ। তস্যৈ দেবতায়ৈ নমঃ। তেন অর্থেন জীবতি। তৎ ধনং লভতে। সা নারী সাধ্বী ইত্যাদি।

অন্য, অন্যতর, কতর, কতম প্রভৃতি সর্বনাম শব্দের ক্লী বলিঙ্গে প্রথমার এক-বচনে—অন্যৎ, অন্যতরৎ, কতরৎ, কতমৎ প্রভৃতি রূপ হয়। অন্য পুস্তক—অন্যৎ পুস্তকম্। অন্যতর মিত্র—অন্যতরৎ মিত্রম্। কোন কুল—কতরৎ কুলম্? কতমৎ কুলম্? কিন্তু অন্যতমং মিত্রম্, অন্যতমৎ হইবে না।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

সকল দেবতাকে পূজা করিবে। রাম সকল লোকের প্রিয়। সকল কবিদের মধ্যে কালিদাস শ্রেষ্ঠ। পূর্ব পুরুষদের উদ্দেশ্যে দান কর। তাহার সমস্ত ধন অপহৃত হইয়াছে। যে স্ত্রীলোকগণের স্বামী জীবিত তাহারা ভাগ্যবতী। যে যে ফল মিষ্ট তাহা খাও। কোন জননী ছেলেকে ভালবাসে না? তোমার দেশ কোন দিকে? কাহাকেও পীড়া দিও না। কাহারও সহিত ঝগড়া করিও না। কোন বালিকাটির পুস্তক নাই। তুমি কোন ফলের জন্য আসিয়াছ? এই নগরী সুদৃশ্য। সে আমাদের সহিত বনে বাস করে। আমরা তোমার সহিত যাইব। সে তোমার ও আমার মধ্যে বসে। তুমি আমাকে ভালবাস। আমরা দুইজন ভিন্ন কেহ যায় নাই। আমাদের ভয়ে তোমরা আসিয়াছ। আমি তোমাকে বিশ্বাস করি। তুমি ছাড়া আমাকে কে রক্ষা করিবে।

২। শুদ্ধ করিয়া লেখ :—

এতে পুষ্পাণি শুভ্রাণি। তস্মিন রাত্রৌ বৃষ্টিরভবৎ। কোইয়ং নারী। কে তে দুঃখানি। কস্তে ভার্যা। কস্য বালিকায়াঃ পুস্তকম্। কে বালিকাঃ ধাবন্তি। কঃ এবঃ ফলম্। অস্মাৎ নদ্যাঃ সমাগতা ইমে নার্যঃ। মে পুস্তকং দেহি। তে দোষো নাস্তি। তে আদেশং স পালয়িষ্যতি। স ত্বা মা চ জানাতি। বন্ধো! মে গৃহমাগচ্ছ। মে এব দোষঃ। হে দেবাঃ নঃ রক্ষ। বাং বন্ধুরয়ম্। অস্মৎ পুস্তকং চ মে নাস্তি।

৩। শব্দরূপ লেখ :—

কিম্ (স্ত্রী) ৩য়া, চতুর্থী। যদ্ (ক্লীব) দ্বিতীয়া। তদ্ (পুং) চতুর্থী। ইদম্ (পুং) ৩য়া, স্ত্রী, চতুর্থী। অস্মদ্—পঞ্চমী, যুষ্মদ্—চতুর্থী ও পঞ্চমী।

পঞ্চম অধ্যায়

অব্যয় প্রকরণ (Indeclinables)

কতকগুলি অব্যয়ের অর্থ সহ প্রয়োগ দেখান হইল:

অতঃ—(অতএব, এইজন্য Therefore) অতো ব্রবীমি—সেই জন্য আমি বলি।

অতি, অতীব—(অত্যন্ত, Very much) অতি (অথবা অতীব) ধূর্তঃ খলু সঃ—সে অত্যন্ত ধূর্ত।

অত্র—(এখানে, Here) অত্র আগচ্ছ—এখানে এস।

অথ—(তারপর, Then) অথ হরিঃ উবাচ—তারপর হরি বলিল।

অথ কিম্—(হ্যাঁ, Yes) অপি স আগতঃ ? অথকিম ?—সে কি আসিয়াছে ? হ্যাঁ।

অথবা, বা –(অথবা, Or) রামঃ শ্যামঃ বা গচ্ছতু, রামঃ অথবা শ্যামঃ গচ্ছতু—রাম বা শ্যাম যাইতে পারে। অথবা যুক্তমুক্তং ভবতা—অথবা আপনি যোগ্যকথাই বলিয়াছেন।

অদ্য—(আজ, To day) অদ্য ভক্ষ্যো ধত্তুর্ঘ্ণ:—আজ ধতুর ছিলাটি খাইব।

অধঃ, অধস্তাৎ—(নীচে, Below) বৃক্ষস্য অধঃ (অধস্তাৎ) ভূমৌ বর্তকো নিবসতি—বৃক্ষের নীচে মাটিতে ভরুই বাস করে।

অধুনা, ইদানীম্—(এখন, Now, at present) অধুনা (ইদানীম্) অহং গমিষ্যামি—আমি এখন যাইব।

অদ্ধা—(বাস্তবিক পক্ষে, Truly) যদদ্ধা বিচ্ছিন্নং ভবতি কৃতসন্ধানমিব তৎ—যাহা বস্তুতঃ বিচ্ছিন্ন, তাহা যেন যুক্ত হইয়া আছে।

অন্তরা—(মধ্যে, Between) স ত্বাং মাং চ অন্তরা উপবিশতি—সে তোমার ও আমার মধ্যে বসে।

অন্তরেণ—(ব্যতীত, বিনা, Without) শ্রমম্ অন্তরেণ সুখং ন ভবতি—শ্রম ব্যতীত সুখ হয় না।

অন্যথা—(অন্যথা, Otherwise) গচ্ছ, অন্যথা বিপদ্ ভবিষ্যতি—যাও, তাহা না হইলে বিপদ্ হইবে।

অন্যত্র—(অন্যস্থানে, Else where) অন্যত্র গচ্ছ—অন্যস্থানে যাও।

অনু—(পশ্চাৎ, After) রামম্ অনু লক্ষ্মণঃ জাতঃ—রামের পরে লক্ষ্মণ জন্মিয়াছে।

অন্যেদ্যুঃ, অপরেদ্যুঃ—(অন্যদিন, Another day) অন্যেদ্যুরপি স তথৈবাকরোৎ —অন্যদিনও সে সেইরূপই করিল।

অপি—(ও, Too, Also) অহমপি গমিষ্যামি—আমিও যাইব। প্রশ্নার্থে—যখন বাক্যের আদিতে বসে—অপি কুশলী ভবান্—আপনার মঙ্গল ত ?

অয়ি—(সম্বোধনে, Oh) অয়ি মাতঃ রক্ষ মাম—হে মা, আমায় রক্ষা কর।

অহো—(বিস্ময়ে, Oh) অহো ! বিচিত্রতা কুসুমানাম—ওঃ, ফুলগুলির কি বৈচিত্র্য !

অলম্—(নিষেধার্থে, No need of) অলং শ্রমেণ—পরিশ্রমের দরকার নাই। সমর্থার্থে—অলং মল্লো মল্লায়—মল্ল মল্লের সহিত সমর্থ।

অভিতঃ—(নিকটে, চতুর্দিকে, Near, Round, towards) মামভিতঃ বর্ত্ততে ভ্রমরঃ—ভ্রমর আমার দিকে আছে।

আরাৎ—(দূরে, Away) স নগরাৎ আরাৎ বসতি—সে নগর হইতে দূরে বাস করে।

(নিকটে, Near) গ্রামাৎ আরাৎ নদী বহতি—গ্রামের নিকটে নদী প্রবাহিত।

ইতঃ—(এখান হইতে, Hence) ইতঃ দূরমপসর—এখান হইতে দূর হও।

ইতস্ততঃ—(এদিক্ ওদিক্) তৃষ্ণার্তঃ কাকঃ ইতস্ততঃ জলমন্বিষ্যতি—তৃষ্ণার্ত কাক এদিক্ ওদিক্ জল খোঁজ করে।

ইতি—(ইহা, As, As follws) অশ্বত্থামা হত ইতি গজঃ—অশ্বত্থামা হত, ইহা একটি হাতী।

দশরথ ইতি রাজা আসীৎ—দশরথ এই নামে রাজা ছিলেন।

রামঃ লক্ষ্মণম্ ইতি উবাচ—রাম লক্ষ্মণকে ইহা বলিলেন।

ইব—(মত, Like) চন্দ্র ইব মুখং শোভতে—চাঁদের ন্যায় মুখ শোভা পায়।

(যেন, As if) নভঃ অঞ্জনং বর্ষতি ইব—আকাশ যেন কজ্জল বর্ষণ করে।

ইহ—(এখানে, Here) ইহ আগচ্ছ—এখানে এস।

ইত্থম্—(এই প্রকার, Thus) ইত্থং স নিবৃত্তঃ—এই প্রকারে সে নিবৃত্ত হইল।

ঈষৎ—(অল্প, Slight) ঈষৎ ঈষৎ চুম্বিতানি কমলানি ভ্রমরৈঃ—ভ্রমরগণ পদ্মগুলিকে অল্প অল্প চুম্বন করিল।

উচ্চৈঃ—(উচ্চৈঃস্বরে, Loudly) সঃ উচ্চৈঃ অবদৎ—সে উচ্চৈঃস্বরে বলিল।

উপরি—(উপরে, Above) সর্বেষাম্ উপরি ঈশ্বরঃ—ঈশ্বর সকলের উপরে।

উভয়তঃ—(দুদিকে, On both sides) নদীম্ উভয়তঃ গ্রামাঃ—নদীর দুই দিকে গ্রামগুলি।

ঋতে—(বিনা, Without) ধনম্ ঋতে সুখং নাস্তি—ধন বিনা সুখ হয় না।

একত্র—(এক সঙ্গে, Together) পাণ্ডবাঃ একত্র বনে নিবসন্তি—পাণ্ডবগণ বনে এক সঙ্গে বাস করিত।

একদা—(এক সময়ে, Once) অত্রৈকদা ধনিনো ন্যবসন্—এক সময় এখানে ধনীরা বাস করিত।

এব—(ই, Only) অহমেব রাজ্ঞঃ বিশ্বাসভাজনম্—আমিই রাজার বিশ্বাসভাজন।

এবম্—(এইরূপ, Thus) এবম্ অভিধায় স প্রস্থিতঃ—এইরূপ বলিয়া সে চলিয়া গেল।

কথম্—(কেন, কিরূপে, How) কথং হসসি—হাসিতেছ কেন?

কথমত্র রাজরক্ষিতে তপোবনে দৈত্যা আগমিষ্যন্তি—রাজরক্ষিত তপোবনে কিরূপে দৈত্যগণ আসিবে?

কথমপি—(অতি কষ্টে, With great difficulty) অধুনা দরিদ্রাঃ কথমপি জীবন্তি—এখন দরিদ্রগণ অতি কষ্টে বাঁচিয়া আছে।

কথঞ্চিৎ—(কোনও প্রকারে, By some means) স কথঞ্চিৎ আত্মানং রক্ষতি—সে কোনও প্রকারে আত্মরক্ষা করিল।

কদা—(কখন, When) কদা ত্বম্ আগমিষ্যসি—কখন তুমি আসিবে?

কদাচিৎ—(কখনও, Seldom) কদাচিৎ কুপ্যতি মাতা—মা কখনও কুপিত হন।

কদাপি—(কখনও, Sometimes) কদাপি মিথ্যা ন বদেৎ—কখনও মিথ্যা বলিও না।

কামম্—(অত্যন্ত, Very much, Admitting) কামং প্রিয়া ন সুলভা—প্রিয়া অত্যন্ত দুর্লভ।

কিং পুনঃ—(কি আর বলা, Not to speak of) শ্বানঃ অপি ন খাদন্তি কিং পুনর্মানবাঃ—কুকুরেও খায় না, মানুষের কথা আর কি বলিব।

কিম্—(কি, What) বহুভিস্তৈঃ কিং দ্বিকরেণ ভুংক্তে- ক্ষুধার্ত কি ২ হাতে খায় ?

কিঞ্চ—(আরও, More over) কার্যং কুরু, কিঞ্চ সঙ্কল্পে দৃঢ়ঃ ভব—কাজ কর, আর সঙ্কল্পে দৃঢ় হও।

কিল—(কিংবদন্তী আছে, As tradition) অনন্তপারং কিল শব্দশাস্ত্রম—এইরূপ বলা হয় যে শব্দশাস্ত্রের শেষ নাই।

কুতঃ—(কোথা হইতে, Whence) কুতঃ আগচ্ছসি—কোথা হইতে আসিতেছ ?

—(কি আর বলিব, Much less) দেবা ন জানন্তি কুতো মনুষ্যাঃ—দেবতারাও জানেন না, মানুষের কথা আর কি বলিব ?

কুত্র—(কোথায়, Where) কুত্র তে নিবাসঃ—তোমার নিবাস কোথায় ?

কৃতে—(জন্য, For) পুত্রস্য কৃতে মাতা দুঃখং সহতে—পুত্রের জন্য মাতা দুঃখ সহ্য করে।

[illegible]—(কোথায়, Where) ক্ব স বসতি ইতি ন জানামি—সে কোথায় বাস করে তাহা আমি জানি না।

কচিৎ—(কোথাও, Seldom) কচিদ্ দন্তুরো মূর্খঃ—উঁচুদাঁত যাহার সে কদাচিৎ মূর্খ হয়।

কচ্চিৎ—(প্রশ্নার্থে, In question) কচ্চিৎ জীবতি তে মাতা—তোমার মাতা বাঁচিয়া আছেন ত ?

কুত্রাপি—(কোথাও, Any where) কুত্রাপি এষা রীতিঃ নাস্তি—কোথাও এই নিয়ম নাই।

কৃতম্—(নিষেধার্থে, No need of) কৃতং সন্দেহেন—সন্দেহের প্রয়োজন নাই।

ক—(কোথায়, Where) ক গমিষ্যসি ত্বম্—তুমি কোথায় যাইবে ?

খলু—(নিশ্চিত, Indeed) ইয়ং খলু মহতাং প্রার্থনা—ইহাই মহৎ লোকদের প্রার্থনা।

চ—(এবং, And) হিতং মনোহারি চ দুর্লভং বচঃ—হিতকর এবং মনোহারী বাক্য দুর্লভ।

চিরম্, চিরাৎ, চিরায়, চিরেণ, চিরস্য—(চিরকাল, দীর্ঘকাল, For long) চিরাৎ দৃষ্টোঽসি—দীর্ঘকাল পরে তোমাকে দেখিলাম। চিরং জীব—চিরকাল বাঁচিয়া থাক। এইগুলিকে বিভক্ত্যন্তপ্রতিরূপক অব্যয় বলে। প্রতিরূপক অর্থ সদৃশ। এগুলি অব্যয় কিন্তু ইহাদের আকৃতি বিভক্ত্যন্ত শব্দের মত।

চেৎ—(যদি, If) সত্যং চেৎ বদসি পুরস্কারং প্রাপ্স্যসি—যদি সত্য কথা বল তবে পুরস্কার পাইবে।

জাতু—(কদাচিৎ, Sometimes) ন জাতু মিথ্যা বদেৎ—কখনও মিথ্যা কথা বলিও না।

ঝটিতি—(শীঘ্র, Soon) ঝটিতি, গৃহং প্রবিশ—শীঘ্র ঘরে প্রবেশ কর।

ততঃ—(তারপর, সুতরাং Then, so) ততো ব্যাঘ্রো ব্রূতে—তারপর বাঘ বলিল।

তত্র—(সেখানে, There) আসীৎ তত্র কশ্চিদ্ ব্রাহ্মণঃ—সেখানে কোনও ব্রাহ্মণ ছিল।

তথা—(সেইরূপ, So) যথেচ্ছসি তথা কুরু—যরূপ ইচ্ছা হয় সেরূপ কর।

তথাপি—(তাহা হইলেও, In spite of) রুগ্নঃ সঃ, তথাপি আগতঃ—সে অসুস্থ, তাহা হইলেও আসিয়াছে।

তর্হি—(তাহা হইলে, Then) যদি যাস্যসি তর্হি মরিষ্যসি—যদি যাও তাহা হইলে মরিবে।

তু—(কিন্তু, But) তত্র গচ্ছ, ভোজনং তু মা কুরু—সেখানে যাও কিন্তু ভোজন করিও না। তু কখনও বাক্যের আদিতে বসে না।

তূষ্ণীম্—(নীরব, Silent) স তূষ্ণীমতিষ্ঠৎ—সে চুপ করিয়া রহিল।

দিবা—(দিনে, By day) মা দিবা স্বাপ্সীঃ—দিনে ঘুমাইও না।

দিষ্ট্যা—(সৌভাগ্যবশতঃ, Fortunately) দিষ্ট্যা জীবতি ভবান্—সৌভাগ্যবশত আপনি বাঁচিয়া আছেন।

ধিক্—(ধিক্, Fie upon) ধিক্ মাম্ অধন্যম্—হতভাগ্য আমাকে ধিক্।

ন—(না, No) ন গচ্ছেৎ একাকী বনে—বনে একাকী যাওয়া উচিত নয়।

নক্তম্—(রাত্রিতে, At night) ন নক্তং দধি ভুঞ্জীত—রাত্রে দৈ খাওয়া উচিত নয়।

নচেৎ—(অন্যথা, Otherwise) দূরমপসর, নচেৎ হতোঽসি—দূর হও অন্যথা তুমি নিহত হইবে।

নিকষা—(নিকটে, Near) গ্রামং নিকষা নদী বহতি—গ্রামের নিকটে নদী প্রবাহিত।

নূনম্—(নিশ্চিত, Surely) নূনং ত্বং চৌরঃ—তুমি নিশ্চয়ই চোর। খলঃ করোতি দুর্বৃত্তং নূনং ফলতি সাধুষু।

ননু—(প্রশ্নে, In question) ভরতো ভবান্ ননু—আপনি কি ভরত ?

নমঃ—(নমস্কার, Salutation) দেবায় নমঃ—দেবতাকে নমস্কার।

নাম—(নামে, By name) দশরথো নাম নৃপঃ আসীৎ—দশরথ নামে রাজা ছিলেন।

নীচৈঃ—(নীচুভাবে, Down) নীচৈর্গচ্ছত্যুপরি চ দশা চক্রনেমিক্রমেণ—মানুষের অবস্থা চাকার পরিধির ন্যায় একবার উপরে আসে আবার নীচে যায়।

নোচেৎ—(না হইলে, If not) দূরমপসর নোচেৎ হন্তব্যোঽসি—দূর হও, নতুবা মারিয়া ফেলিব।

পরম্—(কিন্তু, But) স দরিদ্রঃ পরম অতীব সাধুঃ—সে দরিদ্র কিন্তু অতিশয় সৎ।

পশ্চাৎ—(পরে, After) পশ্চাৎ ধাবন নৃপঃ মৃগং প্রাপ—পিছনে ছুটিয়া রাজা মৃগটিকে ধরিলেন।

পরিতঃ—(চতুর্দিকে, Around) উদ্যানং পরিতঃ পন্থাঃ বিদ্যতে—বাগানের চারিদিকে রাস্তা আছে।

পুনঃ—(পুনরায়, Again) পুনর্মূষিকো ভব—পুনরায় মূষিক হও।

পুরঃ, পুরতঃ, পুরস্তাৎ—(সম্মুখে, Before, Infront of) চন্দ্রঃ পুরতঃ (পুরঃ, পুরস্তাৎ) শোভতে—চাঁদ সামনে শোভা পায়।

পূর্বেদ্যুঃ—(পূর্বদিন, The preceding day) পূর্বেদ্যুঃ প্রাতঃ বৃষ্টিঃ অভবৎ—পূর্বদিন সকালে বৃষ্টি হইয়াছিল।

পুরা—(প্রাচীনকালে, In ancient time) পুরা যত্র স্রোতঃ পুলিনমধুনা তত্র সরিতঃ—প্রাচীনকালে যেখানে নদীর স্রোত ছিল এখন সেখানে নদীর তীর।

পৃথক্—(ভিন্ন, Seperate) ইদমস্মাৎ পৃথক্—ইহা উহা হইতে ভিন্ন।

প্রাক্—(পূর্বে, Before, At first) সৃষ্টেঃ প্রাক্ তম এবাসীৎ—সৃষ্টির পূর্বে কেবল অন্ধকার ছিল।

প্রাতঃ—(প্রভাত, Morning) প্রাতঃ শয্যাং ত্যজেৎ—প্রাতঃকালে শয্যা ত্যাগ করা উচিত।

বহিঃ—(বাহিরে, Out side) গ্রামাৎ বহিঃ বনম্—গ্রামের বাহিরে বন।

ভূয়ঃ—(পুনরায়, Again) রামঃ ভূয়ো বভাষে—রাম পুনরায় বলিলেন।

ভৃশম—(অত্যন্ত, Very much) ভৃশং রোদিতি বালকঃ—বালকটি অত্যন্ত কাঁদিতেছে।

বরম—(অপেক্ষাকৃত ভাল, Better than) সন্নিমিত্তো বরং ত্যাগঃ—সৎকার্যে ত্যাগ অপেক্ষাকৃত ভাল।

বিনা—(ব্যতীত, Without) শ্রমং বিনা বিদ্যা ন ভবতি—শ্রম ব্যতীত বিদ্যা হয় না।

বৃথা—(অনর্থক, In vain) বিদ্যাং বিনা জীবনং বৃথা—বিদ্যা ছাড়া জীবন বৃথা।

মা—(না, No) মা কুরু ধনজনযৌবনগর্বম্—ধন, জন ও যৌবনের গর্ব করিও না।

প্রত্যুত—(বিপরীত পক্ষে, On the contrary) নায়ং দোষঃ প্রত্যুত অলঙ্কারঃ—ইহা দোষ নহে বরং (বিপরীত পক্ষে) অলঙ্কার।

মিথ্যা, মৃষা—(মিথ্যা, False) জাতু মিথ্যা (মৃষা) বদেঃ—কখনও মিথ্যা কথা বলিও না।

মনাক্—(অল্প, Slight) মনাক্ প্রিয়মিদং ফলম্—এই ফলটি সামান্য প্রিয়।

মুধা—(বৃথা, In vain) দরিদ্রস্য জীবনং মুধা—দরিদ্রের জীবন বৃথা।

মুহুঃ—(পুনঃ, Again) শত্রুণা মুহুরাক্রান্তঃ নৃপতিঃ ন সমর্থঃ জেতুম্—শত্রু দ্বারা পুনরায় আক্রান্ত রাজা জয়লাভ করিতে সমর্থ হইলেন না।

যতঃ—(যেহেতু, Because, For) যতো ধর্মঃ ততো জয়ঃ—যেহেতু ধর্ম সেই হেতু জয়লাভ।

যত্র—(যেখানে, Where) পুরা যত্র স্রোতঃ পুলিনমধুনা তত্র সরিতাম্—আগে যেখানে স্রোত ছিল এখন সেখানে নদীগুলির তীর।

যথা—(যেমন, As) যথেচ্ছসি তথা কুরু—যে রূপ ইচ্ছা সেরূপ কর।

যদা—(যখন, When) যদা সূর্যঃ অস্তং গতঃ তদা স আগতঃ—যখন সূর্য অস্ত গেল তখন সে আসিল।

যদি—(যদি, If) ঈশ্বরং ভজ যদি জীবিতুমিচ্ছসি—যদি বাঁচিতে ইচ্ছা কর, তবে ঈশ্বরকে ভজনা কর।

যদ্যপি—(যদিও, Even though) যদ্যপি স বৃদ্ধঃ তথাপি স কার্যক্ষমঃ—যদিও সে বৃদ্ধ তথাপি কর্মক্ষম।

যাবৎ—(যতদিন, As long as) যাবৎ জীবেৎ সুখং জীবেৎ—যতদিন বাঁচিবে সুখে বাঁচিও।

—(পর্যন্ত, Up to) নদীং যাবৎ গচ্ছ—নদী পর্যন্ত যাও।

যুগপৎ—(যুগপৎ, Simultaneously) স্বজনৈঃ শত্রুভিশ্চ যুগপৎ আক্রান্তঃ রাজা: রক্ষিতুমসমর্থঃ নৃপঃ—স্বজন ও শত্রুগণ কর্তৃক যুগপৎ আক্রান্ত হইয়া নৃপতি রাজ্য রক্ষা করিতে পারিলেন না।

শনৈঃ—(ধীরে, Slowly) শনৈঃ শনৈঃ বহতি মারুতঃ—বায়ু আস্তে আস্তে বহিতেছে।

শনৈঃ—(ক্রমে, Gradually) মার্জারঃ শনৈঃ শনৈঃ বিহঙ্গং নিকষং আগতঃ—বিড়াল ক্রমে ক্রমে বা আস্তে আস্তে পাখীর নিকট আসিল।

শ্বঃ—(আগামী কাল, Tomorrow) শ্বঃ কার্যমদ্য কর্তব্যম্—যাহা কাল করণীয় তাহা আজ করা উচিত।

সদা, সর্বদা—(সর্বদা, Always) সদা (সর্বদা) সত্যং বদ—সর্বদা সত্য কথা বল।

সদ্যঃ—(তখন তখন, Immediately) পর্যুষিতম্ অন্নং সদ্যঃ প্রাণান্ হরতি। বাসী ভাত সদ্য প্রাণ হরণ করে।

সমন্তাৎ—(চতুর্দিকে, Around) স সমন্তাৎ শ্রিয়ং দদর্শ—সে চতুর্দিকে সৌন্দর্য দেখিল।

সহ, সার্দ্ধম্, সাকম্—(সহিত, With) পিত্রা সহ (সার্দ্ধং, সাকম্, সমম্) পুত্রো গচ্ছতি—পিতার সহিত পুত্র যায়।

সম্প্রতি—(অধুনা, Now) সম্প্রতি কুত্র নিযুক্তোঽসি—এখন তুমি কোথায় নিযুক্ত ?

সপদি—(তৎক্ষণাৎ, At once) বিহঙ্গঃ শরাহতঃ সপদি মমার—পাখীটি বাণ দ্বারা আহত হইয়া তৎক্ষণাৎ মরিয়া গেল।

সর্বথা—(সকল প্রকারে, By all means) সর্বথা চিরং জীব—সকল প্রকারে দীর্ঘ কাল বাঁচিয়া থাক।

সহসা—(হঠাৎ, Suddenly) সহসা বিদধীত ন ক্রিয়াম্—হঠাৎ কোন কাজ করিও না।

সাম্প্রতম্—(অধুনা, Now) সাম্প্রতং বনং গমিষ্যামি—এখন আমি বনে যাইব।

অসাম্প্রতম্—(অযুক্ত, Improper) স্বয়ং ছেত্তুম্ অসাম্প্রতম—নিজে ছেদন করা উচিত নয়।

সায়ম্—(সন্ধ্যাকালে, In the evening) সায়ং কাকঃ প্রত্যাগতঃ—সন্ধ্যাকালে কাক ফিরিয়া আসিল।

সুতরাম্—(অত্যন্ত, Very much) স সুতরাং পীড়িতঃ—সে অত্যন্ত পীড়িত।

স্থানে—(যুক্তযুক্ত, Proper) স্থানে খলু ভবান্ আগতঃ—আপনার আগমন যুক্তিযুক্ত হইয়াছে।

হি—(যেহেতু, নিশ্চয় Because, Surely)

যেহেতু—কিমিব হি মধুরাণাং মণ্ডনং নাকৃতীনাম—যেহেতু সুন্দর আকৃতিশালীর কিই না অলঙ্কার।

নিশ্চয়—ধর্মো হি রক্ষতি ধার্মিকম্—ধর্মই ধার্মিককে রক্ষা করে।

হ্যঃ—(গতকাল, Yesterday) হ্যঃ স আগতঃ—সে গতকাল আসিয়াছে।

অনুশীলনী

১। বাক্যে প্রয়োগ কর:—

শনৈঃ, বিনা, সুতরাম্, এব, হি, যতঃ, হ্যঃ, চ, তু, মিথ্যা, দিবা, প্রাতঃ, চেৎ, উচ্চৈঃ, চিরেণ, কৃতে, দিষ্ট্যা, জাতু, এবম্, মনাক্, ঝটিতি, সপদি, সমন্তাৎ, স্থানে, প্রত্যুত, বিনা, সহ, ধিক্, পরিতঃ, খলু।

২। শুদ্ধ করিয়া লেখ:—

স মিথ্যাং বদতি। একত্রে নিবসন্তি ভ্রাতরঃ। স প্রাতে ভ্রমণং করোতি। স দিবায়াং নিদ্রাতি। রামঃ নক্তে জাগর্তি। মম বন্ধুঃ শ্বঃ আগচ্ছৎ। স হ্যঃ গমিষ্যতি। পুরারাম্ অত্র নগরম্ আসীৎ। স চ রামঃ আগচ্ছতঃ। স গৃহং গচ্ছতি চ অন্নং ভুঙ্ক্তে। স দরিদ্রঃ, তু ন অসাধুঃ। স কদাপি মৃষাং ন বদতি। অন্যথাং ন কুর্যাৎ। যদি অন্যত্রে তিষ্ঠসি। স নক্তে ন গচ্ছতি। সময়ং বৃথাং ন নয়েৎ।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—(প্রত্যেক বাক্যে অন্ততঃ একটি অব্যয় থাকিবে)

কেন তুমি এখানে আসিয়াছ ? আমি যখনই যাই তখনই তাহাকে দেখি। তৎসত্ত্বেও আমি তাহাকে স্মরণ করি। সে অতি কষ্টে ইহা করে। শিক্ষক মহাশয় তাঁহার ছাত্রের সহিত আসিতেছেন। তুমি ভাল আছ ত ? তুমি আমাকে দেখিতেছ কি ? কেন বৃথা রোদন করিতেছ ? তুমি কখন যাইবে ? আমি রাত্রে অথবা ভোরে যাইব। তুমি কি পড়িতেছ ? হ্যাঁ। সে গতকাল সন্ধ্যায় এখানে আসিয়াছে। আমরা অত্যন্ত আশ্চর্যান্বিত হইলাম। নীরব হও। সিংহটি বনের নিকটে গেল। বট গাছের নীচে লোকটি উপবিষ্ট। সে ভাল বলিতে পারে। সর্বদা দরিদ্রের প্রতি সদয় হও। আমরা একত্র বাস করি। সে দরিদ্র কিন্তু সাধু। এইরূপ বলিয়া সে চলিয়া গেল। অথবা ইহা ভালই বলা হইয়াছে। রামচন্দ্র বিশ্বামিত্রের সহিত অযোধ্যার বাহিরে গেল।

৪। বাংলা অনুবাদ কর :—

অচিরাৎ আগতঃ কাকঃ। কথং ভবান্ তূষ্ণীং তিষ্ঠতি। ন বৃথা ভ্রমণং কুর্যাৎ। সকৃৎ স মিথ্যা আচরিতবান্। সপদি বিপদি পততি যঃ হিতোপদেশং ন শৃণোতি। দিষ্ট্যা স কদাপি অন্যায্যং নাচরতি। যথা দৃষ্টং শ্রুতং বা তদঞ্জসা বদ। শনৈঃ পন্থাঃ শনৈঃ পন্থাঃ শনৈঃ পর্বতলঙ্ঘনম্। অদ্য প্রভৃতি ত্বং মম ছাত্রঃ। যাবৎ পঠিষ্যসি তাবৎ জ্ঞাস্যসি। ভোঃ পথিক ! অপি ত্বং রাজ-গৃহাৎ আগতঃ ? অথ কিম্। দুর্ভিক্ষসময়ে দরিদ্রাঃ কথমপি ন জীবন্তি।

৫। অব্যয় পদ প্রয়োগ করিয়া শূন্যস্থান পূরণ কর :—

দীনং—সদয়ঃ ভব। গ্রামং—নদী। আসীৎ—দশরথ্—নৃপতিঃ। —শয্যাং ত্যজ। শ্রমং—বিদ্যা ন ভবতি। —জীবতি ভবান্। ইয়ং—মহতাং প্রার্থনা। রামম্—লক্ষ্মণঃ জাতঃ। অহং—তব পুত্রান্ নীতিশাস্ত্রজ্ঞান্ ন করোমি—স্বনামত্যাগং করিষ্যামি।

ষষ্ঠ অধ্যায়

তিঙন্ত প্রকরণ

ক্রিয়াপদ নিরূপণের সময় (৩৫ পৃষ্ঠা) বলা হইয়াছে ধাতুর উত্তর তিঙ্ বিভক্তি যুক্ত হইলে তিঙন্ত পদ হয়। তিঙ্ বিভক্তি লট্, লোট্ ইত্যাদি দশভাগে বিভক্ত। উহা আবার পরস্মৈপদ ও আত্মনেপদ ভেদে দুই প্রকার।

ক্রিয়া যে সময় অনুষ্ঠিত হয় তাহাকে কাল বলে। কাল সাধারণতঃ বর্তমান, ভবিষ্যৎ ও অতীত ভেদে তিন প্রকার।

বর্তমান বুঝাইলে লট্ ব্যবহার হয়, যথা,—নরঃ গচ্ছতি—মানুষটি যায় বা যাইতেছে। বাংলায় যেরূপ ঘটমান বর্তমান এবং ইংরেজীতে Present Continuous আছে, সংস্কৃতে সেরূপ নাই, সংস্কৃতে সেস্থানে লট্-এর ব্যবহার হয়।

আদেশ বা অনুজ্ঞা বুঝাইলে এবং ইংরেজীতে যেখানে let বা may হয় সেখানে সংস্কৃতে লোট্ ব্যবহার হয়, যথা—সে যাউক বা যাইতে পারে—Let him go—স গচ্ছতু। বাড়ী যাও—Go home—গৃহং গচ্ছ।

ভবিষ্যৎ কাল বুঝাইলে ৯ৃট্-এর ব্যবহার হয়, যথা—সে যাইবে—সঃ গমিষ্যতি; ভবিষ্যৎ কাল বুঝাইলে কোনও কোনও স্থলে লুট্-এর ব্যবহার হয়।

অতীতকাল বুঝাইলে লঙ্-এর ব্যবহার হয়, যথা—মানুষটি গিয়াছিল—নরঃ অগচ্ছৎ।

আজকের দিনের অতীত ঘটনা বুঝাইলে লুঙ্-এর ব্যবহার হয়, যথা—অদ্য প্রাতঃ বৃষ্টিঃ অভূৎ—আজ সকালে বৃষ্টি হইয়াছিল।

সুদূর অতীতের ঘটনা বুঝাইলে লিট্ ব্যবহার হয় যথা—রাম সীতার সহিত বনে গিয়াছিলেন—রামঃ সীতয়া সহ বনং জগাম।

উচিত, বিধি, প্রার্থনা, সম্ভাবনা প্রভৃতি অর্থে বিধিলিঙ্ হয়, যথা—তাহার বাড়ী যাওয়া উচিত—স গৃহং গচ্ছেৎ।

প্রথম পুরুষ বা নাম পুরুষ (Third person), মধ্যম পুরুষ (Second person) ও উত্তম পুরুষ (First person), ক্রিয়ার এই তিনটি পুরুষ এবং প্রত্যেক

পুরুষের আবার একবচন, দ্বিবচন ও বহুবচন, এই তিনটি বচন আছে। সুতরাং লট্, লোট্ প্রভৃতির প্রত্যেকটিতে পরস্মৈপদে নয়টি ও আত্মনেপদে নয়টি আকৃতি আছে। পরস্মৈপদে দশ লকারে মোট ৯০টি এবং আত্মনেপদে ৯০টি মিলিয়া তিঙ্ বিভক্তির আকৃতি ১৮০। তন্মধ্যে লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ ও লৃট্ বিভক্তি জানিলেই মোটামুটি কাজ চলিয়া যায়।

বিভক্তির আকৃতি

লট্—বর্তমান কাল, পরস্মৈপদ

	প্রথম বা নাম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	তি	সি	মি
দ্বিবচন	তস্ (তঃ)	থস্ (থঃ)	বস্ (বঃ)
বহুবচন	অন্তি	থ	মস্ (মঃ)

লট্—বর্তমান কাল, আত্মনেপদ

একবচন	তে	সে	এ
দ্বিবচন	আতে	আথে	বহে
বহুবচন	অন্তে	ধ্বে	মহে

লোট্—অনুজ্ঞা বা আদেশ, পরস্মৈপদ

একবচন	তু	হি	আনি
দ্বিবচন	তাম্	তম্	আব
বহুবচন	অন্তু	ত	আম

লোট্—অনুজ্ঞা বা আদেশ, আত্মনেপদ

একবচন	তাম্	স্ব	ঐ
দ্বিবচন	আতাম্	আথাম্	আবহৈ
বহুবচন	অন্তাম্	ধ্বম্	আমহৈ

	লঙ—অতীত কাল, পরস্মৈপদ			**লঙ**—অতীত কাল, আত্মনেপদ		
	প্রঃ বা নাম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ	প্রঃ বা নাম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	দ (ৎ)	স্ (ঃ)	অম	ত	থাস্ (থাঃ)	ই
দ্বিবচন	তাম	তম	ব	আতাম	আথাম	বহি
বহুবচন	অন	ত	ম	অন্ত	ধ্বম	মহি

	বিধিলিঙ—বিধি বা উচিত, পরস্মৈপদ			**বিধিলিঙ**—বিধি, উচিত, আত্মনেপদ		
একবচন	যাৎ	যাস্ (যাঃ)	যাম	ঈত	ঈথাস্	ঈয
দ্বিবচন	যাতাম	যাতম	যাব	ঈয়াতাম	ঈয়াথাম	ঈবহি
বহুবচন	যুস্ (যুঃ)	যাত	যাম	ঈরন	ঈধ্বম	ঈমহি

	লৃট—ভবিষ্যৎ, পরস্মৈপদ			**লৃট**—ভবিষ্যৎ, আত্মনেপদ		
একবচন	স্যতি	স্যসি	স্যামি	স্যতে	স্যসে	স্যে
দ্বিবচন	স্যতস্ (স্যতঃ)	স্যথস্ (স্যথঃ)	স্যাবস্, স্যাবঃ	(স্যেতে)	স্যেথে	স্যাবহে
বহুবচন	স্যন্তি	স্যথ	স্যামস্, (স্যামঃ)	স্যন্তে	স্যধ্বে	স্যামহে

ধাতুরূপ
ভ্বাদিগণীয় ধাতু

সাধারণ নিয়ম—ভ্বাদিগণীয় ধাতুর উত্তর তি, তস্, অন্তি প্রভৃতির পূর্বে অ-কারের আগম হয়। পঠ্+অ+তি=পঠতি। তিঙ্ বিভক্তির ব ও ম পরে থাকিলে অকার স্থানে আকার হয়, পঠ্+অ+মি=পঠ্+আ+মি=পঠামি। স্বরান্ত ধাতু হইলে উক্ত স্বরের গুণ হয়, ভূ+অ+তি=ভো+অ+তি=ও-কার-স্থানে অব্, ভ্+অব্+অ+তি=ভবতি।

ভূ-ধাতু—হওয়া, থাকা (To be, to exist) পরস্মৈপদী

লট্—বর্তমান কাল

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভবতি	ভবসি	ভবামি
দ্বিবচন	ভবতঃ	ভবথঃ	ভবাবঃ
বহুবচন	ভবন্তি	ভবথ	ভবামঃ

লোট্—আদেশ বা অনুজ্ঞা, পরস্মৈপদ

	প্রথম বা নাম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভবতু	ভব	ভবানি
দ্বিবচন	ভবতাম্	ভবতম্	ভবাব
বহুবচন	ভবন্তু	ভবত	ভবাম

লঙ্—অতীত অর্থে, পরস্মৈপদ

একবচন	অভবৎ	অভবঃ	অভবম্
দ্বিবচন	অভবতাম্	অভবতম্	অভবাব
বহুবচন	অভবন্	অভবত	অভবাম

বিধিলিঙ্—বিধি বা উচিতার্থে, পরস্মৈপদ

একবচন	ভবেৎ	ভবেঃ	ভবেয়ম্
দ্বিবচন	ভবেতাম্	ভবেতম্	ভবেব
বহুবচন	ভবেয়ুঃ	ভবেত	ভবেম

লৃট্—ভবিষ্যদর্থে, পরস্মৈপদ

একবচন	ভবিষ্যতি	ভবিষ্যসি	ভবিষ্যামি
দ্বিবচন	ভবিষ্যতঃ	ভবিষ্যথঃ	ভবিষ্যাবঃ
বহুবচন	ভবিষ্যন্তি	ভবিষ্যথ	ভবিষ্যামঃ

অনুবাদ প্রণালী

ক্রিয়াপদ প্রয়োগ

১। কর্তৃবাচ্যে ক্রিয়াপদ প্রয়োগ করিবার সময় প্রথমে লক্ষ্য করিবে কোন্ ধাতু ও কোন্ কাল হইবে। যাই, যাইতেছি প্রভৃতি থাকিলে গম ধাতু ও বর্তমান কাল বুঝায়, গম্ ধাতুর লট্ এর প্রয়োগ হইবে, গচ্ছতি প্রভৃতি।

গিয়াছে, গিযাছিল, যাইতেছিল, যাইত প্রভৃতি থাকিলে অতীত কাল বুঝায়, উহাতে লঙ্-এর প্রয়োগ হইবে, অগচ্ছৎ ইত্যাদি।

আদেশ বা অনুজ্ঞা বুঝাইলে, (যথা-যাও, যাইতে পার, যাউক প্রভৃতি) লোট্-এর প্রয়োগ হইবে, গচ্ছতু, গচ্ছ ইত্যাদি।

বিধি, উচিত প্রভৃতি অর্থ বুঝাইলে বিধিলিঙ-এর প্রয়োগ হইবে। গচ্ছেৎ ইত্যাদি।

যাইবে, খাইবে প্রভৃতি থাকিলে ভবিষ্যৎ কাল বুঝায়, উহাতে লৃট্-এর প্রয়োগ হইবে, গমিষ্যতি ইত্যাদি।

২। এখন লক্ষ্য কবিবে কর্তা কোন্ পুরুষ। আমি, আমরা কর্তা হইলে উত্তম পুরুষ—অহম্, আবাম্, বয়ম ইত্যাদি। কর্তা তুমি, তোমরা হইলে মধ্যম পুরুষ, ত্বম্, যুবাম্, যূয়ম্ ইত্যাদি।

সে, তাহারা, বালক, বালকেরা প্রভৃতি কর্তা হইলে প্রথম পুরুষ,—সঃ, তে, বালকঃ, বালকৌ, বালকাঃ ইত্যাদি।

আমি, আমরা কর্তা হইলে, ক্রিয়া উত্তম পুরুষের হইবে—গচ্ছামি ইত্যাদি।

তুমি, তোমরা কর্তা হইলে ক্রিয়া মধ্যম পুরুষের হইবে—গচ্ছসি ইত্যাদি।

সে, তাহারা, বালক, বালকেরা কর্তা হইলে, ক্রিয়া প্রথম পুরুষ বা নাম পুরুষের হইবে—গচ্ছতি ইত্যাদি।

মনে রাখিবে সংস্কৃতে ভবান্ বা আপনি প্রথম পুরুষ, সুতরাং উহা কর্তা হইলে ক্রিয়া প্রথম পুরুষের হইবে—ভবান্ গচ্ছতি, ভবান্ গচ্ছতু ইত্যাদি।

৩। তারপর লক্ষ্য করিবে কর্তা কোন্ বচন অর্থাৎ কর্তা কতজন। সংস্কৃতে বচন তিনটি—একবচন, দ্বিবচন ও বহুবচন। কর্তা একজন হইলে ক্রিয়া একবচন, কর্তা দুইজন হইলে ক্রিয়া দ্বিবচন ও কর্তা বহু হইলে ক্রিয়া বহুবচন হইবে।

আমি যাই—এই বাক্যে কর্তা 'আমি' উত্তম পুরুষ, একবচন, সুতরাং ক্রিয়াও উত্তম পুরুষ একবচন হইবে। যাই 'গম্' ধাতুর বর্তমান কাল বুঝায় সুতরাং গম্ ধাতুর লট্-এর উত্তম পুরুষের একবচন হইবে—

লট্—অহং গচ্ছামি—আমি যাই বা যাইতেছি। এইরূপ—

আমরা দুইজন যাই বা যাইতেছি—আবাম্ গচ্ছাবঃ।

আমরা যাই বা যাইতেছি—বয়ং গচ্ছামঃ।

তুমি যাও বা যাইতেছ—ত্বং গচ্ছসি।

তোমরা দুইজন যাও বা যাইতেছ—যুবাম্ গচ্ছথঃ।

তোমরা যাও বা যাইতেছ—যূয়ম্ গচ্ছথ।

বালক যায় বা যাইতেছে—বালকঃ গচ্ছতি।

বালক দুইটি যায় বা যাইতেছে—বালকৌ গচ্ছতঃ।

বালকেরা যায় বা যাইতেছে—বালকাঃ গচ্ছন্তি।

লোট্—সে বাড়ী যাউক—সঃ গৃহং গচ্ছতু।

(তুমি) বাড়ী যাও—(ত্বম্) গৃহং গচ্ছ।

আমার যাওয়া হউক—অহং গচ্ছানি।

লঙ্—সে বাড়ী গিয়াছিল—সঃ গৃহম্ অগচ্ছৎ।

তুমি বাড়ী গিয়াছিলে—ত্বং গৃহম্ অগচ্ছঃ।

আমি বাড়ী গিয়াছিলাম—অহং গৃহম্ অগচ্ছম্।

বিধিলিঙ্—তাহার বাড়ী যাওয়া উচিত—সঃ গৃহং গচ্ছেৎ।

তোমার বাড়ী যাওয়া উচিত—ত্বং গৃহং গচ্ছেঃ।

আমার বাড়ী যাওয়া উচিত—অহং গৃহং গচ্ছেয়ম্।

লৃট্—সে বাড়ী যাইবে—সঃ গৃহং গমিষ্যতি।

তুমি বাড়ী যাইবে—ত্বং গৃহং গমিষ্যসি।

আমি বাড়ী যাইব—অহং গৃহং গমিষ্যামি।

৪। একবচনান্ত কর্তা দুইজন হইলে এবং চ-দ্বারা সংযুক্ত হইলে ক্রিয়া দ্বিবচনান্ত হইবে—রামঃ শ্যামশ্চ গচ্ছতঃ। রামঃ শ্যামশ্চ মূর্খৌ ভবতঃ।

একবচনান্ত দুই-এর অধিক কর্তা হইলে ক্রিয়া বহুবচনান্ত হইবে, যথা রাম, শ্যাম ও যদু মূর্খ—রামঃ শ্যামঃ যদুশ্চ মূর্খাঃ ভবন্তি।

(চ এবং বা এই অব্যয় দুইটি বাংলার মত দুইটির মাঝখানে বসিবে না। হয় প্রত্যেকের সঙ্গে, না হয় শেষে বসিবে, যথা—রামঃ শ্যামশ্চ অথবা রামশ্চ শ্যামশ্চ কিন্তু বাংলার মত রামশ্চ শ্যামঃ এরূপ হইবে না। রামঃ শ্যামঃ বা, রামঃ বা শ্যামঃ বা কিন্তু রামঃ বা শ্যামঃ হইবে না।)।

৫। একবচনান্ত একাধিক কর্তা 'বা' দ্বারা যুক্ত হইলে ক্রিয়া একবচনান্ত হইবে—রাম বা শ্যাম যাইবে—রামঃ শ্যামঃ বা গমিষ্যতি। রাম, শ্যাম বা হরি যাইবে—রামঃ, শ্যামঃ, হরিঃ বা গমিষ্যতি।

৬। কর্তা প্রথম পুরুষ ও মধ্যম পুরুষ হইলে ক্রিয়া মধ্যম পুরুষ অনুযায়ী হইবে এবং বচন নিরূপণ হইবে কর্তৃগত সংখ্যা যোগ করিয়া, যথা—

রাম, শ্যাম ও তুমি যাইতেছ—রামঃ শ্যামঃ ত্বং চ গমিষ্যথ।

রাম ও তোমরা যাইতেছ—রামঃ যূয়ং চ গচ্ছথ।

রাম ও তোমরা দুইজন যাইতেছ—রামঃ যুবাং চ গচ্ছথ।

৭। কর্তা প্রথম ও উত্তম পুরুষ, মধ্যম ও উত্তম পুরুষ অথবা প্রথম, মধ্যম ও উত্তম পুরুষ হইলে, ক্রিয়া উত্তম পুরুষের হইবে, এবং কর্তৃগত সমস্ত সংখ্যা অবলম্বন করিয়া ক্রিয়ার বচন নিরূপণ করিতে হইবে, প্রথমে প্রথম পুরুষ তারপরে মধ্যম পুরুষ ও শেষে উত্তম পুরুষের কর্তা বসিবে। বাংলাতেও এই নিয়ম। আমি ও সে যাইবে এরূপ প্রয়োগ হয় না। 'সে ও আমি যাইব' এরূপ প্রয়োগ হইবে। সে ও আমি যাইব—সঃ অহং চ গমিষ্যাবঃ, তুমি ও আমি যাইব—ত্বম্ অহং চ গমিষ্যাবঃ। রাম তুমি ও আমি যাইব—রামঃ ত্বম্ অহং চ গমিষ্যামঃ।

৮। কর্তৃপদ চ-দ্বারা সংযুক্ত হইলে ক্রিয়াপদের বচন, কর্তৃগত মোট সংখ্যা অনুযায়ী হয়, আবার কখনও কখনও নিকটবর্তী কর্তৃপদের অনুরূপ হয়, রামঃ শ্যামশ্চ গচ্ছতঃ কিংবা গচ্ছতি। কিন্তু রামশ্যামৌ এইরূপ সমাসবদ্ধ থাকিলে রাম-শ্যামৌ গচ্ছতঃ হইবে। অহশ্চ রাত্রিশ্চ উভে চ সন্ধ্যে ধর্মশ্চ জানাতি নরস্য বৃত্তম্——এখানে নিকটবর্তী কর্তা ধর্মঃ, সেই অনুসারে ক্রিয়ার একবচন হইয়াছে।

৯। কর্তৃপদের বিভিন্ন পুরুষ ও বচন হইলে এবং 'বা' যুক্ত হইলে নিকটবর্তী কর্তৃপদের মত পুরুষ ও বচন হয়—তাহারা বা ইনি যান—তে বা অয়ং বা গচ্ছতু। সে বা তোমরা যাও—স বা যূয়ং বা গচ্ছত। তাহারা বা আমরা যাইব—তে

বা বয়ং বা গমিষ্যামঃ। সে বা এই বালকেরা ফলটি খাউক—সঃ বা এতে বালকাঃ বা ফলং খাদন্তু।

কোনও বাক্যে কর্তৃপদের প্রয়োগ না থাকিলে কর্তৃবাচ্যস্থলে ক্রিয়াপদ দেখিয়া কর্তার পুরুষ ও বচন নির্ণয় করা যায়, যথা, গচ্ছামি বলিলে উহার কর্তা উত্তম পুরুষ ও একবচন অর্থাৎ 'অহম্' ইহা বুঝা যায়; এইরূপ 'গচ্ছ' বলিলে ইহার কর্তা মধ্যম পুরুষ একবচন অর্থাৎ "ত্বম্" ইহা জানা যায়।

১০। সংস্কৃতে সকল ধাতুরই করোতি অর্থ, যথা—গচ্ছতি—গমনং করোতি পিবতি—পানং করোতি, হসতি—হাস্যং করোতি, সুতরাং কোনও ধাতু ও তাহার রূপ মনে না থাকিলে ঐ ধাতু হইতে নিষ্পন্ন ক্রিয়াবাচক বিশেষ্যকে ঐ রূপে প্রকাশ করিয়া কৃ ধাতুর রূপ যোগ করিয়া অনুবাদ করা যায়। অগচ্ছৎ বা অদদাৎ মনে না থাকিলে গমনম্ অকরোৎ, দানম্ অকরোৎ প্রভৃতি প্রয়োগ করিয়া অনুবাদ করা চলে। তবে এখানে লক্ষ্য রাখিতে হইবে, যদি ঐ ক্রিয়ার কর্ম থাকে তাহা হইলে সেখানে কৃদন্ত শব্দের যোগে 'কর্তৃকর্মণোঃ কৃতি' এই সূত্র অনুসারে কর্মে ষষ্ঠী বিভক্তি হইবে, জলং পিবতি—জলস্য পানং করোতি, জলং পানং করোতি হইবে না কারণ, কৃ ধাতু দ্বিকর্মক নহে, তাই উহার দুইটি কর্ম জলম্, পানম্ হইতে পারে না। এইরূপ—গ্রামং গচ্ছতি—গ্রামস্য গমনং করোতি, ওদনম্ অভক্ষয়ৎ—ওদনস্য ভক্ষণম্ অকরোৎ। নগরং ব্রজেৎ—নগরস্য ব্রজনং কুর্যাৎ।

১১। অনুবাদের সময় ইহাও লক্ষ্য করা দরকার যে বিভিন্ন লিঙ্গের একাধিক বিশেষ্য পদের, একটি বিশেষণ হইলে, উক্ত বিশেষণ পদে বিশেষ্য পদের সংখ্যার সমষ্টি অনুসারে বচন হইবে—পিতা মাতা মিত্রং চ সুখদানি। বিশেষ্যপদ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ হইলে বিশেষণ পুংলিঙ্গ এবং বচন বিশেষ্যগত সমষ্টি সংখ্যা অনুসারে হইবে—মাতা পিতা চ গরীয়াংসৌ। বিশেষ্যপদে একটিও যদি ক্লীবলিঙ্গ হয় তবে বিশেষণ ক্লীবলিঙ্গ হইবে। বচন পূর্বোক্ত নিয়মে হইবে।

আবার কখনও কখনও নিকটবর্তী বিশেষ্যের অনুরূপ লিঙ্গ ও বচন, বিশেষণ পদে দেখা যায়, যথা—বালকঃ বালিকা মিত্রং চ মনোহরম্। উদ্দেশ্য ও বিধেয় ভিন্ন হইলে ক্রিয়া উদ্দেশ্যের অনুসারে হয়—বৃক্ষঃ পঞ্চনৌকাঃ ভবতি (ভবন্তি হইবে না)।

বদ্—বলা (To say) পরস্মৈপদ, জি—জয় করা (To win) পরস্মৈপদ

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
		লট			লট্	
একবচন	বদতি	বদসি	বদামি	জয়তি	জয়সি	জয়ামি
দ্বিবচন	বদতঃ	বদথঃ	বদাবঃ	জয়তঃ	জয়থঃ	জয়াবঃ
বহুবচন	বদন্তি	বদথ	বদামঃ	জয়ন্তি	জয়থ	জয়ামঃ
		লোট			লোট্	
একবচন	বদতু	বদ	বদানি	জয়তু	জয়	জয়ানি
দ্বিবচন	বদতাম	বদতম	বদাব	জয়তাম্	জয়তম্	জয়াব
বহুবচন	বদন্তু	বদত	বদাম	জয়ন্তু	জয়ত	জয়াম
		লঙ্			লঙ্	
একবচন	অবদৎ	অবদঃ	অবদম্	অজয়ৎ	অজয়ঃ	অজয়ম্
দ্বিবচন	অবদতাম	অবদতম	অবদাব	অজয়তাম	অজয়তম	অজয়াব
বহুবচন	অবদন্	অবদত	অবদাম	অজয়ন	অজয়ত	অজয়াম
		বিধিলিঙ্			বিধিলিঙ্	
একবচন	বদেৎ	বদেঃ	বদেযম্	জয়েৎ	জয়েঃ	জয়েয়ম্
দ্বিবচন	বদেতাম্	বদেতম্	বদেব	জয়েতাম্	জয়েতম্	জয়েব
বহুবচন	বদেযুঃ	বদেত	বদেম	জয়েযুঃ	জয়েত	জয়েম
		লৃট			লৃট্	
একবচন	বদিষ্যতি	বদিষ্যসি	বদিষ্যামি	জেষ্যতি	জেষ্যসি	জেষ্যামি
দ্বিবচন	বদিষ্যতঃ	বদিষ্যথঃ	বদিষ্যাবঃ	জেষ্যতঃ	জেষ্যথঃ	জেষ্যাবঃ
বহুবচন	বদিষ্যন্তি	বদিষ্যথ	বদিষ্যামঃ	জেষ্যন্তি	জেষ্যথ	জেষ্যামঃ

গম্—যাওয়া (To go) — লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এ গম স্থানে গচ্ছ্ আদেশ হয়।

দৃশ্—দেখা (To see) — লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এ দৃশ্ স্থানে পশ্য্ আদেশ হয়।

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
		লট্			লট্	
একবচন	গচ্ছতি	গচ্ছসি	গচ্ছামি	পশ্যতি	পশ্যসি	পশ্যামি
দ্বিবচন	গচ্ছতঃ	গচ্ছথঃ	গচ্ছাবঃ	পশ্যতঃ	পশ্যথঃ	পশ্যাবঃ
বহুবচন	গচ্ছন্তি	গচ্ছথ	গচ্ছামঃ	পশ্যন্তি	পশ্যথ	পশ্যামঃ

	লোট্			লোট্		
একবচন	গচ্ছতু	গচ্ছ	গচ্ছানি	পশ্যতু	পশ্য	পশ্যানি
দ্বিবচন	গচ্ছতাম্	গচ্ছতম্	গচ্ছাব	পশ্যতাম্	পশ্যতম্	পশ্যাব
বহুবচন	গচ্ছন্তু	গচ্ছত	গচ্ছাম	পশ্যন্তু	পশ্যত	পশ্যাম

	লঙ্			লঙ্		
একবচন	অগচ্ছৎ	অগচ্ছঃ	অগচ্ছম্	অপশ্যৎ	অপশ্যঃ	অপশ্যম্
দ্বিবচন	অগচ্ছতাম্	অগচ্ছতম্	অগচ্ছাব	অপশ্যতাম্	অপশ্যতম	অপশ্যাব
বহুবচন	অগচ্ছন	অগচ্ছত	অগচ্ছাম	অপশ্যন্	অপশ্যত	অপশ্যাম

	বিধিলিঙ্			বিধিলিঙ্		
একবচন	গচ্ছেৎ	গচ্ছেঃ	গচ্ছেয়ম্	পশ্যেৎ	পশ্যেঃ	পশ্যেয়ম্
দ্বিবচন	গচ্ছেতাম্	গচ্ছেতম্	গচ্ছেব	পশ্যেতাম্	পশ্যেতম্	পশ্যেব
বহুবচন	গচ্ছেয়ুঃ	গচ্ছেত	গচ্ছেম	পশ্যেয়ুঃ	পশ্যেত	পশ্যেম

	লৃট্			লৃট্		
একবচন	গমিষ্যতি	গমিষ্যসি	গমিষ্যামি	দ্রক্ষ্যতি	দ্রক্ষ্যসি	দ্রক্ষ্যামি
দ্বিবচন	গমিষ্যতঃ	গমিষ্যথঃ	গমিষ্যাবঃ	দ্রক্ষ্যতঃ	দ্রক্ষ্যথঃ	দ্রক্ষ্যাবঃ
বহুবচন	গমিষ্যন্তি	গমিষ্যথ	গমিষ্যামঃ	দ্রক্ষ্যন্তি	দ্রক্ষ্যথ	দ্রক্ষ্যামঃ

স্থা—থাকা (To stay) **পা—পান করা (To drink)**

লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্এ স্থা স্থানে তিষ্ঠ্ হয়। লট্ লোট্ লঙ্ ও বিধিলিঙ্ এ পা স্থানে পিব্ হয়।

	লট্			লট্		
একবচন	তিষ্ঠতি	তিষ্ঠসি	তিষ্ঠামি	পিবতি	পিবসি	পিবামি
দ্বিবচন	তিষ্ঠতঃ	তিষ্ঠথঃ	তিষ্ঠাবঃ	পিবতঃ	পিবথঃ	পিবাবঃ
বহুবচন	তিষ্ঠন্তি	তিষ্ঠথ	তিষ্ঠামঃ	পিবন্তি	পিবথ	পিবামঃ

	লোট্			লোট্		
একবচন	তিষ্ঠতু	তিষ্ঠ	তিষ্ঠানি	পিবতু	পিব	পিবানি
দ্বিবচন	তিষ্ঠতাম্	তিষ্ঠতম্	তিষ্ঠাব	পিবতাম্	পিবতম্	পিবাব
বহুবচন	তিষ্ঠন্তু	তিষ্ঠত	তিষ্ঠাম	পিবন্তু	পিবত	পিবাম

	লঙ্			লঙ্		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	অতিষ্ঠৎ	অতিষ্ঠঃ	অতিষ্ঠম্	অপিবৎ	অপিবঃ	অপিবম
দ্বিবচন	অতিষ্ঠতাম	অতিষ্ঠতম্	অতিষ্ঠাব	অপিবতাম্	অপিবতম	অপিবাব
বহুবচন	অতিষ্ঠন	অতিষ্ঠত	অতিষ্ঠাম	অপিবন	অপিবত	অপিবাম

	বিধিলিঙ্			বিধিলিঙ্		
একবচন	তিষ্ঠেৎ	তিষ্ঠেঃ	তিষ্ঠেয়ম	পিবেৎ	পিবেঃ	পিবেয়ম
দ্বিবচন	তিষ্ঠেতাম	তিষ্ঠেতম	তিষ্ঠেব	পিবেতাম	পিবেতম	পিবেব
বহুবচন	তিষ্ঠেযুঃ	তিষ্ঠেত	তিষ্ঠেম	পিবেযুঃ	পিবেত	পিবেম

	লৃট			লৃট্		
একবচন	স্থাস্যতি	স্থাস্যসি	স্থাস্যামি	পাস্যতি	পাস্যসি	পাস্যামি
দ্বিবচন	স্থাস্যতঃ	স্থাস্যথঃ	স্থাস্যাবঃ	পাস্যতঃ	পাস্যথঃ	পাস্যাবঃ
বহুবচন	স্থাস্যন্তি	স্থাস্যথ	স্থাস্যামঃ	পাস্যন্তি	পাস্যথ	পাস্যামঃ

সেব—সেবা করা (To serve) আত্মনেপদী

আত্মনেপদে ভ্বাদিগণীয় ধাতুর উত্তর অ হয়। আতে, আথে প্রভৃতি বিভক্তিতে আ স্থানে এ হয়। সেব্ + আতে = সেব্ + এতে = সেবেতে।

লট্ বর্ত্তমানকাল

	প্রথম বা নাম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	সেবতে	সেবসে	সেবে
দ্বিবচন	সেবেতে	সেবেথে	সেবাবহে
বহুবচন	সেবন্তে	সেবধ্বে	সেবামহে

লোট্—অনুজ্ঞা

একবচন	সেবতাম্	সেবস্ব	সেবৈ
দ্বিবচন	সেবেতাম	সেবেথাম্	সেবাবহৈ
বহুবচন	সেবন্তাম্	সেবধ্বম্	সেবামহৈ

লঙ্—অতীতকাল

একবচন	অসেবত	অসেবথাঃ	অসেবে
দ্বিবচন	অসেবেতাম্	অসেবেথাম্	অসেবাবহি
বহুবচন	অসেবন্ত	অসেবধ্বম্	অসেবামহি

বিধিলিঙ্—বিধি অর্থে

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	সেবেত	সেবেথাঃ	সেবেয়
দ্বিবচন	সেবেয়াতাম্	সেবেয়াথাম্	সেবেবহি
বহুবচন	সেবেরন্	সেবেধ্বম্	সেবেমহি

লৃট্—ভবিষ্যৎ অর্থে

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	সেবিষ্যতে	সেবিষ্যসে	সেবিষ্যে
দ্বিবচন	সেবিষ্যেতে	সেবিষ্যেথে	সেবিষ্যাবহে
বহুবচন	সেবিষ্যন্তে	সেবিষ্যধ্বে	সেবিষ্যামহে

যাচ—যাচ্ঞা করা, প্রার্থনা করা (To Pray) আত্মনেপদী

লট্—বর্তমানকাল অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	যাচতে	যাচসে	যাচে
দ্বিবচন	যাচেতে	যাচেথে	যাচাবহে
বহুবচন	যাচন্তে	যাচধ্বে	যাচামহে

লোট্—অনুজ্ঞা বা আদেশ অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	যাচতাম	যাচস্ব	যাচৈ
দ্বিবচন	যাচেতাম	যাচেথাম্	যাচাবহৈ
বহুবচন	যাচন্তাম্	যাচধ্বম্	যাচামহৈ

লঙ্—অতীতকাল অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অযাচত	অযাচথাঃ	অযাচে
দ্বিবচন	আযাচেতাম্	আযাচেথাম্	অযাচাবহি
বহুবচন	অযাচন্ত	অযাচধ্বম্	অযাচামহি

বিধিলিঙ্—বিধি বা উচিতার্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	যাচেত	যাচেথাঃ	যাচেয়
দ্বিবচন	যাচেয়াতাম্	যাচেয়াথাম্	যাচেবহি
বহুবচন	যাচেরন্	যাচেধ্বম	যাচেমহি

লৃট—ভবিষ্যৎকাল অর্থে

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	যাচিষ্যতে	যাচিষ্যসে	যাচিষ্যে
দ্বিবচন	যাচিষ্যেতে	যাচিষ্যেথে	যাচিষ্যাবহে
বহুবচন	যাচিষ্যন্তে	যাচিষ্যধ্বে	যাচিষ্যামহে

পঠ্—পড়া, পাঠকরা, (To read) পরস্মৈপদী

লট্—পঠতি পঠতঃ পঠন্তি ; পঠসি পঠথঃ পঠথ ; পঠামি পঠাবঃ পঠামঃ।

লোট্—পঠতু পঠতাম্ পঠন্তু ; পঠ পঠতম্ পঠত ; পঠানি পঠাব পঠাম।

লঙ্—অপঠৎ অপঠতাম্ অপঠন্ ; অপঠঃ অপঠতম্ অপঠত ; অপঠম্ অপঠাব অপঠাম।

বিধিলিঙ্—পঠেৎ পঠেতাম্ পঠেয়ুঃ ; পঠেঃ পঠেতম্ পঠেত , পঠেয়ম্ পঠেব পঠেম।

লৃট্—পঠিষ্যতি পঠিষ্যতঃ পঠিষ্যন্তি , পঠিষ্যসি পঠিষ্যথঃ পঠিষ্যথ পঠিষ্যামি পঠিষ্যাবঃ পঠিষ্যামঃ।

পত্—পতিত হওয়া (To fall) পরস্মৈপদী

লট্—পততি পততঃ পতন্তি , পতসি পতথঃ পতথ ; পতামি পতাবঃ পতামঃ।

লোট্—পততু পততাম্ পতন্তু ; পত পততম্ পতত , পতানি পতাব পতাম।

লঙ্—অপতৎ অপততাম্ অপতন্ , অপতঃ অপততম্ অপতত ; অপতম্ অপতাব অপতাম।

বিধিলিঙ্—পতেৎ পতেতাম্ পতেয়ুঃ ; পতেঃ পতেতম্ পতেত , পতেয়ম্ পতেব পতেম।

লৃট্—পতিষ্যতি পতিষ্যতঃ পতিষ্যন্তি ; পতিষ্যসি পতিষ্যথঃ পতিষ্যথ ; পতিষ্যামি পতিষ্যাবঃ পতিষ্যামঃ।

দা—দেওয়া, দান করা (To give)

ভ্বাদিগণীয় দাধাতুর লট্, লোট্ লঙ্ ও বিধিলিঙ্এ দা স্থানে যচ্ছ্ হয়—

লট্—যচ্ছতি যচ্ছতঃ যচ্ছন্তি ; যচ্ছসি যচ্ছথঃ যচ্ছথ ; যচ্ছামি যচ্ছাবঃ যচ্ছামঃ।

লোট্—যচ্ছতু যচ্ছতাম্ যচ্ছন্তু ; যচ্ছ যচ্ছতম্ যচ্ছত ; যচ্ছানি যচ্ছাব যচ্ছাম।

লঙ্—অযচ্ছৎ অযচ্ছতাম্ অযচ্ছন্; অযচ্ছঃ অযচ্ছতম্ অযচ্ছত; অযচ্ছম্ অযচ্ছাব অযচ্ছাম।

বিধিলিঙ্—যচ্ছেৎ যচ্ছেতাম্ যচ্ছেয়ুঃ; যচ্ছেঃ যচ্ছেতম্ যচ্ছেত; যচ্ছেয়ম্ যচ্ছেব যচ্ছেম।

লৃট্—দাস্যতি দাস্যতঃ দাস্যন্তি; দাস্যসি দাস্যথঃ দাস্যথ; দাস্যামি দাস্যাবঃ দাস্যামঃ।

লভ্—লাভ করা (To gain) আত্মনেপদী

লট্—লভতে লভেতে লভন্তে, লভসে লভেথে লভধ্বে; লভে লভাবহে লভামহে।

লোট্—লভতাম্ লভেতাম্ লভন্তাম্, লভস্ব লভেথাম্ লভধ্বম্; লভৈ লভাবহৈ লভামহৈ।

—অলভত অলভেতাম্ অলভন্ত, অলভথাঃ অলভেথাম্ অলভধ্বম্, অলভে অলভাবহি অলভামহি।

বিধিলিঙ্—লভেত লভেয়াতাম্ লভেরন, লভেথাঃ লভেয়াথাম্ লভেধ্বম্; লভেয় লভেবহি লভেমহি।

লৃট্—লপ্স্যতে লপ্স্যেতে লপ্স্যন্তে; লপ্স্যসে লপ্স্যেথে লপ্স্যধ্বে, লপ্স্যে লপ্স্যাবহে লপ্স্যামহে।

হৃ—হরণ করা (To take, To carry) পরস্মৈপদী

লট্—হরতি হরতঃ হরন্তি, হরসি হরথঃ হরথ; হরামি হরাবঃ হরামঃ।

লোট্—হরতু হরতাম্ হরন্তু; হর হরতম্ হরত; হরাণি হরাব হরাম।

লঙ্—অহরৎ অহরতাম্ অহরন্; অহরঃ অহরতম্ অহরত; অহরম্ অহরাব অহরাম।

বিধিলিঙ—হরেৎ হরেতাম্ হরেয়ুঃ; হরেঃ হরেতম্ হরেত; হরেয়ম্ হরেব হরেম।

লৃট্—হরিষ্যতি হরিষ্যতঃ হরিষ্যন্তি; হরিষ্যসি হরিষ্যথঃ হরিষ্যথ; হরিষ্যামি হরিষ্যাবঃ হরিষ্যামঃ।

সদ্—কষ্ট পাওয়া (To suffer) পরস্মৈপদী

লট্—সীদতি সীদতঃ সীদন্তি; সীদসি সীদথঃ সীদথ; সীদামি সীদাবঃ সীদামঃ।

লোট্ —সীদতু সীদতাম্ সীদন্তু, সীদ সীদতম্ সীদত, সীদানি সীদাব সীদাম।

লঙ্ —অসীদৎ অসীদতাম্ অসীদন্, অসীদঃ অসীদতম্ অসীদত; অসীদম অসীদাব অসীদাম।

বিধিলিঙ—সীদেৎ সীদেতাম সীদেয়ুঃ; সীদেঃ সীদেতম্ সীদেত, সীদেয়ম সীদেব সীদেম।

লৃট্—সংস্যতি সংস্যতঃ সংস্যন্তি, সংস্যসি সংস্যথঃ সংস্যথ, সংস্যামি সংস্যাবঃ সংস্যামঃ।

প্রচলিত কয়েকটি ভ্বাদিগণীয় ধাতুর লট, লোট, লঙ্, বিধিলিঙ ও লৃট এর প্রথম পুরুষ একবচনের রূপ—

ধাতু	অর্থ	লট	লোট্	লঙ্	বিধিলিঙ্	লৃট
অট্ (প)	যাওয়া	অটতি	অটতু	আটৎ	অটেৎ	অটিষ্যতি
অর্চ্ ,,	পূজা করা	অর্চতি	অর্চতু	আর্চৎ	অর্চেৎ	অর্চিষ্যতি
অর্জ্ ,,	অর্জন করা	অর্জতি	অর্জতু	আর্জৎ	অর্জেৎ	অর্জিষ্যতি
অর্হ ,,	যোগ্য হওয়া	অর্হতি	অর্হতু	আর্হৎ	অর্হেৎ	অর্হিষ্যতি
অব্ ,,	রক্ষা করা	অবতি	অবতু	আবৎ	অবেৎ	অবিষ্যতি
ঈক্ষ্ (আ)	দেখা	ঈক্ষতে	ঈক্ষতাম	ঐক্ষত	ঈক্ষেত	ঈক্ষিষ্যতে
এধ্ ,,	বৃদ্ধি পাওয়া	এধতে	এধতাম	ঐধিষ্ট	এধেত	এধিষ্যতে
কম্প্ ,,	কাঁপা	কম্পতে	কম্পতাম	অকম্পত	কম্পেত	কম্পিষ্যতে
ক্রন্দ্ (প)	কাঁদা	ক্রন্দতি	ক্রন্দতু	অক্রন্দৎ	ক্রন্দেৎ	ক্রন্দিষ্যতি
ক্রম্ ,,	চলা	ক্রামতি	ক্রামতু	অক্রামৎ	ক্রমেৎ	ক্রমিষ্যতি
		ক্রাম্যতি	ক্রাম্যতু	অক্রাম্যৎ	ক্রাম্যেৎ	ক্রমিষ্যতি
ক্রীড্ ,,	খেলা করা	ক্রীড়তি	ক্রীডতু	অক্রীডৎ	ক্রীডেৎ	ক্রীডিষ্যতি
গৈ ,,	গান করা	গায়তি	গায়তু	অগায়ৎ	গায়েৎ	গাস্যতি
গর্জ ,,	গর্জন করা	গর্জতি	গর্জতু	অগর্জৎ	গর্জেৎ	গর্জিষ্যতি
ঘ্রা ,,	ঘ্রাণ লওয়া	জিঘ্রতি	জিঘ্রতু	অজিঘ্রৎ	জিঘ্রেৎ	ঘ্রাস্যতি
চর্ ,,	চলা	চরতি	চরতু	অচরৎ	চরেৎ	চরিষ্যতি
চেষ্ট্ (আ)	চেষ্টা করা	চেষ্টতে	চেষ্টতাম্	অচেষ্টত	চেষ্টেত	চেষ্টিষ্যতে
জীব্ (প)	বাঁচা	জীবতি	জীবতু	অজীবৎ	জীবেৎ	জীবিষ্যতি

ধাতু	অর্থ	লট্	লোট্	লঙ্	বিধিলিঙ্	লৃট্
তপ্ (প)	তাপ দেওয়া	তপতি	তপতু	অতপৎ	তপেৎ	তপ্স্যতি
ত্যজ „	ত্যাগ করা	ত্যজতি	ত্যজতু	অত্যজৎ	ত্যজেৎ	ত্যক্ষ্যতি
দন্শ্ „	দংশন করা	দশতি	দশতু	অদশৎ	দশেৎ	দঙ্ক্ষ্যতি
দহ্ „	দগ্ধ করা	দহতি	দহতু	অদহৎ	দহেৎ	ধক্ষ্যতি
ধাব্ „	দৌড়ান,	ধাবতি	ধাবতু	অধাবৎ	ধাবেৎ	ধাবিষ্যতি
ধৃ „	ধারণ করা	ধরতি	ধরতু	অধরৎ	ধরেৎ	ধরিষ্যতি
ধ্যৈ „	ধ্যান করা	ধ্যায়তি	ধ্যায়তু	অধ্যায়ৎ	ধ্যায়েৎ	ধ্যাস্যতি
নিন্দ „	নিন্দা করা	নিন্দতি	নিন্দতু	অনিন্দৎ	নিন্দেৎ	নিন্দিষ্যতি
[illegible] „	নেওয়া	নয়তি	নয়তু	অনয়ৎ	নয়েৎ	নেষ্যতি
পচ্ „	পাক করা	পচতি	পচতু	অপচৎ	পচেৎ	পক্ষ্যতি
বাধ্ (আ)	পীড়া দেওয়া	বাধতে	বাধতাম	অবাধত	বাধেত	বাধিষ্যতে
ভাষ্ „	কথা বলা	ভাষতে	ভাষতাম্	অভাষত	ভাষেত	ভাষিষ্যতে
ভ্রম (প)	ভ্রমণ করা	ভ্রমতি	ভ্রমতু	অভ্রমৎ	ভ্রমেৎ	ভ্রমিষ্যতি
„	„ দি	ভ্রাম্যতি	ভ্রাম্যতু	অভ্রাম্যৎ	ভ্রাম্যেৎ	ভ্রমিষ্যতি
মৃষ্ (প)	ক্ষমা করা	মর্ষতি	মর্ষতু	অমর্ষৎ	মর্ষেৎ	মর্ষিষ্যতি
যজ্ (প)	যজ্ঞ করা	যজতি	যজতু	অযজৎ	যজেৎ	যক্ষ্যতি
যজ্ (আ)	যজ্ঞ করা	যজতে	যজতাম্	অযজত	যজেত	যক্ষ্যতে
রক্ষ্ (প)	রক্ষা করা	রক্ষতি	রক্ষতু	অরক্ষৎ	রক্ষেৎ	রক্ষিষ্যতি
রুহ্ (প)	আরোহণ করা	রোহতি	রোহতু	অরোহৎ	রোহেৎ	রোক্ষ্যতি
লভ্ (আ)	লাভ করা	লভতে	লভতাম্	অলভত	লভেত	লপ্স্যতে
বন্দ্ (আ)	পূজা করা	বন্দতে	বন্দতাম্	অবন্দত	বন্দেত	বন্দিষ্যতে
বস্ (প)	বাস করা	বসতি	বসতু	অবসৎ	বসেৎ	বৎস্যতি
বহ্ (প)	বহন করা	বহতি	বহতু	অবহৎ	বহেৎ	বক্ষ্যতি
বৃৎ (আ)	থাকা	বর্ত্ততে	বর্ত্ততাম্	অবর্ত্তত	বর্ত্তেত	বর্ত্তিষ্যতে, বর্ৎস্যতি
শিক্ষ্ (আ)	শেখা	শিক্ষতে	শিক্ষতাম্	অশিক্ষত	শিক্ষেত	শিক্ষিষ্যতে
শুভ্ (আ)	শোভা পাওয়া	শোভতে	শোভতাম্	অশোভত	শোভেত	শোভিষ্যতে
ষ্ঠিব্ (প)	থুথুফেলা	ষ্ঠীবতি	ষ্ঠীবতু	অষ্ঠীবৎ	ষ্ঠীবেৎ	ষ্ঠেবিষ্যতি
সহ্ (আ)	সহ্যকরা	সহতে	সহতাম্	অসহত	সহেত	সহিষ্যতে
স্মৃ (প)	স্মরণ করা	স্মরতি	স্মরতু	অস্মরৎ	স্মরেৎ	স্মরিষ্যতি
হস্ (প)	হাসা	হসতি	হসতু	অহসৎ	হসেৎ	হসিষ্যতি

অনুবাদ

বিড়াল দুগ্ধ পান করে—বিড়ালঃ দুগ্ধং পিবতি। তোমরা বিদ্যালয়ে যাইতেছ—যূয়ং বিদ্যালয়ং গচ্ছথ। পুনরায় মূষিক হও—পুনর্মূষিকো ভব। তাহারা ধন লাভ করুক—তে ধনং লভন্তাম্। তাহারা দুইজন সাধু ছিল—তৌ সাধূ অভবতাম। রাম, লক্ষ্মণ ও সীতা বনে গিয়াছিল—রামঃ লক্ষ্মণঃ সীতা চ বনম্ অগচ্ছন্। রাজাদের রাজ্য জয় করা উচিত—নৃপাঃ রাজ্যং জয়েয়ুঃ। অক্রোধ দ্বারা ক্রোধ জয় করা উচিত—অক্রোধেন ক্রোধং জয়েৎ। রক্ষণীয় ব্রাহ্মণকে রক্ষা করিবে—রক্ষ্যং রক্ষিষ্যতি দ্বিজম্। আমি দুগ্ধ পান করিব না—নাহং দুগ্ধং পাস্যামি। আমার শরীর অবসন্ন হইতেছে—সীদন্তি মম গাত্রাণি। মূর্খ সভায় শোভা পায়—সভায়াং শোভতে মূর্খঃ। যতক্ষণ কিছু না বলে—যাবৎ কিঞ্চিৎ ন ভাষতে। দরিদ্রগণ ধন প্রার্থনা করে—দরিদ্রাঃ ধনং যাচন্তে। প্রার্থয়িতা শ্রীকে লাভ করিতে বা না করিতে পারে—প্রার্থয়িতা শ্রিয়ং লভেত বা ন বা। নৃপ তোমাকে স্মরণ করিবেন না—নৃপঃ ন স্মরিষ্যতি ত্বাম্। ঈশ্বর তোমাদিগকে রক্ষা করুন—ঈশঃ বঃ অবতু। ধনী দরিদ্রদিগকে ধন দান করেন—ধনী দরিদ্রেভ্যঃ ধনং যচ্ছতি। তোমাদিগকে জয় করিয়া আজ গরুগুলি নিয়া যাইবে—জিত্বা বঃ চাদ্য নেষ্যতি গাঃ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

যজ্ঞ হইতে মেঘ হয়। রমণীগণ সদয় হউন। বালিকাগণ লজ্জাবতী ছিল। আমরা তীক্ষ্ণ ও মৃদু হইতে পারি। কেন বৃথা শোক কর? তোমরা দরিদ্রদিগকে ধন দান করিও। সত্যদ্বারা মিথ্যাকে জয় করা উচিত। দুর্জনের সঙ্গ ত্যাগ করা উচিত। সাধু সঙ্গ ভজনা কর। সর্বদা অনিত্যতা স্মরণ কর। ইন্দ্র বৃত্রকে জয় করিয়াছিলেন। শত্রুগণ রাজ্য জয় করিবে। তিনি নানা দেশ ভ্রমণ করিয়াছেন। আমি ফল লাভ করিয়াছি। তোমাদের নিষ্পাপ হওয়া উচিত। প্রত্যহ কিছু পুণ্য অর্জন করিবে। কাম হইতে ক্রোধ জন্মায়।

২। কৃ ধাতুর প্রয়োগ করিয়া সংস্কৃতে অনুবাদ কর :—

আমি ফল লাভ করি। সে দুগ্ধ পান করে। তুমি হাসিতেছ। দরিদ্র ধন প্রার্থনা করে। তোমরা ব্রাহ্মণকে ধন দান কর। আমরা তাহাদিগকে স্মরণ করি।

৩। ধাতুরূপ লেখ :—বস্—লৃট্, যাচ্—লট্, ভাষ্—বিধিলিঙ্, ধাব্—লৃট্,লভ্—লৃট্, বৃৎ—লৃট্ (প্রথম পুরুষ একবচন)।

৪। শুদ্ধ করিয়া লেখ :—

তে মিথ্যা অভাষন্। অহং স চ বিদ্যালয়ং গচ্ছতি। মূর্খো ন ভবেত। বয়ং পিত্রোঃ আদেশে বর্তন্তে। লজ্জয়া শোভন্তি নার্যঃ। ভবান্ শ্বঃ গৃহং গমিষ্যসি। ন কদাপি দুর্জনং বন্দেৎ। নাহং কিঞ্চিদবদাম। পঠসি চেৎ বিদ্যাং লভিষ্যসি। কোঽপি মিথ্যা ন বদেযুঃ। ব্যাঘ্রঃ অত্র বনে বসিষ্যতি।

তুদাদিগণীয় ধাতু

ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় তুদাদিগণীয় ধাতু ও তিঙ্ বিভক্তির মধ্যে লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্-এ 'অ' (শ) হয়। তুদ্ (পীড়া দেওয়া)+অ+লট্ তি= তুদতি।

মনে রাখিবে লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এ ইষ্ স্থানে ইচ্ছ্, প্রচ্ছ্ স্থানে পৃচ্ছ্, মস্জ্ স্থানে মজ্জ্, সিচ্ স্থানে সিঞ্চ্, মুচ্ স্থানে মুঞ্চ্, মৃ স্থানে ম্রিয়্, লস্জ্ স্থানে লজ্জ্, ধৃ স্থানে ধ্রিয়্ হয়।

তুদ্—পীড়া দেওয়া (To Cause pain) উভয়পদী

তুদ্—পীড়া দেওয়া—পরস্মৈপদী | তুদ্—পীড়া দেওয়া—আত্মনেপদী

লট্—বর্তমান কাল অর্থে | লট্

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	তুদতি	তুদসি	তুদামি	তুদতে	তুদসে	তুদে
দ্বিবচন	তুদতঃ	তুদথঃ	তুদাবঃ	তুদেতে	তুদেথে	তুদাবহে
বহুবচন	তুদন্তি	তুদথ	তুদামঃ	তুদন্তে	তুদধ্বে	তুদামহে

লোট্—অনুজ্ঞা অর্থে | লোট্

একবচন	তুদতু	তুদ	তুদানি	তুদতাম্	তুদস্ব	তুদৈ
দ্বিবচন	তুদতাম্	তুদতম্	তুদাব	তুদেতাম্	তুদেথাম্	তুদাবহৈ
বহুবচন	তুদন্তু	তুদত	তুদাম	তুদন্তাম্	তুদধ্বম্	তুদামহৈ

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
	লঙ্—অতীত কাল অর্থে			লঙ্		
একবচন	অতুদৎ	অতুদঃ	অতুদম	অতুদত	অতুদথাঃ	অতুদে
দ্বিবচন	অতুদতাম	অতুদতম্	অতুদাব	অতুদেতাম	অতুদেথাম	অতুদাবাহি
বহুবচন	অতুদন	অতুদত	অতুদাম	অতুদন্ত	অতুদধ্বম	অতুদামহি
	বিধিলিঙ্—উচিত অর্থে			বিধিলিঙ্		
একবচন	তুদেৎ	তুদেঃ	তুদেয়ম	তুদেত	তুদেথাঃ	তুদেয়
দ্বিবচন	তুদেতাম্	তুদেতম	তুদেব	তুদেযাতাম	তুদেযাথাম্	তুদেবহি
বহুবচন	তুদেযুঃ	তুদেত	তুদেম	তুদেরন	তুদেধ্বম	তুদেমহি
	লৃট্—ভবিষ্যৎ অর্থে			লৃট		
একবচন	তোৎস্যতি	তোৎস্যসি	তোৎস্যামি	তোৎস্যতে	তোৎস্যসে	তোৎস্যে
দ্বিবচন	তোৎস্যতঃ	তোৎস্যথঃ	তোৎস্যাবঃ	তোৎস্যেতে	তোৎস্যেথে	তোৎস্যাবহে
বহুবচ	তোৎস্যন্তি	তোৎস্যথ	তোৎস্যামঃ	তোৎস্যন্তে	তোৎস্যধ্বে	তোৎস্যামহে

লিখ্—লেখা, পরস্মৈপদী **স্পৃশ্—স্পর্শ করা, পরস্মৈপদী**

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
	লট্—বর্তমান কাল অর্থে			লট্—বর্তমান কাল অর্থে		
একবচন	লিখতি	লিখসি	লিখামি	স্পৃশতি	স্পৃশসি	স্পৃশামি
দ্বিবচন	লিখতঃ	লিখথঃ	লিখাবঃ	স্পৃশতঃ	স্পৃশথঃ	স্পৃশাবঃ
বহুবচন	লিখন্তি	লিখথ	লিখাম	স্পৃশন্তি	স্পৃশথ	স্পৃশামঃ
	লোট্—অনুজ্ঞা অর্থে			লোট্—অনুজ্ঞা অর্থে		
একবচন	লিখতু	লিখ	লিখানি	স্পৃশতু	স্পৃশ	স্পৃশানি
দ্বিবচন	লিখতাম্	লিখতম্	লিখাব	স্পৃশতাম্	স্পৃশতম্	স্পৃশাব
বহুবচন	লিখন্তু	লিখথ	লিখামঃ	স্পৃশন্তু	স্পৃশত	স্পৃশাম
	লঙ্—অতীত কাল অর্থে			লঙ্—অতীত কাল অর্থে		
একবচন	অলিখৎ	অলিখঃ	অলিখম্	অস্পৃশৎ	অস্পৃশঃ	অস্পৃশম্
দ্বিবচন	অলিখতাম্	অলিখতম্	অলিখাব	অস্পৃশতাম্	অস্পৃশতম্	অস্পৃশাব
বহুবচন	অলিখন্	অলিখত	অলিখাম	অস্পৃশন্	অস্পৃশত	অস্পৃশাম

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
	বিধিলিঙ্—উচিত অর্থে			বিধিলিঙ্—উচিত অর্থে		
একবচন	লিখেৎ	লিখেঃ	লিখেয়ম্	স্পৃশেৎ	স্পৃশেঃ	স্পৃশেয়ম্
দ্বিবচন	লিখেতাম	লিখেতম্	লিখেব	স্পৃশেতাম	স্পৃশেতম্	স্পৃশেব
বহুবচন	লিখেযুঃ	লিখেত	লিখেম	স্পৃশেয়ুঃ	স্পৃশেত	স্পৃশেম
	লৃট্—ভবিষ্যৎ কাল অর্থে			লৃট্—ভবিষ্যৎ কাল অর্থে		
একবচন	লেখিষ্যতি	লেখিষ্যসি	লেখিষ্যামি	স্প্রক্ষ্যতি	স্প্রক্ষ্যসি	স্প্রক্ষ্যামি
দ্বিবচন	লেখিষ্যতঃ	লেখিষ্যথঃ	লেখিষ্যাবঃ	স্প্রক্ষতঃ	স্প্রক্ষ্যথঃ	স্প্রক্ষ্যাবঃ
বহুবচন	লেখিষ্যন্তি	লেখিষ্যথ	লেখিষ্যামঃ	স্প্রক্ষ্যন্তি	স্প্রক্ষ্যথ	স্প্রক্ষ্যামঃ

প্রচ্ছ্—জিজ্ঞাসা করা—পরস্মৈপদী

লট্ লোট্ লঙ্ ও বিধিলিঙ্-এ প্রচ্ছ্ স্থানে পৃচ্ছ্ হয়—

লট্—পৃচ্ছতি পৃচ্ছতঃ পৃচ্ছন্তি, পৃচ্ছসি পৃচ্ছথঃ পৃচ্ছথ, পৃচ্ছামি পৃচ্ছাবঃ পৃচ্ছামঃ।

লোট্—পৃচ্ছতু পৃচ্ছতাম পৃচ্ছন্তু; পৃচ্ছ পৃচ্ছতম্ পৃচ্ছত, পৃচ্ছানি পৃচ্ছাব পৃচ্ছাম।

লঙ্—অপৃচ্ছৎ অপৃচ্ছতাম্ অপৃচ্ছন্, অপৃচ্ছঃ অপৃচ্ছতম্ অপৃচ্ছত, অপৃচ্ছম অপৃচ্ছাব অপৃচ্ছাম।

বিধিলিঙ্—পৃচ্ছেৎ পৃচ্ছেতাম্ পৃচ্ছেযুঃ, পৃচ্ছেঃ পৃচ্ছেতম্ পৃচ্ছেত, পৃচ্ছেয়ম্ পৃচ্ছেব পৃচ্ছেম।

লৃট—প্রক্ষ্যতি প্রক্ষ্যতঃ প্রক্ষ্যন্তি, প্রক্ষ্যসি প্রক্ষ্যথঃ প্রক্ষথ; প্রক্ষ্যামি প্রক্ষ্যাবঃ প্রক্ষ্যামঃ।

ইষ্—ইচ্ছা করা (To wish) পরস্মৈপদী

ইষ্ ধাতুস্থানে ইচ্ছ্ হয়—

লট্—ইচ্ছতি ইচ্ছতঃ ইচ্ছন্তি; ইচ্ছসি ইচ্ছথঃ ইচ্ছথ; ইচ্ছামি ইচ্ছাবঃ ইচ্ছামঃ।

লোট্—ইচ্ছতু ইচ্ছতাম্ ইচ্ছন্তু; ইচ্ছ ইচ্ছতম্ ইচ্ছত, ইচ্ছানি ইচ্ছাব ইচ্ছাম।

লঙ—ঐচ্ছৎ ঐচ্ছতাম্ ঐচ্ছন্; ঐচ্ছঃ ঐচ্ছতম্ ঐচ্ছত; ঐচ্ছম্ ঐচ্ছাব ঐচ্ছাম।

বিধিলিঙ্—ইচ্ছেৎ ইচ্ছেতাম্ ইচ্ছেযুঃ, ইচ্ছেঃ ইচ্ছেতম্ ইচ্ছেত; ইচ্ছেয়ম্ ইচ্ছেব ইচ্ছেম।

লৃট্—এষিষ্যতি এষিষ্যতঃ এষিষ্যন্তি; এষিষ্যসি এষষ্যথঃ এষিষ্যথ; এষিষ্যামি এষিষ্যাবঃ এষিষ্যামঃ।

মৃ—মরা (To die) আত্মনেপদী

লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্এ মৃ ধাতুর ঋ স্থানে রিয়্ (ম্রিয়্) হয়। মৃ ধাতু লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্এ আত্মনেপদী কিন্তু লৃট্ প্রভৃতিতে পরস্মৈপদী।

লট্—বর্তমান কাল অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ম্রিয়তে	ম্রিয়েসে	ম্রিয়ে
দ্বিবচন	ম্রিয়েতে	ম্রিয়েথে	ম্রিয়াবহে
বহুবচন	ম্রিয়ন্তে	ম্রিয়ধ্বে	ম্রিয়ামহে

লোট্—অনুজ্ঞা অর্থে

একবচন	ম্রিয়তাম্	ম্রিয়স্ব	ম্রিয়ৈ
দ্বিবচন	ম্রিয়েতাম্	ম্রিয়েথাম্	ম্রিয়াবহৈ
বহুবচন	ম্রিয়ন্তাম্	ম্রিয়ধ্বম্	ম্রিয়ামহৈ

লঙ্—অতীতকাল অর্থে

একবচন	অম্রিয়ত	অম্রিয়থাঃ	অম্রিয়ে
দ্বিবচন	অম্রিয়েতাম্	অম্রিয়েথাম্	অম্রিয়াবহি
বহুবচন	অম্রিয়ন্ত	অম্রিয়ধ্বম্	অম্রিয়ামহি

বিধিলিঙ্—বিধি বা উচিত অর্থে

একবচন	ম্রিয়েত	ম্রিয়েথাঃ	ম্রিয়েয়
দ্বিবচন	ম্রিয়েয়াতাম্	ম্রিয়েয়াথাম্	ম্রিয়েবহি
বহুবচন	ম্রিয়েরন্	ম্রিয়েধ্বম্	ম্রিয়েমহি

লৃট্—ভবিষ্যৎকাল অর্থে, পরস্মৈপদী

একবচন	মরিষ্যতি	মরিষ্যসি	মরিষ্যামি
দ্বিবচন	মরিষ্যতঃ	মরিষ্যথঃ	মরিষ্যাবঃ
বহুবচন	মরিষ্যন্তি	মরিষ্যথ	মরিষ্যামঃ

প্রচলিত কয়েকটি তুদাদিগণীয় ধাতুর লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, ও লৃট্এর প্রথম পুরুষ একবচনের রূপ :—

ধাতু	অর্থ	লট্	লোট্	লঙ্	বিধিলিঙ্	লৃট্
বিশ্ (প)	প্রবেশ করা	বিশতি	বিশতু	অবিশৎ	বিশেৎ	বেক্ষ্যতি
কৃৎ ,,	কাটা	কৃন্ততি	কৃন্ততু	অকৃন্তৎ	কৃন্তেৎ	কর্তিষ্যতি, কর্ৎস্যতি
কৄ ,,	ছড়ান	কিরতি	কিরতু	অকিরৎ	কিরেৎ	করিষ্যতি করীষ্যতি
দৃ (আ)	আদর করা	আদ্রিয়তে	আদ্রিয়তাম্	আদ্রিয়ত	আদ্রিয়েত	আদরিষ্যতে
মস্জ্ (প)	ডুবিয়া যাওয়া	মজ্জতি	মজ্জতু	অমজ্জৎ	মজ্জেৎ	মঙ্ক্ষ্যতি
আদিশ্ (প)	আদেশ করা	আদিশতি	আদিশতু	আদিশৎ	আদিশেৎ	আদেক্ষ্যতি
মুচ্ (প)	মুক্ত করা	মুঞ্চতি	মুঞ্চতু	অমুঞ্চৎ	মুঞ্চেৎ	মোক্ষ্যতি
লিপ্ ,,	লেপন করা	লিম্পতি	লিম্পতু	অলিম্পৎ	লিম্পেৎ	লেপ্স্যতি
[illegible] ,,	লুপ্ত করা	লুম্পতি	লুম্পতু	অলুম্পৎ	লুম্পেৎ	লোপ্স্যতি
[illegible]দ্	লাভ করা	বিন্দতি	বিন্দতু	অবিন্দৎ	বিন্দেৎ	বেৎস্যতি
(আ)		বিন্দতে	বিন্দতাম্	অবিন্দত	বিন্দেত	বেৎস্যতে
সিচ্ (প)	সেচন করা	সিঞ্চতি	সিঞ্চতু	অসিঞ্চৎ	সিঞ্চেৎ	সেক্ষ্যতি
সৃজ্ (প)	সৃষ্টি করা	সৃজতি	সৃজতু	অসৃজৎ	সৃজেৎ	স্রক্ষ্যতি
স্ফুর্ ,,	শোভা পাওয়া	স্ফুরতি	স্ফুরতু	অস্ফুরৎ	স্ফুরেৎ	স্ফুরিষ্যতি

অনুবাদ

ঈশ্বর সকলকে সৃষ্টি করেন—ঈশ্বরঃ সর্বান্ সৃজতি।

সর্বত্র জয় ইচ্ছা করা উচিত—সর্বত্র জয়ম্ ইচ্ছেৎ।

অশুচিকে স্পর্শ করিও না—অশুচিং ন স্পৃশ।

গুরু শিষ্যকে আদেশ করিলেন—গুরুঃ শিষ্যম্ আদিশৎ।

পাপ আমাকে স্পর্শ করিবে না—পাপং মাং ন স্প্রক্ষ্যতি।

নৃপতি নগরে প্রবেশ করিলেন—নৃপতিঃ নগরং প্রাবিশৎ।

বালক জল ছিটাইতেছে—বালকঃ জলং সিঞ্চতি।

আমাকে ছাড়িয়া দাও—মুঞ্চ মাম্।

গুরু শাস্ত্র উপদেশ দিবেন—গুরুঃ শাস্ত্রম্ উপদেক্ষ্যতি।

কাহাকেও পীড়া দেওয়া উচিত নহে—ন কমপি তুদেৎ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

গুরু তাহাকে আদেশ করিয়াছিলেন। মূর্খ পুত্রগণ বৃদ্ধ পিতাকে পীড়া দেয়। যদি ইচ্ছা কর তবে যাইতে পার। কাহারা না ধন ইচ্ছা করে? প্রত্যহ কিছু লেখা উচিত। জাত ব্যক্তি অবশ্যই মরিবে। কৃপণের নিকট ধন যাচ্ঞা করা উচিত নহে। তাহারা আমাকে প্রশ্ন করিলেন। আমার মত ক্ষুদ্র প্রাণিগণ জন্মিতেছে এবং মরিতেছে।

২। শুদ্ধ করিয়া লেখ :—

ঈশ্বরঃ সর্বং সর্জতি। কথং জলং সেচসি? যূয়ং মাং মা স্পৃশ। পুত্রাৎ শিষ্যাৎ পরাজয়ম্ ইচ্ছ্যাৎ। জন্তবঃ জায়ন্তি চ মরন্তি চ। অদ্য শ্বো বা বৃদ্ধঃ মরিষ্যতে। জলং সিচন্তি বালকাঃ। কদাপি কমপি ন তুদ্যাৎ। গোময়েন যজ্ঞস্থলং লেপতি।

৩। ধাতুরূপ লেখ :—(প্রথম পুরুষ একবচন)।

সিচ্—লৃট, মুচ্—লট্, লিপ্—লোট্, ম্রি—লট্ ও লৃট্, সৃজ্—লট্, লৃট্, মস্জ্—বিধিলিঙ্। স্পৃশ্—লৃট্ ও লট্। প্রচ্ছ্—লট্ ও লৃট্।

৪। শূন্যস্থান পূরণ কর :—

ঈশ্বরঃ বিশ্বং—। সঃ কিঞ্চিদপি ন—। গুরুঃ শাস্ত্রম্—। নৃপাঃ নেতারং—। বালকঃ গভীরায়াং নদ্যাং—।

দিবাদিগণীয় ধাতু

লট্, লোট, লঙ্ ও বিধিলিঙ্-এ দিবাদিগণীয় ধাতুর উত্তর শ্যন্ হয়, উহার য থাকে। ক্রুধ্ + তি = ক্রুধ্ + য + তি = ক্রুধ্যতি, কুপ্ + তি = কুপ্ + য + তি = কুপ্যতি।

দিব্ ধাতু—ক্রীড়া করা (To Play) পরস্মৈপদী

লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্-এ দিব্ ধাতুর ই-কার স্থানে ঈ-কার হয়।

লট্—বর্তমান কাল অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	দীব্যতি	দীব্যসি	দীব্যামি
দ্বিবচন	দীব্যতঃ	দীব্যথঃ	দীব্যাবঃ
বহুবচন	দীব্যন্তি	দীব্যথ	দীব্যামঃ

লোট্—আদেশ বা অনুজ্ঞা অর্থে

একবচন	দীব্যতু	দীব্য	দীব্যানি
দ্বিবচন	দীব্যতাম্	দীব্যতম্	দীব্যাব
বহুবচন	দীব্যন্তু	দীব্যত	দীব্যাম

লঙ্—অতীত কাল অর্থে

একবচন	অদীব্যৎ	অদীব্যঃ	অদীব্যম্
দ্বিবচন	অদীব্যতাম্	অদীব্যতম্	অদীব্যাব
বহুবচন	অদীব্যন্	অদীব্যত	অদীব্যাম

বিধিলিঙ্—বিধি বা উচিত অর্থে

একবচন	দীব্যেৎ	দীব্যেঃ	দীব্যেয়ম
[illegible]	দীব্যেতাম্	দীব্যেতম	দীব্যেব
[illegible]	দীব্যেয়ুঃ	দীব্যেত	দীব্যেম

লৃট্—ভবিষ্যতৎ অর্থে

একবচন	দেবিষ্যতি	দেবিষ্যসি	দেবিষ্যামি
দ্বিবচন	দেবিষ্যতঃ	দেবিষ্যথঃ	দেবিষ্যাবঃ
বহুবচন	দেবিষ্যন্তি	দেবিষ্যথ	দেবিষ্যামঃ

নৃৎ (নাচা)—(To dance) পরস্মৈপদী

লট্—বর্তমানকাল অর্থে

একবচন	নৃত্যতি	নৃত্যসি	নৃত্যামি
দ্বিবচন	নৃত্যতঃ	নৃত্যথঃ	নৃত্যাবঃ
বহুবচন	নৃত্যন্তি	নৃত্যথ	নৃত্যামঃ

লোট—অনুজ্ঞা, আদেশ অর্থে

নৃত্যতু	নৃত্য	নৃত্যানি
নৃত্যতাম্	নৃত্যতম্	নৃত্যাব
নৃত্যন্তু	নৃত্যত	নৃত্যাম

লঙ্—অতীত কাল অর্থে

একবচন	অনৃত্যৎ	অনৃত্যঃ	অনৃত্যম্
দ্বিবচন	অনৃত্যতাম্	অনৃত্যতম্	অনৃত্যাব
বহুবচন	অনৃত্যন্	অনৃত্যত	অনৃত্যাম

বিধিলিঙ্—বিধি, উচিত অর্থে

নৃত্যেৎ	নৃত্যেঃ	নৃত্যেয়ম্
নৃত্যেতাম্	নৃত্যেতম্	নৃত্যেব
নৃত্যেয়ুঃ	নৃত্যেত	নৃত্যেম

লৃট—ভবিষ্যৎ কাল অর্থে

একবচন	নর্তিষ্যতি	নর্তিষ্যসি	নর্তিষ্যামি
দ্বিবচন	নর্তিষ্যতঃ	নর্তিষ্যথঃ	নর্তিষ্যাবঃ
বহুবচন	নর্তিষ্যন্তি	নর্তিষ্যথ	নর্তিষ্যামঃ

বিদ্—থাকা (To Stay) আত্মনেপদী

লট্—বর্তমান কাল অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বিদ্যতে	বিদ্যসে	বিদ্যে
দ্বিবচন	বিদ্যেতে	বিদ্যেথে	বিদ্যাবহে
বহুবচন	বিদ্যন্তে	বিদ্যধ্বে	বিদ্যামহে

লোট্—অনুজ্ঞা, আদেশ অর্থে

একবচন	বিদ্যতাম	বিদ্যস্ব	বিদ্যৈ
দ্বিবচন	বিদ্যেতাম	বিদ্যেথাম	বিদ্যাবহৈ
বহুবচন	বিদ্যন্তাম	বিদ্যধ্বম	বিদ্যামহৈ

লঙ্—অতীত কাল অর্থে

একবচন	অবিদ্যত	অবিদ্যথাঃ	অবিদ্যে
দ্বিবচন	অবিদ্যেতাম	অবিদ্যেথাম	অবিদ্যাবহি
বহুবচন	অবিদ্যন্ত	অবিদ্যধ্বম	অবিদ্যামহি

বিধিলিঙ্—বিধি, উচিত অর্থে

একবচন	বিদ্যেত	বিদ্যেথাঃ	বিদ্যেয়
দ্বিবচন	বিদ্যেয়াতাম	বিদ্যেয়াথাম	বিদ্যেবহি
বহুবচন	বিদ্যেরন	বিদ্যেধ্বম	বিদ্যেমহি

ল্ট্—ভবিষ্যৎ কাল অর্থে

একবচন	বেৎস্যতে	বেৎস্যসে	বেৎস্যে
দ্বিবচন	বেৎস্যেতে	বেৎস্যেথে	বেৎস্যাবহে
বহুবচন	বেৎস্যন্তে	বেৎস্যধ্বে	বেৎস্যামহে

জন—জন্মগ্রহণ করা (To be born) আত্মনেপদী

	লট্—বর্তমান কাল অর্থে			লোট্—আদেশ অনুজ্ঞা অর্থে		
একবচন	জায়তে	জায়সে	জায়ে	জায়তাম্	জায়স্ব	জায়ৈ
দ্বিবচন	জায়েতে	জায়েথে	জায়াবহে	জায়েতাম্	জায়েথাম্	জায়াবহৈ
বহুবচন	জায়ন্তে	জায়ধ্বে	জায়ামহে	জায়ন্তাম্	জায়ধ্বম্	জায়ামহৈ

	লঙ্—অতীত কাল অর্থে			বিধিলিঙ্—বিধি উচিত অর্থে		
একবচন	অজায়ত	অজায়থাঃ	অজায়ে	জায়েত	জায়েথাঃ	জায়েয়
দ্বিবচন	অজায়েতাম্	অজায়েথাম্	অজায়াবহি	জায়েয়াতাম	জায়েয়াথাম	জায়েবহি
বহুবচন	অজায়ন্ত	অজায়ধ্বম্	অজায়ামহি	জায়েরন	জায়েধ্বম্	জায়েমহি

লৃট্—ভবিষ্যৎকাল অর্থে

একবচন	জনিষ্যতে	জনিষ্যসে	জনিষ্যে
দ্বিবচন	জনিষ্যেতে	জনিষ্যেথে	জনিষ্যাবহে
বহুবচন	জনিষ্যন্তে	জনিষ্যধ্বে	জনিষ্যামহে

প্রচলিত কয়েকটি দিবাদিগণীয় ধাতুর লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ ও লৃট্-এর প্রথম পুরুষ একবচনের রূপ—

ধাতু	অর্থ	লট্	লোট্	লঙ্	বিধিলিঙ্	লৃট্
কুপ্	কুপিত হওয়া (প)	কুপ্যতি	কুপ্যতু	অকুপ্যৎ	কুপ্যেৎ	কোপিষ্যতি
ক্রুধ্	ক্রুদ্ধ হওয়া (প)	ক্রুধ্যতি	ক্রুধ্যতু	অক্রুধ্যৎ	ক্রুধ্যেৎ	ক্রোধিষ্যতি
নশ্	নষ্ট হওয়া (প)	নশ্যতি	নশ্যতু	অনশ্যৎ	নশ্যেৎ	নঙ্ক্ষ্যতি
শুষ্	শুষ্ক হওয়া (প)	শুষ্যতি	শুষ্যতু	অশুষ্যৎ	শুষ্যেৎ	শোক্ষ্যতি
হৃষ্	আনন্দিত হওয়া (প)	হৃষ্যতি	হৃষ্যতু	অহৃষ্যৎ	হৃষ্যেৎ	হর্ষিষ্যতি
মুহ্	মুগ্ধ হওয়া (প)	মুহ্যতি	মুহ্যতু	অমুহ্যৎ	মুহ্যেৎ	মোক্ষ্যতি
মন্	মনে করা (আ)	মন্যতে	মন্যতাম্	অমন্যত	মন্যেত	মংস্যতে
বুধ্	বুঝা (আ)	বুধ্যতে	বুধ্যতাম্	অবুধ্যত	বুধ্যেত	ভোৎস্যতে
যুধ্	যুদ্ধ করা (আ)	যুধ্যতে	যুধ্যতাম্	অযুধ্যত	যুধ্যেত	যোৎস্যতে
শম	শান্ত হওয়া (প)	শাম্যতি	শাম্যতু	অশাম্যৎ	শাম্যেৎ	শমিষ্যতি

অনুবাদ

সে আমাকে সাধু মনে করে না—স মাং সাধুং ন মন্যতে।

অপেক্ষাকৃত বলবানের সহিত যুদ্ধ করা উচিত নহে—বলীয়সা ন যুধ্যেত।

ভোজন পাইলে ব্রাহ্মণগণ নৃত্য করে—নৃত্যন্তি ভোজনে বিপ্রাঃ।

ঈদৃশ জন্তুগণ জন্মিতেছে ও মরিতেছে—জায়ন্তে চ ম্রিয়ন্তে চ ঈদৃশাঃ জন্তবঃ

কাংস্যপাত্র ভস্ম দ্বারা শুদ্ধ হয় —কাংস্যং শুধ্যতি ভস্মনা।

অতি লুব্ধ ব্যক্তির সকল দ্রব্য নষ্ট হয়— অতিলুব্ধস্য সর্বাণি দ্রব্যাণি নশ্যন্তি।

সে শাস্ত্র সমূহ বুঝিতে পারে নাই—স শাস্ত্রাণি ন অবুধ্যত।

মাতা কদাচিৎ কুপিত হন—কদাচিৎ কুপ্যতি মাতা।

পরের দুঃখে আনন্দিত হইও না—পরস্য দুঃখেন ন হৃষ্য।

কাম হইতে ক্রোধ জন্মায়—কামাৎ ক্রোধো জায়তে।

আমি তাহাকে তৃণের মত মনে করি না—নাহং তং তৃণায় মন্যে।

যাহার ধর্ম আছে তাহার সকল আছে—যস্য ধর্মঃ বিদ্যতে তস্য সর্বং বিদ্যতে।

উদ্যমের দ্বারা কার্যসমূহ সিদ্ধ হয়—উদ্যমেন কার্যাণি সিধ্যন্তি।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

মেঘ উঠিলে ময়ূর আনন্দে নৃত্য করে। মানুষ সর্বদা জন্মিতেছে ও মরিতেছে। তাহারা উচ্চবংশে জন্মিয়াছে। পাণ্ডিতের যুদ্ধ করা উচিত নহে। বুদ্ধিমান্ লোক বিপদে মুগ্ধ হন না। আমার মনে সুখ নাই (ন বিদ্যতে)। আশ্রমে শকুন্তলার একটি পুত্র জন্মে। তোমার শত পুত্র জন্মগ্রহণ করুক। বিনা কারণে কোপ করিও না। লোকেরা কি মনে করে ভাবিয়া বিমূঢ় হইবে না। আমার কলমটি হারাইয়াছে।

২। শুদ্ধ করিয়া লেখ :—

পিতুঃ পুত্রঃ অজায়ৎ। মাতা পুত্রং প্রতি কদাপি ন ক্রুধ্যতি ন বা কুপতি। ভগ্নাস্ত্রেণ ন যুধ্যেৎ। স শোকেন অমুহৎ। প্রাগেব তস্য পিতা অম্রৎ। ন শাস্ত্রং বোধতি মূর্খঃ। অন্যেষাং বলমাশ্রিত্য ত্বং যুধ্যসি। অম্লেন পিত্তলং শোধ্যতি।

৩। লট্, লোট্ ও বিধিলিঙ্ এর প্রথম পুরুষের একবচনের রূপ লেখ :—

জন্, বিদ্, হৃষ্, বুধ্, যুধ্ নশ্।

৪। শূন্যস্থান পূরণ কর :—

কাংস্যং — ভস্মনা। প্রবলেন ন —। তস্য ত্রয়ঃ পুত্রাঃ —। দুর্জনঃ উপদেশেন ন —। স মাং তৃণায় —। আত্মা বৈ — পুত্রঃ। ভৃত্যাঃ মহৎস্বপি কর্মসু —।

চুরাদিগণীয় ধাতু

চুরাদিগণীয় ধাতুর উত্তর স্বার্থে ণিচ্ প্রত্যয় হয়। ণিচ্ প্রত্যয়ের ই থাকে। চুর্+ণিচ্=চোরি। চুরাদিগণীয় ধাতুর সহিত অয়্ যোগ হইয়া চোরয়্ এইরূপ হয়। লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্-এ ভ্বাদিগণীয় ধাতুর ন্যায় অ আগম হয়। চোরয়্+অ। লট্তি—চোরয়্+অ+তি=চোরয়তি। এইরূপ রচ্—রচয়তি, পূজ্—পূজয়তি। চিন্ত্—চিন্তয়তি। পীড়্—পীডয়তি। মন্ত্র্—মন্ত্রয়তে। শম্—শময়তি। দুষ্—দূষয়তি, দোষয়তি। রুহ্—রোহয়তি, রোপয়তি। দা দাপয়তি। স্থা—স্থাপয়তি। তপ্—তাপয়তি। অর্থ—অর্থায়তে। কথ্ কথয়তি। বচ—বাচয়তি। সান্ত্ব্—সান্ত্বয়তি।

চুর্ চুরি করা (To steal) পরস্মৈপদী

লট—বর্তমান কাল অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	চোরয়তি	চোরযসি	চোরয়ামি
দ্বিবচন	চোরয়তঃ	চোরয়থঃ	চোরয়াবঃ
বহুবচন	চোরয়ন্তি	চোরয়থ	চোরয়ামঃ

লোট—অনুজ্ঞা, আদেশ অর্থে

একবচন	চোরয়তু	চোরয়	চোরয়াণি
দ্বিবচন	চোরয়তাম	চোরয়তম	চোরয়াব
বহুবচন	চোরয়ন্তু	চোরয়ত	চোরয়াম

লঙ্—অতীত কাল অর্থে

একবচন	অচোরয়ৎ	অচোরয়ঃ	অচোরয়ম
দ্বিবচন	অচোরয়তাম	অচোরয়তম	অচোরয়াব
বহুবচন	অচোরয়ন্	অচোরয়ত	অচোরয়াম

বিধিলিঙ্—বিধি, উচিত অর্থে

একবচন	চোরয়েৎ	চোরয়েঃ	চোরয়েয়ম্
দ্বিবচন	চোরয়েতাম্	চোরয়েতম্	চোরয়েব
বহুবচন	চোরয়েয়ুঃ	চোরয়েত	চোরয়েম

লৃট্—ভবিষ্যৎ কাল অর্থে

একবচন	চোরয়িষ্যতি	চোরয়িষ্যসি	চোরয়িষ্যামি
দ্বিবচন	চোরয়িষ্যতঃ	চোরয়িষ্যথঃ	চোরয়িষ্যাবঃ
বহুবচন	চোরয়িষ্যন্তি	চোরয়িষ্যথ	চোরয়িষ্যামঃ

ভক্ষ্—ভক্ষণ করা (To eat) পরস্মৈপদী

লট্—ভক্ষয়তি ভক্ষয়তঃ ভক্ষয়ন্তি ; ভক্ষয়সি ভক্ষয়থঃ ভক্ষয়থ ; ভক্ষয়ামি ভক্ষয়াবঃ ভক্ষয়ামঃ।

লোট্—ভক্ষয়তু ভক্ষয়তাম্ ভক্ষয়ন্তু ; ভক্ষয় ভক্ষয়তম্ ভক্ষয়ত ; ভক্ষয়াণি ভক্ষয়াব ভক্ষয়াম।

লঙ্—অভক্ষয়ৎ অভক্ষয়তাম্ অভক্ষয়ন ; অভক্ষয়ঃ অভক্ষয়তম অভক্ষয়ত ; অভক্ষয়ম্ অভক্ষয়াব অভক্ষয়াম।

বিধিলিঙ্—ভক্ষয়েৎ ভক্ষয়েতাম্ ভক্ষয়েয়ুঃ ; ভক্ষয়েঃ ভক্ষয়েতম্ ভক্ষয়েত ; ভক্ষয়েয়ম্ ভক্ষয়েব ভক্ষয়েম।

লৃট্—ভক্ষয়িষ্যতি ভক্ষয়িষ্যতঃ ভক্ষয়িষ্যন্তি , ভক্ষয়িষ্যসি ভক্ষয়িষ্যথঃ ভক্ষয়িষ্যথ ; ভক্ষয়িষ্যামি ভক্ষয়িষ্যাবঃ ভক্ষয়িষ্যামঃ।

পূজ্—পূজা করা (To worship) পরস্মৈপদী

লট্—পূজয়তি পূজয়তঃ পূজয়ন্তি , পূজয়সি পূজয়থঃ পূজয়থ ; পূজয়ামি পূজয়াবঃ পূজয়ামঃ।

লোট্—পূজয়তু পূজয়তাম্ পূজয়ন্তু ; পূজয় পূজয়তম্ পূজয়ত , পূজয়ানি পূজয়াব পূজয়াম।

লঙ্—অপূজয়ৎ অপূজয়তাম্ অপূজয়ন্ ; অপূজয়ঃ অপূজয়তম্ অপূজয়ত ; অপূজয়ম্ অপূজয়াব অপূজয়াম।

বিধিলিঙ্—পূজয়েৎ পূজয়েতাম্ পূজয়েয়ুঃ ; পূজয়েঃ পূজয়েতম্ পূজয়েত ; পূজয়েয়ম্ পূজয়েব পূজয়েম।

লৃট্—পূজয়িষ্যতি পূজয়িষ্যতঃ পূজয়িষ্যন্তি ; পূজয়িষ্যসি পূজয়িষ্যথঃ পূজয়িষ্যথ ; পূজয়িষ্যামি পূজয়িষ্যাবঃ পূজয়িষ্যামঃ।

মন্ত্র্—মন্ত্রণাকরা (To consult) আত্মনেপদী

লট্—বর্তমান কাল অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	মন্ত্রয়তে	মন্ত্রয়সে	মন্ত্রয়ে
দ্বিবচন	মন্ত্রয়েতে	মন্ত্রয়েথে	মন্ত্রয়াবহে
বহুবচন	মন্ত্রয়ন্তে	মন্ত্রয়ধ্বে	মন্ত্রয়ামহে

লোট্—অনুজ্ঞা, আদেশ অর্থে

একবচন	মন্ত্রয়তাম	মন্ত্রয়স্ব	মন্ত্রয়ৈ
দ্বিবচন	মন্ত্রয়েতাম্	মন্ত্রয়েথাম	মন্ত্রয়াবহৈ
বহুবচন	মন্ত্রয়ন্তাম	মন্ত্রয়ধ্বম	মন্ত্রয়ামহৈ

লঙ্—অতীত কাল অর্থে

একবচন	অমন্ত্রয়ত	অমন্ত্রয়থাঃ	অমন্ত্রয়ে
দ্বিবচন	অমন্ত্রয়েতাম্	অমন্ত্রয়েথাম্	অমন্ত্রয়াবহি
বহুবচন	অমন্ত্রয়ন্ত	অমন্ত্রয়ধ্বম্	অমন্ত্রয়ামহি

বিধিলিঙ—বিধি, উচিত অর্থে

একবচন	মন্ত্রয়েত	মন্ত্রয়েথাঃ	মন্ত্রয়েয়
দ্বিবচন	মন্ত্রয়েয়াতাম্	মন্ত্রয়েয়াথাম্	মন্ত্রয়েবহি
বহুবচন	মন্ত্রয়েরন্	মন্ত্রয়েধ্বম্	মন্ত্রয়েমহি

লৃট্—ভবিষ্যৎ কাল অর্থে

একবচন	মন্ত্রয়িষ্যতে	মন্ত্রয়িষ্যসে	মন্ত্রয়িষ্যে
দ্বিবচন	মন্ত্রয়িষ্যেতে	মন্ত্রয়িষ্যেথে	মন্ত্রয়িষ্যাবহে
বহুবচন	মন্ত্রয়িষ্যন্তে	মন্ত্রয়িষ্যধ্বে	মন্ত্রয়িষ্যামহে

প্রচলিত কয়েকটি চুরাদিগণীয় ধাতুর লট্-এর প্রথম পুরুষ একবচনের রূপ—

অর্চ্ (অর্চনা করা)—অর্চয়তি। অর্জ্ (অর্জন করা)—অর্জয়তি।
পাল্ (পালন করা)—পালয়তি। অর্থ্ (প্রার্থনা করা)—অর্থয়তে।
চিন্ত্ (চিন্তা করা)—চিন্তয়তি। কথ্ (কথা বলা)—কথয়তি।
পীড়্ (পীড়া দেওয়া)—পীড়য়তি। দণ্ড্ (শাস্তি দেওয়া)—দণ্ডয়তি
তড়্ (তাড়না করা)—তাড়য়তি। শম্ (দেখা)—শাময়তি।

অনুবাদ

রাজা চোরকে শত মুদ্রা দণ্ডদান করেন—নৃপঃ চৌরং শতং দণ্ডয়তি।

বালিকা শিব পূজা করে—বালিকা শিবম্ অর্চয়তি।

পূজ্যদিগকে ব্রাহ্মণ পূজা করেন—পূজ্যান্ পূজয়তি বিপ্রঃ।

মাতা সর্বদা পুত্রের হিত চিন্তা করেন—মাতা সর্বদা পুত্রস্য হিতং চিন্তয়তি।

কামী নূতন নূতন প্রার্থনা করে কামী নবং নবং প্রার্থয়তে।

শাবকগণ নিহত হইলে বৃদ্ধ চিন্তা করিল—শাবকেষু নিহতেষু বৃদ্ধঃ অচিন্তয়ৎ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

শৈবগণ শিবের পূজা করে। তাহারা আমাকে গণনা করিল না। [illegible] চিন্তা করিলেন। রাজা শিষ্টদিগকে পালন করেন। তিনি দুষ্টকে দণ্ড [illegible]দান করেন। দশ বৎসর পর্যন্ত তাড়না করিবে। তিনি গ্রন্থগুলি রচনা করিয়াছেন। জীবনের তৃতীয় ভাগে পুণ্য অর্জন করে নাই।

২। ধাতুরূপ লেখ : লট্, লোট্ ও বিধিলিঙ্ প্রথম পুরুষ একবচন—চুর্, মন্ত্র্, পূজ্, চিন্ত্, পীড্।

৩। শুদ্ধ করিয়া লেখ : বিষ্ণুমর্চ ভবান্। তে পরান্নং ন অভক্ষয়ন্ত। একাকিনী সপ্রার্থসি কিম্? নৃপঃ প্রজাঃ পালয়েত। যত্নং বিনা বিদ্যাং ন অর্জতি।

অদাদিগণীয় ধাতু

সাধারণতঃ অদাদিগণীয় ধাতুর উত্তর তি, তস্, অন্তি, তে, আতে, অন্তে প্রভৃতি বিভক্তিগুলি যুক্ত হয়, মধ্যে অ প্রভৃতি বর্ণের আগম হয় না। অদ্+তি=অত্তি। যা+তি=যাতি।

অদ্—খাওয়া (To eat) পরস্মৈপদী

	লট্			লোট্		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	অত্তি	অৎসি	অদ্মি	অত্তু	অদ্ধি	অদানি
দ্বিবচন	অত্তঃ	অত্থঃ	অদ্বঃ	অত্তাম্	অত্তম্	অদাব
বহুবচন	অদন্তি	অত্থ	অদ্মঃ	অদন্তু	অত্ত	অদাম

	লঙ্			বিধিলিঙ্		
একবচন	আদৎ	আদঃ	আদম্	অদ্যাৎ	অদ্যাঃ	অদ্যাম্
দ্বিবচন	আত্তাম্	আত্তম্	আদ্ব	অদ্যাতাম্	অদ্যাতম্	অদ্যাব
বহুবচন	আদন্	আত্ত	আদ্ম	অদ্যুঃ	অদ্যাত	অদ্যাম

যা - যাওয়া (To go) পরস্মৈপদী

লট্— যাতি যাতঃ যান্তি; যাসি যাথঃ যাথ; যামি যাবঃ যামঃ।

লোট্ — যাতু যাতাম্ যান্তু, যাহি যাতম্ যাত; যানি যাব যাম।

লঙ্ -- অযাৎ অযাতাম্ অযুঃ, অযান, অযাঃ অযাতম্ অযাত, অযাম্ অযাব অযাম।

বিধিলিঙ্ -যায়াৎ যায়াতাম্ যায়ুঃ, যায়াঃ যায়াতম্ যায়াত, যায়াম্ যায়াব যায়াম।

লৃট্ -যাস্যতি যাস্যতঃ যাস্যন্তি, যাস্যসি যাস্যথঃ যাস্যথ, যাস্যামি যাস্যাবঃ যাস্যামঃ।

জাগৃ - জাগরিত হওয়া (To wake) পরস্মৈপদী

লট্ —জাগর্তি জাগৃতঃ **জাগ্রতি**, জাগর্ষি জাগৃথঃ জাগৃথ, জাগর্মি জাগৃবঃ জাগৃমঃ

লোট্ —জাগর্তু জাগৃতাম **জাগ্রতু**, জাগৃহি জাগৃতম্ জাগৃত; জাগরাণি জাগরাব জাগরাম।

লঙ্ —অজাগঃ অজাগৃতাম **অজাগরুঃ**, অজাগঃ অজাগৃতম্ অজাগৃত; অজাগরম অজাগৃব অজাগৃম।

বিধিলিঙ্ -জাগৃয়াৎ জাগৃয়াতাম্ জাগৃয়ুঃ; জাগৃয়াঃ জাগৃয়াতম্ জাগৃয়াত; জাগৃয়াম জাগৃয়াব জাগৃয়াম।

লৃট্ -জাগরিষ্যতি জাগরিষ্যতঃ জাগরিষ্যন্তি, জাগরিষ্যসি জাগরিষ্যথঃ জাগরিষ্যথ, জাগরিষ্যামি জাগরিষ্যাবঃ জাগরিষ্যামঃ।

শাস্ - শাসন করা (To govern) পরস্মৈপদী

লট্—শাস্তি শিষ্টঃ **শাসতি**, শাস্সি শিষ্ঠঃ শিষ্ঠ; শাস্মি শিষ্বঃ শিষ্মঃ।

লোট্—শাস্তু শিষ্টাম্ **শাসতু**, **শাধি** শিষ্টম্ শিষ্ট, শাসানি শাসাব শাসাম।

লঙ্—অশাৎ অশিষ্টাম্ অশাসুঃ; অশাৎ, অশাঃ অশিষ্টম্ অশিষ্ট, অশাসম্ অশিষ্ব অশিষ্ম।

বিধিলিঙ্—শিষ্যাৎ শিষ্যাতাম্ শিষ্যুঃ, শিষ্যাঃ শিষ্যাস্তম্ শিষ্যাস্ত,
শিষ্যাসম্ শিষ্যাস্ব শিষ্যাস্ম।

লৃট্—শাসিষ্যতি শাসিষ্যতঃ শাসিষ্যন্তি; শাসিষ্যসি শাসিষ্যথঃ শাসিষ্যথ;
শাসিষ্যামি শাসিষ্যাবঃ শাসিষ্যামঃ।

অস্—হওয়া (To be) পরস্মৈপদী

লট্—অস্তি স্তঃ সন্তি, অসি স্থঃ স্থ, অস্মি স্বঃ স্মঃ।

লোট্—অস্তু স্তাম্ সন্তু, এধি স্তম্ স্ত, অসানি অসাব অসাম।

লঙ্—আসীৎ আস্তাম্ আসন্; আসীঃ আস্তম্ আস্ত; আসম্ আস্ব আস্ম।

বিধিলিঙ্—স্যাৎ স্যাতাম্ স্যুঃ; স্যাঃ স্যাতম্ স্যাত, স্যাম্ স্যাব স্যাম।

লৃট—ভূ ধাতু লৃট্ এর মত—ভবিষ্যতি ভবিষ্যতঃ ভবিষ্যন্তি ইত্যাদি, [illegible]
অস্ স্থানে ভূ আদেশ হয়।

হন্—বধ করা (To kill) পরস্মৈপদী

লট্—হন্তি হতঃ ঘ্নন্তি, হংসি হথঃ হথ, হন্মি হন্বঃ হন্মঃ

লোট্—হন্তু হতাম্ ঘ্নন্তু; জহি হতম্ হত, হনানি হনাব হনাম।

লঙ্—অহন্ অহতাম্ অঘ্নন; অহন অহতম্ অহত, অহনম্ অহন্ব অহন্ম।

বিধিলিঙ্—হন্যাৎ হন্যাতাম্ হন্যুঃ; হন্যাঃ হন্যাতম হন্যাত,
হন্যাম হন্যাব হন্যাম।

লৃট্—হনিষ্যতি হনিষ্যতঃ হনিষ্যন্তি ইত্যাদি।

বিদ্—জানা (To know) পরস্মৈপদী

বিদ্ ধাতুর লট্ এর নয়টি রূপের স্থানে বিকল্পে লিটের রূপও হয়। সূত্র—'বিদো লটো বা' বিদ্ ধাতুর লট্ এ বিকল্পে লিট্-এর রূপ হয়।

লট্—বর্তমান কাল অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বেত্তি, বেদ	বেৎসি, বেত্থ	বেদ্মি, বেদ
দ্বিবচন	বিত্তঃ, বিদতুঃ	বিত্থঃ, বিদথুঃ	বিদ্বঃ, বিদ্ব
বহুবচন	বিদন্তি, বিদুঃ	বিত্থ, বিদ	বিদ্মঃ, বিদ্ম

লোট্—বেত্তু, বিত্তাম বিদন্তু; বিদ্ধি বিত্তম্ বিত্ত; বেদানি বেদাব বেদাম।

লঙ্—অবেৎ অবিত্তাম্ অবিদন্, অবিদুঃ ; অবেঃ, অবেৎ অবিত্তম্ অবিত্ত ; অবেদম্ অবিদ্ব অবিদ্ম।

বিধিলিঙ্—বিদ্যাৎ বিদ্যাতাম্ বিদ্যুঃ , বিদ্যাঃ বিদ্যাতম্ বিদ্যাত , বিদ্যাম্ বিদ্যাব বিদ্যাম।

লৃট্—বেদিষ্যতি বেদিষ্যতঃ বেদিষ্যন্তি ; বেদিষ্যসি বেদিষ্যথঃ বেদিষ্যথ ; বেদিষ্যামি বেদিষ্যাবঃ বেদিষ্যামঃ।

আস্—বসা, থাকা (To Sit, To Stay) আত্মনেপদী

	লট্			লোট		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুরুষ
একবচন	আস্তে	আস্সে	আসে	আস্তাম্	আস্স্ব	আসৈ
দ্বিবচন	আসাতে	আসাথে	আস্বহে	আসাতাম্	আসাথাম্	আসাবহৈ
বহুবচন	আসতে	আদ্ধ্বে, আধ্বে	আস্মহে	আসতাম্	আদ্ধ্বম্, আধ্বম্	আসামহৈ
	লঙ্			বিধিলিঙ্		
একবচন	আস্ত	আস্থাঃ	আসি	আসীত	আসীথাঃ	আসীয়
দ্বিবচন	আসাতাম্	আসাথাম্	আস্বহি	আসীয়াতাম	আসীয়াথাম	আসীবহি
বহুবচন	আসত	আদ্ধ্বম্, আধ্বম্	আস্মহি	আসীরন্	আসীধ্বম্	আসীমহি

লৃট্—আসিষ্যতে আসিষ্যেতে আসিষ্যন্তে , আসিষ্যসে আসিষ্যেথে আসিষ্যধ্বে , আসিষ্যে আসিষ্যাবহে আসিষ্যামহে।

শী—শয়ন করা (To lie down) আত্মনেপদী

	লট্			লোট্		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	শেতে	শেষে	শয়ে	শেতাম্	শেষ্ব	শয়ৈ
দ্বিবচন	শয়াতে	শয়াথে	শেবহে	শয়াতাম্	শয়াথাম্	শয়াবহৈ
বহুবচন	শেরতে	শেধ্বে	শেমহে	শেরতাম	শেধ্বম্	শয়ামহৈ
	লঙ্			বিধিলিঙ্		
একবচন	অশেত	অশেথাঃ	অশয়ি	শয়ীত	শয়ীথাঃ	শয়ীয়
দ্বিবচন	অশয়াতাম্	অশয়াথাম্	অশেবহি	শয়ীয়াতাম্	শয়ীয়াথাম্	শয়ীবহি
বহুবচন	অশেরত	অশেধ্বম্	অশেমহি	শয়ীরন্	শয়ীধ্বম্	শয়ীমহি

লৃট্—শয়িষ্যতে শয়িষ্যেতে শয়িষ্যন্তে ; শয়িষ্যসে শয়িষ্যেথে শয়িষ্যধ্বে, শয়িষ্যে শয়িষ্যাবহে শয়িষ্যামহে।

দুহ—দোহন করা (To milk) উভয়পদী

	লট—পরস্মৈপদ			লট্—আত্মনেপদ		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	দোগ্ধি	ধোক্ষি	দোহ্মি	দুগ্ধে	ধুক্ষে	দুহে
দ্বিবচন	দুগ্ধঃ	দুগ্ধঃ	দুহ্বঃ	দুহাতে	দুহাথে	দুহ্বহে
বহুবচন	দুহন্তি	দুগ্ধ	দুহ্মঃ	দুহতে	ধুগ্‌ধ্বে	দুহ্মহে
	লোট্—পরস্মৈপদ			লোট—আত্মনেপদ		
একবচন	দোগ্ধু	দুগ্ধি	দোহানি	দুগ্ধাম	ধুক্ষ্ব	দোহৈ
দ্বিবচন	দুগ্ধাম	দুগ্ধম	দোহাব	দুহাতাম্	দুহাথাম	দোহাবহৈ
বহুবচন	দুহন্তু	দুগ্ধ	দোহাম	দুহতাম	ধুগ্‌ধ্বম	দোহামহৈ
	লঙ্—পরস্মৈপদ			লঙ্—আত্মনেপদ		
একবচন	অধোক	অধোক্	অদোহম	অদুগ্ধ	অদুগ্ধাঃ	অদুহি
দ্বিবচন	অদুগ্ধাম	অদুগ্ধম	অদুহ্ব	অদুহাতাম	অদুহাথাম্	অদুহ্বহি
বহুবচন	অদুহন	অদুগ্ধ	অদুহ্ম	অদুহত	অধুগ্‌ধ্বম্	অদুহ্মহি
	বিধিলিঙ্—পরস্মৈপদ			বিধিলিঙ্—আত্মনেপদ		
একবচন	দুহ্যাৎ	দুহ্যাঃ	দুহ্যাম	দুহীত	দুহীথাঃ	দুহীয়
দ্বিবচন	দুহ্যাতাম্	দুহ্যাতম	দুহ্যাব	দুহীয়াতাম	দুহীয়াথাম	দুহীবহি
বহুবচন	দুহ্যুঃ	দুহ্যাত	দুহ্যাম	দুহীরন	দুহীধ্বম্	দুহীমহি
	লৃট্—পরস্মৈপদ			লৃট্—আত্মনেপদ		
একবচন	ধোক্ষ্যতি	ধোক্ষ্যসি	ধোক্ষ্যামি	ধোক্ষ্যতে	ধোক্ষ্যসে	ধোক্ষ্যে
দ্বিবচন	ধোক্ষ্যতঃ	ধোক্ষ্যথঃ	ধোক্ষ্যাবঃ	ধোক্ষ্যেতে	ধোক্ষ্যেথে	ধোক্ষ্যাবহে
বহুবচন	ধোক্ষ্যন্তি	ধোক্ষ্যথ	ধোক্ষ্যামঃ	ধোক্ষ্যন্তে	ধোক্ষ্যধ্বে	ধোক্ষ্যামহে

প্রচলিত কয়েকটি অদাদিগণীয় ধাতুর লট্ এর প্রথম পুরুষ একবচনের রূপ—

যা—(যাওয়া) যাতি, বা—(প্রবাহিত হওয়া) বাতি, পা—(রক্ষা করা) পাতি, রুদ্ (রোদন করা) রোদিতি, ই—(যাওয়া) এতি ইতঃ যন্তি, স্তু—(স্তুতি করা) স্তৌতি। ব্রূ—ব্রবীতি ব্রূতঃ ব্রুবন্তি, ব্রূতে ব্রুবাতে ব্রুবতে। অধি—ই—(পড়া) অধীতে অধীয়াতে অধীয়তে। শ্বস্—(শ্বাস নেওয়া) শ্বসিতি। স্না (স্নান করা) স্নাতি।

অনুবাদ

বায়ু মন্দ মন্দ প্রবাহিত হয়—বায়ুঃ মন্দং মন্দং বাতি।

তাহারা শয্যায় শয়ন করে—তে শয্যাসু শেরতে।

বালকগণ বেদ পাঠ করে—বালকাঃ বেদম্ অধীয়তে।

রাজা রাজ্য শাসন করেন—রাজা রাজ্যং শাস্তি।

গোপ দুগ্ধ দোহন করিয়াছিল—গোপঃ দুগ্ধম্ অধোক্।

আমি তোমার শরণাগত, আমাকে উপদেশ দাও—শাধি মাং ত্বাং প্রপন্নম্।

পঙ্কমগ্ন হস্তীকে শৃগালও হত্যা করে—শৃগালোঽপি পঙ্কমগ্নং গজং হন্তি।

শরণাগতকে হত্যা করিও না—শরণাগতং মা জহি।

সংযমিগণ রাত্রিতে জাগরণ করে—সংযমিনঃ রাত্রৌ জাগ্রতি।

সত্য বলা উচিত, প্রিয় বলা উচিত—সত্যং ব্রূয়াৎ, প্রিয়ং ব্রূয়াৎ।

নদীতীরে পাঁচটি ফল আছে—নদী তীরে পঞ্চ ফলানি সন্তি।

অনুশীলনী

১। ধাতু রূপ লেখ :—

লট্ প্রথম পুরুষ বহুবচন ও লোট মধ্যম পুরুষ একবচন।

ই, শাস্, হন, আস্, অস্, দুহ্, আধ-ই।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

পুরাকালে দশরথ নামে এক রাজা ছিলেন। তাঁহার তিন পত্নী ও চারি পুত্র ছিল। দেবগণ রাক্ষসগণকে হত্যা করিল। সকল প্রাণীর যাহা রাত্রি তাহাতে সংযমিগণ জাগিয়া থাকেন। পাণ্ডবগণ পর্ণশয্যায় শয়ন করিতেন। যুদ্ধে ভাইরা ভাইদের হত্যা করে। ভারতবর্ষে নৃপতিগণ ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যগুলি শাসন করেন। গোপ গরু দোহন করিবে। শত্রুদিগকে বধ কর।

৩। শুদ্ধ করিয়া লেখ :—

শৈবাঃ শিবম্ উপাসন্তে। ব্যাঘ্রাঃ অজান্ হন্তি। মিথ্যাবাদিনং কোঽপি ন বিশ্বসিতি। আতুরঃ নিশায়াং জাগ্রতি। রাজানঃ রাজ্যং শাসন্তি। ছাত্রাঃ পুস্তকম্ অধীয়ন্তে। রুগ্নাঃ শয্যাসু শেরন্তে। বালকাঃ গৃহে আসন্তে।

৪। বাক্য রচনা কর :—জহি, ইহি, অধীষ্ব, শাস্তি, অধীয়তে, আসতে, শাধি, অধোক্, শেরতে, দুহতে।

হ্বাদিগণীয় ধাতু

হ্বাদিগণীয় ধাতুকে জুহোত্যাদিগণীয় ধাতুও বলা হয়। হু ধাতুর লট্-তি বিভক্তিতে জুহোতি হয়। তি যুক্ত করিয়া ব্যাকরণে ধাতু নির্দেশ করা হয়। সুতরাং (হু + আদি) হ্বাদি এবং জুহোত্যাদি একই অর্থে প্রযুক্ত হয়।

হ্বাদিগণীয় ধাতুর দ্বিত্ব হয় এবং ভী স্থানে ভীভী না হইয়া বিভী হয়। দা স্থানে দাদা না হইয়া দদা হয়। এইরূপ অন্য ধাতুতেও হইবে। যথা— হু স্থানে জুহু, ভৃ স্থানে বিভৃ, ধা স্থানে দধা ইত্যাদি।

ভী—ভয় পাওয়া (To be afraid) পরস্মৈপদী

লট্—বর্তমান কাল অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বিভেতি	বিভেষি	বিভেমি
দ্বিবচন	বিভীতঃ, বিভিতঃ	বিভীথঃ, বিভিথঃ	বিভীবঃ, বিভিবঃ
বহুবচন	বিভ্যতি	বিভীথ, বিভিথ	বিভীমঃ, বিভিমঃ

লোট্—অনুজ্ঞা, আদেশ অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বিভেতু	বিভীহি, বিভিহি	বিভয়ানি
দ্বিবচন	বিভীতাম্, বিভিতাম্	বিভীতম্, বিভিতম্	বিভয়াব
বহুবচন	বিভ্যতু	বিভীত, বিভিত	বিভয়াম

লঙ্—অতীত কাল অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অবিভেৎ	অবিভেঃ	অবিভয়ম্
দ্বিবচন	অবিভীতাম্ (ভি)	অবিভীতম্ (ভি)	অবিভীব (ভি)
বহুবচন	অবিভয়ুঃ	অবিভীত (ভি)	অবিভীম (ভি)

বিধিলিঙ্—বিধি, উচিত অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বিভীয়াৎ (ভি)	বিভীয়াঃ (ভি)	বিভীয়াম্ (ভি)
দ্বিবচন	বিভীয়াতাম্ (ভি)	বিভীয়াতম্ (ভি)	বিভীয়াব (ভি)
বহুবচন	বিভীয়ুঃ (ভি)	বিভীয়াত (ভি)	বিভীয়াম (ভি)

লৃট্—ভবিষ্যৎ কাল অর্থে

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভেষ্যতি	ভেষ্যসি	ভেষ্যামি
দ্বিবচন	ভেষ্যতঃ	ভেষ্যথঃ	ভেষ্যাবঃ
বহুবচন	ভেষ্যন্তি	ভেষ্যথ	ভেষ্যামঃ

দা—দেওয়া (To give) উভয়পদী

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
	লট্—বর্তমান কাল অর্থে, পরস্মৈপদী		
একবচন	দদাতি	দদাসি	দদামি
দ্বিবচন	দত্তঃ	দত্থঃ	দদ্বঃ
বহুবচন	দদতি	দত্থ	দদ্মঃ
	লোট্—অনুজ্ঞা, আদেশ অর্থে, পরস্মৈপদী		
একবচন	দদাতু	দেহি	দদানি
দ্বিবচন	দত্তাম্	দত্তম্	দদাব
বহুবচন	দদতু	দত্ত	দদাম
	লঙ্—অতীত কাল অর্থে, পরস্মৈপদী		
একবচন	অদদাৎ	অদদাঃ	অদদাম্
দ্বিবচন	অদত্তাম্	অদত্তম্	অদদ্ব
বহুবচন	অদদুঃ	অদত্ত	অদদ্ম
	বিধিলিঙ্—বিধি, উচিত অর্থে, পরস্মৈপদী		
একবচন	দদ্যাৎ	দদ্যাঃ	দদ্যাম্
দ্বিবচন	দদ্যাতাম্	দদ্যাতম্	দদ্যাব
বহুবচন	দদ্যুঃ	দদ্যাত	দদ্যাম
	লৃট্—পরস্মৈপদী		
একবচন	দাস্যতি	দাস্যসি	দাস্যামি
দ্বিবচন	দাস্যতঃ	দাস্যথঃ	দাস্যাবঃ
বহুবচন	দাস্যন্তি	দাস্যথ	দাস্যামঃ

দা—আত্মনেপদী

লট্—দত্তে দদাতে দদতে ; দৎসে দদাথে দদ্ধ্বে ; দদে দদ্বহে দদ্মহে।

লোট্—দত্তাম্, দদাতাম্ দদতাম্ ; দৎস্ব দদাথাম্ দদ্ধ্বম্ ; দদৈ দদাবহৈ দদামহৈ।

লঙ্—অদত্ত অদদাতাম্ অদদত ; অদত্থাঃ অদদাথাম্ অদদ্ধ্বম্ ; অদদি অদদ্বহি অদদ্মহি।

বিধিলিঙ্ —দদীত দদীয়াতাম্ দদীরন্; দদীথাঃ দদীয়াথাম্ দদীধ্বম্; দদীয় দদীবহি দদীমহি।

লৃট্—দাস্যতে দাস্যেতে দাস্যন্তে; দাস্যসে দাস্যেথে দাস্যধ্বে; দাস্যে দাস্যাবহে দাস্যামহে।

প্রচলিত কয়েকটি হ্বাদিগণীয় ধাতুর লট্-এর প্রথম পুরুষের রূপঃ

ধা—(ধারণ করা) উ—দধাতি ধত্তঃ দধতি; ধত্তে দধাতে দধতে। ভৃ—(ভরণ করা, ধারণ করা)—বিভর্তি বিভৃতঃ বিভ্রতি। হা—(ত্যাগ করা)—জহাতি জহিতঃ জহতি। হু (হোম করা)—জুহোতি জুহুতঃ জুহ্বতি। হ্রী—(লজ্জা পাওয়া)—জিহ্রেতি।

অনুবাদ

রাজা সমগ্র পৃথিবী দান করিলেন—নৃপঃ সমগ্রাং পৃথিবীম্ অদদাৎ।

পৃথিবী রত্ন ধারণ করে—পৃথিবী রত্নানি দধাতি।

পাপ পরিত্যাগ কর—পাপং জহাহি।

কাহাকেও ভয় করিও না—কস্মাদপি ন বিভিহি।

রোগীকে কুপথ্য দেওয়া উচিত নয়—রোগিণে কুপথ্যং ন দদ্যাৎ।

সূর্য রস গ্রহণ করে—আদত্তে হি রসং রবিঃ।

স্বাদিগণীয় ধাতু

স্বাদিগণীয় ধাতুর উত্তর লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্-এ শ্নু আগম হয়, (স্বাদিভ্যঃ শ্নুঃ) উহার নু থাকে।

তি, সি, মি, তু, আনি, আব, আম, দ্, স্, অম্, ঐ, আবহৈ ও আমহৈ পরে থাকিলে নু স্থানে নো হয়। সু+তি=সু+নু+তি=সু+নো+তি=সুনোতি। শৃ+তি=শৃ+নু+তি=শৃ+নো+তি=শৃণোতি (ণত্ববিধি অনুসারে ণত্ব)। আপ্+তি=আপ্+নু+তি=আপ্+নো+তি=আপ্নোতি। কিন্তু আপ্+তস্=আপ্+নু+তস্=আপ্নুতঃ (এখানে নো হইল না)। নু ব্যঞ্জন যুক্ত হইলে এবং স্বরাদি তিঙ্ পরে থাকিলে নু স্থানে নুব্ হয় কিন্তু আনি, আব, আম, অম্, ঐ, আবহৈ, আমহৈ স্থলে হইবে না।

আপ্ -পাওয়া (To get) পরস্মৈপদী

লট্ -আপ্নোতি আপ্নুতঃ আপ্নুবন্তি, আপ্নোষি আপ্নুথঃ আপ্নুথ, আপ্নোমি আপ্নুবঃ আপ্নুমঃ।

লোট্ —আপ্নোতু আপ্নুতাম আপ্নুবন্তু, আপ্নুহি আপ্নুতম আপ্নুত, আপ্নবানি আপ্নবাব আপ্নবাম।

লঙ্ -আপ্নোৎ আপ্নুতাম আপ্নুবন্ আপ্নোঃ আপ্নুতম আপ্নুত, আপ্নবম আপ্নুব আপ্নুম।

বিধিলিঙ্ -আপ্নুয়াৎ আপ্নুয়াতাম আপ্নুয়ুঃ, আপ্নুয়াঃ আপ্নুয়াতম আপ্নুয়াত, আপ্নুয়াম আপ্নুয়াব আপ্নুয়াম।

লৃট্ -আপ্স্যতি আপ্স্যতঃ আপ্স্যন্তি, আপ্স্যসি আপ্স্যথঃ আপ্স্যথ, আপ্স্যামি আপ্স্যাবঃ আপ্স্যামঃ

শ্রু শোনা (To hear) পরস্মৈপদী

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
		লট্			লোট্	
একবচন	শৃণোতি	শৃণোষি	শৃণোমি	শৃণোতু	শৃণু	শৃণবানি
দ্বিবচন	শৃণুতঃ	শৃণুথঃ	শৃণুবঃ, শৃণ্বঃ	শৃণুতাম	শৃণুতম	শৃণবাব
বহুবচন	শৃণ্বন্তি	শৃণুথ	শৃণুমঃ, শৃণ্মঃ	শৃণ্বন্তু	শৃণুত	শৃণবাম
		লঙ্			বিধিলিঙ্	
একবচন	অশৃণোৎ	অশৃণোঃ	অশৃণবম	শৃণুয়াৎ	শৃণুয়াঃ	শৃণুয়াম
দ্বিবচন	অশৃণুতাম	অশৃণুতম	অশৃণুব, অশৃণ্ব	শৃণুয়াতাম	শৃণুয়াতম	শৃণুয়াব
বহুবচন	অশৃণ্বন	অশৃণুত	অশৃণুম, অশৃণ্ম	শৃণুয়ুঃ	শৃণুয়াত	শৃণুয়াম

লৃট্ শ্রোষ্যতি শ্রোষ্যতঃ শ্রোষ্যন্তি; শ্রোষ্যসি ইত্যাদি।

শক্—সমর্থ হওয়া (To be able) পরস্মৈপদী

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
		লট্			লোট্	
একবচন	শক্নোতি	শক্নোষি	শক্নোমি	শক্নোতু	শক্নুহি	শক্নবানি
দ্বিবচন	শক্নুতঃ	শক্নুথঃ	শক্নুবঃ	শক্নুতাম্	শক্নুতম্	শক্নবাব
বহুবচন	শক্নুবন্তি	শক্নুথ	শক্নুমঃ	শক্নুবন্তু	শক্নুত	শক্নবাম

	প্রথম পুঃ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
		লঙ্			বিধিলিঙ্	
একবচন	অশক্নোৎ	অশক্নোঃ	অশক্নবম	শক্নুয়াৎ	শক্নুয়াঃ	শক্নুয়াম
দ্বিবচন	অশক্নুতাম	অশক্নুতম্	অশক্নুব	শক্নুয়াতাম	শক্নুয়াতম	শক্নুয়াব
বহুবচন	অশক্নুবন	অশক্নুত	অশক্নুম	শক্নুয়ুঃ	শক্নুয়াত	শক্নুয়াম

লৃট্—শক্ষ্যতি শক্ষ্যতঃ শক্ষ্যন্তি, শক্ষ্যসি ইত্যাদি।

প্রচলিত স্বাদিগণীয় ধাতু—চি—(চয়ন করা) চিনোতি চিনুতঃ চিন্বন্তি।

ধিন্ব ধাতু—(সন্তুষ্ট করা) ধিনোতি ধিনুতঃ ধিন্বন্তি।

ক্ষি ধাতু—(ক্ষয় পাওয়া) ক্ষিণোতি ক্ষিণুতঃ ক্ষিণ্বন্তি

বৃ ধাতু—(বরণ করা) বৃণোতি বৃণুতঃ বৃণ্বন্তি।

রুধাদিগণীয় ধাতু

লট, লোট, লঙ ও বিধিলিঙ এ রুধাদিগণীয় ধাতুর অন্ত্যস্বরের পরে শ্নম আগম হয় (রুধাদিভ্যঃ শ্নম), উহার ন থাকে। তি, সি, মি, ত, আনি, আব, আম, দ্ স্ অম, ঐ আবহৈ আমহৈ ভিন্ন অপর তিঙ্ বিভক্তিতে ন এর অ লোপ হয়, ন থাকে, রুধ্ এর অন্ত্যস্বর উ, উহার পরে ন, রু+ন+ধ্ তি = রুণদ্ধি (ণত্ববিধি অনুসারে ণ) কিন্তু রুধ + তস্ = রুন + ধ্ + তঃ = রুন্ধঃ।

ভুজ—ভোজন অর্থে আত্মনেপদী। পালন অর্থে পরস্মৈপদী বলা। ব পালন ভিন্ন অর্থে ভুজ আত্মনেপদী **ভুজোঽনবনে**।

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
		লট্			লোট্	
একবচন	ভুঙক্তে	ভুঙ্ক্ষে	ভুঞ্জে	ভুঙ্ক্তাম্	ভুঙ্ক্ষ্ব	ভুনজৈ
দ্বিবচন	ভুঞ্জাতে	ভুঞ্জাথে	ভুঞ্জ্বহে	ভুঞ্জাতাম্	ভুঞ্জাথাম্	ভুনজাবহৈ
বহুবচন	ভুঞ্জতে	ভুংগ্ধ্বে	ভুঞ্জ্মহে	ভুঞ্জতাম্	ভুঙ্গ্ধ্বম্	ভুনজামহৈ
		লঙ			বিধিলিঙ্	
একবচন	অভুঙ্ক্ত	অভুঙ্ক্থাঃ	অভুঞ্জি	ভুঞ্জীত	ভুঞ্জীথাঃ	ভুঞ্জীয়
দ্বিবচন	অভুঞ্জাতাম্	অভুঞ্জাথাম	অভুঞ্জ্বহি	ভুঞ্জীয়াতাম্	ভুঞ্জীয়াথাম	ভুঞ্জীবহি
বহুবচন	অভুঞ্জত	অভুংগ্ধ্বম	অভুঞ্জ্মহি	ভুঞ্জীরন্	ভুঞ্জীধ্বম্	ভুঞ্জীমহি

লৃট্—ভোক্ষ্যতে ভোক্ষ্যেতে ভোক্ষ্যন্তে; ভোক্ষ্যসে ইত্যাদি।

ভুজ—রক্ষা বা পালন করা (To protect) পরস্মৈপদী

	লট			লোট		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	ভুনক্তি	ভুনক্ষি	ভুনজ্মি	ভুনক্তু	ভুঙ্গ্ধি	ভুনজানি
দ্বিবচন	ভুঙ্‌ক্তঃ	ভুঙ্‌ক্থঃ	ভুঞ্জ্বঃ	ভুঙ্‌ক্তাম্	ভুঙ্‌ক্তম্	ভুনজাব
বহুবচন	ভুঞ্জন্তি	ভুঙ্‌ক্থ	ভুঞ্জ্মঃ	ভুঞ্জন্তু	ভুঙ্‌ক্ত	ভুনজাম

	লঙ			বিধিলিঙ		
একবচন	অভুনক্	অভুনক্	অভুনজম্	ভুঞ্জ্যাৎ	ভুঞ্জ্যাঃ	ভুঞ্জ্যাম্
দ্বিবচন	অভুঙ্‌ক্তাম্	অভুঙ্‌ক্তম্	অভুঞ্জ্ব	ভুঞ্জ্যাতাম্	ভুঞ্জ্যাতম্	ভুঞ্জ্যাব
[illegible]	অভুঞ্জন্	অভুঙ্‌ক্ত	অভুঞ্জ্ম	ভুঞ্জ্যুঃ	ভুঞ্জ্যাত	ভুঞ্জ্যাম

[illegible]ট্—ভোক্ষ্যতি ভোক্ষ্যতঃ ভোক্ষ্যন্তি, ভোক্ষ্যসি ইত্যাদি।

ছিদ্—ছেদন করা (To cut) উভয়পদী

পরস্মৈপদী

	লট			লোট		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	ছিনত্তি	ছিনৎসি	ছিনদ্মি	ছিনত্তু	ছিন্ধি	ছিনদানি
দ্বিবচন	ছিন্তঃ	ছিন্থঃ	ছিন্দ্বঃ	ছিন্তাম্	ছিন্তম্	ছিনদাব
বহুবচন	ছিন্দন্তি	ছিন্থ	ছিন্দ্মঃ	ছিন্দন্তু	ছিন্ত	ছিনদাম

	লঙ্			বিধিলিঙ্		
একবচন	অচ্ছিনৎ	অচ্ছিনঃ,	অচ্ছিনদম্	ছিন্দ্যাৎ	ছিন্দ্যাঃ	ছিন্দ্যাম্
দ্বিবচন	অচ্ছিন্তাম্	অচ্ছিন্তম্	অচ্ছিন্দ্ব	ছিন্দ্যাতাম্	ছিন্দ্যাতম্	ছিন্দ্যাব
বহুবচন	অচ্ছিন্দন্	অচ্ছিন্ত	অচ্ছিন্দ্ম	ছিন্দ্যুঃ	ছিন্দ্যাত	ছিন্দ্যাম

লৃট্—ছেৎস্যতি ছেৎস্যতঃ ছেৎস্যন্তি, ছেৎস্যসি ইত্যাদি

ছিদ্—আত্মনেপদী

	লট্			লোট্		
একবচন	ছিন্তে	ছিন্ত্সে	ছিন্দে	ছিন্তাম্	ছিন্ত্স্ব	ছিনদৈ
দ্বিবচন	ছিন্দাতে	ছিন্দাথে	ছিন্দ্বহে	ছিন্দাতাম্	ছিন্দাথাম্	ছিনদাবহৈ
বহুবচন	ছিন্দতে	ছিন্ধ্বে	ছিন্দ্মহে	ছিন্দতাম্	ছিন্ধ্বম্	ছিনদামহৈ

	লঙ্			বিধিলিঙ্		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	অচ্ছিন্ত	অচ্ছিন্থাঃ	অচ্ছিন্দি	ছিন্দীত	ছিন্দীথাঃ	ছিন্দীয়
দ্বিবচন	অচ্ছিন্দাতাম্	অচ্ছিন্দাথাম্	অচ্ছিন্দ্বহি	ছিন্দীয়াতাম্	ছিন্দীয়াথাম্	ছিন্দীবহি
বহুবচন	অচ্ছিন্দত	অচ্ছিন্ধ্বম্	অচ্ছিন্দ্মহি	ছিন্দীরন্	ছিন্দীধ্বম্	ছিন্দীমহি

লৃট্—ছেৎস্যতে ছেৎস্যেতে ছেৎস্যন্তে, ছেৎস্যসে ছেৎস্যেথে ইত্যাদি

যুজ্—যুক্ত করা (To unite) উভয়পদী

যুজ্ — পরস্মৈপদী

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	যুনক্তি	যুনক্ষি	যুনজ্মি	যুনক্তু	যুঙ্গ্ধি	যু[illegible]
দ্বিবচন	যুঙ্ক্ত	যুঙ্ক্থঃ	যুঞ্জ্বঃ	যুঙ্ক্তাম	যুঙ্ক্তম	যুন[illegible]
বহুবচন	যুঞ্জন্তি	ক্থ	যুঞ্জ্মঃ	যুঞ্জন্তু	যুঙ্ক্ত	[illegible]

	লঙ্			বিধিলিঙ্		
একবচন	অযুনক্	অযুনক্	অযুনজম	যুঞ্জ্যাৎ	যুঞ্জ্যাঃ	যুঞ্জ্যাম
দ্বিবচন	অযুঙ্ক্তাম্	অযুঙ্ক্তম	অযুঞ্জ্ব	যুঞ্জ্যাতাম	যুঞ্জ্যাতম	যুঞ্জ্যাব
বহুবচন	অযুঞ্জন	অযুঙ্ক্ত	অযুঞ্জ্ম	যুঞ্জ্যুঃ	যুঞ্জ্যাত	যুঞ্জ্যাম

লৃট্—যোক্ষ্যতি যোক্ষ্যতঃ যোক্ষ্যন্তি; যোক্ষ্যসি ইত্যাদি

যুজ্—আত্মনেপদী

লট্—যুঙ্ক্তে, যুঞ্জাতে যুঞ্জতে, যুঙ্ক্ষে যুঞ্জাথে যুঙ্গ্ধ্বে; যুঞ্জে যুঞ্জ্বহে যুঞ্জ্মহে।

লোট্—যুঙ্ক্তাম্ যুঞ্জাতাম যুঞ্জতাম্; যুঙ্ক্ষ্ব যুঞ্জাথাম্ যুঙ্গ্ধ্বম্, যুনজৈ যুনজাবহৈ যুনজামহৈ।

লঙ্—অযুঙ্ক্ত অযুঞ্জাতাম্ অযুঞ্জত; অযুঙ্ক্থাঃ অযুঞ্জাথাম অযুঙ্গ্ধ্বম; অযুঞ্জি অযুঞ্জ্বহি অযুঞ্জ্মহি।

বিধিলিঙ্—যুঞ্জীত যুঞ্জীয়াতাম্ যুঞ্জীরন্; যুঞ্জীথাঃ যুঞ্জীয়াথাম্ যুঞ্জীধ্বম্, যুঞ্জীয় যুঞ্জীবহি যুঞ্জীমহি।

লৃট্—যোক্ষ্যতে যোক্ষ্যেতে যোক্ষ্যন্তে; যোক্ষ্যসে যোক্ষ্যেথে যোক্ষ্যধ্বে; যোক্ষ্যে যোক্ষ্যাবহে যোক্ষ্যামহে

তনাদিগণীয় ধাতু

তনাদিগণীয় ধাতুর উত্তর লট্, লোট, লঙ্ ও বিধিলিঙ্-এ উ আগম হয় (তনাদি কৃঞ্ভ্য উঃ)। তি, সি, মি, তু, আনি, আব, আম, দ, স্, অম, ঐ, আবহৈ, আমহৈ পরে থাকিলে উ-কার স্থানে ও-কার হয়।

তন+লট্ তি = তন+উ+তি = তন+ও+তি = তনোতি। কিন্তু তন+লট্ তস্ = তন+উ+তস্ = তনুতঃ। এইরূপ করোতি, কুরুতঃ

কৃ— করা (To do) উভয়পদী

ব, ম, য, ত, ইত্যাদি পরে থাকিলে কৃ স্থানে কর, অন্যত্র কৃ স্থানে কুর হয়।

কৃ+তে = কৃ+উ+তে = কুর+উ+তে = কুরুতে

ম য ব পরে থাকিলে উ-কারের লোপ হয়। কৃ+মস = কৃ+উ+মস = কুর্মঃ = কুর্ম।

লট্—পরস্মৈপদ

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	করোতি	করোষি	করোমি
দ্বিবচন	কুরুতঃ	কুরুথঃ	কুর্বঃ
বহুবচন	কুর্বন্তি	কুরুথ	কুর্মঃ

লোট—পরস্মৈপদী

একবচন	করোতু	কুরু	করবাণি
দ্বিবচন	কুরুতাম্	কুরুতম্	করবাব
বহুবচন	কুর্বন্তু	কুরুত	করবাম

লঙ্—পরস্মৈপদী

একবচন	অকরোৎ	অকরোঃ	অকরবম্
দ্বিবচন	অকুরুতাম্	অকুরুতম্	অকুর্ব
বহুবচন	অকুর্বন্	অকুরুত	অকুর্ম

বিধিলিঙ্—পরস্মৈপদী

একবচন	কুর্যাৎ	কুর্যাঃ	কুর্যাম্
দ্বিবচন	কুর্যাতাম্	কুর্যাতম্	কুর্যাব
বহুবচন	কুর্যুঃ	কুর্যাত	কুর্যাম

লৃট্—করিষ্যতি করিষ্যতঃ করিষ্যন্তি; করিষ্যসি করিষ্যথঃ ইত্যাদি।

কৃ—আত্মনেপদী

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
		লট্			লোট্	
একবচন	কুরুতে	কুরুষে	কুর্বে	কুরুতাম্	কুরুষ্ব	করবৈ
দ্বিবচন	কুর্বাতে	কুর্বাথে	কুর্বহে	কুর্বাতাম্	কুর্বাথাম্	করবাবহৈ
বহুবচন	কুর্বতে	কুরুধ্বে	কুর্মহে	কুর্বতাম্	কুরুধ্বম্	করবামহৈ
		লঙ্			বিধিলিঙ্	
একবচন	অকুরুত	অকুরুথাঃ	অকুর্বি	কুর্বীত	কুর্বীথাঃ	কুর্বীয়
দ্বিবচন	অকুর্বাতাম্	অকুর্বাথাম্	অকুর্বহি	কুর্বীয়াতাম্	কুর্বীয়াথাম্	কুর্বীবহি
বহুবচন	অকুর্বত	অকুরুধ্বম্	অকুর্মহি	কুর্বীরন্	কুর্বীধ্বম্	[illegible]

লৃট্—করিষ্যতে করিষ্যেতে করিষ্যন্তে, করিষ্যসে করিষ্যেথে ক[illegible] করিষ্যে করিষ্যাবহে করিষ্যামহে।

অনুবাদ

পূর্বেই অনুবাদ প্রণালীতে দেখান হইয়াছে যে কৃ ধাতুর সাহায্যে প্রায় সকল বাক্যের সংস্কৃত অনুবাদ করা যায়। সকর্মক ধাতুর স্থলে ক্রিয়াবাচক বিশেষ্যে ষষ্ঠী হইবে, ইহা মনে রাখিবে।

সে গান করে—সঃ গায়তি কিংবা স গানং করোতি।

রাম শোয়—রামঃ শেতে কিংবা রামঃ শয়নং করোতি।

হরি ভাত খায়—হরিঃ অন্নং ভুঙ্‌ক্তে কিংবা হরিঃ অন্নস্য ভোজনং করোতি।

রাজা রাজ্য শাসন করে—রাজা রাজ্যং শাস্তি কিংবা রাজা রাজ্যস্য শাসনং করোতি।

গুরুর বাক্য শুনিও—গুরোঃ বাক্যং শৃণু।

কালিদাস সরস্বতীর বর লাভ করিয়াছিল—কালিদাসঃ সরস্বত্যাঃ বরম্ আপ্নোৎ।

গুরুনিন্দা শিষ্যদের শোনা উচিত নয়—শিষ্যাঃ গুরুনিন্দাং ন শৃণুয়ুঃ।

যেমন সমর্থ তেমন করিবে—যথা শক্নুয়াৎ তথা কুর্যাৎ।

তাহারা স্বাদু অন্ন ভোজন করে—তে স্বাদু অন্নং ভুঞ্জতে।

মূষিকগণ ব্যাধের জাল ছেদন করে—মূষিকাঃ ব্যাধস্য জালং ছিন্দন্তি।

রাজা পৃথিবী পালন করেন—রাজা মহীং ভুনক্তি।

রাত্রে দধি খাওয়া উচিত নয়—ন রাত্রৌ দধি ভুঞ্জীত।

ঈশ্বর আমাকে শুভ বুদ্ধি যুক্ত করুন—ঈশ্বরঃ শুভবুদ্ধ্যা মাং যুনক্তু।

বালকগণ অবশ্যই ইহা করিবে—বালকাঃ নূনমেব এতৎ করিষ্যন্তি।

তোমরা এখন কি করিবে—অধুনা যূয়ং কিং করিষ্যথ?

পাপ করিও না—পাপং মা কুরু।

আমি এই কায করিয়াছি—অহম্ এতৎ কার্যম্ অকরবম্।

ক্র্যাদিগণীয় ধাতু

[illegible]াদিগণীয় ধাতুর উত্তর লট্, লোট্, লঙ ও বিধিলিঙ এ (শ্না) না আগম হয়। [illegible]ভ্যঃ শ্না)।

[illegible] তিঙ্ পরে থাকিলে না স্থানে ন্ হইবে। ব্যঞ্জনবর্ণ আদিতে আছে এরূপ তিঙ্ পরে থাকিলে না স্থানে নী হইবে কিন্তু তি, সি, মি, তু, দ্, স্, অম্ পরে থাকিলে না হইবে। ক্রী, গ্রহ্, প্রী প্রভৃতি ধাতুর রূপ করিবার সময় ণত্ব বিধি মনে রাখিবে।

ক্রী—ক্রয় করা (To buy) উভয়পদী

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
	লট্—পরস্মৈপদী			লোট্—পরস্মৈপদী		
একবচন	ক্রীণাতি	ক্রীণাসি	ক্রীণামি	ক্রীণাতু	ক্রীণীহি	ক্রীণানি
দ্বিবচন	ক্রীণীতঃ	ক্রীণীথঃ	ক্রীণীবঃ	ক্রীণীতাম্	ক্রীণীতম্	ক্রীণাব
বহুবচন	ক্রীণন্তি	ক্রীণীথ	ক্রীণীমঃ	ক্রীণন্তু	ক্রীণীত	ক্রীণাম
	লঙ্—পরস্মৈপদী			বিধিলিঙ্—পরস্মৈপদী		
একবচন	অক্রীণাৎ	অক্রীণাঃ	অক্রীণাম্	ক্রীণীয়াৎ	ক্রীণীয়াঃ	ক্রীণীয়াম্
দ্বিবচন	অক্রীণীতাম্	অক্রীণীতম্	অক্রীণীব	ক্রীণীয়াতাম্	ক্রীণীয়াতম্	ক্রীণীয়াব
বহুবচন	অক্রীণন্	অক্রীণীত	অক্রীণীম	ক্রীণীয়ুঃ	ক্রীণীয়াত	ক্রীণীয়াম

লৃট্—পরস্মৈপদী—ক্রেষ্যতি, ক্রেষ্যতঃ, ক্রেষ্যন্তি, ক্রেষ্যসি, ক্রেষ্যথঃ ইত্যাদি।

ক্রী— ক্রয় করা (To buy) আত্মনেপদী

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
		লট			লোট	
একবচন	ক্রীণীতে	ক্রীণীষে	ক্রীণে	ক্রীণীতাম্	ক্রীণীষ্ব	ক্রীণৈ
দ্বিবচন	ক্রীণাতে	ক্রীণাথে	ক্রীণীবহে	ক্রীণাতাম্	ক্রীণাথাম্	ক্রীণাবহৈ
বহুবচন	**ক্রীণতে**	ক্রীণীধ্বে	ক্রীণীমহে	ক্রীণতাম্	ক্রীণীধ্বম্	ক্রীণামহৈ
		লঙ্			বিধিলিঙ্	
একবচন	অক্রীণীত	অক্রীণীথাঃ	অক্রীণি	ক্রীণীত	ক্রীণীথাঃ	ক্রীণীয়
দ্বিবচন	অক্রীণাতাম্	অক্রীণাথাম্	অক্রীণীবহি	ক্রীণীয়াতাম্	ক্রীণীয়াথাম্	ক্রীণীবহি
বহুবচন	**অক্রীণত**	অক্রীণীধ্বম্	অক্রীণীমহি	ক্রীণীরন্	ক্রীণীধ্বম্	ক্রীণীমহি

ক্রী—লৃট্ আত্মনেপদ—ক্রেষ্যতে ক্রেষ্যেতে ক্রেষ্যন্তে ইত্যাদি।

গ্রহ—গ্রহণ করা (To take, To accept) উভয়পদী

	গ্রহ্—লট পরস্মৈপদ			গ্রহ লোট পরস্মৈ		
একবচন	গৃহ্ণাতি	গৃহ্ণাসি	গৃহ্ণামি	গৃহ্ণাতু	**গৃহাণ**	গৃহ্ণানি
দ্বিবচন	গৃহ্ণীতঃ	গৃহ্ণীথঃ	গৃহ্ণীবঃ	গৃহ্ণীতাম্	গৃহ্ণীতম্	গৃহ্ণাব
বহুবচন	গৃহ্ণন্তি	গৃহ্ণীথ	গৃহ্ণীমঃ	গৃহ্ণন্তু	গৃহ্ণীত	গৃহ্ণাম
	গ্রহ—লঙ্			গ্রহ্—বিধিলিঙ		
একবচন	অগৃহ্ণাৎ	অগৃহ্ণাঃ	অগৃহ্ণাম্	গৃহ্ণীয়াৎ	গৃহ্ণীয়াঃ	গৃহ্ণীয়াম্
দ্বিবচন	অগৃহ্ণীতাম্	অগৃহ্ণীতম্	অগৃহ্ণীব	গৃহ্ণীয়াতাম্	গৃহ্ণীয়াতম্	গৃহ্ণীয়াব
বহুবচন	অগৃহ্ণন্	অগৃহ্ণীত	অগৃহ্ণীম	গৃহ্ণীয়ুঃ	গৃহ্ণীয়াত	গৃহ্ণীয়াম

গ্রহ্—লৃট পরস্মৈপদ **গ্রহীষ্যতি** গ্রহীষ্যতঃ গ্রহীষ্যন্তি, গ্রহীষ্যসি ইত্যাদি।

গ্রহ—আত্মনেপদী

	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
		লট্			লোট	
একবচন	গৃহ্ণীতে	গৃহ্ণীষে	গৃহ্ণে	গৃহ্ণীতাম্	গৃহ্ণীষ্ব	গৃহ্ণৈ
দ্বিবচন	গৃহ্ণাতে	গৃহ্ণাথে	গৃহ্ণীবহে	গৃহ্ণাতাম্	গৃহ্ণাথাম্	গৃহ্ণাবহৈ
বহুবচন	**গৃহ্ণতে**	গৃহ্ণীধ্বে	গৃহ্ণীমহে	গৃহ্ণতাম্	গৃহ্ণীধ্বম্	গৃহ্ণামহৈ

	গ্রহ্—লঙ্			গ্রহ্—বিধিলিঙ্		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	অগৃহ্ণীত	অগৃহ্ণীথাঃ	অগৃহ্ণি	গৃহ্ণীত	গৃহ্ণীথাঃ	গৃহ্ণীয়
দ্বিবচন	অগৃহ্ণাতাম্	অগৃহ্ণাথাম	অগৃহ্ণীবহি	গৃহ্ণীয়াতাম্	গৃহ্ণীয়াথাম্	গৃহ্ণীবহি
বহুবচন	অগৃহ্ণত	অগৃহ্ণীধ্বম্	অগৃহ্ণীমহি	গৃহ্ণীরন্	গৃহ্ণীধ্বম্	গৃহ্ণীমহি

গ্রহ্ লৃট্—আত্মনেপদ—গ্রহীষ্যতে গ্রহীষ্যেতে গ্রহীষ্যন্তে ইত্যাদি

জ্ঞা—জানা (To Know) উভয়পদী

জ্ঞা—(জানা) পরস্মৈপদী

	লট্			লোট্		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
[illegible]	জানাতি	জানাসি	জানামি	জানাতু	জানীহি	জানানি
[illegible]	জানীতঃ	জানীথঃ	জানীবঃ	জানীতাম্	জানীতম্	জানাব
বহুবচন	[illegible]	জানীথ	জানীমঃ	জানন্তু	জানীত	জানাম

	লঙ্			বিধিলিঙ্		
একবচন	অজানাৎ	অজানাঃ	অজানাম্	জানীয়াৎ	জানীয়াঃ	জানীয়াম্
দ্বিবচন	অজানীতাম্	অজানীতম্	অজানীব	জানীয়াতাম	জানীয়াতম্	জানীয়াব
বহুবচন	অজানন	অজানীত	অজানীম	জানীয়ুঃ	জানীয়াত	জানীয়াম

লৃট্—জ্ঞাস্যতি জ্ঞাস্যতঃ জ্ঞাস্যন্তি ; জ্ঞাস্যসি জ্ঞাস্যথঃ ইত্যাদি ।

জ্ঞা—(জানা) আত্মনেপদী

	লট্—আত্মনেপদ			লোট্—আত্মনেপদ		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	জানীতে	জানীষে	জানে	জানীতাম্	জানীষ্ব	জানৈ
দ্বিবচন	জানাতে	জানাথে	জানীবহে	জানাতাম্	জানাথাম্	জানাবহৈ
বহুবচন	জানতে	জানীধ্বে	জানীমহে	জানতাম্	জানীধ্বম্	জানামহৈ

	লঙ—আত্মনেপদ			বিধিলিঙ্—আত্মনেপদ		
একবচন	অজানীত	অজানীথাঃ	অজানি	জানীত	জানীথাঃ	জানীয়
দ্বিবচন	অজানাতাম্	অজানাথাম্	অজানীবহি	জানীয়াতাম্	জানীয়াথাম্	জানীবহি
বহুবচন	অজানত	অজানীধ্বম্	অজানীমহি	জানীরন্	জানীধ্বম্	জানীমহি

জ্ঞা লৃট্ আত্মনেপদ—জ্ঞাস্যতে জ্ঞাস্যেতে জ্ঞাস্যন্তে ; জ্ঞাস্যসে জ্ঞাস্যেথে ইত্যাদি ।

প্রচলিত কয়েকটি ক্র্যাদিগণীয় ধাতুর লট্ প্রথম পুরুষ একবচনের রূপ—
বন্ধ্ (বন্ধন করা)—বধ্নাতি। অশ্ (খাওয়া)—অশ্নাতি।
পুষ্ (পোষণ করা) —পুষ্ণাতি। পৄ (পূরণ করা, সন্তুষ্ট করা)—প্রীণাতি, প্রীণীতে।
মন্থ্ (মন্থন করা)—মথ্নাতি। মুষ্ (চুরি করা)—মুষ্ণাতি।

অনুবাদ

তাহারা অন্ন ভোজন করে—তে অন্নম্ অশ্নন্তি। পরান্ন ভোজন করিও না—পরান্নং ন অশান। তাহারা মূল্য দ্বারা বইগুলি কিনিয়াছে—তে মূল্যেন পুস্তকানি অক্রীণন্। আমাকে আচার্য জানিও—মাম্ আচার্যং জানীহি। তোমরা সকলে ইহা জান—যূয়ং সর্বে এতদ্ জানীথ। আমাকে যাইবার অনুমতি দাও—অনুজানীহি মাং গমনায়। এই বৃত্তান্ত তোমাদের জানা উচিত—যূয়ম্ এতং বৃত্তান্তং জানীধ্বম্। সে পরের দ্রব্য গ্রহণ করে নাই—স পরদ্রব্যং ন অগৃহ্ণাৎ। নিরপরাধ লোকটিকে কেন উৎপীড়িত করিতেছ—কস্মাৎ নিরপরাধং জনং নিগৃহ্ণাসি। বালকটির দুঃখ আমার হৃদয় মথিত করিল—বালকস্য দুঃখং মম হৃদয়ং অমথ্নাৎ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

তাহারা এই ফুলগুলি ক্রয় করে নাই, চয়ন করিয়াছে। দরিদ্রকে দান করা ধর্ম জানিবে। গরুটিকে বন্ধন কর। তিন চোর রাজার রত্নসমূহ চুরি করিল (মুষ্)। পুণ্যাশ্রম দর্শন করিয়া নিজেকে পবিত্র করি (পুনীমহে)। সে কেন আমাকে অনুগ্রহ করিবে প্রত্যুত নিগৃহীত করিবে।

২। ধাতুরূপ লেখ :—

জ্ঞা, ক্রী, গ্রহ্—লোট্ হি, লোট্ স্ব, লট্ অন্তি, লট্ অন্তে, বিধিলিঙ্ ঈয়।

৩। বাক্য রচনা কর :—

জানীহি, ক্রীণীষ, গৃহাণ, জানীয়াৎ, অশান, অক্রীণীত, অগৃহ্ণন্, পুনীমহে, অশ্নীম।

ধাতুর গণ-নিরূপণ

ধাতুগুলির মধ্যে কোনটি কোন্ গণের অন্তর্ভুক্ত তাহা ঠিক মত জানিতে হইলে গণ মুখস্থ করিতে হয়। সহজে গণ চিনিবার উপায় সংক্ষেপে বলা যাইতে পারে—

ভ্বাদি ও তুদাদি গণীয় ধাতুর সহিত অ যোগ হয়—ভবতি, তুদতি।

দিবাদি গণীয় ধাতুর সহিত য যুক্ত হয়—দীব্যতি, নৃত্যতি।

চুরাদি গণীয় ধাতুর উত্তর অয়্ যুক্ত হয়—ভক্ষ্—ভক্ষয়তি, চুর্—চোরয়তি।

অদাদি গণীয় ধাতুর সহিত তি, তস্, তে, আতে প্রভৃতি যুক্ত হয়—অদ্+তি = [illegible] শাস্+তি = শাস্তি, হন্+তি = হন্তি, শী+তে = শেতে।

[illegible] গণীয় ধাতুর দ্বিত্ব হয় এবং ধাতুর প্রথমবর্ণ হ স্থানে জ, ভ স্থানে ব, [illegible] প্রভৃতি হয়,—ভী—বিভেতি, হু—জুহোতি, ধা—দধাতি।

[illegible] ধাতুর উত্তর নু হয়, উহা বিশেষ বিশেষ স্থানে নো হয়—সুনোতি, সুনুতঃ, চিনোতি, চিনুতঃ, আপ্নোতি, আপ্নুতঃ, শৃণোতি, শৃণুতঃ ইত্যাদি।

রুধাদিগণীয় ধাতুর অন্ত্যস্বরের পরে ন হয়, কোনও কোনও স্থানে উহার অ-কার লুপ্ত হয়—রুধ্—রুণদ্ধি, রুন্ধঃ, ছিদ্—ছিনত্তি, ছিন্তঃ, ভিদ্—ভিনত্তি, ভিন্তঃ, ভুজ্—ভুনক্তি, যুজ্—যুনক্তি ইত্যাদি।

তনাদি গণীয় ধাতুর উত্তর উ হয়, কখনও কখনও উ স্থানে ও হয়। কৃ—করোতি, কুরুতঃ।

ক্র্যাদি গণীয় ধাতুর উত্তর না হয়, কখনও কখনও না স্থানে নী হয়। ক্রী—ক্রীণাতি, ক্রীণীতঃ; জ্ঞা—জানাতি, জানীতঃ; গ্রহ্—গৃহ্ণাতি, গৃহ্ণীতঃ।

কোন্ গণে ধাতুর উত্তর কিরূপ বর্ণাগম প্রভৃতি হয় উহা ধাতুরূপ দেখাইবার সময় উদাহরণসহ দেখান হইয়াছে। এখানে কেবল স্মরণ করাইয়া দিবার জন্য একসঙ্গে সবগুলি সাধারণ ভাবে বলা হইল।

লিট্

পরোক্ষে লিট্—যিনি বাক্যটি প্রয়োগ করেন তাঁহার পরোক্ষে অর্থাৎ তাঁহার জ্ঞানের অগোচরের অতীত ঘটনা বুঝাইবার জন্য লিট্-এর ব্যবহার হয়। সুদূর অতীতের ঘটনা যাহা বক্তা জানেন না বা জানা সম্ভব নয়, এরূপ স্থলে

লিট্-এর প্রয়োগ হয়, যথা—দশরথো নাম রাজা বভূব—দশরথ নামে রাজা ছিলেন। রামঃ রাবণং জঘান—রাম রাবণকে বধ করিয়াছিলেন। দশরথের রাজা থাকার ব্যাপার কিংবা রামের রাবণকে বধ করার ব্যাপার বক্তা নিজে দেখেন নাই বা দেখার সম্ভাবনাও নাই। এরূপ স্থলে লিট্ ব্যবহার করা হয়।

কর্তা নিজে যখন বক্তা তখন নিজের ক্রিয়া বা কাজ নিজের পরোক্ষে বা জ্ঞানের অগোচরে হইতে পারে না, এইজন্য উত্তম পুরুষে লিট্ প্রয়োগ হয় না। আমি চন্দ্র দেখিয়াছিলাম—ইহার সংস্কৃত অনুবাদ—অহং চন্দ্রং অপশ্যম্ হইবে, অহং চন্দ্রং দদর্শ বলিলে ভুল হইবে।

কিন্তু যদি এরূপ অবস্থা হয় যে কর্তা উন্মত্ত কিংবা মত্ত কিংবা নিদ্রিত ছিল তখন কর্তার জ্ঞানের অগোচরে কার্য হইতে পারে, সেরূপ স্থলে উ[illegible] লিট্ হয়। অর্থাৎ চিত্ত বিক্ষেপ (Distracted state of mind) বুঝাই[illegible] পুরুষে লিট্ হয়—সুপ্তোঽহং কিং বিললাপ, আমি ঘুমের মধ্যে কি ক[illegible]লাম। মত্তোঽহং কিং বিচচার—আমি মত্ত অবস্থায় কি ঘুরিয়া বেড়াইয়াছিল[illegible]

ইহা ছাড়া অত্যন্ত অপহ্নব (strong denial) বুঝাইলে উত্তম পুরুষে লিট্ হয়, যথা—অপি ত্বং কলিঙ্গেষু অবাৎসীঃ—তুমি কি কলিঙ্গদেশে বাস করিয়াছিলে? কলিঙ্গদেশে বাস করিলে প্রায়শ্চিত্ত করিতে হইত, তাই উত্তরে বলিতেছে—নাহং কলিঙ্গান্ জগাম (অত্যন্ত অস্বীকার) বুঝাইতেছে।

লিট্-এর রূপ করিবার সাধারণ নিয়ম

১। লিট্ এ ধাতুর দ্বিত্ব হয়। দ্বিত্ব হইলে প্রথম ভাগকে অভ্যাস বলে (পূর্বোঽভ্যাসঃ)। প্রথম ভাগের আদিস্বরের পরবর্তী অংশের লোপ হয়,—যথা—পঠ্ + লিট্ = পঠ্ + পঠ্ + লিট্ = পপঠ। লিট্ হইলে ধাতুর অন্ত্যস্বরের বৃদ্ধি হয় প পাঠ, প পাত, চ চাল ইত্যাদি।

২। লিট্ এ ধাতুর দ্বিত্ব হইলে পূর্ব ভাগের বর্গীয় দ্বিতীয় বর্ণ স্থানে ঐ বর্গের প্রথম বর্ণ ও চতুর্থ বর্ণ স্থানে ঐ বর্গের তৃতীয় বর্ণ হয়, যথা, ছেদ্—চিচ্ছেদ, ভূ—বভূব, ভেদ্—বিভেদ।

৩। ক ও খ স্থানে চ ও গ স্থানে জ হয়, খাদ—চখাদ, খন্—চুখান, কৃ—চকার, গম্—জগাম, গদ্—জগাদ, কুপ্—চুকোপ।

৪। এইরূপ হ স্থানে জ হয়। হস্—জহাস, হৃ—জহার।

৫। পরস্মৈপদী আকারান্ত ধাতুর লিট্ এ পরবর্তী আকার স্থানে ঔকার হয়, যা—যযৌ, স্থা—তস্থৌ, মা—মমৌ, পা—পপৌ, দা—দদৌ।

৬। লিট্ এ পরবর্তী চ স্থানে ক, জ স্থানে গ ও হ স্থানে ঘ হয়। চি—চিকায়, জি—জিগায়, হন্—জঘান।

৭। লিট্ এ দৃশ্ স্থানে দর্শ্ এবং সৃজ স্থানে সর্জ হয়। দৃশ্—দদর্শ, সৃজ্—সসর্জ।

৮। বচ্, বপ্, বস্, বহ্ ও স্বপ্ এই ধাতুগুলির লিট্ এ পূর্ব ভাগের ব স্থানে উ হয়। বচ্—উবাচ, বপ্—উবাপ, বস্—উবাস, বহ্—উবাহ, স্বপ্—[illegible]

[illegible] লিট্ এ যজ ধাতুর পূর্ব ভাগের য স্থানে ই হয়। যজ্—ইয়াজ।

[illegible] ণিজন্ত ধাতু, চুরাদিগণীয় ধাতু ও আস্ প্রভৃতি ধাতুর লিট্ এ ণিজন্ত ধাতুর [illegible] আম যোগ করিয়া, অস্, ভূ অথবা কৃ ধাতুর লিট্ এর রূপ যোগ করিতে হয়। ধাতু আত্মনেপদী হইলে অস্, ভূ বা কৃ এর আত্মনেপদের লিট্ এর রূপ যোগ করিতে হয়। ধাতু পরস্মৈপদী হইলে ঐ ধাতু তিনটির একটির লিট্ এর পরস্মৈপদের রূপ যোগ করিতে হয়।

জন্—জনয়্—জনয়ামাস, জনয়াম্বভূব, জনয়াঞ্চকার।

স্থা ণিচ—স্থাপয—স্থাপয়ামাস, স্থাপয়াম্বভূব, স্থাপয়াঞ্চকার।

ভক্ষ্—ভক্ষয়—ভক্ষয়ামাস, ভক্ষয়াম্বভূব, ভক্ষয়াঞ্চকার।

মন্ত্র্—মন্ত্রয়—মন্ত্রয়ামাসে, মন্ত্রয়াম্বভূবে, মন্ত্রয়াঞ্চক্রে।

লিট এর আকৃতি

	পরস্মৈপদী			আত্মনেপদী		
	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ	প্রথম পুঃ	মধ্যম পুঃ	উত্তম পুঃ
একবচন	নল্ (অ)	থল্ (থ)	নল্ (অ)	এ	সে	এ
দ্বিবচন	অতুস্	অথুস্	ব	আতে	আথে	বহে
বহুবচন	উস্	অ	ম	ইরে	ধ্বে	মহে

গম্—লিট্ পরস্মৈপদ

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	জগাম	জগমিথ, জগন্থ	জগাম, জগম
দ্বিবচন	জগ্মতুঃ	জগ্মথুঃ	জগ্মিব
বহুবচন	জগ্মুঃ	জগ্ম	জগ্মিম

	দৃশ্—লিট্ পরস্মৈপদ			যা—লিট্ পরস্মৈপদ		
একবচন	দদর্শ	দদর্শিথ, দদ্রষ্ঠ	দদর্শ	যযৌ	যযিথ, যযাথ	যযৌ
দ্বিবচন	দদৃশতুঃ	দদৃশথুঃ	দদৃশিব	যযতুঃ	যযথুঃ	যযিব
বহুবচন	দদৃশুঃ	দদৃশ	দদৃশিম	যযুঃ	যয	যযিম

	ভূ—লিট্ পরস্মৈপদ			গ্রহ্—লিট্ পরস্মৈ[illegible]		
একবচন	বভূব	বভূবিথ	বভূব	জগ্রাহ	জগ্রহিথ	জগ্[illegible]
দ্বিবচন	বভূবতুঃ	বভূবথুঃ	বভূবিব	জগ্রহতুঃ	জগৃহথুঃ	[illegible]হিব
বহুবচন	বভূবুঃ	বভূব	বভূবিম	জগৃহুঃ	জগৃহ	[illegible]গৃহিম

	বচ্—লিট্ পরস্মৈপদ			গ্রহ্—আত্মনেপদ		
একবচন	উবাচ	উবচিথ, উবক্থ	উবাচ, উবচ	জগৃহে	জগৃহিষে	জগৃহে
দ্বিবচন	উচতুঃ	উচথুঃ	উচিব	জগৃহাতে	জগৃহাথে	জগৃহিবহে
বহুবচন	উচুঃ	উচ	উচিম	জগৃহিরে	জগৃহিধ্বে	জগৃহিমহে

বচ্-ধাতুর লিট্-এর রূপে ব পরে থাকিলে উ অন্যত্র উ।

কয়েকটি ধাতুর লিট-এর প্রথম পুরুষের রূপ—

কৃ—চকার চক্রতুঃ চক্রুঃ। গৈ—জগৌ জগতুঃ জগুঃ। দা—দদৌ দদতুঃ দদুঃ। স্থা—তস্থৌ তস্থতুঃ তস্থুঃ। পা—পপৌ পপতুঃ পপুঃ। জি—জিগায় জিগ্যতুঃ জিগ্যুঃ। চি—চিকায় চিক্যতুঃ চিক্যুঃ। নী—নিনায় নিন্যতুঃ নিন্যুঃ। ধা—দধৌ দধতুঃ দধুঃ। হস্—জহাস জহসতুঃ জহসুঃ। পত্—পপাত পেততুঃ পেতুঃ।

লট্, লোট্ প্রভৃতি ল-কারের প্রয়োগ

পূর্বেই বলা হইয়াছে সংস্কৃতে দশটি ল-কার। উহাদের মধ্যে লট্—বর্তমান কাল, লঙ্, লিট্ ও লুঙ্ অতীত কাল এবং লৃট্ ও লুট্ ভবিষ্যৎ কাল বুঝায়। এইগুলি কাল বোধক ল-কার (Tenses)। লোট (Imperative mood),

বিধিলিঙ্ (Potential mood), আশীর্লিঙ্ (Benedictive mood) এবং লৃঙ্ (Conditional mood) এই চারিটি ক্রিয়ার প্রকার (Mood) বুঝায়। ইহাদের ব্যবহারের সামান্য নিয়মগুলি দেখান হইতেছে—

লট্—বর্ত্তমান কাল (Present Tense)

১। বর্ত্তমানে লট্—বর্তমান কালের ক্রিয়া বুঝাইলে ধাতুর উত্তর লট্ হয়। যথা—সূর্য পূর্বদিকে উঠে—সূর্যঃ পূর্বস্যাং দিশি উদেতি। বালক বই পড়ে—বালকঃ পুস্তকং পঠতি। ছাত্র বিদ্যালয়ে যাইতেছে—ছাত্রঃ বিদ্যালয়ং গচ্ছতি।

২। যাবৎপুরানিপাতয়োর্লট্—যাবৎ ও পুরা এই দুইটি নিশ্চয়ার্থক [illegible] যোগে ভবিষ্যৎ কালে লৃট্ হয়। যথা—রথং স্থাপয় যাবদহমবতরামি—[illegible]াও, আমি যতক্ষণে অবতরণ করিব —Stop the chariot, I shall get do[illegible] যাবৎ স ভুঙ্‌ক্তে—সে নিশ্চয়ই খাইবে—He will surely eat. [illegible] চন্দ্রঃ—এখনই চাঁদ দেখা যাইবে—The moon will be seen shortly. আলোকে তে নিপততি পুরা সা—সে শীঘ্রই তোমার দৃষ্টিপথে পড়িবে।

৩। বর্তমানসামীপ্যে বর্তমানবদ্ বা—বর্তমান কালের সন্নিহিত ভবিষ্যৎ ও, অতীত কাল অর্থে লট্-এর প্রয়োগ হয়। যথা,—কদা গমিষ্যসি—কখন যাইবে? ইহার উত্তরে বলা যায়—এষঃ অহং গচ্ছামি—আমি এখনই যাইব—I shall go presently. কদা আগতোঽসি—কবে আসিয়াছ? ইহার উত্তরে অয়মহমাগচ্ছামি—আমি এখনই আসিয়াছি—I have come just now.

৪। বিভাষা কদাকর্হ্যোঃ—কদা ও কর্হি শব্দের প্রয়োগে ভবিষ্যৎ কাল অর্থে বিকল্পে লট্ হয়। যথা—কদা ত্বং নগরং গচ্ছসি (গমিষ্যসি বা)? এইরূপ—কর্হি শ্রীহরিং পশ্যামি (দ্রক্ষ্যামি বা)—আমি কখন শ্রীহরিকে দেখিব?

৫। লিপ্স্যমানসিদ্ধৌ—দুইটি ক্রিয়ার কার্যকারণ ভাব বুঝাইলে ভবিষ্যৎ কাল অর্থে বিকল্পে লট্ হয়। যথা—যঃ দরিদ্রং সেবতে স স্বর্গং গচ্ছতি (গমিষ্যতি বা)।

৬। অভ্যস্ত ক্রিয়া এবং চিরন্তন সত্য (Universal truth) বুঝাইলে লট্ হয়। যথা—অত্র বালকাঃ ক্রীড়ন্তি—এখানে বালকগণ খেলিতে অভ্যস্ত। পৃথিবী সূর্যম্ পরিতঃ আবর্ত্ততে—পৃথিবী সূর্যের চতুর্দিকে ঘোরে।

৭। উপাখ্যান ও ইতিহাসের ঘটনা বর্ণনায় অতীত কাল অর্থে লট্ প্রয়োগ করা যায়। যথা—শৃগালো ব্রূতে—কস্ত্বম্। তত্র জীর্ণধনো নাম বণিক্‌পুত্রঃ প্রতিবসতি। অস্তি বঙ্গদেশে ঈশ্বরচন্দ্রো নাম কশ্চিদ্ বিদ্বান্।

৮। লট্ স্ম—স্ম যুক্ত লট্ অতীত কাল বুঝায়। যথা—যুধিষ্ঠিরঃ যজতি স্ম। ছাত্রাঃ পুস্তকানি পঠন্তি স্ম—ছাত্ররা পুস্তকগুলি পড়িয়াছিল।

লঙ্, লিট্, লুঙ্—অতীত কাল (Past Tense)

১। অনদ্যতনে লঙ্—গত রাত্রির শেষ প্রহরের পূর্বের অতীত ঘটনা বুঝাইলে লঙ্ হয়। যথা—স হ্যঃ গৃহম্ অগচ্ছৎ—সে কাল বাড়ী গিয়াছে। আসীদুজ্জয়িন্যাং বিক্রমাদিত্যো নাম রাজা।

২। ভূতসামান্যে লুঙ্—গত রাত্রির শেষ প্রহর হইতে আজি[illegible] অতীত ঘটনা বুঝাইলে লুঙ্ হয়। যথা—অদ্য প্রাতঃ বৃষ্টিরভূৎ। এ[illegible] বৃষ্টিঃ অভবৎ বা বভূব (লঙ্ বা লিট্) হইবে না। কবিদের [illegible] সুদূর অতীত (remote past), যেখানে লিট্ হওয়া উচিত সেখানে[illegible] লুঙ্ হয়। অভূন্নৃপঃ বিবুধসখঃ পরন্তপঃ দশরথঃ ইত্যাদাহৃতঃ।

৩। মাঙি লুঙ্—মাঙ্ এই নিষেধার্থক অব্যয়ের যোগে সর্বকাল অর্থেই লুঙ্ হয়। তখন লুঙ্-এর অ-কার লোপ পায় (ন মাঙ্‌যোগে), মা ভৈষীঃ (অভৈষীঃ), মা কার্ষীঃ (অকার্ষীঃ)।

৪। পরোক্ষে লিট্—তিঙন্তের লিট্ প্রকরণে ইহা বিস্তৃতভাবে বলা হইয়াছে। দশরথো নাম নৃপতির্বভূব। মনে রাখিবে উত্তম পুরুষে সাধারণতঃ লিট্ হয় না। অহং চন্দ্রং দদর্শ হইবে না। অদ্রাক্ষম্, অপশ্যম্ প্রভৃতি হইবে।

৫। স্মোত্তরে লঙ্ চ—মাস্ম শব্দ যোগে লুঙ্ ও লঙ্ হয়। যথা—মাস্ম গমঃ অথবা মাস্ম গচ্ছঃ (মাঙ যোগে লুঙ্ ও লঙ্-এর পূর্বাস্থিত অ-কারের লোপ হয়)।

মনে রাখিবে—লুঙ্, লঙ্ ও লিট্ তিনটিই অতীত কাল বুঝায়। লুঙ্—অদ্যতন অর্থাৎ আজকের অতীত ঘটনা বুঝাইতে লুঙ্। লঙ্—অনদ্যতন অর্থাৎ আজকের অতীত ঘটনা ভিন্ন অতীত সামান্যে লঙ্। লিট্—সুদূর অতীতের ঘটনা বুঝাইলে লিট্ হইবে।

লৃট্, লুট্—ভবিষ্যৎ কাল (Future Tense)

১। অনদ্যতনে লুট্—আজিকার দিনের ভবিষ্যৎ ভিন্ন ভবিষ্যৎ অর্থে লুট্ হয়। যথা—রামঃ শ্বো রাজা ভবিতা। স শীঘ্রম্ আগন্তা।

২। লৃট্-শেষে ভবিষ্যৎ কাল বুঝাইলে ধাতুর উত্তর লৃট্ হয়। যথা—অদ্যাহং গৃহং গমিষ্যামি। ঈশ্বরঃ তব সহায়ঃ ভবিষ্যতি। আজকার ভবিষ্যৎ ঘটনা অর্থে লৃট্ ও লুট্ হয়।

লোট্ (Imperative Mood)

১। আদেশ, অনুজ্ঞা (অনুমতি) অনুরোধ, জিজ্ঞাসা, প্রার্থনা ও নিমন্ত্রণ অর্থে লোট্ হয়। যথা—

[illegible]দেশ—গৃহং গচ্ছ। অনুমতি—রামঃ গৃহং গচ্ছতু। জিজ্ঞাসা—কিং [illegible]বেদং পঠাব—আমরা কি বেদ পড়িব?

[illegible]রোধ—ভবান্ ইহ আগচ্ছতু।

[illegible]া—অধ্যাপয়তু মাং ভবান্। রাজন! রক্ষ মাম্।

নিমন্ত্রণ—ইহ ভুঙ্‌ক্তাম্ ভবান।

২। আশীর্বাদ, শিষ্টাচার ও সামর্থ্য অর্থে লোট্-এর প্রয়োগ হয়। যথা—আশীর্বাদ—বিজয়তাং মহারাজঃ এবংগুণোপেতং পুত্রমাপ্নুহি।

শিষ্টাচার—ইদম্ আসনম্ আস্যতাম।

সামর্থ্য অর্থে—অপি সমুদ্রং শোষয়াণি।

৩। তুহ্যোস্তাতঙ্ অশিষি অন্যতরস্যাম—আশীর্বাদ অর্থে লোটের তু ও হি স্থানে বিকল্পে তাতঙ্ হয়। যথা—দাতা শতং জীবতু বা জীবতাৎ। ত্বং সুখী ভব ভবতাৎ বা।

বিধিলিঙ্—(Potential mood)

১। বিধি অর্থে বিধিলিঙ্ হয়। যথা—সদা সত্যং বদেৎ।

২। উচিত অর্থে বিধিলিঙ্ হয়। যথা—দীনেষু দয়াং কুর্যাৎ।

৩। নিয়োগ, নিমন্ত্রণ, অনুজ্ঞা (অনুমতি), অনুরোধ জিজ্ঞাসা ও প্রার্থনা অর্থে লোট্ এর ন্যায় বিধিলিঙ্ হয়। নিয়োগ—ত্বম্ ইদং কুর্যাঃ। নিমন্ত্রণ—ইহ ভবান্ ভুঞ্জীত। অনুজ্ঞা—ছাত্রাঃ গৃহং গচ্ছেয়ুঃ। অনুরোধ—ত্বং মম পুত্রম অধ্যাপয়েঃ। জিজ্ঞাসা—কিং বয়ম্ বেদম্ পঠেম। প্রার্থনা—ভবান্ অনুগ্রহং কুর্যাৎ।

৪। হেতুহেতুমতোর্লিঙ্—দুইটি ক্রিয়ার কার্যকারণ ভাব বুঝাইলে উভয় ক্রিয়ার উত্তর ভবিষ্যৎ কাল অর্থে বিধিলিঙ্ বা লৃট্ হয়। যথা—যদি বাল্যে পঠেৎ (পঠিষ্যতি বা) তর্হি সুখং লভেত (লপ্স্যতে বা)। যদি পাপং কুর্যাৎ তর্হি নরকং গচ্ছেৎ (করিষ্যতি, গমিষ্যতি বা)।

৪। সামর্থ্য, যোগ্যতা এবং সম্ভাবনা অর্থে ধাতুর উত্তর বিধিলিঙ্ হয়। যথা—সামর্থ্য—ভবান ভারং বহেৎ। যোগ্যতা—ভবান কন্যাম্ উদ্বহেৎ। সম্ভাবনা—অদ্য বৃষ্টিঃ ভবেৎ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

দেবতাত্মা পর্বতশ্রেষ্ঠ হিমালয় উত্তর দিকে রহিয়াছেন। তু[illegible] পড়িবে,—এই যে আমি পড়িতেছি। একটি মূষিক প্রত্যেক দি[illegible] অগ্রভাগ ছেদন করে। নিষাধদেশে নল নামে এক রাজা ছিলেন [illegible]র চারি পুত্র হইয়াছিল। আমার কথায় তোমাব যেন সন্দেহ থাকে না। তপোবন-বাসিগণের যেন পীড়া না হয়। সাবিত্রী বন পর্যন্ত স্বামীর অনুসরণ করিল। দুর্জনসংসর্গ ত্যাগ কর, সাধু সঙ্গ কর। দিন রাত্র পুণ্য কর। সর্বদা অনিত্যতা স্মরণ কর। যিনি বাঁচিলে অনেকে বাঁচে তিনি বাঁচিয়া থাকুন। নিজের গুণ সমূহ আচ্ছাদিত করিয়া রাখিবে। সর্বদা সকলের সত্য কথা বলা উচিত। সত্য বলা উচিত, প্রিয় বলা উচিত, অপ্রিয় সত্য বলা উচিত নয়। বুদ্ধিমান্ ব্যক্তি পরের জন্য ধনরাশি ও জীবন দিবেন। আজ যদি পিতা কাছে থাকিতেন।

২। শুদ্ধ করিয়া লেখ :

যাবৎ মুনিঃ আগমিষ্যতি তাবৎ সর্বে আসনাৎ উথাস্যন্তি। যুধিষ্ঠিরো নাম রাজা অবসৎ স্ম। ধর্মিকাঃ সুখী বভুব। অহং নভসি চন্দ্রং দদর্শ। অদ্য প্রাতঃ বৃষ্টিঃ বভুব। ত্বম্ ইদং মা অকার্ষীঃ। নাহং মিথ্যা উবাচ।

৩। বাংলা অনুবাদ কর :—

মা কুরু ধনজনযৌবনগর্বম্। হরতি নিমেষাৎ কালঃ সর্বম্। দিবা মা স্বাপ্সীঃ। আগচ্ছতু ভবান্। ইদমাসনম্ আস্যতাম। কদা গমিষ্যসি। অয়মহং গচ্ছামি। সমুদ্রমপি শোষয়ামি, হিমালয়ং বা উৎপাটয়ামি। শুশ্রূষস্ব গুরূন্।

ক্রিয়া (Verb)

হওয়া, থাকা, করা প্রভৃতি যাহার দ্বারা বুঝা যায় তাহাকে ক্রিয়া বলে। ক্রিয়া দুই প্রকার—অকর্মক ও সকর্মক। যে ক্রিয়ার কর্ম থাকে না উহা অকর্মক। যথা-হাসা, কাঁদা, নাচা-হসতি, ক্রন্দতি, নৃত্যতি ইত্যাদি। বালকঃ হসতি। বালিকা রোদিতি। তে নৃত্যন্তি। এসব যায়গায় কি নাচে, কি হাসে এরূপ জানিবার ইচ্ছা হয় না। উহারা অকর্মক ক্রিয়া। কিন্তু, রামঃ ফলং খাদতি। ছাত্রঃ বিদ্যালয়ং গচ্ছতি। শিশুঃ চন্দ্রং পশ্যতি। এসব যায়গায় রাম কি খায়, বালক কোথায় যায়, শিশু কি দেখে, এরূপ জানিবার ইচ্ছা থাকে ও ফল, বিদ্যালয়, চন্দ্র প্রভৃতি পদের দ্বারা ঐ জিজ্ঞাসার সমাধান হয়। কাজেই খাদতি, গচ্ছতি, [illegible] ক্রিয়াগুলি সকর্মক। যে ক্রিয়ার কর্ম থাকে তাহাকে সকর্মক ক্রিয়া বলে। [illegible] ইচ্ছাবশতঃ সকর্মক ক্রিয়াও অকর্মকরূপে প্রয়োগ করা চলে, যথা—বালকঃ [illegible] পাচকঃ পচতি। গম্ ধাতু ও পচ্ ধাতু এখানে অকর্মকরূপে ব্যবহৃত। এখানে বক্তা কোথায় যায় বা পাচক কি রান্না করে তাহা প্রকাশ করিতে ইচ্ছুক নহে।

কতকগুলি অকর্মক ধাতু উপসর্গ যোগে সকর্মক হয়। যথা—স শয্যায়াং শেতে—শী ধাতু অকর্মক, কিন্তু, স শয্যাম্ অধিশেতে, এখানে অধিপূর্বক শী ধাতু সকর্মক।

আবার কতকগুলি অকর্মক ধাতুর দেশ, কাল, ভাব বা গন্তব্য পথ প্রভৃতি কর্ম হইতে পারে, যথা—কুরূন্ স্বপিতি, মাসম্ অধীতে ইত্যাদি।

যে সমস্ত ধাতু—বিদ্যমান থাকা, লজ্জিত হওয়া, স্থিতি, জাগরণ, বৃদ্ধি, ক্ষয়, ভয়, বাঁচা, মরা, শয়ন করা, খেলা, পছন্দ হওয়া, শোভা পাওয়া প্রভৃতি বুঝায়, উহারা অকর্মক ধাতু অর্থাৎ উহাদের কর্ম থাকে না। যথা—তস্য পুস্তকম্ অস্তি। স গুরোঃ লজ্জতে। সুখেন জীবতি। ইদং মহ্যম্ রোচতে। মুখং শোভতে ইত্যাদি।

সত্তালজ্জাস্থিতিজাগরণং বৃদ্ধিক্ষয়ভয়জীবনমরণম্।
শয়নক্রীড়া রুচিদীপ্ত্যর্থা ধাতব এতে কর্মণি নোক্তাঃ॥

যে ক্রিয়ার কর্ম আছে তাহাকে সকর্মক ক্রিয়া বলে, যথা—বালকঃ গ্রামং গচ্ছতি। মুনিঃ শাস্ত্রং বদতি ইত্যাদি বাক্যে গ্রামম্, শাস্ত্রং কর্ম। দুহ্, যাচ্ প্রভৃতি ধাতুর দুইটি কর্ম থাকিতে পারে। যাহাদের দুইটি কর্ম থাকে তাহারা দ্বিকর্মক ধাতু। দুহ, যাচ্, পচ্ দণ্ড, রুধ্, প্রচ্ছ্, চি, ব্রূ, শাস্, জি, মন্থ্, মুষ্ এবং নী, হৃ, কৃষ্ ও বহ্ ধাতু দ্বিকর্মক।

দুহ্যাচপচদণ্ডরুধিপ্রচ্ছিচিব্রূশাস্ জি মন্থমুষাম্।
কর্মযুক্স্যাদকথিতং তথা স্যান্নীহৃকৃষ বহাম্॥

দুহাদি ১২টি এবং নী প্রভৃতি ৪টি এই মোট ১৬টি ধাতু দ্বিকর্মক। দুইটি কর্মের একটিকে মুখ্য বা প্রধান কর্ম, অপরটিকে গৌণ, অপ্রধান বা অকথিত কর্ম বলে। যে কর্মটিতে দ্বিতীয়া ভিন্ন অন্য বিভক্তি হইতে পারে না উহা মুখ্যকর্ম। [illegible] গোপঃ গাং দুগ্ধং দোগ্ধি এস্থলে গাম একটি কর্ম এবং দুগ্ধম আর এক[illegible] গোঃ দুগ্ধং দোগ্ধি এরূপ গোঃ (গরু হইতে) অপাদানও হই[illegible]র। কিন্তু দুগ্ধম কর্ম ছাড়া কিছু হইতে পারে না, সুতরাং দুগ্ধং মুখ্য ক[illegible] গাং গৌণ, অপ্রধান বা অকথিত কর্ম। এইরূপ বালকঃ বৃক্ষং পুষ্পং চিনোতি এখানে বৃক্ষাৎ পুষ্পং চিনোতি হইতে পারে। সুতরাং বৃক্ষং গৌণ কর্ম। কিন্তু পুষ্পং কর্ম ছাড়া কিছু হইতে পারে না, সুতরাং পুষ্পং মুখ্য কর্ম।

গোপঃ অজং গ্রামং নয়তি এখানে গ্রামং না হইয়া গ্রামে হইতে পারে সুতরাং গ্রামং গৌণ কর্ম এবং অজম্ কর্ম ছাড়া কিছু হইতে পারে না সুতরাং উহা মুখ্য কর্ম। যাচ্—অর্থী ধনিনং (গৌণ কর্ম) ধনং (মুখ্য কর্ম) যাচতে। পচ্—পাচকঃ তণ্ডুলম্ ওদনং পচতি।

দন্ড—রাজা চৌরং শতং দণ্ডয়তি। প্রচ্ছ্—শিষ্যঃ গুরুং ধর্মং পৃচ্ছতি।

ব্রূ—মুনিঃ শিষ্যং শাস্ত্রং ব্রূতে। ভৃত্যঃ ভারং গ্রামং নয়তি হরতি বহতি বা।

অর্থনিবন্ধনা ইয়ং সংজ্ঞা—দুহ্ যাচ্ প্রভৃতি যে ১৬টি ধাতুকে দ্বিকর্মক বলা হইয়াছে **উহার সমার্থক ধাতুগুলিও দ্বিকর্মক হইবে**। যাচা অর্থ—প্রার্থনা করা ভিক্ষ্ ধাতুর অর্থও প্রার্থনা করা সুতরাং ভিক্ষ্ ধাতুও দ্বিকর্মক। এইরূপ ব্রূ ধাতুর অর্থ বলা এবং বদ্, কথ্, ভাষ্ প্রভৃতি ধাতুর অর্থও বলা সুতরাং বদ্ প্রভৃতি ধাতুও দ্বিকর্মক, যথা গুরুঃ শিষ্যাং ধর্মং ব্রূতে, বদতি, কথয়তি, ভাষতে বা।

সপ্তম অধ্যায়

বাচ্য প্রকরণ (Voice)

সংস্কৃতে বাচ্য চারি প্রকার—কর্তৃবাচ্য, কর্মবাচ্য, ভাববাচ্য ও কর্মকর্তৃবাচ্য।

কর্তৃবাচ্য (Active Voice)

যে বাক্যে কর্তা ক্রিয়ার বাচ্য হয় অর্থাৎ কর্তার সংখ্যা ও পুরুষ ক্রিয়ার দ্বারা জানা যায়, উহা কর্তৃবাচ্য। ইহাতে কর্তাই প্রধানরূপে প্রতীত হইয়া থাকে। অহং গচ্ছামি—এই বাক্যে গচ্ছামি এই ক্রিয়া পদ হইতেই জানা যায় যে এই বাক্যের কর্তা একজন এবং সে উত্তম পুরুষ। এইরূপ বালকাঃ ধাবন্তি—এই বাক্যের ক্রিয়া [illegible]ইতে জানা যায়—এখানে কর্তা বহু এবং তাহারা প্রথম পুরুষ। এইরূপ [illegible] কর্তা, ক্রিয়ার দ্বারা উক্ত হয় বলিয়া উহা উক্তকর্তা। উহাতে কর্তায় প্র[illegible] বা পাণিনিসম্প্রদায়ের মতে **প্রাতিপদিকার্থে প্রথমা হয়**। কেহ [illegible]ক অভিধেয়মাত্রে প্রথমাও বলেন।

কর্তৃবাচ্য প্রয়োগে কর্তায় প্রথমা ও কর্মে দ্বিতীয়া বিভক্তি হয়, ক্রিয়ায় কর্তার অনুরূপ বচন ও পুরুষ হয়, যথা—বালকাঃ বিদ্যালয়ং গচ্ছন্তি। বালিকে গ্রামং গচ্ছতঃ। অহং চন্দ্রং পশ্যামি। ভৃত্যঃ ভারান্ বহতি ইত্যাদি।

কর্তৃবাচ্য প্রয়োগে তু প্রথমা কর্তৃকারকে।
দ্বিতীয়ান্তং ভবেৎ কর্ম, কর্ত্রধীনং ক্রিয়াপদম্॥

কর্মবাচ্য (Passive Voice)

যে বাক্যে কর্ম ক্রিয়ার বাচ্য হয় অর্থাৎ কর্মের সংখ্যা ও পুরুষ ক্রিয়ার দ্বারা জানা যায় তাহা কর্মবাচ্য। এখানে কর্মই প্রধান রূপে প্রতীত হয়। যথা বালকেন গ্রামঃ গম্যতে--বালক কর্তৃক গ্রামে যাওয়া হয়। ময়া চন্দ্রো দৃশ্যতে। অস্মাভিঃ পুস্তকানি পঠ্যন্তে। ত্বং ময়া দৃশ্যসে। ত্বয়া অহং দৃশ্যে ; গম্যতে, দৃশ্যতে, পঠ্যন্তে, দৃশ্যসে এবং দৃশ্যে এই ক্রিয়া পদগুলির দ্বারা কর্মের বচন ও পুরুষ জানা যাইতেছে। এই সমস্ত বাক্যে কর্ম ক্রিয়ার দ্বারা উক্ত হয় বলিয়া উক্ত কর্মে প্রথমা হইয়াছে। পাণিনিসম্প্রদায় ইহাকেও **প্রাতিপদিকার্থে প্রথমা** বলেন।

কর্মবাচ্যপ্রয়োগে তু তৃতীয়া কর্তৃকারকে।
প্রথমান্তং ভবেৎ কর্ম, কর্মাধীনং ক্রিয়াপদম্॥

কর্মবাচ্য প্রয়োগে কর্তায় তৃতীয়া বিভক্তি, কর্মে প্রথমা বিভক্তি ও কর্মের যে পুরুষ ও যে বচন, ক্রিয়াপদে সেই পুরুষ ও সেই বচন হইবে। লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্-এ ধাতুর সহিত য যোগ করিয়া আত্মনেপদে প্রয়োগ করিতে হইবে।

ভাববাচ্য (Verbal Voice)

ভাব শব্দের অর্থ—ধাত্বর্থ (ধাতুর অর্থ) অর্থাৎ গম্ ধাত্বর্থ—যাওয়া, ভুজ্ ধাত্বর্থ ভোজন, ইত্যাদি। ধাতুর অর্থই যে বাক্যে প্রধান রূপে প্রতী[illegible] হয় তাহাকে ভাববাচ্য বলে, যথা—ময়া হস্যতে—আমার হাসা হয়। ত্বয়া [illegible] তোমার যাওয়া হয় ইত্যাদি। এই জাতীয় বাক্যে কর্তা উক্ত হয় নাই [illegible] অনুক্ত এবং অনুক্ত কর্তায় তৃতীয়া বিভক্তি হয়। অকর্মক ধাতুর প্রয়ো[illegible] বাচ্য হয়। এখানে কর্তা প্রধান নহে। এখানে প্রধান ধাতুর অর্থ [illegible]ওয়া, খাওয়া, ঘুমান, শোওয়া প্রভৃতি। উহাদের বচন সর্বদা এক এবং পুরুষ সর্বদা প্রথম, অতএব ভাববাচ্য প্রয়োগে ক্রিয়া সব সময় নাম পুরুষ ও একবচন। উপরের উদাহরণে হস্যতে, গম্যতে প্রভৃতি স্থানে প্রথম পুরুষের এক বচনের ক্রিয়া হইয়াছে।

ভাববাচ্যে কর্তা ভাবস্তৃতীয়া কর্তৃকারকে॥
প্রথমপুরুষস্যৈকবচনং স্যাৎ ক্রিয়াপদে।

কর্ম ও ভাব বাচ্যে কর্তায় তৃতীয়া এবং ক্রিয়া পদে লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এ ধাতুর সহিত য যোগ করিয়া আত্মনেপদের বিভক্তি তে, অাতে প্রভৃতি যোগ করিতে হয়।

ভাবে কর্মণি বাচ্যে চ সদা স্যাদাত্মনেপদম্,
লড়াদিষু চতুর্ষেব যকারস্যাগমো ভবেৎ।

কর্ম ও ভাব বাচ্যে লট্ প্রভৃতি ছাড়া, লৃট্, লঙ্ লিট্ প্রভৃতির প্রয়োগে ও আত্মনেপদের বিভক্তি (তে, আতে ইত্যাদি) যোগ করিতে হইবে কিন্তু য যোগ করিতে হইবে না।

কর্মকর্তৃবাচ্য (Middle Voice)

কর্মকর্তৃবাচ্যে কর্মপদটিই কর্তৃপদ হইয়া যায় এবং উহাতে কর্মপদ থাকে না। কর্ম কর্তারূপে প্রতীত হয় বলিয়া ইহাকে কর্মকর্তৃবাচ্য বলে। ক্রিয়া সকর্মক হইলেও কর্মকর্তৃবাচ্যে অকর্মকরূপে ব্যবহৃত হয়। কর্মকর্তৃবাচ্যে ক্রিয়াটি এত সহজে সম্পন্ন হয়, যেন ইহাতে কর্তার কোনই কাজ নাই। বৃক্ষঃ স্বয়মেব ছিদ্যতে—বৃক্ষটি যেন নিজে নিজেই কাটা হইয়া গেল। অন্নং স্বয়মেব পচ্যতে—ভাত আপনা হইতেই রান্না হইয়া গেল। এইরূপ এতান্যপি সতাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন। হীয়তে হি মতি স্তাত! ভিদ্যতে হৃদয়গ্রন্থিঃ। ছিদ্যন্তে সর্বসংশয়ঃ।

ক্রিয়মাণং তু যৎ কর্ম স্বয়মেব প্রসিধ্যতি।
সুকরৈঃ স্বৈ গুণৈঃ কর্তুঃ কর্মকর্তেতি তদ্বিদুঃ॥

[illegible]বাচ্যে কর্মে প্রথমা বিভক্তি হয় এবং ক্রিয়া পদ উহারই অনুরূপ হয়। ধাতু[illegible]তে য যোগ করিয়া লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এ আত্মনেপদের বিভক্তি যোগ করিতে হয়।

মনে রাখিবে—কর্তৃবাচ্যে কর্তায় প্রথমা, কর্মে দ্বিতীয়া, ক্রিয়া কর্তার অনুরূপ।
কর্মবাচ্যে কর্তায় তৃতীয়া, কর্মে প্রথমা, ক্রিয়া কর্মের অনুরূপ।
ভাববাচ্যে কর্তায় তৃতীয়া, কর্ম নাই, ক্রিয়া 'প্রথম পুং ১ব।
কর্মকর্তৃবাচ্যে কর্তা নাই, কর্মে প্রথমা, ক্রিয়া কর্মানুরূপ॥

বাচ্যপরিবর্তন (Change of Voice)

কর্তৃবাচ্যে গঠিত বাক্যের ক্রিয়া সকর্মক হইলে উহাকে কর্মবাচ্যে এবং ক্রিয়া অকর্মক হইলে উহাকে ভাববাচ্যে পরিবর্তন করা যায়। কর্মবাচ্য ও ভাববাচ্যে গঠিত বাক্যের কর্তৃবাচ্যে পরিবর্তন করা যায়, এইরূপ এক বাচ্যের বাক্যের অন্য বাচ্যে পরিবর্তন করাকে বাচ্যান্তর করা বলে। বাচ্যপরিবর্তনে কর্তা, কর্তার বিশেষণ, কর্ম, কর্মের বিশেষণ ও ক্রিয়ার রূপের পরিবর্তন হয়; অন্য সকল পদ অপরিবর্তিতই থাকে।

কর্তৃবাচ্য হইতে কর্মবাচ্যে পরিবর্তন করিতে হইলে—

(১)। কর্তায় তৃতীয়া বিভক্তি (২) কর্মে প্রথমা বিভক্তি; (৩) ক্রিয়া কর্মের অনুরূপ অর্থাৎ ক্রিয়া পদে কর্মের বচন ও পুরুষ; (৪) ক্রিয়া আত্মনেপদী হইবে

(৫) লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এ ধাতুর সহিত য যোগ করিয়া আত্মনেপদী বিভক্তি যোগ করিতে হইবে ; (৬) কর্তৃবাচ্যে লট্, লোট্ প্রভৃতি যে লকার থাকিবে কর্মবাচ্যে উহাই আত্মনেপদ হইবে। লট্, লোট লঙ্ ও বিধিলিঙ্ ভিন্ন অন্য ল কাবে য হইবে না, কেবল আত্মনেপদ হইবে।

(কর্তৃবাচ্য) রামঃ গ্রামং গচ্ছতি (কর্মবাচ্য) রামেণ গ্রামঃ গম্যতে।

„ বালকঃ গ্রন্থৌ পঠতঃ „ বালকেন গ্রন্থৌ পঠ্যেতে।

„ স ফলানি ভুঙ্‌ক্তে „ তেন ফলানি ভুজ্যন্তে।

„ বালকৌ প্রবাসাগতং মাং পশ্যতঃ „ বালকাভ্যাম্ প্রবাসাগতঃ অহম্ দৃশ্যে।

„ ভবান্ গ্রামং গচ্ছতু „ ভবতা গ্রামঃ গম্যতাম্।

„ দরিদ্রছাত্রঃ বিদ্যালয়ং গচ্ছেৎ „ দরিদ্রছাত্রেণ বিদ্যালয়ঃ গম্যেত।

„ ছাত্রাঃ পুস্তকম্ অপঠন্ „ ছাত্রৈঃ পুস্তকম্ অপঠ্যত।

কর্মবাচ্য হইতে কর্তৃবাচ্যে পরিণত করিতে হইলে—কর্তায় তৃতীয়া স্থানে প্রথমা, কর্মে প্রথমা স্থানে দ্বিতীয়া এবং ক্রিয়ায় কর্তার অনুরূপ। পুরুষ হইবে।

কর্তা ও কর্মের বিশেষণেও কর্তা ও কর্মের অনুরূপ বিভক্তি বচন প্রভৃতি হইবে। কর্মবাচ্যে ধাতুর সহিত লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ এ যে 'য' এর আগম হইয়াছে তাহা থাকিবে না। ক্রিয়া যে পদীয় তাহাই হইবে অর্থাৎ ধাতুটি আত্মনেপদী হইলে আত্মনেপদের রূপ, পরস্মৈপদী হইলে পরস্মৈপদের রূপ হইবে। অকর্মক ধাতুর প্রয়োগে কর্তৃবাচ্য হইতে ভাব বাচ্যে পরিণত করা যায়। কর্ম না থাকিলে কর্ম বাচ্য হয় না। সুতরাং সকর্মক ধাতুরও অকর্মক প্রয়োগস্থলে কর্তৃবাচ্য হইতে ভাববাচ্যে পরিবর্তন করা যায়।

কর্মবাচ্য	কর্তৃবাচ্য
বালকেন গ্রামঃ গম্যতে	বালকঃ গ্রামং গচ্ছতি।
ভৃত্যেন প্রভুঃ সেব্যতে	ভৃত্যঃ প্রভুং সেবতে।
ধর্মেণ ধার্মিকাঃ রক্ষ্যন্তে	ধর্মঃ ধার্মিকান্ রক্ষতি।
যুষ্মাভিঃ বিদ্যালয়ঃ গম্যতাম্	যূয়ং বিদ্যালয়ং গচ্ছত।
ক্ষুদ্রেণ শিশুনা উজ্জ্বলঃ চন্দ্রঃ অদৃশ্যত	ক্ষুদ্রঃ শিশুঃ উজ্জ্বলং চন্দ্রম্ অপশ্যৎ।
সর্বৈঃ সত্যম্ উদ্যেত	সর্বে সত্যং বদেয়ুঃ।

কর্তৃবাচ্য	ভাববাচ্য
শিশুঃ হসতি	শিশুনা হস্যতে।
বালিকাঃ নৃত্যন্তি	বালিকাভিঃ নৃত্যতে।
কৃশঃ মুনিঃ গচ্ছতি	কৃশেন মুনিনা গম্যতে।

কর্ম-কর্তৃবাচ্য হইতে কেবল ভাববাচ্যেই পরিবর্তন করা যায়।

বৃক্ষঃ স্বয়মেব ছিদ্যতে—বৃক্ষেণ স্বয়মেব ছিদ্যতে (ভাববাচ্য)।

ক্ত ও ক্তবতু-প্রত্যয়ান্ত ক্রিয়াযুক্ত বাক্যের বাচ্য পরিবর্তন সাধারণতঃ কর্তৃবাচ্যে ক্তবতু প্রত্যয় এবং কর্মবাচ্যে ও ভাববাচ্যে ক্ত-প্রত্যয় হয়। কর্মবাচ্যে ক্ত-প্রত্যয়ান্ত শব্দ কর্মের বিশেষণ রূপে ব্যবহৃত হয়, সুতরাং কর্মের লিঙ্গ, [illegible] ও বিভক্তি লাভ করে।

[illegible]বাচ্যে ক্ত প্রত্যয়ান্ত শব্দ সর্বদা ক্লীবলিঙ্গ ও একবচন—ময়া হসিতম্।

গমনা[illegible] অকর্মক ধাতুর প্রয়োগে কর্তৃবাচ্যে ক্ত প্রত্যয় হইতে পারে; সে স্থলে ক্ত-[illegible]শব্দ কর্তার অনুরূপ লিঙ্গ, বচন ও বিভক্তি যুক্ত হয়, যথা—বালকঃ গ্রামং গতঃ। বালিকা শয়িতা। অশ্বৌ গতৌ।

কর্তৃবাচ্য	কর্মবাচ্য
বালকঃ চন্দ্রং দৃষ্টবান্	বালকেন চন্দ্রঃ দৃষ্টঃ।
বালিকা গ্রামং গতবতী	বালিকয়া গ্রামঃ গতঃ।
ছাত্রৌ ফলানি খাদিতবন্তৌ	ছাত্রাভ্যাং ফলানি খাদিতানি।
বৃদ্ধাঃ মুনয়ঃ শাস্ত্রমুপদিষ্টবন্তঃ	বৃদ্ধৈঃ মুনিভিঃ শাস্ত্রমুপদিষ্টম্।
বালিকা গ্রামং গতা	বালিকয়া গ্রামঃ গতঃ।
বৃদ্ধঃ শয্যায়াং শয়িতঃ	বৃদ্ধেন শয্যায়াং শয়িতম্ (ভাববাচ্য)।
তে হসিতবন্তঃ	তৈঃ হসিতম্। (ভাববাচ্য)।

কর্মবাচ্যে ও ভাববাচ্যে ক্ত থাকিলে কর্তৃবাচ্যে ক্ত স্থানে ক্তবতু হয় ও উহাতে কর্তার মত লিঙ্গ, বচন ও বিভক্তি হয়, যথা—বালকৈঃ শিক্ষকাঃ পূজিতাঃ—বালকাঃ শিক্ষকান্ পূজিতবন্তঃ। তেন হসিতম্—সঃ হসিতবান্।

তব্য, অনীয়, যৎ, ক্যপ্, ণ্যৎ এই পাঁচটিকে কৃত্যপ্রত্যয় বলে। কৃত্যপ্রত্যয় কর্মবাচ্যে বা ভাববাচ্যে হয়, কর্তৃবাচ্যে হয় না। কৃত্যপ্রত্যয়ান্ত শব্দ কর্মবাচ্যে কর্মের বিশেষণ রূপে ব্যবহৃত হয়; সুতরাং উহাতে কর্মের অনুরূপ লিঙ্গ

ও বচন হয়। ভাববাচ্যস্থলে উহারা সর্বদা ক্লীবলিঙ্গ ও একবচন। কর্মবাচ্য ও ভাববাচ্যে কৃত্যপ্রত্যয় প্রযুক্ত হইলে উহাদের কর্তৃবাচ্যে পরিণত করিবার সময় মূল ধাতুর লৃট্ বা বিধিবিঙ্ এর রূপ ব্যবহার করিতে হইবে এবং কর্তার অনুরূপ বচন ও পুরুষ হইবে।

(কর্মবাচ্য) ময়া চন্দ্রঃ দ্রষ্টব্যঃ—অহং চন্দ্রং দ্রক্ষ্যামি, পশ্যেয়ম্ বা (কর্তৃবাচ্য)।

জনৈঃ দর্শনীয়া অস্যাঃ আকৃতিঃ—জনাঃ দ্রক্ষ্যন্তি (পশ্যেযুঃ বা) অস্যাঃ আকৃতিঃ। (কর্তৃবাচ্য)।

(ভাববাচ্য) দুর্জনেন সমং ন স্থাতব্যম্—দুর্জনেন সমং ন তিষ্ঠেৎ (স্থাস্যতি বা)।

দ্বিকর্মক ক্রিয়ার প্রয়োগস্থলে বাচ্যান্তরের নিয়ম—

পূর্বেই বলা হইয়াছে দুহ্, যাচ্ প্রভৃতি বারটি এবং নী প্রভৃতি চারিটি, মোট এই ষোলটি ধাতু এবং ইহাদের সমানার্থক ধাতু দ্বিকর্মক। দুহাদি এবং [illegible] রূপ দুইভাগে নির্দেশ করার উদ্দেশ্য—দুহাদির প্রয়োগস্থলে কর্মবাচ্যে অ[illegible] গৌণ কর্মে প্রথমা হইবে (**দুহাদেঃ অপ্রধানে**) এবং ন্যাদি ধাতু[illegible] স্থলে প্রধান কর্মে প্রথমা হইবে (**ন্যাদেঃ প্রধানে**)। উভয়স্থানেই [illegible] কর্মটি অবিকৃত থাকিবে। যদি ঐ ধাতুগুলির দুইটি কর্ম বিবক্ষিত না হয় অর্থাৎ একটি মাত্র কর্মের প্রয়োগ হয় তবে কর্মবাচ্যে সেইটিই উক্ত হইবে। উহা গৌণ কি মুখ্য কর্ম তাহা বিচার করিবার প্রয়োজন নাই। গোপঃ গাং দোগ্ধি বা গোপঃ পয়ঃ দোগ্ধি ইহার কর্মবাচ্যে যথাক্রমে—গোপেন গৌঃ দুহ্যতে এবং গোপেন পয়ঃ দুহ্যতে।

কর্তৃবাচ্য	কর্মবাচ্য
গোপঃ **গাং** দুগ্ধং দোগ্ধি	গোপেন **গৌঃ** দুগ্ধং দুহ্যতে।
বালিকা **বৃক্ষং** পুষ্পং চিনোতি	বালিকয়া **বৃক্ষঃ** পুষ্পং চীয়তে।
দরিদ্রঃ **ধনিনং** ধনং যাচতে	দরিদ্রেণ **ধনী** ধনং যাচ্যতে।
গোপঃ **অজং** গ্রামং নয়তি	গোপেন **অজঃ** গ্রামং নীয়তে।
ভৃত্যঃ **ভারং** গ্রামং হরতি	ভৃত্যেন **ভারঃ** গ্রামং হ্রিয়তে।

ণিজন্ত ক্রিয়ার প্রয়োগস্থলে বাচ্য পরিবর্তনের নিয়ম—

ণিজন্ত গমনার্থক ও ণিজন্ত অকর্মক ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্তায় দ্বিতীয়া হয়। এরূপ স্থলে ঐ প্রযোজ্য কর্তাই কর্মবাচ্যে উক্ত হইবে ও উহাতে প্রথমা হইবে।

যথা—প্রভুঃ **ভৃত্যং** গ্রামং গময়তি — প্রভুণা **ভৃত্যঃ** গ্রামং গম্যতে।

মাতা **পুত্রং** শায়য়তি — মাত্রা **পুত্রঃ** শয্যতে।

ণিজন্ত অবস্থায় প্রযোজ্য কর্তায় তৃতীয়া হইলে ধাতুর কর্মেই প্রথমা হইবে।

সঃ **পাচকেন** ওদনং পাচয়তি — তেন পাচকেন ওদনঃ পাচ্যতে।

ণিচ্ প্রত্যয়যুক্ত হইলে বোধার্থক, ভক্ষণার্থক ও শব্দকর্মক ধাতু দ্বিকর্মক হয়। কর্মবাচ্যে পরিবর্তন করিবার সময় উহার যে কোনও একটি কর্মে (নিজের ইচ্ছামত) প্রথমা দেওয়া চলে এবং যে কর্মটি উক্ত হইবে তদনুসারে ক্রিয়াপদ হইবে যথা—

গুরুঃ শিষ্যং ধর্মং বোধয়তি — গুরুণা শিষ্যঃ ধর্মং বোধ্যতে।
অথবা গুরুণা শিষ্যং ধর্মঃ বোধ্যতে।

[illegible]ণম্ ওদনং ভক্ষয়তি — তেন ব্রাহ্মণঃ ওদনং ভোজ্যতে।
অথবা তেন ব্রাহ্মণম্ ওদনঃ ভোজ্যতে।

গুরু[illegible]ন্ বেদম্ অধ্যাপয়তি — গুরুণা শিষ্যাঃ বেদম্ অধ্যাপ্যন্তে।
অথবা গুরুণা শিষ্যান্ বেদঃ অধ্যাপ্যতে।

কর্তৃবাচ্যে সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার একই কর্ম হইলে কর্মবাচ্যে ঐ কর্মে প্রথমা হয়, যথা স ওদনং পক্ত্বা ভুঙ্ক্তে—তেন ওদনঃ পক্ত্বা ভুজ্যতে। স্বামিগুণান্ বিস্মর্তুং ন শক্নোতি সঃ—স্বামিগুণাঃ বিস্মর্তুং ন শক্যন্তে তেন।

অণিজন্ত কালের কর্তায় (প্রযোজ্যকর্তায়) দ্বিতীয়া হইলে, কর্মবাচ্যে উহার উত্তরই প্রথমা হইবে। লক্ষ্য কর :—(**ণ্যন্তে কর্তুশ্চ কর্মণঃ**)।

প্রভুঃ ভৃত্যান্ ভারং গ্রামং হারয়তি—প্রভুণা **ভৃত্যাঃ** ভারং গ্রামং হার্যন্তে।
প্রভুঃ ভৃত্যৈঃ ভারং গ্রামং হারয়তি—প্রভুণা ভৃত্যৈঃ ভারঃ গ্রামং হার্যতে।

কর্মবাচ্যে রূপান্তরিত কয়েকটি ধাতুর লট্-এর প্রথম পুরুষের একবচনের রূপ—

অস্, ভূ—ভূয়তে	মন্থ্—মথ্যতে	শী—শয্যতে	ই—ঈয়তে
কৃ—ক্রিয়তে	প্রচ্ছ্—পৃচ্ছ্যতে	স্মৃ—স্মর্যতে	চি—চীয়তে
হৃ—হ্রিয়তে	ধৃ—ধ্রিয়তে	স্বপ্—সুপ্যতে	জি—জীয়তে
গৈ—গীয়তে	মা—মীয়তে	শাস্—শিষ্যতে	জাগৃ—জাগর্যতে
গ্রহ্—গৃহ্যতে	সৃ—স্রিয়তে	শ্রু—শ্রূয়তে	ত্রৈ—ত্রায়তে
জ্ঞা—জ্ঞায়তে	বপ্—উপ্যতে	হা—হীয়তে	দা—দীয়তে
নী—নীয়তে	বস্—উষ্যতে	হ্বে—হূয়তে	ধা—ধীয়তে

পা—পীয়তে	বহ্—উহ্যতে	সন্জ্—সজ্যতে	ব্যধ্—বিধ্যতে
স্থা—স্থীয়তে	বদ্—উদ্যতে	সেব্—সেব্যতে	যজ্—ইজ্যতে
যা—যায়তে	দন্শ্—দশ্যতে	ভক্ষ্—ভক্ষ্যতে	স্তু—স্তূয়তে
যাচ্—যাচ্যতে	নৃৎ—নৃত্যতে	রুদ্—রুদ্যতে	ত্যজ্—ত্যজ্যতে
হন্—হন্যতে	লিখ্—লিখ্যতে	হস্—হস্যতে	লভ্—লভ্যতে
ভী—ভীয়তে	পত্—পত্যতে	ব্রূ, বচ্—উচ্যতে	দহ্—দহ্যতে
ইষ্—ইষ্যতে	দা—দীয়তে	ভুজ্—ভুজ্যতে	ভিদ্—ভিদ্যতে
খাদ্—খাদ্যতে	স্পৃশ্—স্পৃশ্যতে	ক্ষম্—ক্ষম্যতে	বঞ্চ্—বঞ্চ্যতে

গম্ কর্মবাচ্যে—লট্—গম্যতে, লোট্—গম্যতাম্, লঙ্—অগম্যত, বিধিলিঙ্—গম্যেত, লৃট্—গমিষ্যতে। এই রূপ সর্বত্র।

অনুশীলনী

১। বাচ্য পরিবর্তন কর :—অহং বেদান্ অপঠম। স মাং পশ্যতু ... বদেঃ। সর্বে গ্রামং গচ্ছন্তু। আসীৎ জনকো নাম নৃপতিঃ। সিংহাঃ ...ভারে অরণ্যে বসন্তি। বিপ্রঃ স্কন্ধেন ছাগং গ্রামং নয়তি। বালকঃ মাং পন্থানং পৃচ্ছতি। তে মাং বদন্তি। তে সর্পাৎ বিভ্যতি। অত্র বৃদ্ধাঃ অবসন্। সত্যং বদ। ধর্মং চর। ছাত্রাঃ শিক্ষকাণামুপদেশং শৃণুয়ুঃ। ইহ তে অতিষ্ঠন্। ঈশ্বরঃ পৃথিবীং সৃজতি। ভৃত্যঃ কার্যং ন অকরোৎ। সজ্জনাঃ কৃতমুপকারং ন বিস্মরন্তি। ক্ষুদ্রাঃ শিশবঃ কোমলাং শয্যাম্ অধিশেরতে। নাহং ত্বাং দৃষ্টবান্। সর্বৈঃ সজ্জনাঃ স্তূয়ন্তে। ত্বয়া চন্দ্রো দ্রষ্টব্যঃ। ময়া ইদং কর্তব্যম্। অয়মারম্ভঃ শুভায় ভবতু।

২। শুদ্ধ করিয়া লেখ :—

বালকৈঃ হস্যন্তে। পুত্রেণ পিতা পৃষ্টা। তেন পান্থেন ব্যাঘ্রম্ দৃষ্টম্। পাচকেন তণ্ডুলান্ ওদনঃ পচ্যতে। গোপেন ভারং গ্রামঃ হর্যতে। বিড়ালৈঃ দুগ্ধং পীতবান্। অশ্বেন ভারং গ্রামং নীতম্। দরিদ্রঃ ধনিনং ধনং যাচ্যতে।

৩। কর্মকর্তৃবাচ্য উদাহরণ দ্বারা বুঝাইয়া দাও। কর্মকর্তৃবাচ্যে প্রযুক্ত বাক্যের কিভাবে কোন্ বাচ্যে রূপান্তর করিতে হয়?

৪। দ্বিকর্মক ধাতুর প্রয়োগস্থলে বাচ্যান্তরের সাধারণ নিয়ম উদাহরণ দ্বারা বুঝাইয়া দাও।

৫। ণিজন্তক্রিয়াযুক্ত বাক্যের বাচ্যান্তরের নিয়ম উদাহরণ দ্বারা বুঝাইয়া দাও।

অষ্টম অধ্যায়

ণিজন্ত ধাতু (Causative Verb)

যখন কেহ নিজের ইচ্ছায় কোন কাজ করে না বা করিতে পারে না, তখন যদি অন্য কেহ তাহাকে কার্যে প্রবর্তিত করে অর্থাৎ কার্যে প্রেরণা দেয়, তাহা হইলে ধাতুর উত্তর ণিচ্ প্রত্যয় যোগ করিয়া প্রেরণা দেওয়া বুঝান হয়। এইরূপ ণিচ্ প্রত্যয়ান্ত ধাতুকে ণিজন্ত (ণিচ্ + অন্ত) ধাতু বলে। ণিচ্-এর ণ্ ও চ্ লোপ পায়, ই থাকে। উহা ধাতুর সহিত যুক্ত হইয়া স্বতন্ত্র ণিজন্ত ধাতু হয়। উহা[illegible] সহিত লট্, লোট্ প্রভৃতি ল-কারের বিভক্তি যুক্ত হয়। যথা—গম্ + [illegible] গম + ই = গমি (গময়তি), পঠ্ + ই = পাঠি (পাঠয়তি), পত্ + ই = [illegible] (পাতয়তি)। কুর্বন্তং প্রেরয়তি—কারয়তি। পচন্তং প্রেরয়তি—[illegible]। গচ্ছন্তং প্রেরয়তি—গময়তি।

ণিজন্ত ক্রিয়ার প্রয়োগস্থলে একজন প্রবর্তনা বা প্রেরণা দিবার কর্তা, আর একজন বাস্তবিক ক্রিয়ার অনুষ্ঠানের কর্তা, এই দুইজন কর্তা থাকে। যথা—পুত্রঃ গচ্ছতি। এখানে পুত্র যদি নিজে হইতে না যায়, তখন মাতা তাহাকে যাইবার প্রেরণা দিয়াছে, মাতা পুত্রং গময়তি—মাতা পুত্রকে যাওয়ার বা যাইবার প্রেরণা দেয়। সুতরাং প্রেরণা দিবার কর্তৃত্ব মাতার এবং গমনের কর্তৃত্ব পুত্রের। যে কর্মে প্রবর্তিত বা প্ররোচিত করে সে **প্রযোজক কর্তা** এবং যে বাস্তবিক কর্মটি করে সে **প্রযোজ্য কর্তা**। মাতা পুত্রং গময়তি এখানে মাতা প্রযোজক কর্তা এবং পুত্রম্ প্রযোজ্য কর্তা। অণিজন্ত অবস্থার কর্তাকে ণিজন্তকালে প্রযোজ্য কর্তা বলে। **কর্তৃকরণয়োস্তৃতীয়া**—এই সূত্র অনুসারে প্রযোজ্য কর্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথা—পাচকঃ অন্নং পচতি (অণিজন্ত), প্রভুঃ পাচকেন অন্নং পাচয়তি (ণিজন্ত)—এখানে প্রযোজ্য কর্তা পাচকেন (সেই প্রকৃত পাক করে), তাহাতে তৃতীয়া বিভক্তি হইয়াছে। বিশেষ নিয়ম অনুসারে প্রযোজ্য কর্তায় কোনও কোনও স্থানে দ্বিতীয়া বিভক্তিও হয়। প্রযোজক কর্তাতে 'কর্তায় প্রথমা' অথবা প্রাতিপদিকার্থে প্রথমা হয়।

ণিজন্ত ধাতু উভয়পদী হয় এবং অকর্মক ধাতুও ণিজন্ত অবস্থায় সকর্মক হয়।

প্রযোজ্য কর্তায় সাধারণতঃ তৃতীয়া বিভক্তি হয়। যথা—

অণিজন্ত	ণিজন্ত
পাচকঃ অন্নং পচতি	প্রভুঃ পাচকেন অন্নং পাচয়তি।
রামঃ গ্রামম্ অত্যজৎ	পিতা রামেণ গ্রামম্ অত্যাজয়ৎ।
পুত্রঃ মাতরং স্মরেৎ	বৃদ্ধা পুত্রেণ মাতরম স্মারয়েৎ।

গমনার্থক, বোধার্থক, ভোজনার্থক, শব্দকর্মক (বেদ প্রভৃতি কর্ম) ও অকর্মক ধাতুর প্রয়োগে ণিজন্ত কালে প্রযোজ্য কর্তায় দ্বিতীয়া বিভক্তি হয়, (গতি বুদ্ধি প্রত্যবসানার্থশব্দকর্মাকর্মকাণামণি কর্তা স নৌ) যথা—

অণিজন্ত	ণিজন্ত
গমনার্থক—পুত্রঃ গ্রামং গচ্ছতি	মাতা পুত্রং গ্রামং গময়তি।
বোধার্থক—শিষ্যঃ শাস্ত্রং বুধ্যতে	গুরুঃ শিষ্যং শাস্ত্রং বোধয়তি।
ভোজনার্থক—ব্রাহ্মণঃ অন্নং ভুঙ্‌ক্তে	গৃহস্থঃ ব্রাহ্মণম্ অন্নং ভোজয়তি
শব্দকর্মক—শিষ্যঃ বেদম্ অধীতে	গুরুঃ শিষ্যং বেদমধ্যাপয়তি
অকর্মক—শিশুঃ শেতে	মাতা শিশুং শায়য়তি।

ভোজনার্থক অদ্ ও খাদ্ ধাতুর প্রয়োগে এবং গমনার্থক নী ও বহ্ ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্তায় দ্বিতীয়া হয় না। যথা—

অণিজন্ত	ণিজন্ত
মুনিঃ ফলং খাদতি	রাজা মুনিনা ফলং খাদয়তি।
শিশুঃ অন্নম্ অত্তি	মাতা শিশুনা অন্নম্ আদয়তি।
ছাত্রঃ পুস্তকং নয়তি	শিক্ষকঃ ছাত্রেণ পুস্তকং নায়য়তি।
ভৃত্যঃ ভারং বহতি	প্রভুঃ ভৃত্যেন ভারং বাহয়তি।

সারথি কর্তা হইলে বহ্ ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্তায় দ্বিতীয়া হয়—অশ্বঃ রথং বহতি—সারথিঃ অশ্বং রথং বাহয়তি। দৃশ্ ধাতুর প্রযোজ্য কর্তায় দ্বিতীয়া হয়—বালকঃ চন্দ্রং পশ্যতি—মাতা বালকং চন্দ্রং দর্শয়তি।

হৃ ও কৃ ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্তায় বিকল্পে দ্বিতীয়া ও তৃতীয়া হয়—

ভৃত্যঃ কটং হরতি—প্রভুঃ ভৃত্যং ভৃত্যেন বা কটং হারয়তি।

ভৃত্যঃ কার্যং করোতি—প্রভুঃ ভৃত্যং ভৃত্যেন বা কার্যং কারয়তি।

ণিজন্ত কয়েকটি ধাতুর লট্ এর প্রথম পুরুষের একবচনের রূপ—

অদ্—আদয়তি   জ্বল্—জ্বলয়তি   পা (পান)—পায়য়তি   বচ্—বাচয়তি
অধি—ই—অধ্যাপয়তি   জাগৃ—জাগরয়তি   পা (রক্ষা)—পালয়তি   শ্রু—শ্রাবয়তি
প্রতি—ই—প্রত্যায়য়তি   জি—জাপয়তি   প্রী—প্রীণয়তি   স্থা—স্থাপয়তি
ঋ—অর্পয়তি   ত্বর্—ত্বরয়তি   ভূ—ভাবয়তি   স্না—স্নাপয়তি
কৃ—কারয়তি   দা—দাপয়তি   মুচ্—মোচয়তি   হন্—ঘাতয়তি
ক্রী—ক্রাপয়তি   দম্—দময়তি   যা—যাপয়তি   ঘ্রা—ঘ্রাপয়তি
গম্—গময়তি   দৃশ্—দর্শয়তি   রম্—রময়তি   আস্—আসয়তি
গৈ—গাপয়তি   ধা—ধাপয়তি   রুহ্—রোহয়তি   হৃ—হারয়তি
চি—চায়য়তি   নম্—নময়তি   রুহ্—রোপয়তি   আ-হ্বে—আহ্বয়তি
[illegible]—চাপয়তি   নী—নায়য়তি   লভ্—লম্ভয়তি   পত্—পাতয়তি
[illegible]—ছেদয়তি   পচ্—পাচয়তি   বস্—বাসয়তি   ব্রূ—বাচয়তি
জন্—জনয়তি   পঠ্—পাঠয়তি   ব্যর্থ—ব্যর্থয়তি   জ্ঞা—জ্ঞাপয়তি

কোনও কোনও ধাতুর উত্তর ণিচ্ যোগ করিলে উহার রূপ এবং অর্থ পৃথক্ হয়।

যথা—চল্—চালয়তি (বিকৃত করে)—লোভঃ চিত্তং চালয়তি।
চলয়তি (কম্পিত করে)—বায়ুঃ পতাকাং চলয়তি।

জ্ঞা—জ্ঞাপয়তি (জানায়)—দূতঃ বার্তাং জ্ঞাপয়তি।
জ্ঞপয়তি (বধ করে)—ব্যাধঃ বিহঙ্গং জ্ঞপয়তি।

দুষ্—দূষয়তি (খারাপ করে)—প্রাবৃট্ জলং দূষয়তি।
দোষয়তি (চিত্ত বিকার করে)—লোভঃ চিত্তং দোষয়তি।

নট্—নাটয়তি (অভিনয় করে)—দুষ্মন্তঃ শরসন্ধানং নাটয়তি।
নটয়তি (নাচায়)—সঃ হিংস্রমপি পশুং নটয়তি।

ভী—ভায়য়তি (অন্যের দ্বারা ভয় দেখায়)—স দণ্ডেন মাং ভায়য়তি।
ভীষয়তে, ভাপয়তে (স্বয়ং ভয় দেখায়)—সর্পঃ শিশুং ভীষয়তে (ভাপয়তে)।

মদ্—মাদয়তি (মত্ত করে)—সম্পদ্ জিতেন্দ্রিয়ং ন মাদয়তি।
মদয়তি (সন্তুষ্ট করে)—শ্রীঃ যুবানং মদয়তি।

রঞ্জ—রঞ্জয়তি (তৃপ্ত করে, রং করে)—শকুন্তলা তৃণদানেন মৃগান্ রঞ্জয়তি।
রজয়তি (বধ করে)—ব্যাধঃ মৃগং রজয়তি।

শদ্—শাদয়তি (গমন করায়)—গোপঃ গাং শাদয়তি।

শাতয়তি (ছেদন করে)—কুঠারেণ বৃক্ষং শাতয়তি।

শম্—শাময়তি (দেখে)—স মন্দিরস্য সৌন্দর্যং নিশাময়তি।

শময়তি (শান্ত করে)—জলং বহ্নিং শময়তি।

সিধ্—সাধয়তি—(ঐহিক বিষয় নিষ্পন্ন করে)—স কার্যং সাধয়তি।

সেধয়তি—(পারলৌকিক বিষয় সিদ্ধ করে)—তপঃ তাপসং সেধয়তি অর্থাৎ তত্ত্বনিশ্চয়ং কারয়তি।

বি-স্মি—বিস্মায়য়তি (অন্যদ্বারা বিস্মিত করে)—স বিদ্যয়া সর্বান্ বিস্মায়য়তি অর্থাৎ (কর্তা নিজে বিস্মিত করে) জটিলঃ শিশুং বিস্মাপয়তে।

পা—পালয়তি (রক্ষা করে) রাজা প্রজাঃ পালয়তি।

পায়য়তি (পান করায়) গোপঃ গাং জলং পায়য়তি।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

বৃক্ষ ছায়ায় আশ্রিতদের তাপ শান্ত করে। ব্যাধ বাণের দ্বারা মৃগগুলিকে হত্যা করে। শকুন্তলা লজ্জার অভিনয় করে। পিতা কন্যাদিগকে অন্ধলোকটির গান শুনায়। অত্যন্ত উষ্ণ জলও আগুন নিভায় (শময়তি)। গুরু শিষ্যদিগকে শাস্ত্রসমূহ পড়ান। মাতা পুত্রকে চন্দ্র দেখাইয়াছিলেন। মহারাজ জানাইয়াছেন অধ্যাপকগণ রাজপুত্রকে আর পড়াইবেন না। মাতা শিশুকে অন্ন ভোজন করান ও দুগ্ধ পান করান।

২। রূপ নিরূপণ কর :—

কৃ+ণিচ্+লট্ তি, গৈ+ণিচ্+লোট্ হি, স্থা+ণিচ্+লঙ্ দ্, হন্+ণিচ্+বিধিলিঙ্ যুস্, দৃশ্+ণিচ্+লৃট্ স্যতি, ভূ+ণিচ্+লট্ তি, রুহ্+ণিচ্+লোট্ ত, লভ্+ণিচ্+লৃট্ স্যতি, জ্ঞা+ণিচ্+লট্ তি।

৩। অর্থের পার্থক্য দেখাইয়া বাক্য রচনা কর :—

রঞ্জয়তি ও রজয়তি ; ভীষয়তে ও ভায়য়তি ; সাধয়তি ও সেধয়তি ; শময়তি ও শাময়তি ; শাদয়তি ও শাতয়তি।

৪। এক কথায় প্রকাশ কর :—

কুর্বন্তং প্রেরয়তি ; শয়ানং প্রেরয়তি ; পচন্তং প্রেরয়তু ; গচ্ছন্তং প্রেরয়িষ্যতি ; তিষ্ঠন্তিং প্রেরয়ন্তি।

৫। শুদ্ধ করিয়া লেখ :—

মাতা শিশুনা চন্দ্রং দর্শয়তি। স মুনীন ফলানি অখাদয়ৎ। পিতা মূর্খং পুত্রম্ গৃহম্ অত্যাজয়ৎ। শিক্ষকঃ ছাত্রেণ শাস্ত্রাণি পাঠয়িষ্যতি। শক্রভিঃ স্বর্গমগময়ৎ কৃষ্ণঃ। রজকঃ গর্দভান্ ভারমবাহয়ৎ। নবঃ সর্পেণ শিশুং ভীষয়তে। স তাং ক্রন্দয়তি। জনকঃ তং ধন্তুঃ গ্রাহয়তি। সর্পঃ তং ভায়য়তি।

৬। বাক্য রচনা কর :—

[illegible]জয়তি ; পায়য়তি ; প্রত্যায়য়তি, অধ্যাপয়তি, শাময়তি, হাসয়তি।

নবম অধ্যায়

কৃৎপ্রত্যয় (Primary Suffix)

ধাতুর উত্তর দ্বিবিধ প্রত্যয় হয়—আখ্যাত ও কৃৎ। তি, তস্, অন্তি প্রভৃতি তিঙ্ প্রত্যয় আখ্যাত এবং তব্য, অনীয়, ক্ত, ক্তবতু, শতৃ, শানচ্ প্রভৃতি কৃৎ প্রত্যয়। ধাতুর উত্তর তিঙ্ ভিন্ন যে প্রত্যয় হয় উহা কৃৎ প্রত্যয়। কৃৎপ্রত্যয়ান্ত শব্দ প্রাতিপদিক। উহার সহিত সু, ঔ, জস্ প্রভৃতি সুপ্ প্রত্যয় হয়। যথা—গম্+তব্য=গন্তব্য, গম্+শতৃ=গচ্ছৎ প্রভৃতি কৃদন্ত প্রাতিপদিক।

কৃত্যপ্রত্যয়

তব্য, অনীয়, ণ্যৎ, যৎ ও ক্যপ্ এই পাঁচটি প্রত্যয়কে কৃত্যপ্রত্যয় বলে। তব্যানীয়ৌ ণ্যদ্যৎক্যপ্ পঞ্চৈতে কৃত্যসংজ্ঞকাঃ।

তব্য ও অনীয়

কর্মবাচ্যে ও ভাববাচ্যে উচিত অর্থে অথবা ভবিষ্যৎ কাল অর্থে ধাতুর উত্তর তব্য ও অনীয় প্রত্যয় হয় এবং কর্তায় তৃতীয়া বা ষষ্ঠী হয়। কর্মবাচ্যে তব্য ও অনীয় প্রত্যয়ান্ত শব্দ কর্মের বিশেষণ। সুতরাং কর্মের অনুরূপ লিঙ্গ, বচন ও বিভক্তি হয়।

কর্মবাচ্যে—ময়া চন্দ্রো দ্রষ্টব্যঃ, দর্শনীয়ঃ। ত্বয়া পুস্তকানি পঠিতব্যানি, পঠনীয়ানি। সর্বৈঃ প্রকৃতেঃ শোভা দ্রষ্টব্যা, দর্শনীয়া।

ভাববাচ্যে তব্য ও অনীয় প্রত্যয়ান্ত শব্দ সর্বদা ক্লীবলিঙ্গ ও একবচন। যথা—ময়া শয়িতব্যম্, শয়নীয়ম্।

তব্য ও অনীয় প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ—

অর্চ্—অর্চয়িতব্য, অর্চিতব্য, অর্চনীয়। সহ্—সোঢ়ব্য, সহিতব্য, সহনীয়
আপ্—আপ্তব্য, আপনীয়। জীব্—জীবিতব্য, জীবনীয়। বচ্—বক্তব্য, বচনীয়
ঈক্ষ্—ঈক্ষিতব্য, ঈক্ষনীয়। ত্যজ্—ত্যক্তব্য, ত্যজনীয়। বহ্—বোঢ়ব্য, বহনীয়
কথ্—কথয়িতব্য, কথণীয়। নী—নেতব্য, নয়নীয় শী—শয়িতব্য, শয়নীয়
কৃ—কর্তব্য, করণীয় পা—পাতব্য, পানীয় শ্রু—শ্রোতব্য, [illegible]
ক্রী—ক্রেতব্য, ক্রয়ণীয় প্রচ্ছ্—প্রষ্টব্য, প্রচ্ছনীয় গৈ—গাতব্য, [illegible]
ক্ষম্—ক্ষন্তব্য, ক্ষমণীয় বুধ্—বোদ্ধব্য, বোধনীয় সৃজ্—স্রষ্টব[illegible]
গম্—গন্তব্য, গমনীয় ভী—ভেতব্য, ভয়নীয় সেব্—সেবি[illegible] সেবনীয়
গ্রহ্—গ্রহীতব্য, গ্রহণীয় ভুজ্—ভোক্তব্য, ভোজনীয় স্থা—স্থাতব্য, স্থানীয়
চি—চেতব্য, চয়নীয় ভূ—ভবিতব্য, ভবনীয় স্মৃ—স্মর্তব্য, স্মরণীয়
জি—জেতব্য, জয়নীয় রক্ষ্—রক্ষিতব্য, রক্ষণীয় হন্—হন্তব্য, হননীয়
চিন্তি—চিন্তয়িতব্য, চিন্তনীয়। লভ্—লব্ধব্য, লভনীয় হৃ—হর্তব্য, হরণীয়

বস্ ধাতুর উত্তর কর্তৃবাচ্যে তব্য প্রত্যয় হয়—বস্+তব্য=বাস্তব্য, আসীৎ কল্যাণকটকবাস্তব্যঃ ভৈরবো নাম ব্যাধঃ। তব্য ও অনীয় প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গে নর শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে লতা শব্দের ন্যায় ও ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায়। তব্য ও অনীয় প্রত্যয় কর্তৃবাচ্যে হয় না।

ণ্যৎ

ঋ-কারান্ত ও ব্যঞ্জনান্ত ধাতুর উত্তর কর্ম ও ভাব বাচ্যে ণ্যৎ হয়। ঋ হলো ণ্যৎ। ণ্ ও ৎ লুপ্ত হয়, য থাকে। যথা—কৃ+ণ্যৎ=কার্য। কর্মবাচ্যে কর্মের বিশেষণ রূপে ণ্যৎপ্রত্যয়ান্ত শব্দ ব্যবহৃত হয়। সুতরাং কর্মের অনুরূপ লিঙ্গ, বচন ও বিভক্তি হয়। ভাববাচ্যে ণ্যৎ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ একবচন, উহার কর্তায় তৃতীয়া বা ষষ্ঠী হইবে।

নরস্ত (নরেণ) দুর্জনসংসর্গঃ পরিত্যাজ্যঃ—লোকের দুর্জন সংসর্গ ত্যাগ

করা উচিত। ময়া মম বা পুস্তকং পাঠ্যম—আমার বই পড়া উচিত। ভ্রাতৃভিঃ ভ্রাতৄণাং বা পিতুঃ সম্পদ্ বিভাজ্যা—পিতার সম্পদ্ ভাইদের ভাগ করা উচিত।

ণ্যৎ প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ—

ঋ-কারান্ত	ব্যঞ্জনান্ত
কৃ—কার্য	ছিদ্—ছেদ্য
ধৃ—ধার্য	ভিদ্—ভেদ্য
স্মৃ—স্মার্য	বিদ—বেদ্য
সৃ—সার্য	গ্রহ্—গ্রাহ্য
ভৃ—ভার্য	বধ্—বোধ্য
[illegible] ভার্যা	মন—মান্য
ঋ [illegible]	বচ্—বাচ্য
ব্য [illegible]	যাচ্—যাচ্য
যজ্—যাজ্য	পঠ্—পাঠ্য
অমা—বস্	বহ্—বাহ্য
আ—চর্+যৎ—	আ—চর্+ণ্যৎ—
আচর্য—আচরণীয়	আচার্য—শিক্ষক

অমাবাস্যা (স্ত্রী)
চন্দ্রসূর্যৌ অমা সহ বসতঃ
অস্যামিতি, নিপাতনে অমাবস্যা

ণ্যৎ যোগে অর্থভেদ লক্ষণীয়—

ভুজ্ - ভোজ্য—ভোজনীয়—অন্নং ভোজ্যম্
ভোগ্য—ভোগযোগ্য—রাজ্যং ভোগ্যম
বচ্—বাচ্য—বচনীয়—দুর্বাক্যং ন বাচ্যম্
বাক্য—পদসমূহ—স বাক্যমুবাচ।
যুজ্—যোজ্য—যোজনীয়
যোগ্য—উপযুক্ত
নি—যুজ্—নিযোজ্য—ভৃত্য
নিযোগ্য—প্রভু
পচ—পাচ্য—অবশ্য পচনীয়
পাক্য—পাকযোগ্য

যৎ

কর্মবাচ্যে ও ভাববাচ্যে স্বরান্ত ও পবর্গান্ত এবং শক্, সহ্ প্রভৃতি ধাতুর উত্তর উচিত অর্থে যৎ প্রত্যয় হয় (অচো যৎ)। ৎ লুপ্ত হয় য থাকে।

আকারান্ত ধাতুর সহিত যৎ প্রত্যয় যুক্ত হইলে আ স্থানে এ হয়, হা—হেয়, দা—দেয়, পা—পেয়, স্থা—স্থেয়, ধা—ধেয়, মা—মেয়, জ্ঞা—জ্ঞেয়, স্না—স্নেয়। শ্রু—শ্রব্য, ভূ—ভব্য, নম্—নম্য, চর্—চর্য, আ—চর্+যৎ আচর্য (আচরণীয়) রম্—রম্য, হন্—বধ্য, গৈ—গেয়, লভ্—লভ্য, শক্—শক্য, সহ্—সহ্য, নী—নেয়, জি—জেয়, গম্—গম্য, নঞ্—বদ্+যৎ=অবদ্য, মদ্—মদ্য, গদ্—গদ্য,

যৎ প্রত্যয়যোগে রূপভেদে অর্থভেদ—

ক্ষি + যৎ = ক্ষেয় ক্ষয়ের যোগ্য। ধনং কালেন ক্ষেয়ম্—ধন কালে ক্ষয়ের যোগ্য।

ক্ষি + যৎ = ক্ষয্য ক্ষয়ে সমর্থ। তপসঃ ফলং ন ক্ষয্যম্—তপস্যার ফল ক্ষয়ে অসমর্থ।

জি + যৎ জেয় জয়ের যোগ্য। প্রবলঃ শত্রুঃ উৎসাহশীলৈন জেয়ঃ।

জি + যৎ জয্য জয়ে সমর্থ। রাবণঃ দেবানাং ন জয্যঃ আসীৎ।

ক্রী + যৎ ক্রেয় ক্রয়ের যোগ্য। ক্রেয়ং পণ্যম্ ইদম্ অস্মাকম্।

ক্রী + যৎ ক্রয্য ক্রয়ের জন্য সজ্জিত। ক্রয্যং পণ্যং মনোহরম্।

ক্যপ্

কর্মবাচ্যে ও ভাববাচ্যে নিম্নলিখিত ধাতুগুলির উত্তর ভবিষ্যৎকাল অর্থে ক্যপ্ প্রত্যয় হয়—ক্ ও প্ লুপ্ত হয়, য থাকে।

ই—ইত্য, দৃ—দৃত্য, বৃ—বৃত্য, কৃ—কৃত্য (কৃ + ণ্যৎ = কার্য) [illegible] ভৃত্য (ভৃ + ণ্যৎ = ভার্য্যা, জুষ্—জোষ্য, স্তু—স্তুত্য, শাস্—শিষ্য, বৃৎ—[illegible]— দৃশ্য, বিদ্ + ক্যপ স্ত্রীলিঙ্গে আ—বিদ্যা। হন্ + ঘাত্য।

ক্যপ্ প্রত্যয়ান্ত কয়েকটি প্রচলিত পদ—

ব্রহ্ম—বদ্ + ক্যপ্—ব্রহ্মোদ্য, মৃষা—বদ্ + ক্যপ্—মৃষোদ্য, নঞ্—বদ্ + ক্যপ্—অনুদ্য, (নঞ্—বদ্ + যৎ—অবদ্য)। ব্রহ্মন্—ভূ + ক্যপ্—ব্রহ্মভূয় = ব্রহ্মণঃ ভাবঃ Identified with Brahman. ব্রহ্মন্ + হন্ + ক্যপ্ স্ত্রীলিঙ্গে আ—ব্রহ্মহত্যা, এইরূপ—ভ্রাতৃহত্যা, গো হত্যা, স্ত্রীহত্যা, পিতৃহত্যা। রাজন্—সু + ক্যপ্—রাজসূয় (রাজা সূয়তে অত্র), সরতি আকাশে—সৃ + ক্যপ্—সূর্য।

নঞ—বদ্ + যৎ = অনুদ্য not to be uttered.

অনু—বদ্ + যৎ = অণূদ্য to be translated.

কৃত্যপ্রত্যয় কর্ম ও ভাববাচ্যে ব্যবহৃত হয়। উচিত, যোগ্য প্রভৃতি বুঝাইলে যেরূপ 'বিধিলিঙ্ এর প্রয়োগ হয়, সেইরূপ কৃত্য প্রত্যয়েরও প্রয়োগ হয়। তখন বাক্যটিতে কর্ম থাকিলে উহা কর্মবাচ্যে এবং কর্ম না থাকিলে ভাববাচ্যে প্রয়োগ করিতে হয়। কর্মবাচ্যে কর্তায় তৃতীয়া, কর্মে প্রথমা, এবং কৃত্য প্রত্যয়ান্ত শব্দ কর্মের বিশেষণ রূপে উহার লিঙ্গ, বচন ও বিভক্তি লাভ করে। ভাববাচ্যে কর্তায় তৃতীয়া এবং কৃৎ প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ ও একবচন হইবে। কৃত্য প্রত্যয়ের প্রয়োগে অনেক সময় বাক্যটি শ্রুতি মধুর হয়।

অনুবাদ

তোমার অসৎসঙ্গ ত্যাগ করা উচিত—ত্বম্ অসৎসঙ্গং পরিত্যজেঃ (বিধিলিঙ্)
(তব) ত্বয়া অসৎসঙ্গঃ পরিত্যাজ্যঃ।

সকলের পিতামাতার সেবা করা উচিত—সর্বে পিতরৌ সেবেরন।
(সবেষাম্) সর্বৈঃ পিতরৌ সেব্যৌ (সেবনীয়ৌ)।

কাহারও মিথ্যা বলা উচিত নহে—কোঽপি মিথ্যা ন বদেৎ
(কস্য) কেনাপি মিথ্যা ন বক্তব্যম্।

সর্বদা সত্য কথা বলিবে—সদা সত্যং ব্রূয়াৎ, সদা সত্যং বদিষ্যসি, সদা সত্যং বক্তব্যম্।

কন্যাকে পুত্রের ন্যায় পালন করিবে ও রক্ষা করিবে—পুত্রবৎ কন্যা পালনীয়া রক্ষণীয়া চ, কন্যাং পুত্রবৎ রক্ষেৎ (রক্ষিষ্যসি) পালয়িষ্যসি চ।

[illegible] আশ্রম মৃগটি বধ করা উচিত নয়—আশ্রমমৃগোঽয়ং ন হন্তব্যঃ, আশ্রমমৃগমি[illegible]ন্যাৎ।

[illegible] আমার অপরাধ ক্ষমা কর—ক্ষন্তব্যো মেঽপরাধঃ শিব—হে শিব মমাপরাধং ক্ষমেথাঃ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

দুর্জনকে বিশ্বাস করা উচিত নহে। অজ্ঞাতকুলশীলকে বাসস্থান দেওয়া কাহারও উচিত নহে। দুর্জনের সঙ্গে থাকা বা যাওয়া উচিত নহে। শত্রুও গৃহে আসিলে আতিথ্য প্রদর্শন করা উচিত। উপায় দ্বারা যাহা পারা যায় তাহা পরাক্রম দ্বারা পারা যায় না। প্রাতে শয্যা ত্যাগ করিবে। সঞ্চিত অর্থ হইতে কিছু প্রত্যহ যোগ্য পাত্রে দান করা উচিত। তোমাদের ভয় করা উচিত নহে। আপৎকালে বৃদ্ধের বচন গ্রহণ করিবে।

২। এক কথায় প্রকাশ কর :—

দানস্য যোগ্যম্, গন্তুম্ উচিতম্, পালনং কর্তব্যম্, বিশ্বাসস্য যোগ্যঃ, ভবিতুমর্হতি।

৩। পার্থক্য নির্ণয় কর :—

ভোজ্যম্, ভোগ্যম্ ; বাচ্যম্, বাক্যম্ ; জব্যম্, জেয়ম্ ; নিযোজ্যঃ, নিযোগ্যঃ ; আচর্যঃ, আচার্যঃ ; অনুক্ত, অনূক্ত।

৪। বাক্য রচনা কর :—

ভৃত্য, ভার্যা, ব্রহ্মহত্যা, অমাবস্যা, কৃত্য, কার্য, জেতব্য, দৃশ্য, সেবনীয়, পেয়, হেয়, ভোগ্য, বাচ্য।

৫। শুদ্ধ করিয়া লেখ :—

বালাদপি সুভাষিতং গ্রাহ্যা। দবিদ্রান বয়ং ন অবজ্ঞেয়াঃ। গুরূণামাজ্ঞা ন বিচাবণীয়ম। শিক্ষকস্য বাক্ শ্রোতব্যম। দ্বিজানাং সুরা ন পেযম্। সদা বয়ং সত্যং বক্তব্যম। সখে! ন ভেতব্যঃ। নাত্র কার্যা বিচারঃ।

শতৃ ও শানচ্ (Present Participle)

যাইতে যাইতে, দেখিতে দেখিতে, করিতেছি এমন অবস্থায় যখন যাইতেছি—এইরূপ অর্থ বুঝাইলে কর্তৃবাচ্যে বর্তমানকালে পরস্মৈপদী ধাতুর উত্তর শতৃ প্রত্যয়, আত্মনেপদী ধাতুর উত্তর শানচ প্রত্যয এবং উভয়পদী ধা[illegible]ত্তর শতৃ ও শানচ্ উভয় প্রত্যয় হইয়া থাকে। শতৃ প্রত্যয়েব শ্ [illegible] হয়, অৎ থাকে।

শতৃ ও শানচ্ প্রত্যযান্ত শব্দ বিশেষণ, সুতবাং উহাতে বিশেষ্যের লিঙ্গ, বচন ও বিভক্তি হইবে।

সাধারণতঃ লট্ অন্তি বিভক্তির রূপ হইতে ন্ ও ই বাদ দিলে শতৃ প্রত্যয়ান্ত শব্দ পাওয়া যায়। যথা—গচ্ছন্তি—গচ্ছ্+অন্ত্ই, উহা হইতে ন্ ও ই বাদ দিলে থাকে—গচ্ছ্+অৎ=গচ্ছৎ, এইরূপ ধাবৎ, কুর্বৎ। এই সমস্ত শতৃ প্রত্যয়ান্ত শব্দেব রূপ ধাবৎ শব্দেব ন্যায়।

যে সমস্ত ধাতুর লট্ অন্তি বিভক্তিতে ন্ থাকে না, যথা—দদতি, বিভ্যতি, জাগ্রতি ইত্যাদি, তাহাদের কেবল ই বাদ দিলেই শতৃ প্রত্যযান্ত রূপ পাওয়া যায়, যথা—দদৎ, দধৎ, জুহ্বৎ, বিভ্রৎ, শাসৎ, জহৎ, বিভ্যৎ, জাগ্রৎ ইত্যাদি। উহাদের রূপ ভূভৃৎ শব্দের ন্যায়। কয়েকটি শতৃ প্রত্যয়ান্ত শব্দ দেখান হইল—

ভ্বাদিগণীয়— ভূ—ভবৎ, গম্—গচ্ছৎ, স্থা—তিষ্ঠৎ, ধাব্—ধাবৎ।

দিবাদিগণীয়—দিব্—দীব্যৎ, ব্যধ্—বিধ্যৎ, নৃৎ—নৃত্যৎ, ক্রুধ্—ক্রুধ্যৎ।

তুদাদিগণীয়— তুদ্—তুদৎ, ইষ্—ইচ্ছৎ, সিচ্—সিঞ্চৎ, মুচ্—মুঞ্চৎ।

স্বাদিগণীয়— আপ্—আপ্নুবৎ, শ্রু—শৃণ্বৎ, চি—চিন্বৎ, শক্—শক্নুবৎ।

তনাদিগণীয়— কৃ—কুর্বৎ।

ক্র্যাদিগণীয়— গ্রহ্—গৃহ্ণৎ, জ্ঞা—জানৎ, ক্রী—ক্রীণৎ, বন্ধ্—বধ্নৎ।

রুধাদিগণীয়— রুধ্—রুন্ধৎ, ছিদ্—ছিন্দৎ, ভিদ্—ভিন্দৎ।

চুরাদিগণীয়— চুর্—চোরয়ৎ, পূজ্—পূজয়ৎ, পীড্—পীড়য়ৎ।

অদাদিগণীয়—অদ্—অদৎ, যা—যাৎ, জাগৃ—জাগ্রৎ, শাস্—শাসৎ, অস্—সৎ, ব্রূ—ব্রুবৎ, হন্—ঘ্নৎ, স্তু—স্তুবৎ, বিদ্—বিদৎ, বিদ্বস্।

শতৃ প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গে ধাবৎ শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে নদী শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে ক্লীবলিঙ্গ গচ্ছৎ শব্দের ন্যায়। শতৃ প্রত্যয়ান্ত যে সকল শব্দের রূপ ভূভৃৎ শব্দের মত (দদৎ, দধৎ) তাহাদেরও স্ত্রীলিঙ্গের রূপ নদী শব্দের ন্যায়।

শতৃ ও শানচ্ প্রত্যয়ান্ত শব্দের, সকর্মক ক্রিয়ার ন্যায় কর্ম থাকে অথচ [illegible]শেষণের মত বিশেষ্যের লিঙ্গ, বচন, বিভক্তি লাভ করে। গৃহং গচ্ছন্ বালকঃ ক্রী[illegible]—বাড়ী যাইতে যাইতে ছেলেটি খেলা করে। গচ্ছন্-এর কর্ম গৃহম্। গ[illegible]লকঃ এর মত লিঙ্গ, বচন ও বিভক্তি। এইরূপ প্রভুং সেবমানা নারী।

শতৃ প্রত্যয়ান্ত শব্দের স্ত্রীলিঙ্গ করিবার নিয়ম—

১। ভ্বাদি, দিবাদি, চুরাদি গণীয় ধাতু ও ণিজন্ত ধাতুর উত্তর শতৃ প্রত্যয় যুক্ত হইলে উহার স্ত্রীলিঙ্গে শতৃ প্রত্যয়ান্ত শব্দের অন্তস্থিত ৎ এর পূর্বে ন্ আগম হইবে ও ঈ হইবে। যথা—ভবৎ—ভবন্তী, দীব্যৎ—দীব্যন্তী, পূজয়ৎ—পূজয়ন্তী, স্থাপয়ৎ—স্থাপয়ন্তী, দর্শয়ৎ—দর্শয়ন্তী।

২। তুদাদিগণীয় ধাতু নিষ্পন্ন শতৃ প্রত্যয়ান্ত শব্দের স্ত্রীলিঙ্গে বিকল্পে ন্ আগম হয়। যথা—ইচ্ছৎ—ইচ্ছন্তী, ইচ্ছতী ; সিঞ্চৎ—সিঞ্চন্তী, সিঞ্চতী।

৩। অদাদিগণীয় আ-কারান্ত ধাতু নিষ্পন্ন শতৃ প্রত্যয়ান্ত শব্দের স্ত্রীলিঙ্গে বিকল্পে ন্ আগম হয়। যথা—যাৎ—যান্তী, যাতী।

৪। অন্যত্র শতৃ প্রত্যয়ান্ত শব্দের স্ত্রীলিঙ্গে ন্ আগম হইবে না। যথা—রুদৎ—রুদতী, কুর্বৎ—কুর্বতী, স্বপৎ—স্বপতী, দদৎ—দদতী, শৃণ্বৎ—শৃণ্বতী, জানৎ—জানতী, গৃহ্ণৎ—গৃহ্ণতী।

শানচ্

কর্তৃবাচ্যে আত্মনেপদী ধাতুর উত্তর বর্তমান কালে শানচ্ প্রত্যয় হয়। শানচ্ প্রত্যয়ান্ত শব্দের নিয়ম—

আত্মনেপদী ধাতুর লট্ আতে বিভক্তিতে যেরূপ হয় উহা হইতে আতে অংশ বাদ দিয়া অমান বা আন যোগ করিলে শানচ্ প্রত্যয়ান্ত শব্দ হয়। আতে বিভক্তির আ-কার এ-কারে পরিণত হইলে অমান এবং না হইলে আন যোগ করিতে হয়, যথা—

সেব্ লট্ আতে সেবেতে—আস্থানে এ হইয়াছে, অমান যোগে সেব্+অমান=সেবমান, ম্রিয়তে—ম্রিয়মাণ, (ণ ণত্ববিধি অনুসারে), কৃ—লট্ আতে কুর্বাতে—কুর্ব্+আন=কুর্বাণ (ণ ণত্ব বিধি অনুসারে)। কয়েকটি শানচ্ প্রত্যয়ান্ত শব্দ।

অমান যোগে		আন যোগে	
জন্—জায়মান	পদ—পদ্যমান	শী—শয়ান	ক্রী—ক্রীণান
মৃ—ম্রিয়মাণ	বৃধ্—বর্ধমান	কৃ—কুর্বাণ	গ্রহ্—গৃহ্ণান
বৃৎ—বর্তমান	যুধ্—যুধ্যমান	ভুজ্—ভুঞ্জান	অধি-ই—[illegible]য়ান
বিদ—বিদ্যমান	সহ্—সহমান	ভৃ—বিভ্রাণ	দা—[illegible]
চেষ্ট্—চেষ্টমান	কম্প্—কম্পমান	ধা—দধান	দুহ্—দুহান
ঈক্ষ্—ঈক্ষমাণ		ক্রু—ক্রুবাণ	রুধ্—রুন্ধান
		জ্ঞা—জানান	যুজ্—যুঞ্জান

উভয়পদী ধাতুর উত্তর শতৃ ও শানচ্ দুইই হয়—

ধাতু	শতৃ	শানচ্	ধাতু	শতৃ	শানচ্
নী	নয়ৎ	নয়মান	বহ্	বহৎ	বহমান
হৃ	হরৎ	হরমাণ	কৃ	কুর্বৎ	কুর্বাণ

শানচ্ প্রত্যয়ান্ত শব্দের স্ত্রীলিঙ্গে সর্বত্র টাপ্ হইবে। পুংলিঙ্গে নর শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে লতা শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায় রূপ হয়। সেবমানঃ ভৃত্যঃ। সেবমানা বালা। সেবমানম্ কলত্রম্।

কর্মবাচ্যে সকল ধাতুই আত্মনেপদী হয়। সুতরাং উহার উত্তর শানচ্ হয়। সব ধাতুর লট্ আতে বিভক্তির আস্থানে এ হয়। সুতরাং ধাতুর কর্মবাচ্যে পরিবর্তিত রূপের সহিত অমান যোগ করিলেই শানচ্ প্রত্যয়ান্ত রূপ পাওয়া যাইবে।

কর্মবাচ্যে রূপ	শানচ্ যোগে রূপ	কর্মবাচ্যে রূপ	শানচ্ যোগে রূপ
সেব্—সেব্যতে	সেব্যমান	স্থা—স্থীয়তে	স্থীয়মান
কৃ—ক্রিয়তে	ক্রিয়মাণ	পঠ্—পঠ্যতে	পঠ্যমান
দা—দীয়তে	দীয়মান	ব্রূ, বচ্—উচ্যতে	উচ্যমান
শ্রু—শ্রূয়তে	শ্রূয়মাণ	অধি-ই—অধীয়তে	অধীয়মান
গ্রহ্—গৃহ্যতে	গৃহ্যমাণ	প্রচ্ছ্—পৃচ্ছ্যতে	পৃচ্ছ্যমান
নী—নীয়তে	নীয়মান	গম—গম্যতে	গম্যমান

পার্থক্য লক্ষ্য করিবে কুর্বাণঃ পুরুষঃ, ক্রিয়মাণং কর্ম। পঠন্ ছাত্রঃ, পঠ্যমানং পুস্তকম। গচ্ছন পুরুষঃ, গম্যমানঃ দেশঃ। শৃণ্বন ভৃত্যঃ, শ্রূয়মাণঃ বেদঃ। দদানঃ পুরুষঃ, দীয়মানঃ অর্থঃ।

শানচ্ প্রত্যয়ান্ত শব্দ কর্তৃবাচ্যে কর্তার বিশেষণ এবং কর্মবাচ্যে কর্মের বি[illegible] সুতরাং কর্তৃবাচ্যে শানচ্ করিলে কর্তার লিঙ্গ, বচন ও বিভক্তি হইবে এবং [illegible] শানচ যোগ করিলে কর্মের অনুরূপ লিঙ্গ, বচন ও বিভক্তি হইবে।

অনুবাদ

যাইতে যাইতে, যখন যাইতেছে, এইরূপ বাক্যের অনুবাদ, শতৃ ও শানচ্ প্রত্যয় যোগে করিলে ভাল হয়। যথা—

বালকটি যাইতে যাইতে দেখিল—গচ্ছন বালকঃ পশ্যতি।

বালিকাটি নাচিতে নাচিতে আসিতেছে—নৃত্যন্তী বালিকা আগচ্ছতি।

পর্বত শিখর হইতে নামিতেছে এরূপ একটি সিংহ দেখিলাম—পর্বতশিখরাৎ অবতরন্তং সিংহমহমপশ্যম্।

সে যখন যাইতেছিল তখন ক্রন্দনরত বালিকাটিকে দেখিল—গচ্ছন্ স ক্রন্দন্তীং বালিকামপশ্যৎ।

ভৃত্য সেবা করিতেছে এরূপ প্রভু বলিলেন—ভৃত্যেন সেব্যমানঃ প্রভুঃ অবদৎ।

ভাল কাজ করিলে স্বর্গে যায়—সৎকর্ম কুর্বন্ স্বর্গং যাতি।

শীতে কম্পমান বানরগণ পাখীর ডিমগুলি নীচে ফেলিয়া দিল—শীতেন কম্পমানৈঃ বানরৈঃ পক্ষিণামণ্ডানি অধঃপাতিতানি।

বানরটিকে বৃক্ষে আরোহণ করিতে দেখিলাম—বৃক্ষমারোহন্তম্ বানরমপশ্যম্।

তুমি জল পড়িতে দেখিয়াছ—ত্বং পতৎ জলং পশ্যসি স্ম।

তাহারা আমাকে হাসিতে দেখে—তে হসন্তং মাং পশ্যন্তি।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

বালকগণ হাসিতে হাসিতে আসিতেছে। বালিকাটি গান করিতে করিতে আসে। গান করে এরূপ পাখীদের মধ্যে কোকিল শ্রেষ্ঠ। একদিন রাজপুত্র জল হইতে উঠিতেছে এরূপ স্ত্রীলোকটিকে দেখিল। ব্রাহ্মণ ধূর্তগণের কথা চিন্তা করিতে করিতে বাড়ী গেলেন। ব্যাধ তাহার দিকে আসিতেছে এরূপ শূকরটিকে বধ করিল। তিনি অর্থ যাচ্ঞাকারী ভিক্ষুককে ধন দান করেন।

২। শুদ্ধ করিয়া লেখ :—

বলবতা যুধ্যান স মমার। দরিদ্রায় ধনং দদন্ স্বর্গং যাতি। বৃক্ষাৎ [illegible] ফলং পশ্যামি। রুদন্তীং বালিকাং পশ্য। পাপং কুর্বন্তীং নারীং [illegible]।

৩। রূপ নিরূপণ কর (প্রথমার একবচন) :—

কৃ+শতৃ (স্ত্রী), ভী+শতৃ (স্ত্রী), দা+শানচ্ (পুং), শাস্+শতৃ (পুং), হন্+শতৃ+(পুং); পচ্+শতৃ (স্ত্রী), কৃ+কর্মণি শানচ্ (পুং), হস্+শতৃ (পুং), প্রচ্ছ্+কর্মণি শানচ্ (পুং); পত্+শতৃ (ক্লীব)।

৪। বাংলায় অনুবাদ কর :—

যদ্দদতাং বৃত্তিং ভুঞ্জানানাং পণ্ডিতানাং পঞ্চশতী অত্র বর্তন্তে। স্বামিনং প্রতীক্ষমাণা স্ত্রী দ্বারে তিষ্ঠতি। ময়ি জীবতি কোঽয়মবিনয়ম্ আচরতি। ম্রিয়মাণোঽপ্যাদদীত ন রাজা শ্রোত্রিয়াৎ করম্। অগ্নিম্ অভি ধাবন্তঃ পতঙ্গাঃ ম্রিয়ন্তে।

তুমুন্ (Infinitive)

যাইতে, খাইতে, যাইবার নিমিত্ত, খাইবার নিমিত্ত প্রভৃতি অর্থ বুঝাইলে ধাতুর উত্তর তুমুন্ প্রত্যয় হয়। ইংরেজীতে যেখানে to go, to eat, to see, প্রভৃতি infinitive-এর প্রয়োগ হয় সেখানে সংস্কৃতে ধাতুর উত্তর তুমুন্ প্রত্যয় হয়। তুমুন্-এর উন্ লুপ্ত হয়, তুম্ থাকে। তুমুন্ প্রত্যয়ান্ত শব্দ অসমাপিকা ক্রিয়ার ন্যায় কাজ করে, কিন্তু পদটি অব্যয়। সেইজন্য উহার রূপের কোনও পরিবর্তন

হয় না। দুইটি ক্রিয়ার একই কর্তা হইলে নিমিত্তবোধক ধাতুর উত্তর তুমুন্ হয়। যথা—সে খাইতে যায়—সঃ ভোক্তুম্ যাতি। যাওয়া ক্রিয়া ভোজন ক্রিয়ার নিমিত্ত তাই ভুজ্ ধাতুর উত্তর তুমুন হইয়াছে। **সমানকর্তৃকেষু তুমুন্**—

১। সমানকর্তৃক ক্রিয়াদ্বয় হইলে তবেই তুমুন্ হয়। পৃথক্ কর্তা হইলে তুমুন্-এর ব্যবহার সঙ্গত নহে। সেস্থলে ক্রিয়ার্থ ক্রিয়া অর্থাৎ নিমিত্তার্থক ক্রিয়া থাকে না। এইজন্য আমি বানরটিকে গাছে উঠিতে দেখিলাম—ইহার সংস্কৃত তুম প্রয়োগ করা যায় না। এখানে তুমের অর্থে চতুর্থী বিভক্তি অথবা শতৃ প্রত্যয় প্রয়োগ করিতে হয়, যথা—অহং বানরং বৃক্ষমারোহন্তম্ অপশ্যম্। প্রভু ভৃত্যকে যাইতে আদেশ করিল—প্রভুঃ ভৃত্যং গচ্ছন্তমাদিশতি অথবা প্রভুঃ ভৃত্যং গমনায় আদিশতি। আমি তোমাকে যাইতে দেখি—অহং ত্বাং গন্তুম পশ্যামি হইবে না। [illegible] গমন ক্রিয়া নিমিত্তবোধক নহে এবং গমন ও দর্শনের কর্তা এক নহে। [illegible] সংস্কৃত হইবে—অহং ত্বাং গচ্ছন্তং পশ্যামি।

[illegible] ইচ্ছতি, শক্নোতি, বাঞ্ছতি, কাময়তে প্রভৃতি ক্রিয়ার প্রয়োগে নিমিত্তার্থ না বুঝাইলেও সমান কর্তা হইলে তুমুন্ হয়। যথা—স গন্তুম্ ইচ্ছতি, স ভোক্তুং শক্নোতি, স দ্রষ্টুং বাঞ্ছতি, কাময়তে ইত্যাদি।

৩। সমর্থার্থক শব্দের যোগে নিমিত্তার্থ না বুঝাইলেও তুমুন্ হয়, যথা—স গন্তুম সমর্থঃ, সঃ ভোক্তুং সমর্থঃ, স দ্রষ্টুং ক্ষমঃ ইত্যাদি।

৪। কাল-সময়-বেলাসু তুমুন্—কাল, সময়, বেলা প্রভৃতি কালবাচক শব্দের যোগে ভিন্ন কর্তায়ও তুমুন হয়, যথা—গন্তুং কালঃ অয়ম্। ভোক্তুং সময়ঃ অয়ম্।

৫। কাম ও মনস্ শব্দের সহিত সমাসে তুম্ এর ম্ লোপ হয়। গন্তুং কামঃ অস্য—গন্তুকামঃ, গন্তুং মনঃ অস্য—গন্তুমনাঃ।

কয়েকটি তুমুন্ প্রত্যয়ান্ত শব্দ—

অস্—ভবিতুম্	হৃ—হর্তুম্	ছিদ্—ছেত্তুম্	নম্—নন্তুম্
ভূ—ভবিতুম্	ক্রী—ক্রেতুম্	জ্ঞা—জ্ঞাতুম্	পচ্—পক্তুম্
আপ্—আপ্তুম্	জি—জেতুম্	হন্—হন্তুম্	প্রচ্ছ্—প্রষ্টুম্
অধি-ই—অধ্যেতুম্	নী—নেতুম্	ত্যজ্—ত্যক্তুম্	ব্রু-বচ্—বক্তুম্
ই—এতুম্	গম্—গন্তুম্	দহ্—দগ্ধুম্	ভী—ভেতুম্
ইষ্—এষ্টুম্, এষিতুম্	গৈ—গাতুম্	দ্রা—দাতুম্	মুচ্—মোক্তুম্

কথ্—কথয়িতুম্ গ্রহ্—গ্রহীতুম্ স্থা—স্থাতুম্ রুদ্—রোদিতুম্
কৃ—কর্তুম্ চিন্ত্—চিন্তয়িতুম্ দুহ্—দোগ্ধুম্ বিশ্—বেষ্টুম্
বস্—বস্তুম্, বসিতুম্ সহ্—সোঢ়ুম্, সহিতুম্ শাস্—শাসিতুম্ স্পৃশ্—স্প্রষ্টুম্,
শী—শয়িতুম্, শ্রু—শ্রোতুম্।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :

ভরত রামচন্দ্রকে আনিতে বনে গেলেন। আমি তাহাকে বই পড়িতে দেখি। আমি ইহা শুনিতে ইচ্ছা করি না। আমি তোমার নাম জানিতে চাই। এখন বিদ্যালয়ে যাইবার সময়। ইন্দ্রিয়সমূহকে জয় করিতে চেষ্টা কর। নারীগণ নদীতে স্নান করিতে গিয়াছেন। যাইতে ইচ্ছা করিয়া সে গৃহ হইতে বহির্গত হইল। আমি উহাকে ত্যাগ করিতে বা ভোগ করিতে সমর্থ নহি।

২। শুদ্ধ করিয়া লেখ :

স স্বদেশং ত্যজিতুম্ ইচ্ছতি। প্রভুঃ ভৃত্যং জলম্ আনয়িতুম্ আদিশাত। বালিকাং ক্রন্দিতুং দৃষ্টা অপৃচ্ছৎ। রাজ্যং বিজয়িতুম্ ইচ্ছন্ নৃপঃ সসৈন্যঃ বহির-গচ্ছৎ। গর্দভঃ ভারং বহিতুং সমর্থঃ। পুষ্পম্ আহরিতুং যততে।

৩। নিম্নলিখিত ধাতুগুলির তুমুনন্ত পদ লেখ :—

সহ্ জি, প্রচ্ছ, দৃশ্, স্পৃশ্, বস্, বদ্, বহ্, আপ, হন্, যজ্, লভ্, অধি-ই, রুহ্, রুদ্, গ্রহ্, স্বপ্, দুহ্, শ্রু।

ক্ত ক্তবতু (Past Participles)

ধাতুর উত্তর অতীতকালে ক্ত ও ক্তবতু প্রত্যয় হয়। ক্ত প্রত্যয়ের ক্ ইৎ ত থাকে এবং ক্তবতু প্রত্যয়ের ক্ ও উ ইৎ, তবৎ থাকে।

কর্তৃবাচ্যে অতীতকালে সকল ধাতুর উত্তর ক্তবতু প্রত্যয় হয়। ক্তবতু প্রত্যয়ান্ত শব্দ সমাপিকা ক্রিয়ার ন্যায় কাজ করে। ইহা কর্তার বিশেষণরূপে ব্যবহৃত হয় এবং কর্তার লিঙ্গ, বচন ও বিভক্তির অনুরূপ লিঙ্গ, বচন ও বিভক্তি ইহার সহিত যুক্ত হয়। ক্তবতু প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গে শ্রীমৎশব্দের ন্যায়। স্ত্রীলিঙ্গে নদী শব্দের ন্যায় ও ক্লীবলিঙ্গে, ক্লীবলিঙ্গ শ্রীমৎ শব্দের ন্যায়। ১মা ও ২য়া—শ্রীমৎ, শ্রীমতি, শ্রীমন্তি। অন্যান্য বিভক্তিতে মহৎ শব্দের ন্যায়।

অতীতকালের ক্রিয়া বুঝাইবার জন্য লঙ্, লুঙ্ ও লিট্ এর পদের পরিবর্তে ক্তবতু প্রত্যয়ান্ত শব্দ ব্যবহার করা চলে।

সঃ গ্রামং গতবান্—সে গ্রামে গিয়াছিল। তৌ গ্রামং গতবন্তৌ। তাহারা দুইজন গ্রামে গিয়াছিল। তে গ্রামং গতবন্তঃ—তাহারা গ্রামে গিয়াছিল।

বালিকা পুস্তকং পঠিতবতী—বালিকাটি বই পড়িয়াছিল। বালিকে পুস্তকং পঠিতবত্যৌ। বালিকাঃ পুস্তকং পঠিতবত্যঃ।

মিত্রং গতবৎ। মিত্রে গতবতী। মিত্রাণি গতবন্তি।

সকর্মক ও অকর্মক সকল ধাতুর উত্তরই ক্তবতু প্রত্যয় হয়। বালকঃ হসিতবান্।

অতীতকালে কর্ম ও ভাববাচ্যে ধাতুর উত্তর ক্ত প্রত্যয় হয়। ক্ত প্রত্যয়ান্ত শব্দ ভাববাচ্যে সর্বদাই ক্লীবলিঙ্গ ও একবচন হয়, যথা তেন হসিতম্, তৈঃ [illegible]তম্; বালিকয়া শয়িতম্।

[illegible]বাচ্যে ক্ত প্রত্যয়ান্ত শব্দ কর্মের বিশেষণ; সুতরাং উহাতে কর্মের অ[illegible]লিঙ্গ, বচন ও বিভক্তি হইবে। যথা—তেন ঘটঃ কৃতঃ, তেন ঘটৌ কৃতৌ। তেন ঘটাঃ কৃতাঃ। ময়া ফলং ভক্ষিতম্। ত্বয়া বালিকা দৃষ্টা।

গমনার্থক, অকর্মক ও শ্লিষ্, স্থা, আস্, বস্, জন্, রুহ্ প্রভৃতি ধাতুর উত্তর কর্তৃবাচ্যেও ক্ত প্রত্যয় হয়, তখন কর্তার অনুরূপ লিঙ্গ, বচন ও বিভক্তি হইবে। সঃ গ্রামং গতঃ। বালিকা শয্যায়াং শয়িতা। ফলং বৃক্ষাৎ পতিতম্, স গৃহে স্থিতঃ। পুত্রঃ জাতঃ। বানরঃ বৃক্ষম্ আরূঢ়ঃ ইত্যাদি।

অকর্মক ধাতু উপসর্গযোগে সকর্মক হইলেও কর্তৃবাচ্যে অতীতকালে ক্ত প্রত্যয় হয়। যথা—শিশবঃ শয্যাম্ অধিশয়িতঃ, নৃপঃ সিংহাসনমধিষ্ঠিতঃ, অন্য কোথাও কর্তৃবাচ্যে ক্ত প্রত্যয় হয় না।

মতি, বুদ্ধি ও পূজার্থক ধাতুর প্রয়োগে, বর্তমানকালে ক্ত প্রত্যয় হয়। তখন কর্তায় ষষ্ঠী বিভক্তি হয়। যথা—ইদং মতং বিদুষাম্—ইহা বিদ্বান্‌গণের অভিমত। ভবতাং বিদিতঃ অয়ং জনঃ—এই লোকটি আপনাদের জ্ঞাত।

ঈশ্বরঃ সর্বেষাং পূজিতঃ—ঈশ্বর সকলের পূজিত।

সর্বেষাং পূজিতঃ—সকলের দ্বারা বর্তমানে পূজিত।

সর্বৈঃ পূজিতঃ—সকলের দ্বারা অতীতকালে পূজিত।

বর্তমানকালে বিহিত ক্ত প্রত্যয় কর্ম ও ভাববাচ্যে হয়। কর্তৃবাচ্যে হয় না। ক্ত ও ক্তবতু প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ—

অদ—	জগ্ধ, অন্ন,	জগ্ধবৎ	প্রচ্ছ্—	পৃষ্ট,	পৃষ্টবৎ	শাস্—	শাসিত,	শাসিতবৎ
ই—	ইত,	ইতবৎ,	ভঞ্জ্—	ভগ্ন,	ভগ্নবৎ	স্বপ্—	সুপ্ত,	সুপ্তবৎ
ক্রী—	ক্রীত,	ক্রীতবৎ,	রুহ্—	রূঢ়,	রূঢ়বৎ	সহ্—	সোঢ়,	সোঢ়বৎ
কৃ—	কৃত,	কৃতবৎ,	বহ—	ঊঢ়,	ঊঢ়বৎ	সিব্—	স্যূত,	স্যূতবৎ
হৃ—	হৃত,	হৃতবৎ,	বদ্—	উদিত,	উদিতবৎ	মূর্চ্ছ্—	মূর্ত,	মূর্তবৎ
হ্বে—	হূত,	হূতবৎ	বপ্—	উপ্ত,	উপ্তবৎ	পা—	পীত,	পীতবৎ
গ্রহ—	গৃহীত,	গৃহীতবৎ	বস্—	উষিত,	উষিতবৎ	নী—	নীত,	নীতবৎ
ত্রৈ—	ত্রাত,	ত্রাতবৎ	যজ্—	ইষ্ট,	ইষ্টবৎ	ব্যধ্—	বিদ্ধ,	বিদ্ধবৎ
দনশ—	দষ্ট,	দষ্টবৎ	শুষ—	শুষ্ক,	শুষ্কবৎ	লিহ্—	লীঢ়,	লীঢ়বৎ
পচ্—	পক্ব,	পক্ববৎ	শী—	শয়িত,	শয়িতবৎ	মস্জ—	মগ্ন,	মগ্নবৎ

ক্ত প্রত্যয়যোগে রূপভেদে অর্থভেদ লক্ষ্য করিবে—

ভিদ+ক্ত—	ভিন্ন—বিদীর্ণ	ধাব্+ক্ত—	ধাবিত—দৌড়ান
	ভিত্ত—অংশ		ধৌত—ধোওয়া
ত্রৈ+ক্ত—	ত্রাত—রক্ষিত	পা+ক্ত—	পীত—পানার্থে
	ত্রাণ—রক্ষা		পাত—রক্ষার্থে
দিব্+ক্ত	দ্যূত—জুয়াখেলা	অদ্+ক্ত	জগ্ধ—ভুক্ত
	দ্যূন—ক্ষত		অন্ন—ভাত
নির্—বা+ক্ত—	নির্বাত—বায়ুশূন্য	ঋ+ক্ত—	ঋত—গত, সত্য
	নির্বাণ—নিভান		ঋণ—দেনা

অনুবাদ

মনে রাখিবে :—

(১) ক্তবতু প্রত্যয় অতীত কাল বুঝাইতে কর্তৃবাচ্যে সকল ধাতুর উত্তর হয়। উহা সমাপিকা ক্রিয়ার কাজ করে অথচ কর্তার বিশেষণ রূপে কর্তার লিঙ্গ, বচন ও বিভক্তি প্রাপ্ত হয়। ক্তবতু প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গ শ্রীমৎ শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে নদী শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে ক্লীবলিঙ্গ শ্রীমৎ শব্দের ন্যায়।

আমার সহিত যে গিয়াছিল তাহার নাম কৃষ্ণ—ময়া সহ গতবতঃ নাম কৃষ্ণঃ।

বৃদ্ধ শয্যায় শয়ন করিয়াছে—বৃদ্ধঃ শয্যায়াং শয়িতবান্।

সাবিত্রী পতির সাহত গিয়াছিল—সাবিত্রী পত্যা সহ গতবতী।

মিত্রগণ সৎ উপদেশ দিয়াছিল—মিত্রাণি সদুপদেশং দত্তবন্তি।

(২) ক্ত প্রত্যয় কর্মবাচ্যে অতীত কাল বুঝায়। উহা কর্মের বিশেষণ এবং উহাতে কর্মের অনুরূপ লিঙ্গ, বচন ও বিভক্তি হয়। ক্ত প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গে নর শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে লতা শব্দের ন্যায়, ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায়।

বালক কর্তৃক চন্দ্র দৃষ্ট হইয়াছিল—বালকেন চন্দ্রঃ দৃষ্টঃ।

আমি প্রকৃতির শোভা দেখিয়াছিলাম—ময়া প্রকৃতেঃ শোভা দৃষ্টা।

তুমি ফলগুলি খাইয়াছিলে—ত্বয়া ফলানি ভুক্তানি।

৩। ভাববাচ্যে অতীত কাল অর্থে ক্ত প্রত্যয় হয়। ক্ত প্রত্যয়ান্ত শব্দ ভা[illegible] সর্বদা ক্লীবলিঙ্গ ও একবচন।

[illegible]ট হাসিয়াছিল—বালকেন হসিতম্।

৪। গত্যর্থ, অকর্মক, শ্লিষ্, রুহ্ প্রভৃতি ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ক্ত প্রত্যয় হয়। তখন ক্ত প্রত্যয়ান্ত শব্দ কর্তার বিশেষণরূপে ব্যবহৃত হয় ও উহার লিঙ্গ, বচন ও বিভক্তি প্রাপ্ত হয়।

সে বাড়ী গিয়াছিল—স গৃহং গতঃ। সে হাসিয়াছিল—স হসিতঃ। সে বৃক্ষে আরোহণ করিয়াছিল—স বৃক্ষম্ আরূঢ়ঃ।

৫। মতি, বুদ্ধি ও পূজার্থক ধাতুর প্রয়োগে বর্তমান কালে ক্ত প্রত্যয় হয়। তখন কর্তায় ষষ্ঠী হয়,—ঈশ্বরঃ সর্বেষাং পূজিতঃ।

অনুশীলনী

১। ক্ত এবং ক্তবতু প্রত্যয়ের সাহায্যে সংস্কৃতে অনুবাদ কর :—

পাখীগুলি মরিয়া গেল। তাহার পুত্র জন্মিয়াছিল। বালিকাদুইটি খেলা করিতেছিল। মিত্রগণ বিপদের সময় উপস্থিত হইয়াছিল। রমণীগণ হাতী দেখিয়া ছুটিয়া গেল। গাভীগণ মাঠে ঘাস খাইতেছিল।

২। শুদ্ধ করিয়া লেখ :—

বালকাঃ বিদ্যালয়ং গতবান্। তে শত্রুং হতবান্। দৈবেন ময়ি কৃপা কৃতম্। তেন হসিতঃ। বালকাঃ সন্ধ্যায়াং পুস্তকান পঠিতানি।

৩। পার্থক্য নির্ণয় কর :—

স সতাং পূজিতঃ, স সদ্ভিঃ পূজিতঃ। পীত, পাত। নির্বাত, নির্বাণ। ধাবিত, ধৌত।

ক্ত্বাচ্, ল্যপ্ বা যপ্ (Gerund)

বাংলায় যেখানে করিয়া, যাইয়া, খাইয়া প্রভৃতি অসমাপিকা ক্রিয়ার অর্থ বুঝায় এবং ইংরেজীতে doing, having done, going, having gone প্রভৃতি অর্থ বুঝায় সেখানে সংস্কৃতে ধাতুর উত্তর ক্ত্বাচ্ প্রত্যয় হয়। ক্ ও চ্ ইৎ যায়, ত্বা অবশিষ্ট থাকে। বাংলায় যেমন আমি বাড়ী গিয়া সে ভাত খায় এরূপ প্রয়োগ হয় না, সংস্কৃতেও সেইরূপ সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার, এক কর্তা না হইলে ক্ত্বাচ্ ও ল্যপ্ হয় না। অহং গৃহং গত্বা স ভক্ষয়তি হয় না। **সমানকর্তৃকয়োঃ পূর্বকালে ক্ত্বাচ্**। দুইটি ক্রিয়ার একই কর্তা হইলে পূর্বকালীন ক্রিয়ার বোধক ধাতুর উত্তর ক্ত্বাচ্ ও ল্যপ্ হয়। ধাতুর পূর্বে যদি কোনও উপসর্গ থাকে বা নঞ্ ভিন্ন কোনও অব্যয় থাকে তাহা হইলে ধাতুর উত্তর ক্ত্বাচ্ না হইয়া ল্যপ্ প্রত্যয় হয়। **সমাসেঽনঞ্‌পূর্বে ক্ত্বো ল্যপ্**। ল্ ও প্ ইৎ, য থাকে। ক্ত্বাচ্ ও ল্যপ্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। সুতরাং কর্তৃবাচ্যে, কর্মবাচ্যে বা ভাববাচ্যে অথবা কর্তার ভেদে উহার রূপের কোনও পরিবর্তন হয় না। ক্ত্বাচ্ ও ল্যপ্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয় হইলেও অসমাপিকা ক্রিয়া সুতরাং ইহার কর্মে দ্বিতীয়া হইবে, কিন্তু কর্মবাচ্যে উহাতে প্রথমা হইবে না। নিষেধার্থক অলং ও খলু শব্দের যোগে সমাপিকা ক্রিয়া না থাকিলেও ক্ত্বাচ্ হয়। যথা— অলং গত্বা, খলু উক্ত্বা।

কয়েকটি ক্ত্বাচ্ ও ল্যপ্ প্রত্যয়ান্ত শব্দ—

জ্ঞা—জ্ঞাত্বা, বিজ্ঞায়	বুধ্—বুধ্বা, প্রবুধ্য	বপ্—উপ্ত্বা, সমুপ্য
স্থা—স্থিত্বা, আস্থায়	তপ্—তপ্ত্বা, সন্তপ্য	যজ্—ইষ্ট্বা
পা—পীত্বা, নিপীয়	দৃশ্—দৃষ্ট্বা, সন্দৃশ্য	স্বপ্—সুপ্ত্বা, সংসুপ্য
দা—দত্ত্বা, আদায়	স্মৃ—স্মৃত্বা, বিস্মৃত্য	বচ্, ব্রূ—উক্ত্বা, প্রোচ্য
ধা—হিত্বা, আধায়	স্পৃশ্—স্পৃষ্ট্বা, সংস্পৃশ্য	বৃৎ—বর্তিত্বা, আবৃত্য
হা—হিত্বা, বিহায়	সেব্—সেবিত্বা, সংসেব্য	লিখ্—লিখিত্বা, বিলিখ্য

জি—জিত্বা, পরাজিত্য গ্রহ্—গৃহীত্বা, সংগৃহ্য শী—শয়িত্বা, অধিশয্য
নী—নীত্বা, আনীয় বস্—উষিত্বা, প্রোষ্য ভুজ্—ভুক্ত্বা, উপভুজ্য
শ্রু—শ্রুত্বা, সংশ্রুত্য গম্—গত্বা, আগম্য, আগত্য হ্বে—হূত্বা, আহূয়
কৃ—কৃত্বা, সংস্কৃত্য, নম্—নত্বা, প্রণম্য, প্রণত্য, ভূ—ভূত্বা, অনুভূয়
ত্যজ্—ত্যক্ত্বা, পরিত্যজ্য হন্—হত্বা, নিহত্য, ইষ্—ইষিত্বা, এষিত্বা, অন্বিষ্য

অনুবাদ

মনে রাখিবে :—

(১) দুইটি ক্রিয়ার একই কর্তা না হইলে ক্ত্বাচ্ বা ল্যপ্ হয় না—

আমি বাড়ী গিয়া ভাত খাই—অহং গৃহং গত্বা অন্নং ভক্ষয়ামি।

সাধুকে দেখিয়া বালকটির ভয় হইয়াছিল—সাধুং পশ্যতঃ বালকস্য ভয়ম অভবৎ। এখানে সাধুং দৃষ্ট্বা বালকস্য ভয়ম্ অভবৎ হইবে না, কারণ দেখা ও হওয়া ক্রিয়ার একই কর্তা নহে।

(২) উপসর্গ পূর্বে থাকিলে ক্ত্বাচ্ না হইয়া ল্যপ্ হয়—

সে বাড়ী আসিয়া বই পড়ে—স গৃহমাগম্য পুস্তকং পঠতি।

(৩) নঞ্ ভিন্ন অব্যয়, ধাতুর পূর্বে থাকিলে ক্ত্বাচ্ না হইয়া ল্যপ্ হয়—

গুরুকে নমস্কার করিয়া সে কাজ আরম্ভ করে—গুরুং নমস্কৃত্য স কার্যমারভতে।

৪। নঞ্ ধাতুর পূর্বে থাকিলে ক্ত্বাচ্ হইবে ল্যপ্ হইবে না—

সে কিছু না করিয়াই চলিয়া গেল—স কিমপি অকৃত্বা গতঃ।

(৫) নিষেধার্থক অলম্ ও খলু শব্দের যোগে সমাপিকা ক্রিয়া না থাকিলেও ক্ত্বাচ্ বা ল্যপ্ হয়। যথা—অলং ভুক্ত্বা—ভোজনের প্রয়োজন নাই। খলু উক্ত্বা—বলিবার প্রয়োজন নাই।

(৬) ক্ত্বাচ্ ও ল্যপ্ প্রত্যয়ান্ত শব্দ অব্যয় সুতরাং বাচ্য ভেদে বা কর্তার ভেদে কখনও উহার কোনও পরিবর্তন হয় না।

তাহারা আসিয়া এইরূপ বলিল—তে গ্রামম্ আগত্য এবম্ উক্তবন্তঃ।
(কর্মবাচ্যে) তৈঃ গ্রামমাগত্য এবমুক্তম্।

(৭) কিন্তু ক্ত্বাচ্ বা ল্যপ্ প্রত্যয়ান্ত ক্রিয়া ও সমাপিকা ক্রিয়ার একই কর্ম হইলে কর্মবাচ্যে ঐ কর্ম উক্ত হয়। যথা—স ওদনং পক্ত্বা ভুঙ্‌ক্তে।
(কর্মবাচ্যে) তেন ওদনঃ পক্ত্বা ভুজ্যতে।

অনুশীলনী

১। নিম্নলিখিত ধাতুগুলির ক্ত্বাচ্ ও ল্যপ্ প্রত্যয়ান্ত রূপ লেখ :—
ইষ্, কৃ, হন, গৈ, জ্ঞা, ত্যজ্, দৃশ, লভ্, বপ, বচ্, শী, যজ, শ্রু, বস্।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

ইহা শুনিয়া সে জল পান না করিয়াই চলিয়া গেল। সে দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করিয়া বলিল। সে এইরূপ বলিয়া রাজার নিকট অগ্রসর হইয়া বলিল। তারপর সকল পশুগণ এইরূপ নিশ্চয় করিয়া সিংহকে বলিল। তিনি কলিকাতা গিয়া গঙ্গায় স্নান করিয়া শান্তি অনুভব করিলেন। কাজটি সমাপ্ত করিয়া সকলে চলিয়া গেল। ভাত খাইয়া আমার শান্তি হইল। শত্রুদিগকে জয় করিয়া নৃপতি যুদ্ধক্ষেত্র পরিত্যাগ করিলেন।

৩। শুদ্ধ করিয়া লেখ :—

চৌরঃ রাজানং প্রণমিত্বা আহ। গুরুং নমস্কৃত্বা শিষ্যঃ অগচ্ছৎ। ব্যাঘ্রঃ লোকালয়ং পরিত্যক্ত্বা বনং গতঃ। ধনং লব্ধ্বা ব্রাহ্মণঃ তুষ্টঃ অভ[illegible]খং কার্যম্ অকৃত্বা গচ্ছসি। ঈশ্বরে কর্মফলং সমর্পয়িত্বা যথাশক্তি কর্ম কুরু[illegible]শীতলজলেন স্নাত্বা মম সুখং ভবতি। শিশুঃ শয্যায়াং শীত্বাং হসতি।

ঘঞ্ প্রত্যয়

ভাববাচ্যে ধাতুর উত্তর ঘঞ্ প্রত্যয় হয়। ধাতু হইতে ক্রিয়াবাচক বিশেষ্যে পরিবর্তন করিবার জন্য ঘঞ্, অচ, অপ প্রভৃতি প্রত্যয় হইয়া থাকে। ঘঞ্ প্রত্যয়ের ঘ্ ঞ্ ইৎ, অবশিষ্ট থাকে অ। কর্তা ব্যতীত অন্য কারক বাচ্যেও ধাতুর উত্তর ঘঞ্ হইয়া থাকে। **ঘঞ্ ও অচ্, অল, অপ্ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ—'ঘঞলৌ পুংসি বিজ্ঞেয়ৌ'**। ঘঞ্ প্রত্যয়ান্ত কয়েকটি শব্দ—

পচ্—পাকঃ, ত্যজ্—ত্যাগঃ, নশ্—নাশঃ, ভূ—ভাবঃ, অদ—ঘাসঃ, বস্—বাসঃ, রুজ্—রোগঃ, বদ—বাদঃ, কুপ্—কোপঃ, লভ—লাভঃ, পঠ্—পাঠঃ, যুজ—যোগঃ, মদ—মাদঃ, যজ্—যাগঃ, রঞ্জ্—রাগঃ, দা—দায়ঃ, হন্—ঘাতঃ।

শ্রি, নী ও ভূধাতুর পূর্বে উপসর্গ থাকিলে ঘঞ্ হয় না। যথা, আশ্রয়ঃ, বিনয়ঃ, প্রভবঃ। প্রভাবঃ, অনুভাবঃ বা মহানুভাবঃ ইত্যাদি শব্দ এইরূপে নিষ্পন্ন হয়—ভূ ঘঞ্ ভাব, প্রকৃষ্টঃ ভাবঃ প্রভাবঃ প্রাদিসমাস, এইরূপ অনুগতঃ ভাবঃ অনুভাবঃ, মহান্ অনুভাবঃ মহানুভাবঃ।

উপসর্গযুক্ত ধাতুর উত্তর ঘঞ্ হইলে কোন কোন স্থানে উপসর্গের অন্ত্য স্বরের বৃদ্ধি হয় (বিকল্পে)—প্র—সদ্+ঘঞ্ = প্রসাদঃ, প্রাসাদঃ ; প্রতি—কৃ+ ঘঞ্ = প্রতিকারঃ, প্রতীকারঃ। পরি—বদ্+ঘঞ্ = পরিবাদঃ, পরীবাদঃ। কিন্তু মনুষ্য বুঝাইলে উপসর্গের অন্তিমস্বরের বৃদ্ধি হয় না—**উপসর্গস্য ঘঞ্যমনুষ্যে বহুলম্**। যথা—নি—সদ্+ঘঞ্ = নিষাদঃ।

ই-বর্ণান্ত ধাতুর উত্তর ঘঞের অর্থে অচ্ হয়—**এরচ্**। চি+অচ = চয়, নী—নয়ঃ, জি—জয়ঃ ইত্যাদি। ঋকারান্ত ও উ-বর্ণান্ত ধাতুর উত্তর অপ্ হয়—**ঋদোরপ্**। তৃ—তরঃ, কৃ—করঃ, স্তু—স্তবঃ, শ্রু—শ্রবঃ। ভূ—ভবঃ। হন্—বধঃ। অচ্ প্রত্যয়ান্তশব্দ পুংলিঙ্গ কিন্তু ভয়ম, বর্ষম্, মুখম্, পদম্ প্রভৃতি ক্লীবলিঙ্গ,

ক্তিন্ প্রত্যয়

ভাববাচ্যে ধাতুর উত্তর ক্তিন্ প্রত্যয় হয়। ক্তিন্ প্রত্যয়ে ক্ ও ন্ ইৎ, তি অবশিষ্ট থাকে।

ক্তি[illegible]ত্যয় যোগেও ক্রিয়াবাচক বিশেষ্য নিষ্পন্ন হয়। **ক্তিন্ প্রত্যয়ান্ত সমস্ত [illegible]স্ত্রীলিঙ্গ। উহাদের রূপ মতি শব্দের মত**। কয়েকটি ক্তিন্ প্রত্যয়ান্ত শব্দ - গম+ক্তিন্—গতিঃ, মন্—মতিঃ, কৃ—কৃতিঃ, বুধ্—বুদ্ধিঃ, স্মৃ—স্মৃতিঃ, নী—নীতিঃ, গৈ—গীতিঃ, ভী—ভীতিঃ, শক্—শক্তিঃ, স্তু—স্তুতিঃ, মুচ্—মুক্তিঃ, ভুজ্—ভুক্তিঃ, বচ্—উক্তিঃ, যজ্—ইষ্টিঃ, সৃজ্—সৃষ্টিঃ, স্বপ্—সুপ্তিঃ, শ্রু—শ্রুতিঃ, দৃশ্—দৃষ্টিঃ।

হা, গ্লা, ম্লা প্রভৃতি ধাতুর উত্তর ক্তিন্ প্রত্যয় করিলে তি স্থানে নি হয়, যথা—হা+ক্তিন্=হানিঃ, গ্লা—গ্লানিঃ, ম্লা—ম্লানিঃ।

ল্যুট্ বা অনট্

ভাববাচ্যে ধাতুর উত্তর ল্যুট্ প্রত্যয় হয়। ইহার দ্বারাও ক্রিয়াবাচক বিশেষ্যপদ নিষ্পন্ন হয়। ল্যুট্ প্রত্যয়ের ল্ ও ট্ ইৎ। যু অবশিষ্ট থাকে। যু স্থানে অন আদেশ হয়। ইহাকে কেহ কেহ অনট্ বা যুট্ প্রত্যয়ও বলেন। **ভাববাচ্যে নিষ্পন্ন ল্যুট্ প্রত্যয়ান্ত শব্দ সর্বদা ক্লীবলিঙ্গ**। কয়েকটি ল্যুট্ প্রত্যয়ান্ত শব্দ যথা—গম্+ল্যুট্ = গমনম্, শী—শয়নম্, স্থা—স্থানম্, দা—দানম্, যা—যানম্, পা—পানম্, পত্—পতনম্, ভক্ষ—ভক্ষণম্, কৃ—করণম্, হৃ—হরণম্, হন্—হননম্, তৃপ্—তর্পণম্, ঘ্রা—ঘ্রাণম্, স্না—স্নানম্, বহ্—বহনম্, নিপাতনে বাহন, অধি-ই—অধ্যয়নম্।

করণবাচ্যে কখনও কখনও ল্যুট্ প্রত্যয় হয়, যথা নীয়তে যেন তৎ নয়নম্ (নেত্রম্), শ্রু শ্রূয়তে যেন তৎ শ্রবণম্ (কর্ণঃ)। কখন কখন অধিকরণবাচ্যে ল্যুট্ প্রত্যয় হয়,—শী (শেতে যস্মিন্ তৎ) শয়নম্ (শয্যা)।

ণিনি (ণিন্)—

কর্তৃবাচ্যে ধাতুর উত্তর ণিনি প্রত্যয় হয়। ণ ও ই ইৎ। ইন থাকে। **ণিনি প্রত্যয়ান্ত শব্দের রূপ গুণিন্ শব্দের মত।** ণিনি প্রত্যয়ান্ত প্রচলিত কয়েকটি শব্দের উদাহরণ—মন্ত্র—মন্ত্রিন, বদ্—বাদিন, বস্—বাসিন, গ্রহ—গ্রাহিন্, দ্রুহ্—দ্রোহিন।

উপসর্গ এবং সুবন্তপদ পূর্বে থাকিলে, 'তাহাই স্বভাব' এইরূপ অর্থে (তাচ্ছীল্যে) ও সাধুকারী অর্থে ণিনি প্রত্যয় হয়—**সুপ্যজাতৌ ণিনি স্তাচ্ছীল্যে।** যথা—অধি বস্—অধিবাসী, সম চর্—সঞ্চারী, অভি—লষ্—অভিলাষী, উষ্ণং ভুঙ্ক্তে উষ্ণভোজী, অণু জীবতি অণুজীবী, [illegible] যাতি অনুযায়ী, সোমং পিবতি—সোমপায়ী, সাধু করোতি—সাধুকারী, মনঃ—হরতি—মনোহারী, অনুগামী, সহভোজী, হৃদয়গ্রাহী ইত্যাদি।

কখনও কখনও পৌনঃপুন্য অর্থে এবং ভবিষ্যৎ অর্থে ণিনি প্রত্যয় হয়, যথা—পুনঃ পুনঃ মিথ্যা বদতি মিথ্যাবাদী, এইরূপ ব্রহ্মবাদী। ভবিষ্যৎ অর্থে—স্থা—স্থায়ী, গম—গামী, আ+গম—আগামী, ভূ—ভাবী।

অনুশীলনী

১। প্রকৃতি প্রত্যয় নিরূপণ কর :—

ভাগঃ, রাগঃ, ত্যাগঃ, প্রসাদঃ, প্রতীকারঃ, নয়ঃ, ভয়ম্ বধঃ, ঘাতঃ, নরঃ, পরীবাদঃ, স্থিতিঃ, জাতিঃ, মতিঃ, বুদ্ধিঃ, মুক্তিঃ, শয়নম্, তর্পণম, ভোজনম, শ্রবণম্, নয়নম্, শয়নম।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

তাহার ধর্মে মতি হউক। সত্যবাদী মিথ্যাবাদীকে বিশ্বাস করে না। দ্রুতগামী অশ্বে আরোহণ করিয়া তিনি বহির্গত হইলেন। সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের কর্তা। মহানুভাব দুষ্মন্ত মৃগয়াবিহারী। দান মুমূর্ষুর মিত্র। অহঙ্কার পতনের মূল। মৃগানুসরণকারী নৃপতি মুনি কন্যাদের মনোহারী রূপ দেখিলেন।

দশম অধ্যায়

তদ্ধিত প্রকরণ (Suffixes)

প্রাতিপদিকের উত্তর বিভিন্ন অর্থে যেসকল প্রত্যয় যুক্ত হইয়া নূতন প্রাতি-পদিক সৃষ্টি করে তাহাদিগকে তদ্ধিত প্রত্যয় বলে। যাহারা শব্দ শাস্ত্রে অভিজ্ঞ শিষ্ট তাহাদের প্রয়োগ অনুসারে শব্দের উত্তর তদ্ধিত প্রত্যয় হইয়া থাকে। অতএব অপত্য অর্থে অ-কারান্ত শব্দের উত্তর তদ্ধিত প্রত্যয় হয় (অত ইঞ্) এইরূপ সূত্র আছে বলিয়া যে কোনও অ-কারান্ত শব্দের উত্তর ইঞ্ হইবে না। কেবল শিষ্ট প্রয়োগ সিদ্ধ আর্জুনি, দাশরথি ইত্যাদি স্থলেই হইবে। তেভ্যঃ তেভ্যঃ প্রসিদ্ধেভ্যঃ প্রয়োগেভ্যঃ (পদেভ্যঃ) হিতাঃ প্রত্যয়াঃ তদ্ধিতপ্রত্যয়াঃ যথাপ্রয়োগমেব ভবন্তি। ন খলু তে শিষ্টপ্রয়োগমতিক্রামন্তি।

অপত্য, দেবতা, হিত, ভাব, কর্ম, ভব, সাধু, বাজা, নিবাস, অস্তি, উৎকর্ষ বা অপকর্ষ প্রভৃতি অর্থে তদ্ধিত প্রত্যয় হয়।

প[illegible] বলা হইয়াছে-তদ্ধিত প্রত্যয়ান্ত শব্দ প্রাতিপদিক। সুতরাং উহার উত্ত[illegible] ভক্তি যুক্ত হয়। দশরথস্য অপত্যং পুমান্—দাশরথিঃ।

তরপ্, তমপ্, ঈয়সুন্, ইষ্ঠন্

দুই-এর মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলে প্রাতিপদিকের উত্তর তরপ্ ও ঈয়সুন্ প্রত্যয় হয়। যথা—দু-এর মধ্যে একটি অপেক্ষাকৃত ক্ষুদ্র এই অর্থে ক্ষুদ্র+তরপ্ = ক্ষুদ্রতর। তরপ্-এর প্ ইৎ, তর থাকে। অথবা ক্ষুদ্র+ঈয়সুন্ = ক্ষোদীয়স্। ঈয়সুন্ প্রত্যয়ের উন্, ইৎ, ঈয়স্ থাকে। অয়মনয়োরতিশয়েন ক্ষুদ্রঃ—ক্ষুদ্রতরঃ, ক্ষোদীয়স্।

তরপ্ প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গে নর শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে লতা শব্দের ন্যায় এবং ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায়।

ঈয়সুন্ প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গে লঘীয়স্ শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে ঈ-কার যুক্ত হইবে এবং রূপ নদী শব্দের ন্যায়, ক্লীবলিঙ্গে পয়স্ শব্দের ন্যায়।

ঈয়সুন্ ও ইষ্ঠন্ প্রত্যয় কেবল গুণবাচক শব্দের উত্তরই হইবে। অন্যত্র হইবে না। অতএব পাচক শব্দের উত্তর তর বা তম হইতে পারে কিন্তু ঈয়স্ বা ইষ্ঠন্ হইবে না। পাচকতরঃ, পাচকতমঃ। তরপ্ ও তমপ্ সকল বিশেষণ শব্দের উত্তর হয়। কিন্তু ঈয়সুন্ ও ইষ্ঠন্ কেবল গুণবাচক শব্দের উত্তর হয়।

বহুর মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলে তমপ্ এবং গুণবাচক শব্দের উত্তর তমপ্ ও ইষ্ঠন্ দুই-ই হইবে।

তমপ্ এর প ইৎ, তম থাকে। ইষ্ঠন-এর ন্ ইৎ, ইষ্ঠ থাকে। তমপ্ ও ইষ্ঠন প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গে নর শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে আ যুক্ত হইবে, রূপ লতাবৎ, ক্লীবলিঙ্গে ফলশব্দবৎ। যথা—বহুর মধ্যে ক্ষুদ্র—ক্ষুদ্রতম, ক্ষোদিষ্ঠ। স্ত্রীলিঙ্গে ক্ষুদ্রতমা, ক্ষোদিষ্ঠা। অয়মেষামতিশয়েন ক্ষুদ্রঃ—ক্ষুদ্রতমং, ক্ষোদিষ্ঠঃ।

বিন, ইন ও মতুপ্ প্রত্যয়ান্ত শব্দের উত্তর ঈয়সুন ও ইষ্ঠন প্রত্যয় হইলে বিন, ইন ও মতুপ এর লোপ হয় কিন্তু। বলিন্—বলীয়স, বলিষ্ঠ, তরপ বা তমপ প্রত্যয় হইলে বিন, ইন ও মতুপ্ এর লোপ হয় না। বলিতর, বলিতম।

ঈয়সুন ও ইষ্ঠন প্রত্যয় যোগ করিলে অনেক সময় গুণবাচক শব্দের রূপের পরিবর্তন ঘটে। যথা—অন্তিক, অন্তিকতর, অন্তিকতম, কিন্তু নেদীয়স্, নেদিষ্ঠ।

নীচে কয়েকটি উদাহরণ দেওয়া হইল—

অন্তিক	নেদীয়স্	নেদিষ্ঠ	দূর	দবীয়স্	দবিষ্ঠ
অল্প	অল্পীয়স্	অল্পিষ্ঠ	পটু	পটীয়স্	পটিষ্ঠ
	কনীয়স্	কনিষ্ঠ	পাপিন	পাপীয়স্	পাপিষ্ঠ
উরু	বরীয়স্	বরিষ্ঠ	প্রশস্ত	শ্রেয়স্	শ্রেষ্ঠ
ক্ষিপ্র	ক্ষেপীয়স্	ক্ষেপিষ্ঠ		জ্যায়স্	জ্যেষ্ঠ
ক্ষুদ্র	ক্ষোদীয়স্	ক্ষোদিষ্ঠ	প্রিয়	প্রেয়স্	প্রেষ্ঠ
গুরু	গরীয়স্	গরিষ্ঠ	বহু	ভূয়স্	ভূয়িষ্ঠ
দীর্ঘ	দ্রাঘীয়স্	দ্রাঘিষ্ঠ	বহুল	বংহীয়স্	বংহিষ্ঠ
মহৎ	মহীয়স্	মহিষ্ঠ	মায়াবিন	মায়ীয়স্	মায়িষ্ঠ
মৃদু	ম্রদীয়স্	ম্রদিষ্ঠ	যুবন	যবীয়স্, কনীয়স্	যবিষ্ঠ, কনিষ্ঠ
লঘু	লঘীয়স্	লঘিষ্ঠ	বৃদ্ধ	জ্যায়স্	জ্যেষ্ঠ
সাধু	সাধীয়স্	সাধিষ্ঠ	স্থির	স্থেয়স্	স্থেষ্ঠ
হ্রস্ব	হ্রসীয়স	হ্রসিষ্ঠ	স্থূল	স্থবীয়স্	স্থবিষ্ঠ

দুই এর মধ্যে তারতম্য বুঝাইলে অব্যয়ের উত্তর তরপ্ এর স্থানে তরাম এবং তমপ্ এর স্থানে তমাম্ হয়। যথা সুতরাং, নিতরাম্। এইরূপ একারান্ত শব্দের পর তরাম্ ও তমাম্ হয়। যথা পূর্বাহ্ণেতরাম পূর্বাহ্ণেতমাম্।

তারতম্য বুঝাইবার জন্য তিঙন্ত শব্দের পরে তরাম ও তমাম্ হয়, অয়মনয়োরতিশয়েন পচতি—পচতিতরাম, অয়মেষামতিশয়েন পচতি পচতিতমাম্।

অনুশীলনী

১। নিম্নলিখিত শব্দগুলির উত্তর ঈয়সুন ও ইষ্ঠন্ প্রত্যয়যুক্ত রূপ লেখ :— প্রিয়, স্থির, স্থূল, যুবন্, প্রশস্ত, বহু, গুরু, মায়াবিন্, বলবৎ, পাপিন্, সাধু।

২। সংস্কৃতে অনুবাদ কর:—এই বৃক্ষটি অপেক্ষাকৃত উচ্চ। দুই এর মধ্যে কে অপেক্ষাকৃত বেশী সাধু? আমাদের বন্ধুদের মধ্যে তুমি বেশী বলবান। অপেক্ষাকৃত বলবানের সহিত যুদ্ধ করা উচিত নয়। আমাদের ভাইদের মধ্যে হরি সবচেয়ে ছোট এবং রাম সবচেয়ে বড়। পিতা আকাশ হইতেও উচ্চ। মাতৃভূমি স্বর্গ অপেক্ষাও গুরু। তোমাদের মধ্যে হরি বেশী প্রিয়।

৩। শুদ্ধ করিয়া লেখ:—

স তয়োঃ বলিষ্ঠঃ। ইয়ং রমণী অনয়োঃ প্রিয়তমা। বৃক্ষয়োঃ অনয়োঃ অয়ং দীর্ঘঃ। বালিকয়োরনয়োঃ ইয়ং সাধিষ্ঠা। স মত্তঃ পটিষ্ঠঃ। রামঃ চতুর্ণাং ভ্রাতৄণাং শ্রেয়ান। নক্ষত্রেষু ধ্রুবঃ স্থেয়ান।

অপত্য প্রভৃতি অর্থে কয়েকটি তদ্ধিত প্রত্যয়—

তস্য অপত্যম এই অর্থে ইঞ, ঢক্, যঞ, ফক্, অণ, ছণ্ প্রভৃতি প্রত্যয় হয় [illegible]দের—ঞ্, ণ্ ও ক্ ইৎ হয় ও প্রাতিপদিকের আদিস্বরের বৃদ্ধি হয়।

ইঞ্—দশরথস্য অপত্যম্ পুমান দাশরথিঃ। এইরূপ লক্ষ্মণ—লাক্ষ্মণিঃ, সুমিত্রা—সৌমিত্রিঃ, অর্জুন—আর্জুনিঃ, ব্যাস—বৈয়াসকিঃ।

অপত্য শব্দের অর্থ পুত্র, পৌত্র, প্রপৌত্র ও কন্যা প্রভৃতি বংশধর।

ঢক্—স্ত্রীলিঙ্গ শব্দের উত্তর অপত্যার্থে ঢক্ হয়। ঢক্ স্থানে এয় হয়—বিনতায়াঃ অপত্যং পুমান—বৈনতেয়ঃ, এইরূপ গঙ্গা—গাঙ্গেয়ঃ, সুমিত্রা—সৌমিত্রেয়ঃ ভগিনী—ভাগিনেয়ঃ। কুন্তী—কৌন্তেয়ঃ।

যঞ্—যঞ্ এর য থাকে। গর্গস্য অপত্যম্ পুমান্—গার্গ্যঃ, এইরূপ জমদগ্নি—জামদগ্ন্যঃ, দিতি—দৈত্যঃ, অদিতি—আদিত্যঃ, মধু—মাধব্যঃ।

ফক্—ফক্ এর স্থানে আয়ন হয়—নডস্য অপত্যং পুমান্ নাড়ায়ণঃ, এইরূপ নর—নারায়ণঃ, দ্বীপ—দ্বৈপায়নঃ, বদর—বাদরায়ণঃ. দক্ষ—দাক্ষায়ণঃ।

অণ্—অণ্ এর অ থাকে, ণ ইৎ এবং প্রাতিপদিকের আদি বৃদ্ধি হয়।

শিবস্য অপত্যং পুমান—শৈবঃ, কশ্যপ—কাশ্যপঃ, রঘু—রাঘবঃ, যদু—যাদবঃ, মধু—মাধবঃ. পাণ্ডু—পাণ্ডবঃ, কুরু—কৌরবঃ, পৃথা—পার্থঃ, মনু—মানবঃ, পুত্র—পৌত্রঃ, দুহিতা—দৌহিত্রঃ, বন্ধু—বান্ধবঃ, গোতম—গৌতমঃ, ককুৎস্থ—কাকুৎস্থঃ, ভৃগু—ভার্গবঃ, পুরু—পৌরবঃ, বিশ্বানর—বৈশ্বানরঃ।

ছণ্—স্বসৃ, মাতৃষ্বসৃ, পিতৃষ্বসৃ প্রভৃতি শব্দের উত্তর অপত্যার্থে ছণ্ প্রত্যয় হয়, উহার ণ্ ইৎ ছ থাকে, ছ স্থানে ঈয় হয়। কিন্তু এ স্থলে আদি বৃদ্ধি হইবে না। যথা—স্বসুঃ অপত্যং পুমান্—স্বস্রীয়ঃ, মাতৃষ্বসৃ—মাতৃষ্বস্রীয়ঃ, পিতৃষ্বসৃ—পিতৃষ্বস্রীয়ঃ।

ইঞ্, ঢক্, ষ্যঞ্ ফক্, অণ্, ছ প্রভৃতি প্রত্যয় অপত্য অর্থ ছাড়াও অন্যান্য অনেক অর্থে প্রযুক্ত হয়। যথা—

১। **তদধীতে তদ্বেত্তি বা**—তাহা পড়ে অথবা তাহা জানে এই অর্থে—ব্যাকরণং বেত্তি, অধীতে বা—বৈয়াকরণঃ (অণ্); বেদ—বৈদিকঃ, (ঠক্) ন্যায়—নৈয়ায়িকঃ, বেদান্ত—বৈদান্তিকঃ।

২। **তেন প্রোক্তম্**—'তাহা কর্তৃক উক্ত' এই অর্থে ঋষিণা প্রোক্তম—আর্যম্ (অণ্), বিষ্ণু—বৈষ্ণবম্, মনু—মানবম্, পতঞ্জলি—পাতঞ্জলম, পানিনি—পানিনীয়ম্ (ছ) বৃহস্পতি—বার্হস্পত্যম (ষ্যঞ্), বাল্মীকি—বাল্মীকি'ম।

৩। **তেন নির্বৃত্তম্**—তাহা কর্তৃক কৃত—কায়েন কৃতম্—কায়িকম্ (ঠক্), মনস্—মানসিকম্, শরীর—শারীরিকম্।

৪। **তত্র ভবঃ**—সেখানে উৎপন্ন—মথুরায়াং ভবঃ—মাথুরঃ (অ), হেমন্তে ভবঃ—হৈমন্তিকঃ (ঠক্), শরৎ—শারদঃ, গ্রাম—গ্রাম্যঃ (ষ্যঞ্) গ্রামীনঃ (খ), কুল কুলীনঃ (খ), কণ্ঠ—কণ্ঠ্যঃ, তালু—তালব্যঃ, দন্ত—দন্ত্যঃ, শ্বঃ—শৌবস্তিকঃ, দ্বার—দৌবারিকঃ।

৫। **তস্য সমূহঃ**—(তাহাদের সমষ্টি) ভিক্ষাণাং সমূহঃ ভৈক্ষম্, মনুষ্য মানুষ্যম্, রাজ্ঞাং সমূহঃ—রাজকম্ (বুঞ্), রাজন্য—রাজন্যকম্, গ্রাম—গ্রামতা (তল্), জন—জনতা, বন্ধু—বন্ধুতা।

৬। **তত্র সাধুঃ**—(সেখানে ভাল), সভায়াং সাধুঃ—সভ্যঃ (য), অতিথি—আতিথেয়ঃ (ঢক্)।

৭। **ততঃ আগতঃ**—সেখান হইতে আগত এই অর্থে মথুরায়াঃ আগতঃ—মাথুরঃ।

৮। **তস্য ইদম্**—তাহার ইহা এই অর্থে বিষ্ণোঃ ইদম্—বৈষ্ণবম্। শিব—শৈবম্, গঙ্গা—গাঙ্গম্, পৃথিবী—পার্থিবম্, সূর্য—সৌরম্, স্বয়ম্ভু—স্বায়ম্ভুবম্। তস্য ইদম্—তদীয়ম্ (ছ), তব ইদম্—ত্বদীয়ম্।

যুবয়োঃ যুষ্মাকং বা ইদম্ যুষ্মদীয়ম্, মম ইদম্ মদীয়ম্, আবয়োঃ অস্মাকং বা ইদম্ অস্মদীয়ম্, পরস্য ইদম্ পরকীয়ম্; স্ব স্বকীয়ম্, ভবৎ ভবদীয়ম্, অন্য অন্যদীয়ম্, রাজন্ রাজকীয়ম্

৯। **তস্য বিকারঃ**—তাহার বিকার এই অর্থে সুবর্ণস্য বিকারঃ—সৌবর্ণঃ, রজত—রাজতম্।

১০। **অধিকৃত্য কৃতো গ্রন্থে**—যাহাকে অবলম্বন করিয়া রচিত গ্রন্থ এই অর্থে, ভগবন্তম্ অধিকৃত্য কৃতঃ গ্রন্থঃ ভাগবতম্, রাম—রামায়ণম্ (ষ্ণক্), কিরাতার্জুনৌ—কিরাতার্জুনীয়ম্ (ছণ্)

১১। **তস্য ভাবঃ**—তাহার ভাব এই অর্থে শিশোঃ ভাবঃ—শৈশবম্, লঘু—লাঘবম্, গুরু—গৌরবম, সুষ্ঠু—সৌষ্ঠবম, কিশোর—কৈশোরম পুরোহিত—পৌরোহিত্যম।

ত্ব, তল্, ইমনিচ্

ভাবে ত্বতলৌ—তাহার ভাব (অবস্থা) এই অর্থে প্রাতিপদিকের উত্তর ত্ব, তল্ ও ইমনিচ্ প্রত্যয় হয়। ত্ব প্রত্যয়ান্ত শব্দ সর্বদা ক্লীব লিঙ্গ এবং তল্ স্থানে তা হয়, উহা সর্বদা স্ত্রীলিঙ্গ। ত্ব, তল্ ও ইমনিচ্ প্রত্যয়ান্ত শব্দ বিশেষ্য। ইমনিচ্ র ইমন থাকে। **ইমনিচ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ**।

[illegible] ভাবঃ—গুরুত্বম, গুরুতা, গৌরবম গরিমা (ইমনিচ্)। লঘু—লঘুত্বম্, লঘুতা, লাঘবম, লঘিমা। বহু—বহুত্বম্, বহুতা, ভূমা। মহৎ—মহত্ত্বম, মহিমা। অণু—অণুত্বম, অণুতা, আণবম্, অণিমা। বিদুষঃ ভাবঃ—বিদ্বত্ত্বম্ বিদ্বত্তা।

কয়েকটি ইমনিচ্ প্রত্যয়ান্ত শব্দ—পৃথু প্রথিমা, নীল নীলিমা, জড় জাড়িমা, মধুর মাধুরিমা, মৃদু ম্রদিমা, দীর্ঘ দ্রাঘিমা, মহৎ, মহিমা, প্রিয় প্রেমা। ইমনিচ প্রত্যয়ান্ত শব্দের রূপ লঘিমন্ শব্দের ন্যায়।

মতুপ্

তদস্যাস্তি—ইহা তাহার আছে এবং **তদস্মিন্নস্তি**-তাহা ইহাতে আছে এই অর্থে প্রাতিপদিকের উত্তর মতুপ্ প্রত্যয় হয়। মতুপ্ এর মৎ থাকে। **মতুপ্ প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গ শ্রীমৎ শব্দের ন্যায়**। স্ত্রীলিঙ্গে ঈকার যুক্ত হইবে, রূপ নদী শব্দের ন্যায়, ক্লীবলিঙ্গে, ক্লীবলিঙ্গ শ্রীমৎ শব্দের ন্যায়। মতুপ্ প্রত্যয়ের অর্থে বিনি, ইনি প্রভৃতি প্রত্যয়ও হয়।

বুদ্ধিঃ অস্য অস্তি—বুদ্ধিমান্, শ্রী—শ্রীমান্, আয়ুস্—আয়ুষ্মান্, চক্ষুস্—চক্ষুষ্মান্, নদী নদীমান্, মতি মতিমান্, ধী ধীমান্, পিতৃ পিতৃমান্। শক্তি শক্তিমান্

যব, ব্রাহ্মণ প্রভৃতি শব্দ ভিন্ন ম কারান্ত, অকারান্ত, অন্ত্যবর্ণের পূর্ব বর্ণে (উপধায়) অ, আ বা ম আছে এরূপ শব্দের উত্তর মতুপ্ এর ম স্থানে ব হয় (বতুপ্)।

যব—যবমান, উর্মিবান্, ভূমিবান। যশস্—যশস্বান্। দ্রাক্ষা—দ্রাক্ষাবান, লক্ষ্মীবান, গরুত্মান। ভাস্—ভাস্বান। জ্ঞান—জ্ঞানবান। তড়িৎ—তড়িত্বান। ক্ষমা—ক্ষমাবান্। বিদ্যুৎ—বিদ্যুত্বান্। গুণ—গুণবান্। আত্মন—আত্মবান্ দয়া—দয়াবান। সম্পদ্—সম্পদ্বান।

ভূমা (বাহুল্য), নিন্দা, প্রশংসা, নিত্যযোগে (সর্বদাযুক্ত), অতিশয় (আধিক্য), সংসর্গ (যোগ), ও অস্তি অর্থ বুঝাইলে মতুপ্ প্রভৃতি প্রত্যয় হয়।

ভূমার্থে—ধনবান্, নিন্দার্থে—হনুমান্, প্রশংসার্থে—রূপবান্, নিত্যসম্বন্ধে—ক্ষীরী বৃক্ষঃ, অতিশয়ার্থে—উদরিণী কন্যা, সংসর্গে—দন্তবান্, দন্তী। মতু প্রত্যয়ের অর্থে ইনি, বিনি প্রভৃতি প্রত্যয় হয়। ইনি এর ইন ও বিনি এর বিন থাকে।

সুখ সুখী, দুঃখ দুঃখী, গুণ গুণী, ধন ধনী, মেধা মেধা[illegible] মায়াবী। যশস্ যশস্বী। পয়স্ পয়স্বী।

মতুবর্থীয় প্রত্যয় যোগে কোনও কোনও স্থানে রূপের ভেদ ও অর্থভেদ লক্ষণীয়—

উদক উদকবান্ ঘটাদিঃ, উদন্বান সমুদ্রঃ। রাজবান্ রাজাযুক্ত, রাজন্বান্ ভাল রাজাযুক্ত

মতুপ্ ও ইন প্রত্যয়ান্ত শব্দের অর্থভেদ—

হস্তী—হাতী, হস্তবান্—যাহার হাত আছে। অর্থী—প্রার্থী, অর্থবান্ ধনী, বর্ণী—ব্রহ্মচারী, বর্ণবান্—যাহার বর্ণ আছে। দন্তী—হাতী, দন্তবান্—যাহার দাঁত আছে।

ময়ট্

বিকার, অবয়ব, ব্যাপ্তি প্রভৃতি অর্থে প্রতিপদিকের উত্তর ময়ট্ প্রত্যয় হয়। ময়ট্ প্রত্যয়ের ট্ ইৎ, ময় থাকে। ময়ট্ প্রত্যয়ান্ত শব্দের রূপ পুংলিঙ্গে নর শব্দবৎ, স্ত্রীলিঙ্গে ঈ কার যোগ করিয়া নদী শব্দবৎ, ক্লীবলিঙ্গে ফলশব্দবৎ।

বিকারার্থে, সুবর্ণস্য বিকারঃ সুবর্ণময়ঃ, স্বর্ণস্য বিকারঃ স্বর্ণময়ঃ, মৃদঃ বিকারঃ মৃন্ময়ঃ, হিরণ্যস্য বিকারঃ হিরণ্ময়ঃ।

অবয়বার্থে অস্থানি অবয়বাঃ যস্য অস্থময়ঃ বজ্রঃ। কাষ্ঠানি অবয়বঃ যস্য কাষ্ঠময়ঃ হস্তী। ব্যাপ্তি-অর্থে জলেন ব্যাপ্তম্ জলময়ম্, অদ্ভিঃ ব্যাপ্তম্ অম্ময়ম্।

রোগেণ ব্যাপ্তম রোগময়ম। বিষ্ণুময়ম, চিন্ময়ম, বাঙ্ময়ম্।

গোঃ পুরীষম্—গোময়ম।

অনুশীলনী

১। রূপ নিরূপণ কর: গুরু+অণ্, দুহিতা+অণ্, গঙ্গা+ঢক্, ব্যাস্+ইঞ্, সুমিত্রা+ইঞ্, গর্গ+যঞ্, দ্বীপ+ঢক্, শিব+অণ্, স্বস্+ছ।

২। এক কথায় প্রকাশ কর: শরদি ভবঃ, মনুনা প্রোক্তম্, বন্ধূনাং সমূহঃ, রাজ্ঞাং সমূহঃ, সভায়াং সাধুঃ, গঙ্গায়াঃ ইদম্, তব ইদম্, রাজ্ঞঃ ইদম্, সুবর্ণস্য বিকারঃ, জলেন ব্যাপ্তম্, হিরণ্যস্য বিকারঃ।

৩। পার্থক্য নিরূপণ কর: হস্তী, হস্তবান, উদকবান্ উদন্বান্, গাঙ্গম্ গাঙ্গেয়ম্, অর্থী, অর্থবান্, বর্ণী, বর্ণবান্।

৪। যাহার মেধা আছে সে তাড়াতাড়ি শাস্ত্র বুঝিতে পারে। শরৎকালের মেঘ জলশূন্য ও শুভ্র। পরের দ্রব্যের প্রতি লোভ করিও না। সর্ব জগৎ বিষ্ণু [illegible]। পাণিনির শাস্ত্র দুরধিগম্য। যাহার গরিমা আছে তাহাকে সকলে শ্রদ্ধা করে। কিরাত ও অর্জুনকে অবলম্বন করিয়া রচিত মহাকাব্য অর্থগৌরবপূর্ণ।

একাদশ অধ্যায়

কারক ও বিভক্তি (Cases and case-ending)

ক্রিয়ান্বয়ি কারকম্—ক্রিয়ার সহিত যাহার সম্বন্ধ আছে তাহাকে কারক বলে। সম্বন্ধপদ ও সম্বোধন পদ ক্রিয়ার সহিত সম্বন্ধযুক্ত নয় বলিয়া কারক নহে।

কারক ছয় প্রকার, যথা—**কর্তা, কর্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ।**

সংখ্যাকারকবোধয়িত্রী বিভক্তিঃ যাহার দ্বারা প্রাতিপদিকের সংখ্যা ও কারক জানা যায় তাহাকে সুপ্ বিভক্তি বলে। ইহা পূর্বেই বলা হইয়াছে।

সুপ্ বিভক্তির ব্যবহার ত্রিবিধ—কারক অর্থে, বিশেষ অর্থে ও বিশেষণযোগে।

কারক অর্থে, যথা—**চন্দ্রং** পশ্য, **হস্তেন** খাদতি ইত্যাদি।

বিশেষ অর্থে, যথা—**অজায়** যাতি, **হর্ষেণ** নৃত্যতি ইত্যাদি।

বিশেষশব্দযোগে যথা, শিবায় **নমঃ**, শ্রমং **বিনা** ইত্যাদি। বিশেষ শব্দযোগে যে বিভক্তি হয় উহাকে **উপপদ বিভক্তি বলে**।

একই স্থানে কারক বিভক্তি ও উপপদ বিভক্তি হইবার সম্ভাবনা থাকিলে কারক বিভক্তি হইবে, উপপদ বিভক্তি হইবে না। কারণ উপপদ বিভক্তি অপেক্ষা কারক বিভক্তি প্রবল। **উপপদবিভক্তেঃ কারকবিভক্তিঃ বলীয়সী**। নারায়ণং নমস্করোতি এই বাক্যে নারায়ণ শব্দের উত্তর নমস্ শব্দ যোগে চতুর্থী এবং কৃ ধাতুর কর্ম বলিয়া কর্মকারকে দ্বিতীয়া বিভক্তির যুগপৎ প্রাপ্তি সম্ভাবনায় কর্ম-কারকে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে, কিন্তু নমস্ শব্দ যোগে চতুর্থী (উপপদ বিভক্তি) হয় নাই।

নৃসিংহায় নমস্কুর্মঃ এই বাক্যে নৃসিংহম অনুকূলয়িতুম্ এইরূপ অর্থ করিয়া **ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ** এই সূত্র অনুসারে চতুর্থী বলিতে হইবে নমস্ শব্দযোগে চতুর্থী নহে।

অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ, কর্ম ও কর্তৃকারকের মধ্যে এক[illegible]স্থানে অপাদান, সম্প্রদানাদি একাধিক কারক হইবার সম্ভাবনা থাকিলে [illegible]ের উল্লেখ এখানে পরে করা হইয়াছে, সেইটিই হইবে, পূর্ব্বেরটি হইবে না। যথা— গঙ্গাং গত্বা স্নাতি—গঙ্গা স্নানের অধিকরণ এবং গমনের কর্ম, এইরূপ অধিকরণ ও কর্ম, এই দুইএর সম্ভাবনায়, কর্ম পরে উল্লিখিত, সুতরাং গঙ্গাং কর্মকারক ও দ্বিতীয়া হইল, অধিকরণ হইল না।

বিপ্রান আহূয় দদাতি (সম্প্রদান ও কর্ম সম্ভাবনায় কর্ম) গৃহং প্রবিশ্য নির্গচ্ছতি (কর্ম ও অপাদান সম্ভাবনায় কর্ম)। অস্তি ঘটঃ পশ্য (কর্ম ও কর্তা সম্ভাবনায় কর্তা)।

অপাদানসম্প্রদানকরণাধারকর্ম্মণাম্।
কর্ত্তুশ্চান্যোঽন্যসন্দেহে পরমেকং প্রবর্ত্ততে॥

ক্তাচ্ বা তুম্ প্রত্যয়ান্ত ধাতু ও তিঙ্ প্রত্যয়ান্ত ধাতুর সহিত সম্বন্ধ বশতঃ ভিন্ন কারক হইবার সম্ভাবনা থাকিলে তিঙন্ত পদের সহিত সম্বন্ধ অনুসারে কারক বিভক্তির প্রয়োগ অনেকস্থানে দেখা যায়। যথা, **ওদনঃ** পক্ত্বা ভুজ্যতে। **বিড়ালঃ** আনীয় স্থাপিতঃ। ব্রাহ্মণায় অর্চয়িত্বা দদাতি।

কর্তৃকারক ও প্রথমা বিভক্তি

(Nominative case and first case-ending)

লিঙ্গার্থেঽব্যয়যোগে চ সম্বোধনে তথৈব চ।
কর্তরি কর্মণি চাপি সদোক্তে প্রথমা ভবেৎ॥

১। **স্বতন্ত্রঃ কর্তা**—যে নিজে ক্রিয়া সম্পাদন করে অর্থাৎ কার্য সম্পাদনের জন্য কাহারও অপেক্ষা করে না, সে কর্তা। পাণিনিসূত্র অনুসারে অনুক্ত কর্তায় তৃতীয়া বিভক্তি, যথা—**বালকেন** চন্দ্রঃ দৃশ্যতে। **শিশুনা** হস্যতে। কর্মবাচ্যে ও ভাববাচ্যে অনুক্ত কর্তায় যে তৃতীয়া বিভক্তি হয় উহাই **কর্তৃকরণয়োস্তৃতীয়া** এর উদাহরণ। বালকঃ চন্দ্রং পশ্যতি, শিশুঃ হসতি, বৃক্ষাৎ ফলং পততি, ইত্যাদি স্থলে বালকঃ, শিশুঃ, ফলম্ প্রভৃতিতে যে প্রথমা বিভক্তি হয় উহা উক্ত কর্তায় প্রথমা। কারণ ঐসব স্থানে ক্রিয়ার দ্বারা কর্তার বচন ও পুরুষ উক্ত হইয়াছে। ইহাকে সাধারণতঃ কর্তায় প্রথমা বলে। পাণিনির মতে উহা **প্রাতিপদিকার্থমাত্রে** প্রথমা। কেহ কেহ ইহাকে অভিধেয়মাত্রে বা নামমাত্রে প্রথমাও বলেন। কর্তৃবাচ্যে—রামঃ গ্রামং গচ্ছতি ইত্যাদি স্থানে কর্তায় প্রথমা না বলিয়া প্রাতিপদিকার্থে প্রথমা বলাই সঙ্গত। পাণিনি কর্তায় প্রথমার বিধান করেন নাই।

২। **তৎপ্রয়োজকো হেতুশ্চ**—ণিজন্ত ধাতুর প্রয়োগস্থলে যে অন্যকে কোন কার্যে প্রবর্তিত করে তাহাকে **প্রযোজক** কর্তা বা হেতু কর্তা বলে। যাহাকে প্রবর্তিত করে তাহাকে **প্রযোজ্য** কর্তা বলে।

প্রযোজক কর্তায় তৃতীয়া হয়, যথা—প্রভুঃ **পাচকেন** অন্নং পাচয়তি। (বিশেষ সূত্র অনুসারে প্রযোজ্য কর্তায় দ্বিতীয়া হয়—মাতা **পুত্রং** গময়তি। মাতা **শিশুং** শায়য়তি ইত্যাদি)। প্রযোজক কর্তায় পূর্বোক্ত নিয়ম অনুসারে প্রাতিপদিকার্থমাত্রে প্রথমা।

"করোতি ইতি কারকম্ অর্থাৎ যে করে সে কারক। এই নিয়ম অনুসারে কর্তাই মাত্র কারক হয়। কর্ম, করণ প্রভৃতি কারক কিরূপে হয়? ইহার উত্তরে বলা যায়—যে কোনও কার্যই নানাপ্রকারে নিষ্পন্ন হয়, যথা ভাত রান্না

করা—উহাতে কাঠ না জ্বলিলে রান্না হয় না, পাত্রটি জল ধারণ না করিলেও ভাত রান্না হয় না। সুতরাং জ্বলন ক্রিয়ায় বা জলধারণ ক্রিয়ায় কাঠ ও স্থালীর (পাত্রের)ও কিছু অংশে কর্তৃত্ব আছে। তাহা হইলে উহাতেও উক্তকর্তায় পূর্বোক্ত নিয়মে প্রথমা হওয়া উচিত—কাষ্ঠেন স্থাল্যাম্ ওদনং পচতি এরূপ কেন হইবে? এখানে বলা হয়—নিষ্পত্তিমাত্রে কর্তৃত্বং সর্বত্রৈবাস্তি কারকে। ব্যাপার-ভেদাপেক্ষায়াং করণত্বাদিসম্ভবঃ। অর্থাৎ বক্তা যাহার কর্তৃত্ব করণত্ব বুঝাইতে চাহেন তদনুসারে বিভক্তি প্রয়োগ করা হয়। অতএব কাষ্ঠং পচতি, স্থালী পচতি, অসিশ্ছিনত্তি ইত্যাদি প্রয়োগও হয়)।

৩। **কর্তরি প্রথমা**—কর্তৃবাচ্যে কর্তায় প্রথমা—**বালকঃ চন্দ্রং পশ্যতি, শিশুঃ** হসতি। ইহা প্রাতিপদিকার্থে প্রথমার উদাহরণ।

৪। **উক্তে কর্মণি প্রথমা**—কর্মবাচ্যে কর্মকারকে প্রথমা। যথা—বালকেন **চন্দ্রঃ** দৃশ্যতে। পাণিনিমতে ইহাও প্রাতিপদিকার্থে প্রথমার উদাহরণ।

৫। **প্রাতিপদিকার্থলিঙ্গপরিমাণবচনমাত্রে প্রথমা**—কেবল প্রাতিপদিকের অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের অর্থের সহিত লিঙ্গমাত্র বুঝাইলে, প্রাতিপদিকের অর্থের সহিত পরিমাণ (ওজন) মাত্র বুঝাইলে এবং প্রাতিপদিকের অর্থের সহিত সংখ্যা বুঝাইলে প্রথমা বিভক্তি হয়, যথা কেবল প্রাতিপদিকের অর্থে—কৃষ্ণঃ, শ্রীঃ, জ্ঞানম্ ইত্যাদি। এইসব স্থানে প্রাতিপদিকের অর্থ ছাড়া কর্তৃত্ব, করণত্ব প্রভৃতি বুঝায় নাই।

লিঙ্গাধিক্যে—তটঃ তটী, তটম্ ইত্যাদি।

পরিমাণাধিক্যে—**দ্রোণঃ** ব্রীহিঃ। (দ্রোণ পরিমাণ ব্রীহি—দ্রোণ-সের, কেজি প্রভৃতির মত ওজন বিশেষ, ব্রীহি—অর্থ শরৎকালের ধান)—এক দ্রোণ ধান।

সংখ্যাধিক্যে—একঃ দ্বৌ, বহবঃ।

৬। **অব্যয়যোগে চ**—ইতি প্রভৃতি অব্যয়যোগে প্রথমা বিভক্তি হয়, যথা ত্বাং নারদ ইতি জানামি, দশরথঃ শান্তা ইতি কন্যাং জনয়ামাস। এখানেও পাণিনিসম্প্রদায়ের মতে প্রাতিপদিকার্থে প্রথমা। ইতি এই অব্যয়দ্বারা উক্ত হইয়াছে—ক্বচিৎ নিপাতেন অভিধানম্—কোনও কোনও স্থানে ইতি প্রভৃতি

নিপাত দ্বারা কারক অভিহিত হয়, এবং অভিহিত হইলেই প্রাতিপদিকার্থে প্রথমা হইবে।

মনে রাখিবে নাম এই অব্যয়যোগে প্রথমা হয় না। কেহ কেহ ভুল করিয়া, দশরথো নাম রাজা আসীৎ, এস্থানে নাম যোগে প্রথমা বলেন। লক্ষ্য কর—দশরথঃ **শান্তাং নাম** কন্যাং জনয়ামাস, কিন্তু দশরথঃ **শান্তা ইতি** কন্যাং জনয়ামাস।

৭। **সম্বোধনে চ**—সম্বোধনে প্রথমা বিভক্তি হয়, যথা, হে রাম! চন্দ্রং পশ্য। হে ঈশ্বর! মাং রক্ষ। কোনও কোনও স্থানে সম্বোধনের প্রথমা বিভক্তিতে রূপের কিছু ভেদ আছে, প্রথমা—রামঃ রামৌ রামাঃ, কিন্তু সম্বোধনে **রাম** রামৌ রামাঃ।

অনুশীলনী

১। [illegible]ত অনুবাদ কর :—

উজ্জয়িনীতে শূদ্রক নামে এক রাজা ছিলেন। গুণিগণের নিকট গুণই পূজার বিষয়, লিঙ্গ বা বয়স নহে। দিন, রাত্রি, উভয় সন্ধ্যা এবং ধর্ম-মনুষ্যের আচরণ জানে। শক্তিশালী হইয়াও যে উদ্যমহীন সে কাহার না পরিভবের আস্পদ। হে গোবিন্দ! তুমি আমার প্রাণ, তুমি আমার দ্বিতীয় হৃদয়। দশরথের তিন পত্নী ও চারি পুত্র ছিল। ধর্ম, কাম, দর্প, হর্ষ সমস্তই অর্থ হইতে হয়। হে আচার্য! আমাকে বেদ শিক্ষা দিন। যাহার শৌর্যে সমস্ত ভুবন এবং আমরা কৃতী। সুশীল নামে বালকটিকে ডাক। নিদ্রা, তন্দ্রা, ক্রোধ, ভয়, আলস্য দীর্ঘসূত্রতা এই ছয়টি দোষ মানুষের ত্যাগ করা উচিত। হে ঈশ্বর! তুমি আমাকে এই বিপদ হইতে রক্ষা কর।

২। **শুদ্ধ করিয়া লেখ :—**

ময়া বালকঃ দৃষ্টো। অহং ত্বাং গোবিন্দমিতি জানামি। গুণাঃ গুণিষু পূজাস্থানং ভবতি। যাং সর্ববীজপ্রকৃতিমিতি বদন্তি। সীতা রামস্য ধর্মদারাঃ ভবতি। দশরথঃ নাম নৃপতিরতিধার্মিকঃ। জনকো নামে ঋষিণা উক্তম্। ছাত্রৈঃ বিদ্যালয়ং গম্যতে। মাতা শিশুনা চন্দ্রং দর্শয়তি।

কর্মকারক ও দ্বিতীয়া বিভক্তি

(Accusative Case and Second Case-ending)

দ্বিতীয়া কর্মণি প্রোক্তা ক্রিয়ায়াশ্চ বিশেষণে।
ব্যাপ্তাবভিপরিসর্বৈস্তসন্তৈরুভয়েন চ ॥
অন্তরান্তরেণ যাবদ্ভির্নিকষাধিগ্‌বিনাদিভিঃ।
ঋতে প্রত্যনুযোগেন সময়াযোগতস্তথা ॥

১। **কর্তুরীপ্সিততমং কর্ম**—কর্তা তাহার ক্রিয়ায় দ্বারা যাহাকে সর্বাপেক্ষা অধিকভাবে বা প্রধানভাবে লাভ করিতে ইচ্ছা করে তাহা কর্মকারক। যথা, বালকঃ চন্দ্রং পশ্যতি। এখানে দর্শন ক্রিয়ার প্রধান উদ্দেশ্য চন্দ্র, তাই উহা কর্ম। কিন্তু বালকঃ পয়সা ওদনং ভুঙ্‌ক্তে, এই বাক্যে যদিও পয়ঃ এবং ওদন দুইটিরই ভোজন বুঝায়, তথাপি তাহার প্রধান ভোজ্য ওদন। তাই উহা কর্ম। আর ওদনের সংস্কারক (মাখিয়া খাইবার) দ্র[illegible]কর, উহা কর্ম হইল না।

২। **কর্মণি দ্বিতীয়া**—কর্তৃবাচ্যে কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—বালকঃ **চন্দ্রং** পশ্যতি। কিন্তু কর্মবাচ্যে কর্ম উক্ত হয়, তখন উক্ত কর্মে প্রথমা। উহাই পাণিনিসম্প্রদায়ের প্রাতিপদিকার্থে প্রথমা। কর্ম অনুক্ত হইলে দ্বিতীয়া, উক্ত হইলে প্রথমা।

৩। **অধিশীঙ্‌স্থাসাং কর্ম**—অধিপূর্বক শী, স্থা ও আস্‌ ধাতুর অধিকরণ কর্ম হয়। যথা, শিশুঃ **শয্যাম্‌** অধিশেতে। হরিঃ **দ্বারকাম্‌** অধিতিষ্ঠতি। নৃপঃ **সিংহাসনম্‌** অধ্যাস্তে। অধি উপসর্গ পূর্বে থাকায় অকর্মক শী, স্থা ও আস্‌ ধাতু সকর্মক হইয়াছে।

৪। **উপান্বধ্যাঙ্‌বসঃ**—উপ, অনু, অধি ও আপূর্বক বস্‌ ধাতুর অধিকরণ কর্ম হয়। হরিঃ **বৈকুণ্ঠম্‌** উপবসতি, অনুবসতি, অধিবসতি, আবসতি বা—হরি বৈকুণ্ঠে বাস করে। বস্‌ ধাতু (বাস করা) অকর্মক হইলেও উপ, অনু, অধি ও আ উপসর্গ পূর্বে থাকায় সকর্মক হইয়াছে।

উপপূর্বক বস্‌ ধাতুর উপবাস (অভোজন) অর্থ হইলে উহা অকর্মক হয়।

যথা, স বনে উপবসতি—সে বনে না খাইয়া আছে। কিন্তু স বনম্ উপবসতি—সে বনে বাস করে। সূত্র—**অভুক্ত্যর্থস্য ন**—অভোজন বুঝাইলে উপ-বস্‌ ধাতুর অধিকরণ কর্ম হয় না।

৫। **অভিনিবিশশ্চ**—অভি-নি পূর্বক বিশ্‌ ধাতুর অধিকরণ কর্ম হয়। মুনিঃ **সন্মার্গম্** অভিনিবিশতে—মুনি সৎপথে আগ্রহী। কোনও কোনও স্থানে অধিকরণও হয়, যথা—পাপে অভিনিবেশঃ।

৬। **দিবঃ কর্ম চ**—দিব্‌ ধাতুর করণ বিকল্পে কর্ম হয়, যথা—সঃ **অক্ষান্** দীব্যতি—সে পাশা খেলে। এখানে করণের কর্মসংজ্ঞা।

৭। **ক্রুধ-দ্রুহোরুপসৃষ্টয়োঃ কর্ম**—উপসর্গ যুক্ত হইলে ক্রুধ্‌ ও দ্রুহ্‌ ধাতুর সম্প্রদান অর্থাৎ যাহার প্রতি ক্রোধ বা দ্রোহ (ঘৃণা) আছে সে কর্ম হয়। যথা, প্রভুঃ **ভৃত্যম্** অভিক্রুধ্যতি, অভিদ্রুহ্যতি বা—প্রভু ভৃত্যের উপর ক্রুদ্ধ। উপসর্গযুক্ত না হইলে সম্প্রদান হয়—প্রভুঃ **ভৃত্যায়** ক্রুধ্যতি, দ্রুহ্যতি বা।

৮। **ক্রিয়াবিশেষণানাং কর্মত্বম্ একত্বং নপুংসকত্বঞ্চ**—ক্রিয়ার বিশেষণে [illegible] বিভক্তি, একবচন ও ক্লীবলিঙ্গ হয়। যথা—বালকঃ **দ্রুতং** ধাবতি—বালকটি তাড়াতাড়ি দৌড়ায়। স **মৃদু** হসতি—সে ঈষৎ হাসে।

৯। **কালাধ্বনোরত্যন্তসংযোগে**—অত্যন্ত সংযোগ অর্থাৎ ব্যাপ্তি বুঝাইলে কালবাচক ও অধ্ব অর্থাৎ পথবাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়, যথা—সঃ **মাসং** ব্যাকরণং পঠতি—সে এক মাস ব্যাপিয়া ব্যাকরণ পড়িতেছে। **ক্রোশং** গিরিঃ তিষ্ঠতি—একক্রোশ ব্যাপিয়া পর্বত অবস্থিত।

১০। **উভ সর্বতসোঃ কার্যা ধিগুপর্যাদিষু ত্রিষু।**
দ্বিতীয়াম্রেড়িতান্তেষু ততোঽন্যত্রাপি দৃশ্যতে॥

তস্‌ প্রত্যয়ান্ত উভ এবং সব শব্দের যোগে অর্থাৎ উভয়তঃ ও সর্বতঃ শব্দের যোগে, ধিক্‌ শব্দ যোগে, উপর্যুপরি, অধ্যধি ও অধোঽধঃ শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়, যথা উভয়তঃ—**নদীম্** উভয়তঃ সেনা—নদীর দুইদিকে সৈন্য। সর্বতঃ—**উদ্যানং** সর্বতঃ বৃক্ষাঃ—বাগানের সব দিকে গাছগুলি। ধিক্—**মূর্খং** ধিক্—মূর্খকে ধিক্‌। উপর্যুপরি—উপর্যুপরি **লোকং** হরিঃ—জগতের উপরে হরি। অধ্যধি—অধ্যধি লোকং হরিঃ—জগতের সর্বত্র হরি। অধোঽধঃ **লোকং** হরিঃ—জগতের নীচেও হরি।

ইহা ছাড়া যাবৎ, ঋতে প্রভৃতি শব্দের যোগেও দ্বিতীয়া বিভক্তি হয়, যথা—যাবৎ—মৃত্যুং যাবৎ দুঃখম্ অনুভবতি। ধনং বিনা সুখং নাস্তি—ধন ব্যতিরেকে সুখ নাই।

১১। **অভিতঃপরিতঃ-সময়া-নিকষা-হাপ্রতিযোগেঽপি**—অভিতঃ, পরিতঃ, সময়া, নিকষা, হা ও প্রতি শব্দের যোগেও দ্বিতীয়া হয়, যথা—অভিতঃ (সম্মুখে) সূর্যম্ অভিতঃ—সূর্যের সম্মুখে। পরিতঃ (চতুর্দিকে)—পৃথিবীং পরিতঃ সমুদ্রঃ—পৃথিবীর চতুর্দিকে সমুদ্র। সময়া (নিকটে)—গ্রামং সময়া নদী—গ্রামের নিকটে নদী। নিকষা (নিকটে)—গ্রামং নিকষা নদী—গ্রামের নিকটে নদী। হা (ধিক্)—হা পাপিনম্—পাপীকে ধিক্। প্রতি (প্রতি)—দীনং প্রতি দয়া-কার্যা।

১২। **অন্তরান্তরেণযুক্তে**—

• অন্তরা ও অন্তরেণ শব্দের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। অন্তরা (মধ্যে)—ত্বাম্ মাম্ চ অন্তরা হরিঃ—তোমার ও আমার মধ্যে হরি। অন্তরেণ (বিনা)—শ্রমম্ অন্তরেণ সুখং নাস্তি—শ্রম ব্যতীত সুখ হয় না।

১৩। **কর্মপ্রবচনীয়যুক্তে দ্বিতীয়া**—

অনু, অতি, উপ, অভি প্রভৃতি অব্যয়, ক্রিয়ার সহিত যুক্ত হইলে উপসর্গ হয়, কিন্তু উহারা ক্রিয়ার সহিত যুক্ত না হইয়া বিভিন্ন অর্থে প্রযুক্ত হইলে উহাদিগকে কর্মপ্রবচনীয় বলে। উহার যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। অনু (পশ্চাৎ)—রামম্ অনু লক্ষ্মণো জাতঃ—রামের পরে লক্ষ্মণ জন্মিয়াছে। অতি (অতিরিক্ত—superior)—দেবান্ অতি কৃষ্ণঃ—দেবতাদের উপরে কৃষ্ণ। উপ (নীচে—inferior)—উপ হরিং দেবাঃ—দেবতাগণ হরির নীচে। অভি (অভিমুখে)—বৃক্ষম্ অভি খদ্যোতঃ—বৃক্ষের দিকে জোনাকি।

১৪। **অকথিতঞ্চ**—দুহ্, যাচ্, ও নী প্রভৃতি ধাতুর প্রয়োগে দুইটি কর্ম হয়। একটি প্রধান কর্ম, অপরটি গৌণ কর্ম বা অপ্রধান কর্ম। উহাদের মধ্যে যে কর্মে বক্তার বিবক্ষা না থাকিলে, অপাদানাদি হয়, উহা অপ্রধান বা গৌণ কর্ম, অপরটি মুখ্য বা প্রধান কর্ম। যথা—বালিকা বৃক্ষং পুষ্পং চিনোতি—বালিকা বৃক্ষ হইতে পুষ্প চয়ন করে। এখানে বক্তা বৃক্ষাৎ পুষ্পম্ এইরূপও বলিতে পারেন। সুতরাং 'বৃক্ষম্' গৌণ কর্ম। কিন্তু 'পুষ্পম্'—

ইহাতে অন্য কোন কারক (কর্ম ছাড়া) হইতে পারে না। সুতরাং ইহা মুখ্য কর্ম। দ্বিকর্মক ধাতু প্রসঙ্গে ইহার বিস্তৃত আলোচনা আছে।

১৫। **বিনাশব্দযোগে দ্বিতীয়া হয়**—ধনং বিনা, শ্রমং বিনা, সূত্র—পঞ্চমীবিভক্তি প্রকরণে **পৃথগ্ বিনানানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্**।

অনুশীলনী

১। কারণ নির্দেশ পূর্বক বিভক্তি নির্ণয় কর :—

ধিগর্থং দুঃখভাজনম্। **মাং** প্রতি সদয়ো ভব। **জপম্** অনু প্রাবর্ষৎ। ঈশ্বরঃ **বিশ্বম্** সৃজতি। হরিঃ **কৈলাসম্** অধিতিষ্ঠতি। **পর্বতং গ্রামঞ্চ** অন্তরা নদী। **শ্রমম্** অন্তরেণ বিদ্যা ন ভবতি। অশ্বঃ **ক্রোশম্** ধাবতি। যাবৎ **জীবনম্** তাবৎ কর্ম তিষ্ঠতি। হরঃ **হিমালয়ম্** অধিশেতে। **মাসং** শাস্ত্রং পঠতি। **গ্রামম্** উভয়তঃ নদী। **শ্রমম্** ঋতে কার্যং ন সিধ্যতি।

২। সংস্কৃতে অনুবাদ কর :—

পিতা তাহার উপর ক্রুদ্ধ (অভি+ক্রুধ্)। মুনি রাজার নিকট কুশল জিজ্ঞাসা করিলেন। অত্যন্ত উদার ধনী লোকটির নিকট ভিক্ষুক পঞ্চাশ টাকা প্রার্থনা করিল। তাহার প্রস্থানের পর তাহাকে যাহা বলিয়াছিলাম সে তাহা স্মরণ করিতে পারিল না। অসুরগণ দেবগণ অপেক্ষা নিকৃষ্ট (অনু)। পর্বত শিখর হইতে অবতীর্ণ নদী আমাদের গ্রামের নিকটে। গ্রামের চতুর্দিকের বনে হিংস্র জন্তু বাস করে। বালকটি একমাস ধরিয়া পড়ে। শরশয্যায় শুয়ে (অধি-শী) ভীষ্ম যুধিষ্ঠিরকে উপদেশ দিলেন। পুস্তকখানি তোমার ও আমার মধ্যে অবস্থিত। মিথ্যাবাদীকে ধিক্। বায়ু মন্দ মন্দ বহিতেছে।

৩। শুদ্ধ করিয়া লেখ :—

সিংহঃ বনে অধিতিষ্ঠতি। তব মম চ অন্তরা তিষ্ঠতি হরিঃ। ধিক্ তব বিদ্যায়াম্। শাস্ত্রস্য অধীয়ানঃ অপি লোকনিন্দিতং চরসি। দিবি অধিতিষ্ঠন্তো দেবাঃ ইন্দ্রস্য নিকষা-গতাঃ। নদ্যা উভয়তো বৃক্ষাঃ সযত্নেন বর্ধিতাঃ। সমুদ্রস্য যাবৎ তিষ্ঠন্তি পর্বতাঃ। স তাবাং ন বিশদিতি পুত্রং চ ন স্নিহ্যতি। প্রভুঃ ভৃত্যস্য অধিতিষ্ঠতি পুত্রে চ ক্রুধ্যতি। পিতিষ্ঠেন পথি তীরে

ধীরে গন্তব্যম্। মৃদুং হসতি শিশুঃ। দরিদ্রাণাং প্রতি সদয়ঃ নৃপঃ। রামাৎ অন্তরেণ অযোধ্যা শূন্যা।

৪। বাক্যে প্রয়োগ কর :—

ঋতে, যাবৎ, অন্তরেণ, নিকষা, প্রতি, হা, ধিক্, অভিতঃ, উভয়তঃ, উপর্যুপরি, দ্বিকর্মক নী ও পচ্ ধাতু।

করণ কারক ও তৃতীয়া বিভক্তি

(Instrumental Case and third case-ending)

করণে চ তথানুক্তে কর্তরি তৃতীয়া ভবেৎ।
সহার্থে চ হীনার্থে চ নিষেধার্থে চ সর্বদা ॥
হেত্বর্থে চ বিনাযোগে তথা চৈবাপবর্গকে।
যেনাঙ্গেন বিকারঃ স্যাৎ তৃতীয়াং বিদ্ধি তত্র চ ॥

১। **সাধকতমং করণম্**—ক্রিয়া সম্পাদনের সর্বশ্রেষ্ঠ উপায় বা সহায় করণ কারক। যথা—**নেত্রাভ্যাং** পশ্যতি—চক্ষু দুইটি দ্বারা দেখে। **কুঠারেণ** বৃক্ষং ছিনত্তি—কুঠার দ্বারা বৃক্ষ ছেদন করে।

২। **কর্তৃকরণয়োস্তৃতীয়া**—কর্মবাচ্যে, ভাববাচ্যে ও প্রযোজ্য কর্তায় এবং করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়—কর্মবাচ্যে কর্তায়—**ময়া** চন্দ্রো দৃশ্যতে। ভাববাচ্যে - কর্তায়—**তেন** হসিতম্। প্রযোজ্য কর্তায়—প্রভুঃ **পাচকেন** অন্নং পাচয়তি। করণে—**নেত্রাভ্যাং** পশ্যতি।

৩। **ঊন-বারণ-প্রয়োজনার্থৈশ্চ**—ঊন (ন্যূন), বারণ (নিষেধ) ও প্রয়োজনার্থক শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা—**একেন** ঊনঃ—একটির দ্বারা কম। **ধনেন** হীনঃ—ধনে হীন। **বিবাদেন** অলম্—বিবাদের প্রয়োজন নাই। **কলহেন** কিম্—ঝগড়া করিবার প্রয়োজন নাই। কোঽর্থঃ **পুত্রেণ** জাতেন—পুত্র জন্মাইবার প্রয়োজন কি? **ধনেন** প্রয়োজনম্—ধনের দরকার। পাণিনি সম্প্রদায়ের মতে এরূপ সূত্র নাই। তাহাদের মতে এই সব স্থানে করণ কারকে তৃতীয়া বিভক্তি। যথা—**বিবাদেন** অলম্, ইহার অর্থ **বিবাদেন**

সাধ্যং নাস্তি। উহ্য সাধন ক্রিয়ার করণ বিবাদ। এইরূপ **কলহেন** কিম্—**কলহেন** সাধ্যং নাস্তি। উহ্য ক্রিয়াও কারক সম্পাদন করে—**গম্যমানাপি (উহ্য) ক্রিয়া কারকবিভক্তৌ প্রযোজিকা।**

৪। **প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানম্**—প্রকৃতি, জাতি, গোত্র, নাম, আকৃতি করণ হয় এবং উহাতে তৃতীয়া বিভক্তি হয়। **প্রকৃত্যা** মধুরং গবাং পয়ঃ—গরুর দুধ স্বভাবতঃ মধুর। এখানেও প্রকৃত্যা সাধ্যং মধুরত্বম্, এইরূপ অর্থে, প্রকৃতি সাধনক্রিয়ার করণ। **জাত্যা** ব্রাহ্মণঃ—জাতিতে ব্রাহ্মণ—**জাত্যা** ব্রাহ্মণত্বং সাধ্যম্। **গোত্রেণ** সাণ্ডিল্যঃ—গোত্রে সাণ্ডিল্য—গোত্রেণ সাণ্ডিল্যত্বং সাধ্যম্। **নাম্না** দেবদত্ত :—নামে দেবদত্ত। আকৃত্যা চারুঃ—আকৃতিতে মনোহর—**আকৃত্যা** চারুত্বং সাধ্যম্।

৫। **সহযুক্তেঽপ্রধানে** :—সহ, সাকম্, সার্ধম্, সমম্, প্রভৃতি সহার্থক শব্দের যোগে ক্রিয়ার সহিত সম্বন্ধে যে অপ্রধান তাহার উত্তর তৃতীয়া বিভক্তি হয়। য[illegible] **পিত্রা** সহ গচ্ছতি পুত্রঃ—পিতার সহিত পুত্র যায়। **কেনাপি** সার্ধং, [illegible]মং বা বিবাদঃ ন কার্যঃ—কাহারও সহিত বিবাদ করা উচিত নহে। ন স্থাতব্যং ন গন্তব্যং **দুর্জনেন** সমং ক্বচিৎ—দুর্জনের সহিত থাকা বা চলা উচিত নহে।

সহ শব্দের অর্থ বুঝা গেলে, সহ শব্দ না থাকিলেও তৃতীয়া হয়। **পিত্রা** গচ্ছতি পুত্রঃ—পিতার সহিত পুত্র যায়।

প্রধান বা অপ্রধানের বিচার এখানে বিদ্যা বয়স প্রভৃতির দ্বারা হইবে না, কিন্তু ক্রিয়ার সহিত যাহার সাক্ষাৎ অন্বয় উহা প্রধান। পিত্রা সহ গচ্ছতি পুত্রঃ—এস্থলে গচ্ছতি এর সহিত সাক্ষাৎ অন্বয় পুত্রঃ এর, পিতার নহে। সুতরাং পিতা বয়স প্রভৃতিতে প্রধান হইলেও ক্রিয়ার সহিত অন্বয়ে অপ্রধান। সুতরাং অপ্রধানে (পিতৃ পদে) তৃতীয়া হইয়াছে।

৬। **অপবর্গে তৃতীয়া**—অপবর্গ অর্থ—ফলপ্রাপ্তি ও ক্রিয়াত্যাগ। ফল প্রাপ্তি এবং ক্রিয়া সমাপ্তি বুঝাইতে অধ্ববাচক ও কালবাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—**মাসেন** ব্যাকরণম্ অধীতম্—একমাসে ব্যাকরণ শিখিয়াছে এবং পড়া শেষ হইয়াছে। **ক্রোশেন গ্রন্থঃ অধীতঃ**—একক্রোশে (অর্থাৎ দুই মাইল) যাইতে যাইতে বইখানি পড়া শেষ হইয়াছে। মনে রাখিবে

একমাস পড়িয়াছে কিন্তু শিখা হয় নাই বা পড়া বন্ধ করে নাই এরূপ অর্থে—**মাসং** ব্যাকরণম্‌ অধীতম্‌ এবং একমাসে শিখিয়াছে এবং পড়া সমাপ্ত হইয়াছে এরূপ অর্থে—**মাসেন** ব্যাকরণম্‌ অধীতম্‌ হইবে।

৭। **হেতৌ**—হেতু অর্থে তৃতীয়া বিভক্তি হয়। যথা, **ভয়েন** কম্পতে—ভয়হেতু কাঁপে। **হর্ষেণ** নৃত্যতি—হর্ষহেতু নাচে। **শোকেন** রোদিতি—দুঃখে কাঁদে।

হেতু ও করণের পার্থক্য লক্ষ্য করিবে—হেতুর অধীন কর্তা এবং কর্তার অধীন করণ। যথা, ভয়েন কম্পতে বালকঃ—ভয় (হেতু) বালকটিকে কাঁপাচ্ছে। কাষ্ঠছেদকঃ **কুঠারেণ** বৃক্ষং ছিনত্তি এখানে কুঠার লোকটিকে ছেদন করায় না কিন্তু কর্তার ইচ্ছানুসারে, তাহার অধীনস্থ হইয়া বৃক্ষচ্ছেদন করে)।

৮। **যেনাঙ্গবিকার**:—যে অঙ্গের বিকৃতি ঘটায় অঙ্গীর বিকার লক্ষিত হয়, সেই অঙ্গের বোধক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—**চক্ষুষা** কাণঃ চোখে কানা। চক্ষুরূপ অঙ্গের বিকারের জন্য মানুষটি কাণা বলিয়া অঙ্গীর বিকার লক্ষিত হওয়ায়, বিকৃত অঙ্গের বোধক চক্ষু শব্দে তৃতীয়া হইল। **পাদেন** খঞ্জঃ—পায়ে খোঁড়া।

অঙ্গের হানির ন্যায়, আধিক্যও বিকার, তাই **মুখেন** ত্রিলোচনঃ, **বপুষা** চতুর্ভুজঃ ইত্যাদি স্থানেও এই সূত্র অনুসারে তৃতীয়া হইয়াছে।

৯। **ইত্থম্ভূতলক্ষণে**:—ইত্থম্ভূত শব্দের অর্থ—এই প্রকার প্রাপ্ত অর্থাৎ এই অবস্থাপ্রাপ্ত, লক্ষণ অর্থ—চিহ্ন বা পরিচায়ক। কোনও চিহ্ন বা লক্ষণ দ্বারা, বিশেষ অবস্থাপ্রাপ্ত বস্তু পরিচিত হইলে চিহ্ন বা লক্ষণ বাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা—**জটাভিঃ** তাপসমহমপশ্যম্‌—জটা দ্বারা তাপসকে দেখিলাম। জটা রূপ চিহ্নের দ্বারা তাপসস্বরূপ অবস্থাপ্রাপ্ত লোকের পরিচয় হইল। এখানে পরিচায়ক বা চিহ্ন জটা। উহাতে তৃতীয়া হইয়াছে। এরূপ **ছত্রেণ** ছাত্রম্‌, **শিখয়া** পরিব্রাজকঃ। **কাকৈঃ** গৃহম্‌। ইহাকে উপলক্ষণে তৃতীয়াও বলা হয়।

১০। **বিনা শব্দের যোগে তৃতীয়া**—ধনেন বিনা, শ্রমেণ বিনা, সূত্র—পঞ্চমীর মধ্যে দ্রষ্টব্য—**পৃথক্‌** বিনা নানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্‌।

অনুশীলনী

১। কারণ উল্লেখ সহকারে স্থূল-অক্ষর পদের বিভক্তি নির্ণয় কর :—

মুনিঃ **শিষ্যৈঃ** সহ আগচ্ছৎ। **ধর্মেণ** হীনাঃ **পশুভিঃ** সমানাঃ। **নাম্না** যজ্ঞদত্তঃ, **গোত্রেণ** শাণ্ডিল্যঃ অয়ম্ বালকঃ। **কর্ণেন** বধিরঃ অয়ং নরঃ ন **বিদ্যয়া** হীনঃ। **রামেণ** রাবণঃ হতঃ। কৃপণস্য **অর্থেন** কিম্? **ত্রিভিঃ মাসৈঃ** ব্যাকরণম্ অধীতম্। **দুর্জনেন** সমম্ নাবস্থাতব্যম্। কিং **কুলেন** বিশালেন গুণহীনস্তু যো নরঃ। **উদ্যমেন** হি সিধ্যন্তি কার্যাণি, ন **মনোরথৈঃ**। **লোচনাভ্যাং** বিহীনস্য **দর্পণেন** কিম্? অলং তেন **বিবাদেন**।

২। সংস্কৃতে অনুবাদ কর:—হে দ্রৌপদি, ; তোমার বিষাদের প্রয়োজন নাই। অচিরকাল মধ্যে দুঃশাসনের উষ্ণ রুধিরের দ্বারা তোমার কেশ রঞ্জিত করিব। যে ধেনু প্রসব করে না বা দুগ্ধদান করে না, তাহার প্রয়োজন কি? যে পুত্র বিদ্বান্ বা ভক্তিমান্ নহে, তাহার প্রয়োজন কি? মনুপ্রণীত শাস্ত্রানুসারে প্র[illegible]গকে পালন করা রাজার কর্তব্য। ব্রাহ্মণ মেষটিকে কাঁধের উপর লইয়া প[illegible]ক্রম করিল। প্রজাগণ যাহাতে সুখে বাস করে, তাহা রাজা দেখিবেন। নিজের জীবনের মূল্যেও মাতৃভূমি রক্ষা করা উচিত। লোকটির ডান পা খোঁড়া। সে তাড়াতাড়ি যাইতে পারে না। দ্বাদশ বৎসর ধরিয়া ব্যাকরণ পড়া উচিত। আমি জটার দ্বারা তাঁহাকে তপস্বী বলিয়া চিনিলাম।

৩। শুদ্ধ করিয়া লেখ :—

মূর্খস্য পুত্রস্য সহ তস্য সম্বন্ধঃ নাস্তি। বালকঃ চন্দ্রঃ দৃশ্যতে। ত্রিষু মাসেষু ব্যাকরণম্ পঠিতম্। কর্তব্যে কর্মণি বিলম্বে অলম্। স নামে রামঃ জাত্যৌ চ চণ্ডালঃ আসীৎ। সাবিত্রী সত্যবতঃ সহ বনম্ অগচ্ছৎ। মম ধনস্য প্রয়োজনম্ নাস্তি। অয়ং নরঃ গর্বাৎ বিহীনঃ। নির্ধনস্য জীবনাৎ কিম্?

সম্প্রদান কারক ও চতুর্থী বিভক্তি

(Dative Case and Fourth Case-ending)

সম্প্রদানে চতুর্থী স্যান্নিমিত্তার্থে তথৈব চ।
রুচ্যর্থধাতুভির্যোগে স্পৃহ্যাদ্যর্থযোগতঃ।

নিবৃত্তার্থে সমর্থার্থে তুমর্থে চ তথা ভবেৎ।
নমঃস্বস্তিস্বাহাযোগাদ্ বষট্ স্বধাদিযোগতঃ ॥

১। **কর্মণা যমভিপ্রৈতি স সম্প্রদানম্**—কর্তা দান ক্রিয়ার কর্মের দ্বারা যাহাকে সম্বন্ধযুক্ত করিতে ইচ্ছা করেন, তাহাকে সম্প্রদান কারক বলে।

২। **সম্প্রদানে চতুর্থী**—সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা—**ব্রাহ্মণায়** ধনং দদাতি।

৩। **ক্রিয়য়া যমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানম্**—কর্তা যাহার উদ্দেশ্যে কোন ক্রিয়া সম্পাদন করেন, তাহাও সম্প্রদান হয়। যথা—**গুরবে** নিবেদয়তি—গুরুকে জানায়। মাতা **পুত্রায়** চন্দ্রং দর্শয়তি—মাতা পুত্রকে চাঁদ দেখায়। ইহাকে ক্রিয়াযোগে চতুর্থী ও বলে।

৪। **রুচ্যর্থানাং প্রীয়মাণঃ**—রুচি অর্থ বুঝায় এইরূপ ধাতুর প্রয়োগে যাহার রুচি হয়, তাহার উত্তর চতুর্থী হয়। যথা—ইদং **মহ্যং ন** রোচতে—ইহা আমার ভাল লাগেনা। **হরয়ে** রোচতে ভক্তিঃ—হরির ভক্তি ভাল লাগে[illegible]

৫। **স্পৃহেরীপ্সিতঃ**—স্পৃহ্ ধাতুর প্রয়োগে ঈপ্সিত অর্থাৎ স্পৃহার বিষয় সম্প্রদান কারক হয়। উহাতে চতুর্থী বিভক্তি হয়। যথা—**পুষ্পায়** স্পৃহয়তি—ফুল ইচ্ছা করে (পাইতে চায়)। সাধারণ স্পৃহামাত্রে চতুর্থী। স্পৃহার আধিক্য বুঝাইলে কর্মে দ্বিতীয়া—**পুষ্পম্** স্পৃহয়তি।

৬। **ধারেরুত্তমর্ণঃ**—ধারি ধাতুর প্রয়োগে উত্তমর্ণ অর্থাৎ যাহার নিকট হইতে ঋণ গ্রহণ করা যায়, তাহাতে চতুর্থী বিভক্তি হয়। যথা—স শতং **মহ্যং** ধারয়তি—সে আমার নিকট হইতে একশত টাকা ধার নিয়াছে।

৭। **ক্রুধ-দ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ**—ক্রোধার্থক, দ্রোহার্থক (অপকারার্থক) ঈর্ষ্যার্থক ও অসূয়ার্থক (পরের গুণে দোষ আবিষ্কার করা) ধাতুর প্রয়োগে যাহার প্রতি ক্রোধ আছে, সে সম্প্রদান কারক হয় এবং তাহাতে চতুর্থী বিভক্তি হয়, যথা—প্রভুঃ **ভৃত্যায়** ক্রুধ্যতি, দ্রুহ্যতি, ঈর্ষ্যতি, অসূয়তি বা—প্রভুঃ ভৃত্যের উপর ক্রোধাদি করে। কিন্তু ক্রুধ্ ও দ্রুহ্ ধাতুর পূর্বে উপসর্গ থাকিলে চতুর্থী না হইয়া দ্বিতীয়া হয়। যথা—প্রভুঃ **ভৃত্যম্** অভিক্রুধ্যতি, অভিদ্রুহ্যতি, বা। ঈর্ষ্যা প্রভৃতি কোপ সম্ভূত না হইলে, চতুর্থী

হইবে না—ভার্যাম্ ঈর্ষ্যতি। ঈর্ষ্যা কোপ সম্ভূত হইলে চতুর্থী ভার্যায়ৈ ঈর্ষ্যতি।

৮। **তাদর্থ্যে চতুর্থী বাচ্যা**—যাহার জন্য কোন কিছু নির্ধারিত হয় বা কোন ক্রিয়া অনুষ্ঠিত হয়, তাহাতে চতুর্থী বিভক্তি হয়। যথা—**রন্ধনায় স্থালী**—রান্নার জন্য পাত্র। **মুক্তয়ে** হরিং ভজতি—মুক্তির জন্য হরির উপাসনা করে। **কুণ্ডলায়** হিরণ্যম্—কুণ্ডলের জন্য স্বর্ণ। **যূপায়** দারু—যূপের জন্য কাঠ। **জ্ঞানায়** অধ্যয়নম্—জ্ঞানের জন্য পড়া। ইহাকে নিমিত্তার্থে চতুর্থীও বলে।

৯। **মন্যকর্মণ্যনাদরে বিভাষা অপ্রাণিষু**—দিবাদিগণীয় মন্ ধাতুর প্রয়োগে অনাদর, অবজ্ঞা প্রভৃতি অর্থে বিকল্পে চতুর্থী বিভক্তি ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—স ত্বাং **তৃণায়** (তৃণং বা) মন্যতে—সে তোমাকে তৃণের ন্যায় তুচ্ছ মনে করে। ইহাকে **অনাদরে** চতুর্থী বলে।

কিন্তু শৃগাল, কাক, শুক, নৌ ও অন্ন কর্ম হইলে চতুর্থী হয় না। যথা—নাহং [illegible] শৃগালং মন্যে (শৃগালায় হইবে না)।

[illegible]। **গত্যর্থকর্মণি চেষ্টায়ামনধ্বনি**—শারীরিক চেষ্টা বুঝাইলে গমনার্থক ধাতুর কর্মে বিকল্পে দ্বিতীয়া ও চতুর্থী বিভক্তি হয়। যথা—গ্রামং **গ্রামায়** বা গচ্ছতি—গ্রামে যায়। শারীরিক চেষ্টা না বুঝাইলে দ্বিতীয়াই হইবে চতুর্থী হইবে না, যথা—মনসা **মথুরাং** গচ্ছতি। পথ কর্ম হইলে চতুর্থী হইবে না, দ্বিতীয়া হইবে। যথা স **পন্থানং** গচ্ছতি।

অতএব—গ্রামায় গচ্ছতি (শারীরিক চেষ্টা আছে)

গ্রামং গচ্ছতি (শারীরিক চেষ্টা নাও থাকিতে পারে)

১১। **নমঃ-স্বস্তি-স্বাহা-স্বধালংবষড্যোগাচ্চ**—নমঃ, স্বস্তি, স্বাহা, স্বধা, অলং, বষট্ শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়, যথা—**শিবায়** নমঃ—শিবকে নমস্কার। **প্রজাভ্যঃ** স্বস্তি অস্তু—প্রজাদের মঙ্গল হউক। **অগ্নয়ে** স্বাহা—অগ্নির উদ্দেশে দান। **পিতৃভ্যঃ** স্বধা—পিতৃগণের উদ্দেশ্যে দান। অলম্ শব্দের অর্থ—সমর্থ, শক্ত, প্রভু ইত্যাদি। অলং মল্লঃ **মল্লায়**—মল্লযোদ্ধা মল্লযোদ্ধার সহিত সমর্থ। অলং **ভোজনায়**—ভোজনে সমর্থ।

অলং ভোজনেন—ভোজনের আবশ্যক নাই।

ইন্দ্রায় বষট্—ইন্দ্রের উদ্দেশে দান।

নমস্কৃত্য গুরুম্—এ স্থলে উপপদ বিভক্তেঃ কারক বিভক্তির্বলীয়সী এই নিয়ম অনুসারে 'কৃ'-ধাতুর কর্মে দ্বিতীয়া হইবে। নমস্ শব্দের যোগে চতুর্থী হইবে না।

নমস্কুর্মঃ নৃসিংহায়—এ স্থানে ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণিস্থানিনঃ এই সূত্র অনুসারে চতুর্থী।

১২। **ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ**—তুমুন্ প্রত্যয়ান্ত ক্রিয়া উহ্য থাকিলে ঐ ক্রিয়ার কর্মে চতুর্থী হয়। যথা—**ফলায়** যাতি—(ফলম্ আহর্তুং যাতি) ফল আহরণ করিতে যায়। **নৃসিংহায়** নমস্কুর্মঃ নৃসিংহমনুকূলায়িতুম্ নমস্কুর্মঃ—নৃসিংহকে অনুকূল করিবার জন্য নমস্কার।

১৩। **তুমর্থাচ্চ ভাববচনাৎ**—তুমুন্ প্রত্যয়ান্ত পদের পরিবর্তে ভাববাচ্যে নিষ্পন্ন পদের প্রয়োগ করিলে উহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা—**যাগায়** যাতি (যষ্টুং যাতি)—যাগের জন্য যায়। **পাকায়** যাতি (পক্তুং যাতি) পাকের জন্য যায়। যষ্টুম্-এর পরিবর্তে যাগ, পক্তুম্-এর পরিবর্তে পাক। উহাতে চতুর্থী হইয়াছে।

১৪। **হিতযোগে চ**—হিত শব্দের প্রয়োগে যাহার হিত ও সুখ[illegible]র উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, **ব্রাহ্মণায়** হিতম্—ব্রাহ্মণের মঙ্গলজনক। **রাজ্ঞে** সুখম্—রাজার সুখকর।

১৫। **উৎপাতেন জ্ঞাপিতে চ**—শুভ বা অশুভ সূচক আকাশ, পৃথিবী প্রভৃতি প্রকৃতির বিপর্যয় সূচনা করিলে উৎপাতের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা, **বাতায়** কপিলা বিদ্যুৎ—কপিল বর্ণের বিদ্যুৎ প্রবল বায়ু (ঝড়) সূচনা করে। **দুর্ভিক্ষায়** সিতা বিদ্যুৎ—শাদা বিদ্যুৎ দুর্ভিক্ষ সূচনা করে। পীতা বিদ্যুৎ **বর্ষণায়**—পীত বিদ্যুৎ বৃষ্টি সূচনা করে।

১৬। **প্রত্যাঙভ্যাং শ্রুবঃ পূর্বস্য কর্তা**—প্রতিপূর্বক ও আঙ্ পূর্বক শ্রু ধাতুর প্রয়োগস্থলে পূর্ব ক্রিয়ার কর্তা অর্থাৎ যে 'দাও, দাও' বলিয়া প্রবর্তিত করার কর্তা, সে সম্প্রদান, যথা; নৃপঃ **বিপ্রায়** গাং প্রতিশৃণোতি বা। রাজার নিকট দাও দাও বলিয়া অনুরোধ করায় রাজা গরু দিতে সম্মত, এরূপ স্থানে বিপ্র পূর্ব ক্রিয়ার (অনুরোধ করার) কর্তা, সম্প্রদান।

১৭। **পরিক্রয়ণে সম্প্রদানমন্যতরস্যাম্**—নির্দিষ্ট কালের জন্য বেতন দিয়া রাখার নাম পরিক্রয়ণ। পরিক্রয়ণ বুঝাইলে উহার করণ কারক বিকল্পে

সম্প্রদান কারক হয়। যথা—**শতেন শতায়** বা পরিক্রীতঃ ভৃত্যঃ—ভৃত্যকে একশত টাকায় রাখা হইয়াছে। ইহা **করণে চতুর্থীর** উদাহরণ।

অনুশীলনী

১। বড় অক্ষরে লিখিত পদগুলির বিভক্তি নির্ণয় কর :—

কালিকায়ৈ নমঃ। **বালকেভ্যঃ** ক্রীড়া রোচতে। ভোজেন দূতো **রঘবে** বিসৃষ্টঃ। **গুরবে** সর্বং নিবেদিতবান্ শিষ্যঃ। ন কোঽপি **মূর্খায়** প্রভবিত। বালিকা **পুষ্পেভ্যঃ** স্পৃহয়তি। **যাগায়** যাতি যাজ্ঞিকঃ। **নমস্কুর্মঃ নৃসিংহায়**। কাব্যং **যশসে**। **বিবাদায়** অলম্। **রোগায়** ঔষধম্। মূর্খাণামুপদেশঃ **প্রকোপায়** ন শান্তয়ে। **ব্রাহ্মণায়** রাজা ধনং প্রতিশৃণোতি। **পরিত্রাণায়** সাধূনাং **বিনাশায়চ** দুষ্কৃতাং সম্ভবামি।

২। পার্থক্য নির্ণয় কর :—

[illegible]াণি স্পৃহয়তি, পুষ্পেভ্যঃ স্পৃহয়তি ; গ্রামং গচ্ছতি, গ্রামায় গচ্ছতি ; বি[illegible]লম্, বিবাদায় অলম্ ; ভার্যামীর্ষ্যতি, ভার্যায়ৈ ঈর্ষ্যতি।

৩। শুদ্ধ করিয়া লেখ :—

দুর্গাং নমঃ। স ময়ি ন ক্রুধ্যতি। পুস্তকমহং তং দাস্যামি। কৃপণঃ ধনে স্পৃহয়তি। দৈত্যানাং বিষ্ণুরলম্। শিবায় নমস্করোতি। মনসা মথুরায়ৈ গচ্ছতি সঃ। প্রজাঃ রাজ্ঞে অভিক্রুহ্যন্তি। সঃ শতং মাং ধারয়তি। ব্রাহ্মণান্ ধনং দেহি।

৪। সংস্কৃতে অনুবাদ কর :—

এই ব্রাহ্মণ চঞ্চল, সে আমার অভিলাষের কথা অন্তঃপুরবাসিনীদের নিকট বলিয়া দিবে। আমি শান্তির জল শকুন্তলার জন্য প্রেরণ করিব। দুষ্ট অথচ মনোরম ঐ বালকটিকে আমার ভাল লাগে। নাম মাত্রের উল্লেখ আমার বিষাদের জন্য। গুরুজনদিগকে নমস্কার করিয়া কার্য আরম্ভ কর। তাম্রাটে রং-এর বিদ্যুৎ ঝড় সূচনা করে। তুমি একাই শত্রুদিগের সহিত সমর্থ। ভদ্রে, তুমি আমার উপর রাগ করিও না। মানলোকের বিজ্ঞা জ্ঞানের জন্য।

অপাদান কারক ও পঞ্চমী বিভক্তি

(Ablative case and fifth case ending)

পঞ্চমী স্যাদপাদানে যবর্থে চ তথৈব হি।
অপেক্ষার্থে বিনাযোগে হেত্বর্থে চ তথা মতা।
দূরার্থৈঃ সমীপার্থৈশ্চ পৃথগর্থৈশ্চ সর্বদা॥

১। **ধ্রুবমপায়েঽপাদানম**—ধ্রুব শব্দের অর্থ অবধি, যাহা হইতে, উহা চল ও অচল হইতে পারে এবং অপায় অর্থ বিশ্লেষ, যাহা হইতে কোনও কিছু বিশ্লিষ্ট হয়, সরিয়া যায় উহা অপাদান কারক। যথা বৃক্ষাৎ পর্ণং পততি—বৃক্ষ হইতে পাতা পড়ে। ধাবতঃ অশ্বাৎ পততি—ধাবমান অশ্ব হইতে পড়ে।

২। **অপাদানে পঞ্চমী**—অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়—বৃক্ষাৎ পর্ণং পততি।

৩। **ভীত্রার্থানাং ভয়হেতুঃ**—ভয়ার্থক ও ত্রাণার্থক ধাতুর প্রয়োগে ভয়ের হেতু অপাদান কারক হয়, যথা—সঃ ব্যাঘ্রাৎ ভীতঃ—সে বাঘ হইতে ভীত পায়। পাপাৎ ত্রায়তে—পাপ হইতে রক্ষা করে।

৪। **পরাজেরসোঢ়**—পরা পূর্বক জি ধাতুর প্রয়োগে অসহ্য বিষয় অপাদান কারক হয়। যথা—সঃ অধ্যয়নাৎ পরাজয়তে—সে অধ্যয়ন অসহনীয় মনে করে। পরাজিত করা অর্থে পঞ্চমী হয় না, সঃ শত্রুং পরাজয়তে—সে শত্রুকে পরাজিত করে।

৫। **বারণার্থানামীপ্সিতঃ**—বারণার্থক ধাতুর প্রয়োগে, যাহা রক্ষা করিতে ইচ্ছা করে তাহা অপাদান কারক হয়। যথা—যবেভ্যঃ গাং বারয়তি—যব হইতে গরু বারণ করে, নিবর্তিত করে যব রক্ষা করিতে ইচ্ছা করে।

৬। **অন্তর্ধৌযেনাদর্শনমিচ্ছতি**—যেন দেখিতে না পায় এমন ভাবে যাহা হইতে লুকাইয়া থাকিতে চায় তাহা অপাদান কারক হয়। যথা—মাতুঃ নিলীয়তে কৃষ্ণঃ—মা যেন দেখিতে না পান এমন ভাবে মার নিকট হইতে কৃষ্ণ লুকাইতেছে।

৭। **আখ্যাতোপযোগে**—আখ্যাতা—আখ্যানকারী, বক্তা। উপযোগ-নিয়ম পূর্বক বিদ্যা গ্রহণ। যাহার নিকট হইতে নিয়ম পূর্বক বিদ্যা গ্রহণ করা হয় সে অপাদান কারক হয়। যথা—শিষ্যঃ গুরোঃ শাস্ত্রং শৃণোতি।

৮। **জনিকর্তুঃ প্রকৃতিঃ**—যাহা জন্মায় তাহার উৎপত্তির কারণ অপাদান কারক হয়। যথা—পিতুঃ পুত্রঃ জায়তে—পিতা হইতে পুত্র জন্মায়। গোময়াৎ বৃশ্চিকঃ জায়তে—গোবর হইতে বিছা জন্মায়।

৯। **ভুবঃ প্রভবঃ**—যাহা হইতে কোনও কিছুর প্রথম প্রকাশ হয় উহা অপাদান কারক। যথা—হিমালয়াৎ গঙ্গা প্রভবতি—হিমালয়ে প্রথম গঙ্গাকে দেখা যায়।

১০। **জুগুপ্সাবিরামপ্রমাদার্থানামুপসংখ্যানম্**—জুগুপ্সা (ঘৃণা), বিরাম (বিরতি), প্রমাদ (অনবধানতা carelessness) অর্থবোধক ধাতুর প্রয়োগে যাহা হইতে ঘৃণা, বিরতি ও অনবধানতা বুঝায় তাহা অপাদান কারক হয়। যথা—পাপাৎ জুগুপ্সতে—পাপ হইতে ঘৃণা হয়। অধ্যয়নাৎ বিরমতি—অধ্যয়ন হইতে বিরত হয়। ধর্মাৎ ন প্রমদিতব্যম্—ধর্ম হইতে বিচ্যুত হইও না।

১১। **ল্যব্‌লোপে কর্মণ্যধিকরণে চ**—ল্যপ্ প্রত্যয়ান্ত ক্রিয়া লুপ্ত হই[illegible] থাকিলে) উহার কর্মে ও অধিকরণে পঞ্চমী হয়। ইহাকে **ল্যব্-লোপে পঞ্চমী** বা **যবর্থে পঞ্চমী** বলে। যথা—স প্রাসাদাৎ পশ্যতি—সে প্রাসাদ হইতে দেখে (প্রাসাদমারুহ্য)। স আসনাৎ পশ্যতি—সে আসন হইতে দেখে (আসনে উপবিশ্য)।

১২। **পঞ্চমী বিভক্তে**—জাতি, গুণ, ক্রিয়া প্রভৃতির দ্বারা দুইটি ভিন্ন-জাতীয় বস্তুর তারতম্য (উৎকর্ষ বা অপকর্ষ) বুঝাইলে পঞ্চমী বিভক্তি হয়; যথা—ধনাৎ বিদ্যা গরীয়সী—ধন হইতে বিদ্যা উৎকৃষ্ট। জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী। ইহাকে **অপেক্ষার্থে পঞ্চমী** বলে। অন্যত্র **নিকৃষ্টাদে-কোৎকর্ষে** এইরূপ সূত্র দেখা যায়।

১৩। **বিভাষা গুণেঽস্ত্রিয়াম্**—স্ত্রীলিঙ্গভিন্ন গুণবাচক শব্দ, হেতু অর্থ বুঝাইলে বিকল্পে পঞ্চমী ও তৃতীয়া হয়। যথা—জাড্যাৎ জাড্যেন বা বদ্ধঃ—জড়তাহেতু আবদ্ধ। হর্ষাৎ হর্ষেণ বা নৃত্যতি—আনন্দহেতু নাচে। দুঃখেন দুঃখাৎ বা রোদিতি—দুঃখহেতু কাঁদে। ইহাকে **হেতৌ** পঞ্চমী বলে। কিন্তু পর্বতো বহ্নিমান্ ধূমাৎ—ধূমহেতু পর্বত বহ্নিযুক্ত। ধূম গুণবাচক না হইলেও পঞ্চমী হইয়াছে। এইরূপ নাস্তি ঘটঃ অনুপলব্ধেঃ—ঘট নাই, কারণ উহা দেখা

যায় না, এখানে উপলব্ধি স্ত্রীলিঙ্গ হইলেও পঞ্চমী হইয়াছে। সুতরাং হেতু অর্থে তৃতীয়া ও পঞ্চমী হয়।

১৪। **অন্যারাদিতরর্তেদিক্‌শব্দাঞ্চূত্তরপদাজাহিযুক্তে**— অন্যার্থক, আরাৎ (দূরে বা নিকটে), ঋতে, দিগ্‌বাচক প্রাচ্‌, প্রত্যচ্‌ প্রভৃতি অঞ্চ্‌ ধাতু-নিষ্পন্ন শব্দের যোগে এবং আ ও আহি প্রত্যযান্ত শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—মিত্রাৎ অন্যঃ—মিত্রভিন্ন। বনাৎ আরাৎ—বনের নিকটে বা দূরে। ধনাৎ ঋতে ন সুখম্—ধনভিন্ন সুখ নাই। চৈত্রাৎ পূর্বঃ ফাল্গুনঃ—চৈত্রের আগে ফাল্গুন। ভোজনাৎ প্রাক্ স্নানং কর্তব্যম্—খাওয়ার আগে স্নান করা উচিত। বনাৎ উত্তরা—বনের উত্তরে। বনাৎ দক্ষিণাহি—বনের দক্ষিণে।

১৫। **পঞ্চম্যপাঙ্‌পরিভিঃ**—বর্জনার্থে অপ ও পরি এবং মর্যাদা বা অভিবিধি অর্থে আঙ্‌ কর্মপ্রবচনীয়, উহার যোগে পঞ্চমী হয়। যথা—অপ বিষ্ণোঃ সংসারঃ, পরি বিষ্ণোঃ সংসারঃ—সংসার বিষ্ণুকে বাদ দিয়া। আ বাল্যাৎ হরিভক্তঃ—বাল্যকাল হইতে হরিভক্ত। আ বনাৎ বৃষ্টো দেবঃ—বন পর্যন্ত মেঘ বর্ষণ করিয়াছে। মর্যাদা—তেন বিনা (excluding)। অভিবিধি—তৎসহ (including)।

১৬। **প্রতিনিধিপ্রতিদানে চ যস্মাৎ**—প্রতিনিধি ও প্রতিদান বুঝাইলে প্রতি এই অব্যয়টি কর্ম প্রবচনীয় হয়। উহার যোগে যাহার প্রতিনিধি বা যাহার প্রতিদান তাহাতে পঞ্চমী হয়। যথা—প্রদ্যুম্নঃ কৃষ্ণাৎ প্রতি—প্রদ্যুম্ন কৃষ্ণের প্রতিনিধি। তিলেভ্যঃ মাষান্ প্রতিযচ্ছতি—তিলের বদলে মাষ দেয়।

১৭। **প্রভৃত্যর্থে বহিঃশব্দযোগে চ পঞ্চমী**—প্রভৃতি অর্থ বুঝায় এরূপ শব্দের যোগে ও বহিঃ শব্দযোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—বাল্যাৎ প্রভৃতি (আরভ্য) দরিদ্রঃ—বাল্যকাল হইতেই দরিদ্র। গ্রামাৎ বহিঃ বনম্—গ্রামের বাহিরে বন।

১৮। **পৃথগ্‌-বিনা-নানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্**—পৃথক্, বিনা ও নানা-শব্দের যোগে দ্বিতীয়া, তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা—বিত্তা ধনাৎ ধনেন, ধনং বা পৃথক্—বিত্তা ধন হইতে ভিন্ন। ধর্মাৎ, ধর্মং, ধর্মেণ বা বিনা নাস্তি সুখম্—ধর্ম ছাড়া সুখ নাই। নানা রামং রামেণ রামাৎ বা (নানা শব্দের অর্থ বিনা)

রাম বিনা। নানা নারীং নিষ্ফলা লোক-যাত্রা—স্ত্রীলোক ব্যতীত লোকোৎসব বৃথা।

১৯। **যতশ্চাধ্বকালনিমানম্**—যাহা হইতে পথ ও কালের পরিমাণ করা হয় তাহাতে পঞ্চমী হয়। যথা—প্রয়াগাৎ বিংশতিঃ ক্রোশাঃ—প্রয়াগ হইতে কুড়ি ক্রোশ, বৈশাখাৎ তৃতীয়ো মাসঃ—বৈশাখ হইতে তৃতীয় মাস।

২০। **করণে পঞ্চমী**—স্তোক, কৃচ্ছ্র, কতিপয়, অল্প শব্দের উত্তর করণ কারকে তৃতীয়া ও পঞ্চমী হয়। যথা—স্তোকেন (স্তোকাৎ বা) উন্নতি-মায়াতি।

২১। **দূরান্তিকার্থেভ্যঃ দ্বিতীয়া তৃতীয়া চ**—দূরার্থ ও অন্তিকার্থ শব্দের যোগে দ্বিতীয়া, তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা—নগরস্য দূরাৎ, দূরেণ, দূরং বা। কিন্তু দূর ও অন্তিক শব্দ বিশেষণ হইলে হয় না, যথা—দূরঃ পন্থাঃ, দূরঃ গ্রামঃ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর:—

আমাদিগকে ভয় হইতে রক্ষা কর। হরি ধাবমান অশ্ব হইতে পতিত হইল। খাওয়ার আগে ঘরের বাহিরে যাইও না। তাহারা বাল্যকাল হইতে একসঙ্গে খেলা করিয়াছিল। বিবাহের তৃতীয় মাসে সে মৃত্যুমুখে পতিত হইয়াছিল। পিতা আকাশ হইতেও উচ্চতর। পুরাকালে নৃপতিগণ ব্রাহ্মণের নিকট হইতে কর গ্রহণ করিতেন না। যতদিন মৃত্যু না হয় ততদিন আমি শ্রীকৃষ্ণের সেবা করিব। পাঁচ বৎসর পূর্বে আমি এই অরণ্য দেখিয়াছিলাম। এখানকার ঋষিদের নিকটে বেদ পড়িবার জন্য বাল্মীকির পার্শ্ব হইতে এখানে আসিয়াছি। জন্ম হইতেই প্রকৃতির ক্রোড়ে লালিত পালিত হইয়া বালিকাটি প্রকৃতির মতই ভীষণ রমণীয়া হইয়াছে।

২। শুদ্ধ করিয়া লেখ :—

কে ন মরণং বিভ্যন্তি। শ্রুতমেতৎ গুরুমুখে। ভোজনস্য প্রাক্ মুখং প্রক্ষালয়। জন্ম প্রভৃতি সঃ অন্ধকারং বিভেতি। বিবাহস্য সপ্তমে দিনে স গৃহম্ অত্যজৎ। আ বনং তস্য রাজ্যম্। রাজরোষে দ্রুতং প্রক্রমতি।

৩। পার্থক্য নিরূপণ কর :—

ব্যাঘ্রাৎ ভয়ম্, ব্যাঘ্রস্ভয়ম্, শত্রুং পরাজয়তে, শত্রুভ্যঃ পরাজয়তে, নটস্য গাথাং শৃণোতি, নটাৎ গাথাং শৃণোতি।

৪। বাক্য রচনা কর:—

বহিঃ, ঋতে, বিনা, স্তোকেণ, অন্তঃ, প্রভৃতি, বিরমতি।

৫। কারণ উল্লেখপূর্বক স্থূলাক্ষরপদের বিভক্তি নিরূপণ কর :—

ভিলেভ্যঃ মাষান্ প্রতিযচ্ছতি। আ **বনাৎ** তস্য রাজ্যম্। **বিবাহাৎ** তৃতীয়ে মাসি। **বৃক্ষাৎ** পশ্যতি। পরি **বিষ্ণোঃ** সংসারঃ। **নগরাৎ** বহিঃ নিবসতি বিপ্রঃ। **ধনাৎ** বিদ্যা গরীয়সী। **হিমবতঃ** গঙ্গা প্রভবতি। **পাপাৎ** পরাজয়তে। **গুরোঃ** শাস্ত্রং শৃণোতি। **অন্নেভ্যঃ** কাকং বারয়তি।

ষষ্ঠী বিভক্তি (Sixth Case-ending)

সম্বন্ধেঽথ ভবেৎ ষষ্ঠী নির্ধারেঽনাদরে তথা।
কৃদ্‌যোগাৎ কর্তরি ষষ্ঠী কর্মণি চ তথা পুনঃ॥

১। **ষষ্ঠী শেষে**—কর্মত্ব, করণত্বরূপ কারকসম্বন্ধ এবং প্রাতিপদিকার্থ ভিন্ন যে কোনও সম্বন্ধ বুঝাইলে ষষ্ঠী বিভক্তি হয়, উহাকে সম্বন্ধে ষষ্ঠী বলে। যথা—মম পুস্তকম্—আমার বই। তব হস্তঃ—তোমার হাত।

কর্মত্ব, করণত্ব প্রভৃতি কারক সম্বন্ধ না বুঝাইয়া, কেবল মাত্র ক্রিয়ার সহিত সম্বন্ধ আছে এরূপ বুঝাইলে কর্ম, করণ প্রভৃতি না হইয়া সম্বন্ধে ষষ্ঠী হয়। যথা—স সর্বস্য বিভেতি। মাতা পুত্রস্য স্নিহ্যতি। সর্বস্মাৎ, পুত্রে প্রভৃতি হইল না।

২। **কর্তৃকর্মণোঃ কৃতি**—কৃৎ প্রত্যয়ান্ত শব্দের যোগে কর্তায় ও কর্মে ষষ্ঠী বিভক্তি হয়, যথা—কর্তায় ষষ্ঠী—শিশোঃ শয়নম্। কর্মে ষষ্ঠী—পয়সঃ পানম্। শেতে ক্রিয়ার পরিবর্তে কৃৎ প্রত্যয়ান্ত ক্রিয়াবাচক বিশেষ্য শয়নম্ প্রয়োগ করায় শিশুঃ শেতে এই বাক্যের কর্তায় (শিশোঃ) ষষ্ঠী হইয়াছে। এইরূপ পয়ঃ পিবতি—এস্থানে পিবতি-এর স্থলে কৃৎ প্রত্যয়ান্ত পানম্ ক্রিয়াবাচক বিশেষ্য প্রয়োগ করায় (পয়সঃ) কর্মে ষষ্ঠী হইয়াছে।

৩। **উভয়প্রাপ্তৌ কর্মণি**—কর্তা এবং কর্ম উভয়েই ষষ্ঠী বিভক্তি হইবার

সম্ভাবনা থাকিলে কর্মেই ষষ্ঠী হইবে, কর্তায় হইবে না। পয়সঃ পানং শিশুনা—শিশু কর্তৃক দুগ্ধের পান।

৪। **ন লোকাব্যয়নিষ্ঠাখলর্থতৃণাম্**—(ল+উ+উক—লোক) লট্, লোট্ প্রভৃতি ল-কারের প্রয়োগে, লকারস্থানীয় শতৃ, শানচ্ এর প্রয়োগে, কৃদব্যয় তুম্, ক্তাচ্ এর প্রয়োগে, নিষ্ঠা অর্থাৎ ক্ত ও ক্তবতু প্রত্যয়ের প্রয়োগে এবং খলর্থ প্রত্যয় ও তৃণ্ প্রত্যয়ান্ত শব্দের প্রয়োগে কর্তায় ও কর্মে ষষ্ঠী হইবে না। (কর্তৃ কর্মণোঃ কৃতি এই সূত্র অনুসারে প্রাপ্ত ষষ্ঠীর নিষেধ হইল)। গ্রামং গচ্ছতি—গ্রামস্য গচ্ছতি নহে। উ—গ্রামং গমনেচ্ছুঃ (গ্রামস্য নহে), জলং পিপাসুঃ। উক—গৃহং গামুকঃ। গ্রামং গচ্ছন্ পশ্যতি। প্রভুং সেবমানঃ ভৃত্যঃ। গ্রামং গতঃ, গ্রামং গতবান্। গ্রামং গত্বা। গ্রামং গন্তুম্। ময়া আম্রং সুলভম্ (মম নহে)। গ্রামং গন্তা। রাজ্যং শাসিতা। ধনং দাতা।

এই নিষেধগুলি কারক সম্বন্ধেই বুঝিবে। সম্বন্ধ বিষয়ে ষষ্ঠী হইতে বাধা নাই। যথা ধনস্য দাতা।

[illegible] **চ বর্তমানে**—মত্যর্থক, বুদ্ধ্যর্থক ও পূজার্থক ধাতুর উত্তর বর্তমান কালে ক্ত প্রত্যয় হয়, তখন কর্তায় ষষ্ঠী হয়, যথা—সতাং বিদিতম্। ঈশ্বরঃ সর্বেষাং পূজিতঃ। সদ্ভিঃ পূজিতঃ—সৎ লোকগণ কর্তৃক অতীতকালে পূজিত হইতেন। সতাং পূজিতঃ—সৎলোকগণকর্তৃক বর্তমানে পূজিত।

৬। **অধিকরণবাচিনশ্চ**—অধিকরণ বাচ্যে ক্ত প্রত্যয় হইলে, উহার কর্তায় ষষ্ঠী হয়। যথা—শেতে অস্মিন্ ইতি শয়িতম্ শয্যা। ইদমেষাং শয়িতম্।

৭। **অধীগর্থদয়েশাং কর্মণি**—অধি পূর্বক ইক্ (অদাদি) ধাতুর অর্থ স্মরণ করা। স্মরণার্থক ধাতু, দয়্ ধাতু এবং ঈশ্ ধাতুর প্রয়োগে কর্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—বালকঃ মাতুঃ স্মরতি, মাতরং বা স্মরতি। নৃপঃ দরিদ্রস্য দয়তে, দরিদ্রং বা দয়তে। ঈশ্বরঃ সর্বস্য ঈষ্টে সর্বং বা।

৮। **তৃপ্ত্যর্থানাং করণে**—তৃপ্তি অর্থক ধাতুর প্রয়োগে করণে ষষ্ঠী হয়, পক্ষে তৃতীয়া। অগ্নি তৃপ্যতি কাষ্ঠানাম্ কাষ্ঠৈঃ বা। অপাং তৃপ্তঃ অদ্ভিঃ বা।

৯। **কৃত্যানাং কর্তরি বা**—তব্য, অনীয়, ণ্যৎ, যৎ ও ক্যপ্ এই পাঁচটি কৃত্যপ্রত্যয়। ইহাদের প্রয়োগে কর্তায় বিকল্পে ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়,

যথা—মম ময়া বা চন্দ্রো দ্রষ্টব্যঃ। জলং সর্বেষাং সর্বৈ বা পেয়ম্, পানীয়ম্। বেদঃ ব্রাহ্মণানাং ব্রাহ্মণৈর্বা পাঠ্যঃ।

১০। **কৃত্বোঽর্থপ্রয়োগে কালে অধিকরণে**- কৃত্বসুচ্ ও সুচ্ প্রত্যয়ের প্রয়োগে কালবাচক অধিকরণে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—দিবসস্য পঞ্চকৃত্বঃ পঠতি—দিনে পাঁচবার পড়ে। দিবসস্য দ্বিঃ ভুঙ্ক্তে—দিনে দুবার খায়। ইহাকে অধিকরণে ষষ্ঠী বলে।

১১। **ষষ্ঠী হেতুপ্রয়োগে**—হেতুশব্দের প্রয়োগে হেতুবোধক শব্দের উত্তর ষষ্ঠী বিভক্তি হয়। যথা—অল্পস্য হেতোঃ বহু হাতুমিচ্ছন্—অল্পের জন্য বহুত্যাগ করিতে চায়। ভিক্ষুকঃ অন্নস্য হেতোঃ বসতি—ভিক্ষুক অন্নের জন্য বাস করে। হেতু শব্দে ষষ্ঠী হইয়াছে কারণ উহা অল্পস্য ও অন্নস্য এর বিশেষণ।

১২। **তুল্যার্থৈরতুলোপমাভ্যাং তৃতীয়ান্যতরস্যাম্**—তুল্যার্থক শব্দের যোগে ষষ্ঠী ও তৃতীয়া হয়। যথা—রামস্য রামেণ বা তুল্যঃ বীরঃ নাস্তি। কিন্তু তুলা বা উপমা শব্দ থাকিলে কেবল ষষ্ঠী হইবে, তৃতীয়া হইবেনা—রামস্য তুলা বা উপমা নাস্তি।

১৩। **ষষ্ঠী অতসর্থপ্রত্যয়েন**—অতসুচ্, অসি, অস্তা-, ।এৎ।তিল্ প্রভৃতি প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী বিভক্তি হয়, যথা—গ্রামস্য দক্ষিণতঃ বনম্। গৃহস্য পুরঃ উদ্যানম্। রাজ্ঞঃ পুরস্তাৎ উপস্থিতঃ। উপরিষ্টাৎ বৃক্ষস্য বিহঙ্গঃ গতঃ।

১৪। **এনপা দ্বিতীয়া চ**—এনপ্ প্রত্যয়ান্তশব্দের যোগে ষষ্ঠী ও দ্বিতীয়া হয়। দক্ষিণেন বৃক্ষ বাটিকায়াঃ বৃক্ষ বাটিকাং বা সরঃ। উত্তরেণ গৃহস্য গৃহং বা বনম্।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

ধর্মই সুখের মূল। ঈশ্বরচন্দ্রকে সকলেই জানেন। অল্পের জন্য বেশী ত্যাগ করে মূর্খতা। কিসের জন্য বিলাপ করিতেছ? ঈশ্বরচন্দ্র দরিদ্রদিগকে দয়া করেন। পরিজনের উপর তাহার প্রভুত্ব আছে। মহাত্মা গান্ধীর ন্যায় নেতা প্রায় পাওয়া যায় না। আজকাল সৎলোক দুর্লভ। সে দিনে পাঁচবার আসে। সে গুণে শিবের অনুকরণ করে। বিষ্ণু সকলের পূজ্য।

২। শুদ্ধ করিয়া লেখ :—

দিবসে ত্রিঃ সন্ধ্যামুপাসীত। প্রভবতি নিজে জনে নৃপতিঃ। তবোপদেশঃ মে মহতঃ শ্রেয়সঃ অলম্। বিদুষাং শাস্ত্রাণাং চর্চা। লোকনিন্দা ময়া বলবতী মতা। অন্নং হেতু স বসতি। সাধুং দর্শনং পুণ্যম্। অন্নং পাকং করোতি পাচকঃ। জলস্য পিবন্ মা হস। অর্থস্য লিপ্সুঃ দরিদ্রঃ অত্র সমাগতঃ। দরিদ্রায় দয়তে রাজা। এতৎ ন মম দুষ্করম্। স দুঃখাৎ হেতোঃ রোদিতি।

৩। পার্থক্য নিরূপণ কর :—

সর্বেষাং পূজিতঃ, সর্বৈঃ পূজিতঃ।

অধিকরণ কারক ও সপ্তমী বিভক্তি

(Locative Case and Seventh case-ending)

আধারে চ তথা কালে ভাবে নির্ধারণে পুনঃ।
স্বামিপ্রভৃতিভির্যোগে নিমিত্তার্থে চ সপ্তমী॥

১। **আধারোঽধিকরণম্**—ক্রিয়ার আধারকে অধিকরণ কারক বলে। পূর্বে বলা হইয়াছে অধিকরণ তিন প্রকার—ঐকদেশিক, অভিব্যাপক ও বৈষয়িক, যথা—বনে ব্যাঘ্রঃ, তিলেষু তৈলম্, মোক্ষে ইচ্ছা।

২। **অবচ্ছেদে সপ্তমী**—অঙ্গ বিশেষ অধিকরণ হইলে অবচ্ছেদে সপ্তমী হয়। ইহাও ঐকদেশিক অধিকরণ—যথা—কৃষ্ণা কেশেষু আকৃষ্টা, কর্ণে ধৃত্বা প্রহরতি।

৩। **সপ্তম্যধিকরণে**—অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি হয়। যথা—নিবসন্তি বনে ব্যাঘ্রাঃ—বাঘগুলি বনে বাস করে।

৪। **যস্য চ ভাবেন ভাবলক্ষণম্**—যাহার ক্রিয়ার কাল দ্বারা অন্য কর্তার ক্রিয়ার কাল লক্ষিত হয় তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়। ইহাকেও **ভাবে সপ্তমী** ও **সতি সপ্তমী** বলে। সূর্যে উদিতে পদ্মং প্রকাশতে—সূর্য উঠিলে পদ্ম ফোটে। একই কর্তার ক্রিয়ার কাল বুঝাইলে ভাবে সপ্তমী হয় না। এই জন্য—ময়ি সুপ্তে ময়া হসিতম্—হইবে না।

৫। **ষষ্ঠী চানাদরে**—অনাদর বা অবজ্ঞা বুঝাইলে ভাবে সপ্তমী স্থলে ষষ্ঠী

ও সপ্তমী দুইই হয়। যথা—রুদতঃ পুত্রস্য (রুদতি পুত্রে বা) মাতা গচ্ছতি। ক্রন্দনরত পুত্রকে অবজ্ঞা করিয়া মাতা যাইতেছেন। ইহাকে অনাদরে ষষ্ঠী ও সপ্তমী বলে।

৬। **যতশ্চ নির্ধারণম্**—জাতি, গুণ, সংজ্ঞা বা ক্রিয়ার দ্বারা, এক জাতীয় বস্তুর মধ্যে, একটির উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইবার জন্য পৃথক্ করার নাম নির্ধারণ। উহাতে ষষ্ঠী ও সপ্তমী হয়। যথা—গোষু গবাং বা কৃষ্ণা বহুক্ষীরা—গরুগুলির মধ্যে কাল গরু বেশী দুধ দেয়। কবিষু কবীনাং বা কালিদাসঃ শ্রেষ্ঠঃ—কবিদিগের মধ্যে কালিদাস শ্রেষ্ঠ।

এক জাতীয় বস্তুর পৃথক্করণ বা তারতম্য বুঝাইলে নির্ধারণে ষষ্ঠী বা সপ্তমী কিন্তু ভিন্ন জাতীয় বস্তুর তারতম্য বুঝাইলে **পঞ্চমী বিভক্তি** বা **অপেক্ষার্থে** পঞ্চমী- ধনাৎ বিদ্যা গরীয়সী।

৭। **সাধুনিপুণাভ্যামর্চায়াম্**—প্রশংসা বুঝাইলে সাধু ও নিপুণ শব্দের যোগে সপ্তমী হয় যথা—ব্যাকরণে সাধুঃ—ব্যাকরণে কুশলী। তর্কে নিপুণঃ—ঝগড়ায় পটু।

৮। **নিমিত্তাৎ কর্মযোগে**—কর্মের সহিত নিমিত্তের যোগ থাকিলে নিমিত্ত বাচক শব্দের উত্তর সপ্তমী বিভক্তি হয়।

যথা- চর্মণি দ্বীপিনং হন্তি- চামড়ার জন্য বাঘকে হত্যা করে।

দন্তয়োর্হন্তি কুঞ্জরম্—দাঁত দুইটির জন্য হাতী মারে।

সীম্নি পুষ্কলকো হতঃ—কস্তুরীর জন্য কস্তুরীমৃগ বধ করা হইয়াছে।

৯। **ক্তস্য ইন্‌বিষয়স্য কর্মণি**- ক্ত প্রত্যয়ান্ত শব্দের উত্তর ইনি প্রত্যয় (তদ্ধিত) যুক্ত হইলে উহার কর্মে সপ্তমী বিভক্তি হয়। যথা—অধীতী ব্যাকরণে—ব্যাকরণে পণ্ডিত। কৃতী শাস্ত্রে—শাস্ত্রে বুদ্ধিমান্।

১০। **স্বামীশ্বরাধিপতিদায়াদসাক্ষিপ্রতিভূপ্রসূতৈশ্চ**—স্বামী, ঈশ্বর, অধিপতি, দায়াদ, সাক্ষী প্রতিভূ, প্রসূত শব্দের যোগে ষষ্ঠী ও সপ্তমী হয়। যথা—ধনেষু ধনানাং বা স্বামী। নরাণাং নরেষু বা ঈশ্বরঃ। বিবাদস্য বিবাদে বা সাক্ষী। বিবাদে বিবাদস্য বা প্রতিভূঃ ইত্যাদি।

১১। **প্রসিতোৎসুকাভ্যাং তৃতীয়া চ**—প্রসিত (আকাঙ্ক্ষাযুক্ত) ও উৎসুক শব্দের যোগে বিকল্পে সপ্তমী ও তৃতীয়া হয়। যথা—কৃপণঃ ধনেষু (ধনৈঃ বা)

প্রসিতঃ—কৃপণ ধনের আকাঙ্ক্ষাযুক্ত। বিদ্যায়াম্ বিদ্যয়া বা উৎসুকঃ--বিদ্যায় উৎসুক।

১২। **অধিকশব্দযোগে পঞ্চমী চ**—অধিক শব্দযোগে সপ্তমী ও পঞ্চমী হয়। যথা—লোকে লোকাৎ বা অধিকঃ হরিঃ—হরি জগৎ অপেক্ষা বড়।

১৩। যাহার প্রতি বিশ্বাস, অনুরাগ, ভালবাসা, স্নেহ, প্রসন্নতা বুঝায় সংস্কৃতে সেখানে সপ্তমী বিভক্তি হয়। স ময়ি বিশ্বসিতি। তস্য ময়ি গভীরঃ অনুরাগঃ। দেবতা ত্বয়ি প্রসন্না ভবিষ্যতি। মাতা পুত্রে স্নিহ্যতি।

অনুশীলনী

১। সপ্তমী বিভক্তির কারণ নির্দেশ কর :—

নরেষু ব্রাহ্মণঃ শ্রেষ্ঠঃ। সন্নিহিতে বর্ষ আগো বিনাশে নিযতে সতি। তর্কশাস্ত্রে নিপুণঃ অয়ং ব্রাহ্মণঃ। ন কূপখননং কুর্যাৎ প্রদীপ্তে বহ্নিনা গৃহে। অস্তি মে সোদরস্নেহোঽপ্যেতেষু। নাস্তি তে ময্যনুরাগঃ। বিশ্বাসো নৈব কর্তব্যঃ [illegible] রাজকুলেষু চ। অধীতী শাস্ত্রে।

২। [illegible]কৃতে অনুবাদ কর :—

হৃদয়ে বিদ্ধ হইয়া শৃগাল পঞ্চত্ব প্রাপ্ত হইল। মনুষ্যগণের মধ্যে পরোপকারী শ্রেষ্ঠ। সত্যবাদীকে সকলে বিশ্বাস করে। রাত্রি অতীত হইলে সকলে নিজ নিজ কার্যে প্রবৃত্ত হইল। বর্ষাকালে নদীগুলি জলে পরিপূর্ণ হয়। গৌতমারণ্যে মহাতপা নামে ব্রাহ্মণ বাস করিতেন। তোমার প্রতি তাহার গভীর অনুরাগ। শত্রু ও মিত্রদের প্রতি ক্ষমা, যতিদের ভূষণ। দ্রোণাচার্য ধৃষ্টদ্যুম্ন কর্তৃক কেশাকর্ষণ পূর্বক অসি দ্বারা নিহত হইলেন।

৩। **শুদ্ধ করিয়া লেখ :—**

পাঠায় উৎসুকাঃ ছাত্রাঃ। ধনেভ্যঃ বিদ্যা শ্রেষ্ঠা। তব শিষ্যঃ ব্যাকরণং সাধুঃ। কঃ কঃ অত্র বিবাদায় সাক্ষী। রাক্ষসাঃ গভীরমরণ্যং বসন্তি। যদ্যপি মাং স্নিহ্যসি তথাপি কথং ন মাং বিশ্বসিসি? লোকস্য অধিকঃ হরিঃ। কৃপণঃ ধনস্য প্রসিতঃ (very anxious)। রাত্রৌ প্রভাতে পক্ষিণঃ শব্দায়ন্তে।

৪। **উদাহরণ দাও :—**

ভাবে সপ্তমী, অনাদরে ষষ্ঠী ও সপ্তমী, অবচ্ছেদে সপ্তমী, নিমিত্তসপ্তমী, ভাবে ষষ্ঠী।

কারক প্রকরণে অবশ্য জ্ঞাতব্য

১। একই কারকে বিভিন্ন বিভক্তি—

কর্তৃকারকে : প্রথমা—**বালকঃ** চন্দ্রং পশ্যতি।

দ্বিতীয়া—মাতা **পুত্রং** চন্দ্রং দর্শয়তি।

তৃতীয়া—**রামেণ** রাবণঃ হতঃ। প্রভুঃ **ভৃত্যেন** অন্নং পাচয়তি।

ষষ্ঠী—**মম** চন্দ্রঃ দ্রষ্টব্যঃ, **শিশোঃ** শয়নম্, বিদ্বান্ **সর্বেষাং** পূজিতঃ।

কর্মকারকে : প্রথমা—রামেণ **রাবণঃ** হতঃ।

দ্বিতীয়া—বালকঃ **চন্দ্রং** পশ্যতি।

চতুর্থী—**গ্রামায়** গচ্ছতি।

পঞ্চমী—**প্রাসাদাৎ** পশ্যতি।

ষষ্ঠী—**মাতুঃ** স্মরতি।

সপ্তমী—অধীতী **ব্যাকরণে**।

করণকারকে : দ্বিতীয়া—**অক্ষান্** দীব্যতি।

তৃতীয়া—**চক্ষুষা** পশ্যতি।

চতুর্থী—**শতায়** পরিক্রীতঃ ভৃত্যঃ।

পঞ্চমী—**স্তোকান্মুক্তঃ**।

ষষ্ঠী—নাগ্নিস্তৃপ্যতি **কাষ্ঠানাম্**।

সম্প্রদান কারকে : প্রথমা—**ব্রাহ্মণো দেয়ঃ** (দীয়তে যস্মৈ সঃ দেয়ঃ)।

দ্বিতীয়া—প্রভুঃ **ভৃত্যম্**ভিক্রুধ্যতি।

চতুর্থী—নৃপঃ **ব্রাহ্মণায়** ধনং দদাতি।

অপাদান কারকে : প্রথমা—গোপেন **গৌঃ** দুগ্ধং দুহ্যতে।

দ্বিতীয়া—গোপঃ **গাং** দুগ্ধং দোগ্ধি।

পঞ্চমী—**বৃক্ষাৎ** পর্ণং পততি।

অধিকরণ কারকে : প্রথমা—তেন **গ্রামঃ** অধ্যাস্যতে।

দ্বিতীয়া—স **গ্রামমধ্যাস্তে, শয্যাম**ধিশেতে।

পঞ্চমী—**আসনাৎ** পশ্যতি।

ষষ্ঠী—দ্বিঃ **দিবসস্য** ভুঙক্তে।

সপ্তমী—**বনে** বসন্তি ব্যাঘ্রাঃ।

২। **পার্থক্য লক্ষ্য কর ঃ—**

গ্রামে উপবসতি—গ্রামে অনাহারে আছে, (অভুক্ত্যর্থস্য ন)।

গ্রামমুপবসতি—গ্রামে বাস করে (উপান্বধ্যাঙ্‌বসঃ)।

মাসমধীতে—একমাস ধরিয়া পড়ে (কালাধ্বনোরত্যন্তসংযোগে)।

মাসেনাধীতে—একমাস পড়িয়া শিখিয়াছে ও পড়া সমাপ্ত হইয়াছে (অপবর্গে তৃতীয়া)।

বিবাদেনালম্—বিবাদের প্রয়োজন নাই (বিবাদেন সাধ্যং নাস্তি এই অর্থে করণে তৃতীয়া)।

বিবাদায় অলম্—বিবাদে সমর্থ (নমঃস্বস্তি সূত্রের সমর্থার্থক অলংযোগেচতুর্থী)

গ্রামং গচ্ছতি—গ্রামে যায় অথবা মনে মনে যায় (কর্তুরীপ্সিততমং কর্ম)।

গ্রামায় গচ্ছতি – শারীরিক চেষ্টা দ্বারা যায় বা গ্রামের উদ্দেশ্যে যায়।

সতাং পূজিতঃ—সৎলোকগণ কর্তৃক বর্তমানে পূজিত (ক্তস্য চ বর্তমানে)।

[illegible]ভিঃ পূজিতঃ—সৎলোকগণ কর্তৃক অতীতকালে পূজিত (অতীতকালে কর্মবাচ্যে ক্ত)।

ব্যাঘ্রাৎ ভয়ম্—বাঘ হইতে ভয় (ভীত্রার্থানাং ভয় হেতুঃ) ভয়ের হেতু বাঘ।

ব্যাঘ্রস্য ভয়ম্—বাঘের অন্য কিছু হইতে ভয়, সম্বন্ধে ষষ্ঠী।

বৃক্ষস্য পর্ণং পততি—গাছের পাতা পড়ে, সম্বন্ধে ষষ্ঠী।

বৃক্ষাৎ পর্ণং পততি—গাছ হইতে পাতা পড়ে, অপাদানে পঞ্চমী।

বিদ্যয়া ধনম্—বিদ্যারদ্বারা ধন।

বিদ্যায়ৈ ধনম্—বিদ্যা অর্জনের জন্য ধন।

ধিক্ মূর্খ—হে মূর্খ, তোমাকে ধিক্ (মূর্খকে সম্বোধন বুঝায়)।

ধিক্ মূর্খম্—মূর্খকে ধিক্ (ধিক্ শব্দ যোগে দ্বিতীয়া)।

তস্য ধনেন কিম্—ধন দ্বারা তাহার কি হইবে ?

তেন ধনেন কিম্—সেই ধন দ্বারা কি হইবে ?

গ্রামাৎ পূর্বম্—গ্রামের বাহিরে পূর্ব দিকে। দিক্‌শব্দযোগে পঞ্চমী।

গ্রামস্য পূর্বম্—গ্রামের মধ্যে পূর্বদিকে। অবয়বাবয়বিভাবসম্বন্ধে ষষ্ঠী।

পুষ্পাণি স্পৃহয়তি—পুষ্পবিষয়ক গভীর ইচ্ছা, ঈপ্সিততম পুষ্প।

পুষ্পেভ্যঃ স্পৃহয়তি—পুষ্পবিষয়ক ইচ্ছামাত্র (ঈপ্সিত মাত্র)।

অরণ্যে বিভেতি—বনে কোনও কিছু হইতে ভয়।

অরণ্যাদ্ বিভেতি—ভয়ের হেতু হইতেছে অরণ্য।

দেবং নমস্করোতি—দেবতাকে নমস্কার করে (উপপদবিভক্তেঃ কারকবিভক্তিঃ বলীয়সী)।

দেবায় নমস্করোতি—দেবতাকে অনুকূল করিবার জন্য নমস্কার করে (ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ)।

৩। প্রধান প্রধান সূত্রের উদাহরণ—

অব্যয়যোগে প্রথমা—তং নারদ ইতি জানাতি।

উপান্বধ্যাঙ্ বসঃ—হরিঃ বৈকুণ্ঠম্ উপবসতি, অনুবসতি, অধিবসতি।

অধিশীঙ্ স্থাসাং কর্ম—শয্যামধিশেতে, গ্রামমধিতিষ্ঠতি, বনমধ্যাস্তে।

কর্মপ্রবচনীয়যোগে দ্বিতীয়া—রামম্ অনু লক্ষ্মণো জাতঃ, জপমনুপ্রাবর্ষৎ।

ইত্থম্ভূতলক্ষণে—জটাভিঃ তাপসম্ অহম্ অপশ্যম্।

যেনাঙ্গবিকারঃ—ভিক্ষুকঃ পাদেন খঞ্জঃ।

রুচ্যর্থানাং প্রীয়মাণঃ—হরয়ে রোচতে। ইদং মহ্যং ন রোচতে।

স্পৃহেরীপ্সিতঃ—বালিকা পুষ্পেভ্যঃ স্পৃহয়তি।

নিবৃত্তৌ নির্বর্তনীয়াৎ—মশকায় ধূমঃ (তাদর্থ্যে অথবা ক্রিয়ার্থোপপদে ৪র্থী)।

সম্পদ্যমানাৎ ক্লৃপ্যাদেঃ—ভক্তিঃ জ্ঞানায় কল্পতে।

অনাদরে চতুর্থী—স ত্বাং তৃণায় ন মন্যতে।

তুমর্থাচ্চ ভাববচনাৎ—মুনিঃ যাগায় যাতি।

ক্রিয়ার্থোপপদস্য চ কর্মণি স্থানিনঃ—মুনিঃ ফলেভ্যঃ বনং যাতি।

তাদর্থ্যে চতুর্থী—কুণ্ডলায় হিরণ্যম্।

বারণার্থানামীপ্সিতঃ—ভৃত্যঃ অন্নেভ্যঃ কাকং বারয়তি।

ল্যব্লোপে পঞ্চমী—সঃ প্রাসাদাৎ পশ্যতি, স আসনাৎ পশ্যতি।

অপেক্ষার্থে, নিকৃষ্টাৎ একোৎকর্ষে, পঞ্চমী বিভক্তে—ধনাৎ বিদ্যা গরীয়সী।

কর্তৃকর্মণোঃ কৃতি—শিশোঃ শয়নম্, পয়সঃ পানম্ করোতি।

নিমিত্তাৎ হেতুপ্রয়োগে—কস্য হেতোঃ স আগতঃ।

কৃত্যানাং কর্তরি বা—ময়া মম বা চন্দ্রঃ দ্রষ্টব্যঃ।

তৃপ্ত্যর্থানাং বিভাষা—নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানাং কাষ্ঠৈঃ বা।

নির্ধারে ষষ্ঠী ও সপ্তমী—কবীনাং কবিষু বা কালিদাসঃ শ্রেষ্ঠঃ।

ভাবে সপ্তমী, যস্য চ ভাবেন ভাবলক্ষণম্—সূর্যে উদিতে পদ্মং প্রকাশতে।

অনাদরে ষষ্ঠী—রুদতঃ পুত্রস্য মাতা জগাম।

সপ্তমী—রুদতি-পুত্রে মাতা জগাম।

ক্তস্য চ বর্তমানে—বিদ্বান্ সর্বেষাং পূজিতঃ।

নিমিত্তে সপ্তমী অথবা নিমিত্তাৎ কর্মযোগে—কেশেষু চমরীং হন্তি।

অবচ্ছেদে সপ্তমী—কৃষ্ণা কেশেষু কৃষ্টা।

অধীগর্থদয়েশাং কর্মণি—পুত্রঃ মাতুঃ স্মরতি।

ক্রিয়াযোগে চতুর্থী—শিষ্যঃ গুরবে নিবেদয়তি।

৪। বৈকল্পিক বিভক্তি

ধনং বিনা সুখং নাস্তি—ধনেন বিনা সুখং নাস্তি, ধনাদ্বিনা সুখং নাস্তি।

ধনম্ ঋতে সুখং নাস্তি—ধনাৎ ঋতে সুখং নাস্তি।

গ্রামস্য দক্ষিণেন বনম্—গ্রামং দক্ষিণেন বনম্।

লোকাদধিকো হরিঃ—লোকে অধিকো হরিঃ।

অক্ষৈর্দীব্যতি—অক্ষান্ দীব্যতি। হর্ষেণ নৃত্যতি—হর্ষাৎ নৃত্যতি।

গ্রামং যাতি—গ্রামায় যাতি। নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানাম্—নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠৈঃ।

কবিষু কালিদাসঃ শ্রেষ্ঠঃ কবীনাং কালিদাসঃ শ্রেষ্ঠঃ।

স্তোকেন মুক্তঃ—স্তোকাৎ মুক্তঃ। তব তুল্যঃ বীরঃ কঃ—ত্বয়া তুল্যঃ বীরঃ কঃ।

ময়া গ্রামো গন্তব্যঃ—মম গ্রামো গন্তব্যঃ।

নাহং ত্বাং তৃণায় মন্যে—নাহং ত্বাং তৃণং মন্যে।

ধনেষু উৎসুকঃ—ধনৈঃ উৎসুকঃ।

বিবাদে সাক্ষী—বিবাদস্য সাক্ষী। পুত্রং ঘটং কারয়তি—পুত্রেণ ঘটং কারয়তি।

পুত্রঃ মাতুঃ স্মরতি—পুত্রঃ মাতরং স্মরতি।

অনুশীলনী

১। স্থূলাক্ষর পদসমূহে কি-জন্য কোন বিভক্তি?

বিদ্বান্ সর্বেষাং পূজিতঃ। মাতুঃ স্মরতি। আসনাৎ অবলোকয়তি। চর্মণি দ্বীপিনং হন্তি। গোষু কৃষ্ণা বহুক্ষীরা। শতেন পরিক্রীতঃ। পাপ-

কর্মণঃ বিরম। পশ্যতো **বকমূর্খস্য** নকুলৈর্ভক্ষিতাঃ সুতাঃ। সিংহ **পর্বত-কন্দরমধি**শেতে। নাগ্নিস্তৃপ্যতি **কাষ্ঠানাম্**। **মাত্রে** নিবেদয়তি। **গুরোঃ** শাস্ত্রমধীতে। মাতা **পুত্রং** চন্দ্রং দর্শয়তি। গোপঃ অজং **গ্রামং** নয়তি। **বাল্যাৎ** প্রভৃতি দরিদ্রঃ। **দেবদত্তায়** মোদকঃ রোচতে। **মূলকায়** ধূমঃ।

২। উদাহরণ দাও—অনাদরে চতুর্থী, কর্মে সপ্তমী, অবচ্ছেদে সপ্তমী, পঞ্চমী বিভক্তে, করণে চতুর্থী, বিবক্ষয়া ষষ্ঠী, সম্প্রদানে দ্বিতীয়া, অধিকরণে ষষ্ঠী।

৩। পার্থক্য নিরূপণ কর :—

বিবাদেন অলম্, বিবাদায় অলম্; বনে উপবসতি, বনমুপবসতি; মাস-মধীতে, মাসেনাধীতে; সতাং পূজিতঃ, সদ্ভিঃ পূজিতঃ। গ্রামাৎ পূর্বম্, গ্রামস্য পূর্বম্।

দ্বাদশ অধ্যায়

সমাস প্রকরণ

একার্থীভাবঃ সমাসঃ—দুই বা বহু পদের প্রত্যেকের পৃথক্ পৃথক্ অর্থ আছে। যথা রাজ্ঞঃ পুরুষঃ—এখানে রাজ্ঞঃ পদের একটি অর্থ আছে, পুরুষঃ পদের আর একটি অর্থ আছে। কিন্তু যখন রাজপুরুষঃ এইরূপ সমাসবদ্ধ হইল তখন রাজপুরুষঃ এই সমগ্রটির একটি পৃথক্ অর্থ হইল। এইরূপ **একার্থীভাবকে সমাস** বলে।

একপদীভাবঃ সমাসঃ—দুই বা বহুপদ মিলিত হইয়া একটি পদে পরিণত হইলে তাহাকে সমাস বলে। উক্তস্থলে রাজ্ঞঃ একটিপদ পুরুষঃ আর একটি পদ। দুইটি পদ মিলিত হইয়া রাজপুরুষঃ একটি পদে পরিণত হইল।

সমাস শব্দের অর্থ **সংক্ষেপ**। রাজ্ঞঃ পুরুষঃ এখানে দুইটি সুবন্ত পদ, উহাতে পৃথক বিভক্তি, পৃথক্ অর্থ। সমাস করিলে একটি পদ, একটি অর্থ ও একটি বিভক্তি হয়। সুতরাং সমাসে অনেক সংক্ষেপ হইল।

যাহাদের পরস্পর অর্থের সম্বন্ধ আছে তাহাদেরই সমাস হয়। পরস্পর অর্থসম্বন্ধ না থাকিলে সমাস হয় না। দুইটি বর্ণ যেরূপ সন্নিহিত হইলেই সন্ধি

হয়, সমাসে সেরূপ সন্নিহিত হইলেই সমাস হয় না। উহাদের পরস্পর অর্থের সম্বন্ধ থাকা চাই। তিষ্ঠতু দধি, আনয় দুগ্ধম্‌--এখানে 'দধি' এই পদের সহিত আনয় ইহার কোনও রূপ সম্বন্ধ না থাকিলেও তিষ্ঠতু দধ্যানয় দুগ্ধম্‌ এরূপ সন্ধিতে যণ হইতে বাধা নাই। কিন্তু ভাযা রাজ্ঞ:, পুরুষো দেবদত্তস্য—এ স্থলে রাজ্ঞঃ এবং পুরুষঃ সন্নিহিত হইলেও সমাস হইবে না। কারণ, রাজার সহিত পুরুষের কোনও সম্বন্ধ নাই। অথচ 'রাজভার্যা' সমাস হইতে বাধা নাই।

সমাস ও সন্ধির পার্থক্য—সন্ধিস্থলে দুইটি সন্নিহিত বর্ণের মিলন, সমাস স্থলে দুইটি পদের মিলন। সমাসে দুইটি পদ সন্নিহিত না হইলেও চলে, 'কৃষ্ণস্য বন্দে চরনৌ'—এস্থলে কৃষ্ণচরণৌ বন্দে এরূপ সমাস হইতে পারে।

সমাস করিলে পদগুলির বিভক্তি লোপ পায় এবং উহা প্রাতিপদিকে পরিণত হয়। তখন যোগ্য লিঙ্গ, বিভক্তি, বচন প্রভৃতি যুক্ত হয়। পূর্বপদের বিভক্তির লোপ না হইলে অলুক্ সমাস হয়। যথা—সরসিজম্‌।

[illegible] যে পদসমষ্টির দ্বারা সমাসের অর্থ প্রকাশ করা হয়, তাহাকে বিগ্রহ বাক্য বা ব্যাসবাক্য বলে। যথা—রাজপুরুষঃ সমাসবদ্ধ পদ বা সমস্ত পদ। উহার অর্থ বুঝান হয়—রাজ্ঞঃ পুরুষঃ এই পদসমষ্টি দ্বারা, উহাই বিগ্রহ বাক্য বা ব্যাস বাক্য।

ব্যাসবাক্যে পদগুলির বিভক্তি লোপ হয় না, পদগুলি ব্যবধানে প্রয়োগ করা যায়, পদগুলির পৌর্বাপর্যের কোনও নিয়ম নাই কিন্তু সমাস করিলে বিভক্তির লোপ হয়, পদগুলির অব্যবধানে প্রয়োগ হয়, পদগুলির পৌর্বাপর্য নিয়মিত।

সমাস কোথাও নিত্য আবার কোথাও ইচ্ছাধীন। কৃষ্ণসর্পঃ, দেশান্তরম্‌ ইত্যাদিস্থলে সমাস নিত্য ও রাজপুরুষঃ ইত্যাদি স্থলে সমাস ইচ্ছাধীন।

সমাস প্রধানতঃ চতুর্বিধ—অব্যয়ীভাব, তৎপুরুষ, দ্বন্দ্ব ও বহুব্রীহি।

১। পূর্বপদার্থপ্রধানঃ অব্যয়ীভাবঃ, প্রতিদিনম্‌, উপকূলম্‌ ইত্যাদি।

২। উত্তরপদার্থপ্রধানঃ তৎপুরুষঃ—নীলোৎপলম্‌, কৃষ্ণশ্রিতঃ ইত্যাদি। কর্মধারয় ও দ্বিগু তৎপুরুষের অন্তর্গত।

৩। উভয়পদার্থপ্রধানঃ দ্বন্দ্বঃ—রামলক্ষ্মণৌ, হরিহরৌ ইত্যাদি।

৪। অন্যপদার্থপ্রধানঃ বহুব্রীহিঃ—পীতাম্বরঃ, পুষ্পধন্বা ইত্যাদি।

মনে রাখিবে সমাসে সন্ধি নিত্য অর্থাৎ অবশ্যই করিতে হইবে। কোনও কোনও স্থানে সমাসান্ত প্রত্যয় সমাসের শেষে যুক্ত হয়।

অব্যয়ীভাব সমাস

অব্যয় পদ পূর্বে বসিয়া সুবন্ত পদের সহিত যে সমাস হয় তাহাকে অব্যয়ীভাব সমাস বলে। অব্যয়ীভাব সমাসনিষ্পন্ন শব্দ অব্যয় এবং ক্লীবলিঙ্গ। অব্যয়ীভাব শব্দের অর্থ হইতেই পাওয়া যায়, যাহা অব্যয় ছিল না, তাহা এখন অব্যয়ে পরিণত হইল। সাধারণতঃ অব্যয়ীভাব সমাসে পূর্বপদ অব্যয় এবং উহার অর্থেরই প্রাধান্য থাকে, এই জন্য বলা হয়—পূর্বপদার্থপ্রধানঃ অব্যয়ীভাবঃ। কিন্তু লোহিতগঙ্গম্, উন্মত্তগঙ্গম্, শাকপ্রতি প্রভৃতি অব্যয়ীভাব সমাসনিষ্পন্ন পদ, অথচ উহাতে পূর্ব পদের প্রাধান্য নাই। লোহিতগঙ্গম্, উন্মত্তগঙ্গম্ দেশবিশেষের নাম, শাকের লেশ এই অর্থে শাকপ্রতি অব্যয়ীভাব সমাস।

বনস্য সমীপে—উপবনম্, রূপস্য যোগ্যম্ অনুরূপম্ ইত্যাদি [illegible]মীপ্য, যোগ্যত্ব প্রভৃতি অর্থের বোধক উপ প্রভৃতি অব্যয়পদ পূর্বে বসিয়া সুবন্ত পদের সহিত সমাস হইয়াছে। অব্যয়ীভাব সমাসে অব্যয় পদ সাধারণতঃ পূর্বে বসে এবং স্ত্রীলিঙ্গ শব্দ শেষে থাকিলে উহার অন্ত্যস্বর হ্রস্ব হয়।

সামীপ্য; পশ্চাৎ, যোগ্যত্ব প্রভৃতি অর্থের বোধক উপ, অনু প্রভৃতি অব্যয়ের সহিত অব্যয়ীভাব সমাস হয়।

সামীপ্যে অর্থে—গৃহস্য সমীপে—উপগৃহম্, গঙ্গয়াঃ সমীপে—উপগঙ্গম্ (অন্ত্যস্বর হ্রস্ব), কূলস্য সমীপে—উপকূলম্, অক্ষ্ণোঃ সমীপে—সমক্ষম।

অভাব অর্থে—ভিক্ষায়াঃ অভাবঃ—দুর্ভিক্ষম্, বিঘ্নস্য অভাবঃ—নির্বিঘ্নম্।

পশ্চাৎ অর্থে—রথস্য পশ্চাৎ—অনুরথম্, বনস্য পশ্চাৎ—অনুবনম্।

যোগ্য অর্থে—রূপস্য যোগ্যম্—অনুরূপম্।

বীপ্সা অর্থে—দিনং দিনং—প্রতিদিনম্, অহনি অহনি—প্রত্যহম্।

অনতিক্রম অর্থে—শক্তিমনতিক্রম্য—যথাশক্তি, বিধিমনতিক্রম্য—যথাবিধি।

মর্যাদা ও অভিবিধি অর্থে—মুক্তেঃ আ—আমুক্তি, বাল্যাৎ আ—আবাল্যম্।

গিরেঃ সমীপে—উপগিরম্, উপগিরি। আত্মানমধিকৃত্য—অধ্যাত্মম্।

অক্ষোঃ সমীপে—সমক্ষম্, অক্ষোঃ পরম্—পরোক্ষম্, অক্ষোঃ সমীপে প্রত্যক্ষম্। প্রতি, পর, সম্ ও অনু শব্দেব সহিত অক্ষি শব্দের সমাস হইলে সমাসান্ত টচ্ প্রত্যয় হয়। টচ্ এর অ থাকে। সেই জন্য অক্ষি—অক্ষ হইয়াছে। রাজ্ঞঃ সমীপে—উপরাজম্—সমাসান্ত টচ্ প্রত্যয় হইয়াছে।

তৎপুরুষ সমাস

যে সমাসে উত্তরপদের (পববর্তী পদের) অর্থ প্রধান তাহাকে তৎপুরুষ সমাস বলে। রাজ্ঞঃ পুরুষঃ রাজপুরুষঃ গচ্ছতি। এখানে গমন ক্রিয়ার সহিত সম্বন্ধ পুরুষের, রাজার নহে, এইজন্য পরপদ পুরুষই প্রধান। সুতরাং ইহা তৎপুরুষ সমাস। তৎপুরুষ সমাসে পরপদে যে লিঙ্গ হইবে সমস্ত পদের সেই লিঙ্গ হইবে।

তৎপুরুষ সমাসে উত্তরপদে সর্বত্র প্রথমা বিভক্তি হইবে। পূর্বপদে দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী যে বিভক্তি থাকে সেই অনুসারে দ্বিতীয়া তৎ[illegible]ীয়া তৎপুরুষ প্রভৃতি নাম হয়।

দ্বিতীয়া তৎপুরুষ—দ্বিতীয়ান্ত পদ পূর্বে এবং প্রথমান্ত পদ শেষে থাকে। কৃষ্ণং শ্রিতঃ কৃষ্ণশ্রিতঃ, গ্রামং গতঃ গ্রামগতঃ, মুহূর্তং সুখম্ মুহূর্তসুখম্, শরণম্ আপন্নঃ শরণাপন্নঃ, জীবিকাং প্রাপ্তঃ জীবিকাপ্রাপ্তঃ, প্রাপ্তজীবিকঃ।

তৃতীয়া তৎপুরুষ—তৃতীয়ান্ত পদ পূর্বে ও প্রথমান্ত পদ পরে থাকে। ব্যাঘ্রেণ হতঃ ব্যাঘ্রহতঃ, বিদ্যয়া হীনঃ বিদ্যাহীনঃ, পিত্রা তুল্যঃ পিতৃতুল্যঃ,।

চতুর্থী তৎপুরুষ—চতুর্থী বিভক্তিযুক্ত পদ পূর্বে এবং প্রথমান্ত পদ পরে থাকে। যূপায় দারু যূপদারু, ভূতায় বলিঃ ভূতবলিঃ, পানায় ইদম্ পানার্থম্; পানায় অয়ম্ পানার্থঃ, পানায় ইয়ম্ পানার্থা,—অর্থ শব্দের সহিত নিত্যসমাস।

পঞ্চমী তৎপুরুষ—ইহাতে পঞ্চম্যন্ত পদ পূর্বে ও প্রথমান্ত পদ পরে থাকে। ব্যাঘ্রাৎ ভয়ম্ ব্যাঘ্রভয়ম্, ব্যাঘ্রাৎ ভীতঃ ব্যাঘ্রভীতঃ, সুখাৎ অপেতঃ সুখাপেতঃ, স্বর্গাৎ পতিতঃ স্বর্গপতিতঃ, স্তোকাৎ মুক্তঃ স্তোকান্মুক্তঃ (অলুক্ সমাস)।

ষষ্ঠী তৎপুরুষ সমাস—ইহাতে ষষ্ঠ্যন্ত পদ পূর্বে ও প্রথমান্ত পদ পরে থাকে। রাজ্ঞঃ পুরুষঃ রাজপুরুষঃ, বৃক্ষস্য শাখা বৃক্ষশাখা, রাজ্ঞঃ পুত্রঃ রাজপুত্রঃ।

কয়েকটি ক্ষেত্রে ষষ্ঠী তৎপুরুষ সমাস হয় না—

১। নির্ধারণ ষষ্ঠীর সমাস হয় না—কবীনাং শ্রেষ্ঠঃ, গবাং কৃষ্ণা ইত্যাদি।

২। পূরণবাচক শব্দের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না—পুত্রাণাং দ্বিতীয়ঃ।

৩। গুণবাচক শব্দের সহিত ষষ্ঠ্যন্তপদের সমাস হয় না—বলাকায়াঃ শৌক্ল্যম্, আকাশস্য নীলিমা।

কিন্তু বুদ্ধেঃ গৌরবম্ বুদ্ধিগৌরবম্ এইরূপ বুদ্ধিমান্দ্যম্, রচনাকৌশলম্ প্রভৃতি গুণবাচক শব্দের সহিত সমাস দেখা যায়, কারণ গুণবাচক শব্দের সহিত ষষ্ঠীসমাসের নিষেধ নিত্য নহে।

৪। তৃপ্তি অর্থে করণে ষষ্ঠীর সহিত সমাস হয় না—কাষ্ঠানাং তৃপ্তঃ, অপাং তৃপ্তঃ।

৫। বর্তমানকালে বিহিত ক্ত প্রত্যয়ান্ত শব্দের যোগে, কর্তায় যে ষষ্ঠী হয় উহার সমাস হয় না—সতাং পূজিতঃ, বিদুষাং মতঃ।

কিন্তু রাজপূজিতঃ শব্দ রাজ্ঞা পূজিতঃ এইরূপ অতীতকালে [illegible] ান্ত শব্দের সহিত অনুক্ত কর্তার, তৃতীয়া তৎপুরুষ সমাস।

ষষ্ঠী তৎপুরুষ সমাসে লক্ষণীয়—

কৃষ্ণস্য সখা—কৃষ্ণসখঃ, দেবানাং রাজা দেবরাজঃ।

রাজন্ ও সখি শব্দ, শেষ পদ হইলে তৎপুরুষ সমাসে সমাসান্ত টচ্ হয়।

রাজ্ঞঃ পন্থাঃ রাজপথঃ (তৎপুরুষ সমাসে পথিন্ শব্দের উত্তর অ হয়), ইক্ষূণাং ছায়া ইক্ষুচ্ছায়ম্ (বহুর ছায়া বুঝাইলে ষষ্ঠী তৎপুরুষ সমাসে ছায়া শব্দ ক্লীবলিঙ্গ হয়)। কিন্তু ইক্ষোঃ ছায়া ইক্ষুচ্ছায়া। গবাং শালা—গোশালা, গোশালম্।

স্ত্রীণাং সভা—স্ত্রীসভম্ (স্ত্রীসমূহ অর্থে), স্ত্রীসভা (স্ত্রীলোকের সভাগৃহ) মৃগ্যাঃ পদম্—মৃগপদম্, ছাগ্যাঃ দুগ্ধম্ ছাগদুগ্ধম্, মৃগ্যাঃ ক্ষীরম্ মৃগক্ষীরম্, কাল্যাঃ দাসঃ কালিদাসঃ, কিন্তু চণ্ড্যাঃ দাসঃ চণ্ডীদাসঃ।

দন্তানাং রাজা রাজদন্তঃ, হংসানাং রাজা রাজহংসঃ ইত্যাদি স্থলে ষষ্ঠ্যন্ত পদ পরে বসিয়াছে।

সপ্তমী তৎপুরুষ সমাস—ইহাতে সপ্তম্যন্ত পদ পূর্বে বসে এবং প্রথমান্ত পদ পরে বসে। দানে শৌণ্ডঃ দানশৌণ্ডঃ, শাস্ত্রে নিপুণঃ শাস্ত্রনিপুণঃ, মাসে দেয়ম্ মাসদেয়ম্, পূর্বাহ্নে কৃতম্ পূর্বাহ্নকৃতম্।

ইহা ছাড়াও অনেকপ্রকার তৎপুরুষ সমাস আছে—**একদেশী তৎপুরুষ**—একদেশ শব্দের অর্থ অংশ বা অবয়ব, একদেশ আছে যাহার সে একদেশী অর্থাৎ অবয়বী বা সমগ্র। সমগ্রের সহিত অংশবিশেষের সমাস একদেশী সমাস। এই সমাসে ষষ্ঠ্যন্ত পদ পরে বসে এবং প্রথমান্ত পদ পূর্বে বসে।

পূর্বং কায়স্য পূর্বকায়ঃ, অহ্নঃ পূর্বম্ পূর্বাহ্নঃ, অহ্নঃ মধ্যম্ মধ্যাহ্নঃ, অর্ধং গ্রামস্য অর্ধগ্রামঃ (গ্রামের সমান অর্ধেক)। অর্ধশব্দের অংশমাত্র অর্থ হইলে অর্ধঃ গ্রামস্য গ্রামার্ধঃ। পূর্বাহ্নঃ দিনের পূর্বভাগ, কিন্তু পূর্বম্ অহঃ পূর্বাহঃ আগের দিন (কর্মধারয় সমাস)।

নঞ্ তৎপুরুষ সমাস—সুবন্ত পদের সহিত নঞ্ এই অব্যয়ের সমাস নঞ্ তৎপুরুষ সমাস। ইহাতে নঞর্থ পূর্বে বসে। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে নঞ্ এর স্থানে অ হয় এবং স্বরবর্ণ পরে থাকিলে নঞ্ এর স্থানে অন্ হয়।

ন সিদ্ধঃ অসিদ্ধঃ, ন আদিঃ অনাদিঃ, ন ইষ্টম্ অনিষ্টম্, ন বিঘ্নঃ অবিঘ্নঃ, কিন্তু বি[illegible]ঃ অবিঘ্নম্ (অব্যয়ীভাব সমাস অভাবার্থে)। ন ভিন্নঃ নভিন্নঃ, ন সংহতঃ নসংহতঃ (সুপ্ সুপা সমাস)।

নঞ্ এর ছয়টি অর্থ—তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা।
অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্তিতাঃ॥

সাদৃশ্যার্থে—ন ব্রাহ্মণঃ অব্রাহ্মণঃ (ব্রাহ্মণ সদৃশ ক্ষত্রিয়াদি), অভাবার্থে—ন সুখম্ অসুখম্ (সুখের অভাব), অন্যত্ব অর্থে—ন অশ্বঃ অনশ্বঃ (অশ্বভিন্ন গর্দভাদি), অল্পত্ব অর্থে—ন কেশী অকেশী (অল্পকেশী), অপ্রশস্ত অর্থে—ন কালঃ অকালঃ (অপ্রশস্ত কাল), বিরোধ অর্থে—ন সুরঃ অসুরঃ (সুরবিরোধী)।

ন রাজা অরাজা (সমাসান্ত টচ্ হইবে না) এইরূপ ন সখা অসখা।

উপপদ তৎপুরুষ সমাস—পরস্থিত কৃদন্ত শব্দের সহিত, সুবন্ত উপপদের সমাসকে উপপদ তৎপুরুষ সমাস বলে। কৃদন্ত শব্দের সহিত বিভক্তিযুক্ত না করিয়াই এই সমাস হয়। কুম্ভং করোতি (যঃ সঃ) কুম্ভকারঃ, কুম্ভম্ এর সহিত কার এই কৃদন্ত শব্দের সমাস। সত্যং বদতি সত্যবাদী, পঙ্কে জায়তে পঙ্কজম্, ধর্মং জানাতি ধর্মজ্ঞঃ, এইরূপ সরোজম্, জলচরঃ, অগ্রসরঃ ইত্যাদি।

কু-গতি-প্রাদি তৎপুরুষ সমাস—কুৎসিত অর্থে কুশব্দের সহিত সমাস কুতৎপুরুষ সমাস, কুৎসিতঃ পুরুষঃ কুপুরুষঃ (বিকল্পে কিম্পুরুষঃ, কাপুরুষঃ)

কুৎসিতম্ অন্নম্ কদন্নম্, কুৎসিতঃ অশ্বঃ কদশ্বঃ, ঈষৎ উষ্ণম্—কদুষ্ণম্, কোষ্ণম্, কবোষ্ণম্। কুৎসিতঃ পন্থাঃ কাপথম্, কুৎসিতঃ রাজা কিংরাজা (সমাসান্ত টচ্ হয় নাই)। এইরূপ কুৎসিতঃ সখা কিংসখা।

গতি তৎপুরুষ সমাস—প্র, পরা প্রভৃতি কুড়িটি, অলং প্রভৃতি অব্যয় ও চ্বি, ডাচ্ প্রভৃতি প্রত্যয়ান্ত শব্দ, ধাতুর সহিত যুক্ত হইলে গতি সংজ্ঞা লাভ করে। ধাতুর সহিত গতির সমাসকে গতি তৎপুরুষ সমাস বা গতিসমাস বলে। প্রবিশ্য, স্বীকৃত্য, অলঙ্কৃত্য, সংকৃত্য, নমস্কৃত্য; এই সমস্ত উদাহরণে সমাস হইয়াছে বলিয়াই ক্ত্বাচ্ না হইয়া ল্যপ্ প্রত্যয় হইয়াছে।

প্রাদি সমাস—প্র প্রভৃতি নিপাতের সহিত সুবন্ত পদের সমাসকে প্রাদিতৎপুরুষ সমাস বা প্রাদিসমাস বলে। প্রকৃষ্টঃ ভাবঃ প্রভাবঃ, শোভনঃ পুরুষঃ সুপুরুষঃ, মালামতিক্রান্তঃ অতিমালঃ, উৎক্রান্তঃ বেলাম্ উদ্বেলঃ, মুখম্ অভিগতম্ অভিমুখম্, নির্গতঃ কৌশাম্ব্যাঃ নিষ্কৌশাম্বিঃ, ঈষৎ মধুরঃ আমধুরঃ।

তৎপুরুষ সমাসের নিম্নলিখিত রূপগুলি লক্ষ্য করিবে—

পুরুষস্য আয়ুঃ পুরুষায়ুষম্, বৃহতাং পতিঃ বৃহস্পতিঃ, অন্যস্য অর্থঃ অন্যার্থঃ, অন্যদর্থঃ, শতাৎ পরম্ পরঃশতম্, সহস্রাৎ পরে পরঃসহস্রাঃ, গোঃ পদম্ গোষ্পদম্, ত্রয়াণাং পন্থাঃ ত্রিপথম্, রাজ্ঞঃ সভা রাজসভা, নৃপতেঃ সভা নৃপতিসভা, রক্ষসাং সভা রক্ষঃসভম্, স্ত্রীণাং সভা স্ত্রীসভম্ (স্ত্রীসমূহ), স্ত্রীণাং সভা স্ত্রীসভা (স্ত্রীসভা গৃহ), পথাং রাজা রাজপথঃ, ঋণে উত্তমঃ উত্তমর্ণঃ, আ চর্যম্ আশ্চর্যম্ (অদ্ভুতম্), আচর্যম্ (আচরণীয়ম্)।

তৎপুরুষ ও কর্মধারয় সমাসে রাজন্, সখি ও অহন্ শব্দ শেষে থাকিলে সমাসান্ত টচ্ হয়, উহার অ থাকে এবং শব্দটি অকারান্ত হয়, রূপ নর শব্দবৎ—দেবানাং রাজা দেবরাজঃ, রাজ্ঞঃ সখা রাজসখঃ।

ঋক্, পুর, অপ্, ধূঃ, পথিন্ শব্দ তৎপুরুষ সমাসে পর পদ হইলে সমাসান্ত অ হয়—পথাং রাজা রাজপথঃ।

কর্মধারয় সমাস

বিশেষণং বিশেষ্যেণ বহুলম্—

বিশেষ্য পদের সহিত বিশেষণ পদের সমাসকে কর্মধারয় সমাস বলে। **তৎপুরুষঃ সমানাধিকরণঃ কর্মধারয়ঃ**—যে তৎপুরুষ সমাসে সমস্যমান পদদ্বয়

একই পদার্থকে বুঝায় সুতরাং সমান বিভক্ত্যন্ত তাহাকে কর্মধারয় সমাস বলে। যথা—নীলম্ উৎপলম্—নীলোৎপলম্ (বাংলায় যেই নীল সেই উৎপল), নবঃ পল্লবঃ—নবপল্লবঃ, সর্বে লোকাঃ—সর্বলোকাঃ।

কর্মধারয় সমাসে সাধারণতঃ বিশেষণ পদ পূর্বে বসে—নীলোৎপলম্। মহৎ শব্দ বিশেষণ হইলে মহৎ ও মহতী স্থানে মহা হয়—মহান্ পুরুষঃ—মহাপুরুষঃ, মহতী দেবী—মহাদেবী।

স্ত্রীলিঙ্গ পূর্বপদ হইলে এবং উহার পুংলিঙ্গ রূপ থাকিলে পুংলিঙ্গ হয়—সুন্দরী ভাযা—সুন্দরভার্যা। কৃষ্ণা চতুর্দশী—কৃষ্ণচতুর্দশী। বিদুষী ভার্যা—বিদ্বদ্ভার্যা। ব্রাহ্মণী ভাযা—ব্রাহ্মণভার্যা। পাচিকা স্ত্রী—পাচকস্ত্রী।

পূর্বকাল ও উত্তরকাল বুঝাইলে ক্ত প্রত্যয়ান্ত পদদ্বয়ের সমাস হয়—আদৌ সুপ্তঃ, পশ্চাৎ উত্থিতঃ, সুপ্তোত্থিতঃ, স্নাতানুলিপ্তঃ, দত্তাপহৃতঃ। লক্ষ্য করিবে এখানে দুইটি পদই বিশেষণ।

রাজন্, অহন্ ও সখি শব্দের সহিত কর্মধারয় সমাসে সমাসান্ত টচ্ হয়, [illegible]ং শব্দটি অকারান্ত হয়, রূপ হয় পুংলিঙ্গে নর শব্দবৎ। মহান্ রাজা—মহারাজঃ, প্রিয়ঃ সখা—প্রিয়সখঃ, পূর্বম্ অহঃ—পূর্বাহ্ণঃ। কিন্তু সুরাজা, কিংরাজা, কিংসখা প্রভৃতি স্থানে সমাসান্ত হয় না। সংজ্ঞা বুঝাইলে সংখ্যাবাচক শব্দের সহিত কর্মধারয় সমাস হয়—সপ্ত ঋষয়ঃ সপ্তর্ষয়ঃ।

কৃষ্ণসর্পঃ, অবিগ্রহ নিত্যসমাস—এখানে বিগ্রহবাক্য নাই। অন্যঃ রাজা — রাজান্তরম্, অন্যঃ দেশঃ—দেশান্তরম্, অন্যৎ বনম্—বনান্তরম্—এগুলি অস্বপদ বিগ্রহ নিত্যসমাস, এখানে সমাস ঘটক পদগুলির সহিত সমাস হয় না।

কর্মধারয়ের ভেদ

রূপক, উপমান ও উপমিত সমাস

যাহার সহিত উপমা বা সাদৃশ্য বর্ণনা করা হয় তাহা **উপমান**। যাহার উপমা দেওয়া হয় তাহা **উপমেয়**। যে কারণে উপমান ও উপমেয়ের সাদৃশ্য, তাহা **সামান্য ধর্ম** বা উভয়সাধারণ ধর্ম। যথা—চাঁদের ন্যায় উজ্জ্বল মুখ—এখানে চাঁদ উপমান, মুখ উপমেয় এবং উজ্জ্বলতা উভয়সাধারণ ধর্ম।

রূপক—উপমান ও উপমেয়ের অভেদ কল্পনা করিয়া যে সমাস হয় তাহাকে রূপক সমাস বা রূপক কর্মধারয় সমাস বলে। মুখমেব চন্দ্রঃ—মুখচন্দ্রঃ,

বিদ্যা এব ধনম্—বিদ্যাধনম্, শোক এব অগ্নিঃ—শোকাগ্নিঃ, দুঃখমেব সাগরঃ—দুঃখসাগরঃ।

উপমান কর্মধারয় সমাস—উপমান পদের সহিত সামান্যধর্ম-বোধক পদের সমাস উপমান সমাস (উপমানানি সামান্যবচনৈঃ), ঘনঃ ইব শ্যামঃ—ঘনশ্যামঃ, অনলঃ ইবঃ উজ্জ্বলঃ—অনলোজ্জ্বলঃ, শৈলঃ ইব উন্নতঃ—শৈলোন্নতঃ, নবনীতঃ ইব কোমলঃ—নবনীতকোমলঃ, শঙ্খঃ ইব ধবলঃ—শঙ্খধবলঃ, মৃগী ইব চপলা—মৃগচপলা।

উপমিত কর্মধারয় সমাস—সামান্য ধর্ম উহ্য থাকিলে উপমান ও উপমেয়ের মধ্যে যে সমাস হয় তাহাকে উপমিত সমাস বলে। পুরুষঃ ব্যাঘ্রঃ ইব—পুরুষব্যাঘ্রঃ, নরঃ শার্দূল ইব—নরশার্দূলঃ, মুখং চন্দ্র ইব—মুখচন্দ্রঃ, পুমান্ গৌঃ ইব—পুঙ্গবঃ, পাণিঃ পল্লবঃ ইব - পাণিপল্লবঃ। কিন্তু পুরুষঃ ব্যাঘ্র ইব শূরঃ, মুখং চন্দ্র ইব রম্যম্ ইত্যাদি স্থলে উপমিত সমাস হইবে না। কারণ সাধারণ ধর্ম উহ্য নাই।

উপমিত সমাসে উপমেয়ের অর্থের প্রাধান্য থাকে। রূপক সমাসে উপমানের অর্থের প্রাধান্য থাকে। যথা—মুখচন্দ্র উদেতি এই বাক্যে উদয়, উপমান চন্দ্রের সহিত অন্বিত, সুতরাং উপমানের অর্থের প্রাধান্য আছে বলিয়া রূপক সমাস। কিন্তু শিশোঃ মুখচন্দ্রং চুম্বতি এখানে চুম্বন উপমেয় মুখের সহিত অন্বিত ; সুতরাং ইহাতে উপমেয়ের অর্থের প্রাধান্য আছে বলিয়া উপমিত সমাস। মুখচন্দ্রঃ শোভতে এখানে মুখচন্দ্রঃ রূপক ও উপমিত দুইই হইতে পারে।

মধ্যপদলোপী কর্মধারয় সমাস

কর্মধারয় সমাসে পূর্বপদের শেষের অংশ লোপ পাইলে তাহাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। ইহাকে শাকপার্থিবাদিবৎ সমাস বলা হয়।

শাকপ্রিয়ঃ পার্থিবঃ—শাকপার্থিবঃ, সিংহচিহ্নিতমাসনম্—সিংহাসনম্, ছায়াপ্রধানঃ তরুঃ—ছায়াতরুঃ, দেবপ্রিয়ঃ ব্রাহ্মণঃ—দেবব্রাহ্মণঃ, বিন্ধ্যনামা গিরিঃ—বিন্ধ্যগিরিঃ, তিলমিশ্রিতঃ তণ্ডুলঃ—তিলতণ্ডুলঃ, ধর্মজনকম্ অরণ্যম্—ধর্মারণ্যম্, সুবর্ণনির্মিতঃ অলঙ্কারঃ—সুবর্ণালঙ্কারঃ, রত্ননির্মিতম্ আসনম্—রত্নাসনম্।

দ্বিগুসমাস

সংখ্যাবাচক শব্দের সহিত যে কর্মধারয় সমাস তাহাকে দ্বিগুসমাস বলে—'সংখ্যা পূর্বো দ্বিগুঃ'। দ্বিগুসমাসে সংখ্যাবাচক শব্দ পূর্বে থাকে। তৎপুরুষ সমাসের একটি বিশেষপ্রকার কর্মধারয় সমাস; আবার কর্মধারয় সমাসের একটি বিশেষ প্রকার দ্বিগু। কর্মধারয় ও দ্বিগু সমাসেও উত্তর পদের প্রাধান্য আছে। সেইজন্য ইহারা তৎপুরুষ সমাসের অন্তর্গত।

তদ্ধিতার্থের বিষয়ে, উত্তরপদ পরে থাকিলে ও সমাহার অর্থে দ্বিগুসমাস হয়।

তদ্ধিতার্থের বিষয়ে যথা—পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ, দ্বাভ্যাং গোভ্যাং ক্রীতঃ দ্বিগুঃ, ষণ্ণাং মাতৃণামপত্যং পুমান্ ষাণ্মাতুরঃ, পূর্বস্যাং শালায়াং ভবঃ পৌর্বশালঃ।

উত্তরপদ পরে থাকিলে—পঞ্চ গাবঃ ধনং যস্য সঃ পঞ্চগবধনঃ, পূর্বা গৌঃ প্রিয়ঃ যস্য সঃ পূর্বগবপ্রিয়ঃ, ত্রয়াণাং লোকানাং নাথঃ ত্রিলোকনাথঃ।

[illegible] অর্থে—ত্রয়াণাং লোকানাং সমাহারঃ ত্রিলোকী, চতুর্ণাং পদানাং সমাহার চতুষ্পদী, এইরূপ পঞ্চবটী, সপ্তশতী। সমাহার দ্বিগুসমাসে উত্তরপদ অকারান্ত হইলে অনেকস্থানে স্ত্রীলিঙ্গে ঈকার যুক্ত হয়। অনেকস্থানে সমাহার দ্বিগুনিষ্পন্নপদ ক্লীবলিঙ্গ একবচন—ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ ত্রিভুবনম্, এইরূপ চতুর্যুগম্, চতুষ্পথম্, পঞ্চগবম্, পঞ্চরাজম্, পঞ্চরাজী, চতুর্দিশম্। কোনও কোনও স্থানে পুংলিঙ্গও হয়, যথা—দ্বয়োরহ্নোঃ সমাহারঃ দ্ব্যহঃ, এইরূপ ত্র্যহঃ, দশাহঃ, সপ্তাহঃ।

দ্বন্দ্বসমাস

যে সমাসে সমস্যমান প্রত্যেকটি পদের অর্থ প্রধানরূপে প্রতীত হয় তাহাকে দ্বন্দ্বসমাস বলে। উভয়পদার্থপ্রধানঃ দ্বন্দ্বঃ। চকারের ইতরেতরযোগ ও সমাহার অর্থে দ্বন্দ্বসমাস হয়। দ্বন্দ্বসমাস দুই বা বহুপদের মধ্যে হইতে পারে।

দ্বন্দ্বসমাসে সমস্তপদের লিঙ্গ হইবে পরপদের লিঙ্গের অনুরূপ। বচন নিরূপণ করিতে হইবে সমস্যমান পদার্থের সমষ্টিকে অবলম্বন করিয়া। ময়ূরী চ কুক্কুটশ্চ ময়ূরীকুক্কুটৌ এতৌ। কুক্কুটশ্চ ময়ূরী চ কুক্কুটময়ূর্যৌ এতে। আপশ্চ তেজশ্চ অপ্‌তেজসী, জায়া চ পতিশ্চ জায়াপতী, দম্পতী, জম্পতী।

রামশ্চ লক্ষ্মণশ্চ রামলক্ষ্মণৌ, বৃক্ষশ্চ লতা চ বৃক্ষলতে, মাতা চ পিতা চ মাতাপিতরৌ, মাতরপিতরৌ, পিতা চ পুত্রশ্চ পিতাপুত্রৌ, সূর্যশ্চ চন্দ্রমাশ্চ সূর্যাচন্দ্রমসৌ, দ্যৌশ্চ পৃথিবী চ দ্যাবাপৃথিব্যৌ, দিবস্পৃথিব্যৌ, মিত্রশ্চ বরুণশ্চ মিত্রাবরুণৌ, দ্যৌশ্চ ভূমিশ্চ দ্যাবাভূমী, অর্থশ্চ ধর্মশ্চ অর্থধর্মৌ, ধর্মার্থৌ, হরশ্চ হরিশ্চ হরিহরৌ।

সমাহার দ্বন্দ্ব—দুই বা বহুপদার্থের সমাহার অর্থাৎ সমষ্টি বুঝাইলে সমাহার দ্বন্দ্ব সমাস হয়। সমাহার দ্বন্দ্বনিষ্পন্ন শব্দ সর্বদা ক্লীবলিঙ্গ ও একবচন। প্রাণীর অঙ্গ, বাদ্যযন্ত্রের অঙ্গ ও সেনার অঙ্গ বুঝাইলে সমাহার দ্বন্দ্বসমাস হয়।

প্রাণীর অঙ্গ—পাণী চ পাদৌ চ পাণিপাদম্, করৌ চ চরণৌ চ করচরণম্, এইরূপ কর্ণনাসিকম্, হস্তপাদম্।

বাদ্যযন্ত্র—ভেরী চ পটহশ্চ ভেরীপটহম্, সেনাঙ্গ—ধনূংষি চ শরাশ্চ ধনুঃশরম্, রথিকাশ্চ অশ্বারোহাশ্চ রথিকাশ্বারোহম্।

যে সমস্ত প্রাণীর চিরন্তন বিরোধ আছে তাহাদের সমাহার দ্বন্দ্বসমাস হয়। কাকাশ্চ উলূকাশ্চ কাকোলূকম্, অহয়শ্চ নকুলাশ্চ অহিনকুলম্, মার্জারাশ্চ মূষিকাশ্চ মার্জারমূষিকম্।

ভিন্নলিঙ্গ নদীবাচক শব্দের সমাহার দ্বন্দ্বসমাস হয়—গঙ্গা চ শোনশ্চ গঙ্গাশোণম্ কিন্তু গঙ্গা চ যমুনা চ গঙ্গাযমুনে।

দ্বন্দ্ব সমাসের কয়েকটি বিশিষ্ট পদ—

বাক্ চ মনশ্চ বাঙ্মনসে, ঋক্ চ সাম চ ঋক্সামে, স্ত্রী চ পুমান্ চ স্ত্রীপুংসৌ, নক্তং চ দিবা চ নক্তন্দিবম্, অহশ্চ রাত্রিশ্চ অহোরাত্রঃ, অহনি চ দিবা চ অহর্দিবম্, ঋক্ চ যজুশ্চ ঋগ্‌যজুষম্, রাত্রৌ চ দিবা চ রাত্রিন্দিবম্।

একশেষ

একশেষ সমাস নহে। ইহা একটি বিশেষ বৃত্তি। দ্বন্দ্বসমাসের ন্যায় চকারযুক্ত ব্যাসবাক্য করা হয় বলিয়া দ্বন্দ্ব সমাসের পর ইহার উল্লেখ করা হইল।

একশেষ নাম হইতেই বুঝা যায় একটিমাত্র শব্দ অবশিষ্ট থাকে।

একই বিভক্ত্যন্ত একাধিক সমান আকৃতিবিশিষ্ট শব্দের মধ্যে একটিমাত্র অবশিষ্ট থাকিলে উহাকে একশেষ বৃত্তি বলে। দুইটি একবচনান্ত পদের একটি অবশিষ্ট থাকিলে একশেষনিষ্পন্ন শব্দ দ্বিবচন ও বহুপদের একটি অবশিষ্ট

থাকিলে শব্দটি বহুবচন হইবে—রামশ্চ রামশ্চ রামৌ। নরশ্চ নরশ্চ নরশ্চ নরাঃ। রাজা চ রাজা চ রাজানৌ, শিরশ্চ শিরশ্চ শিরশ্চ শিরাংসি। মাতা চ পিতা চ পিতরৌ, ব্রাহ্মণশ্চ ব্রাহ্মণী চ ব্রাহ্মণৌ, ভ্রাতা চ স্বসা চ ভ্রাতরৌ। **পুমান্ স্ত্রিয়া** পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের একশেষ হইলে শব্দটি পুংলিঙ্গ হয়। শুক্লশ্চ শুক্লা চ শুক্লং চ শুক্লানি, সা চ স চ তৎ চ তানি, ক্লীবলিঙ্গের সহিত একশেষ হইলে ক্লীবলিঙ্গ অবশিষ্ট থাকে। **নপুংসকম্ অনপুংসকেন।**

একশেষ যদি সমাস হইত তবে সমস্যমান পদসমূহ থাকিত এবং সমাসান্ত প্রত্যয়যুক্ত হইয়া **পন্থানৌ পন্থানঃ রাজানৌ রাজানঃ না হইয়া পথৌ, রাজাঃ** হইত।

দ্বন্দ্ব ও একশেষের পার্থক্য—একশেষে পদগুলির আকৃতি ও অর্থ এক হইবে, দ্বন্দ্বে আকৃতি ও অর্থ পৃথক্ হইবে। একশেষে একটিমাত্র পদ থাকে কিন্তু দ্বন্দ্বে [illegible] শব্দ থাকে। একশেষে সমাহার নাই, দ্বন্দ্বে সমাহার আছে। এক[illegible]নান্ত হয় না। সমাহার দ্বন্দ্ব একবচনান্ত।

বহুব্রীহি সমাস

অন্যপদার্থপ্রধানঃ বহুব্রীহিঃ—যে সমাসে সমস্যমান পদসমূহের অর্থ প্রধানরূপে প্রতীত না হইয়া অন্য পদার্থকে বুঝায় তাহাকে বহুব্রীহি সমাস বলে। যথা—পীতম্ অম্বরং যস্য সঃ পীতাম্বরঃ (শ্রীকৃষ্ণঃ)। এখানে পীতাম্বর শব্দ পীত বা অম্বর (বস্ত্র) কিছুই না বুঝাইয়া পীতবস্ত্রধারী শ্রীকৃষ্ণকে বুঝায়। এইরূপ বহবঃ ব্রীহয়ঃ (ধান) যস্য সঃ বহুব্রীহিঃ (পুরুষঃ), বহু বা ব্রীহি না বুঝাইয়া যে লোকটির বহু ধান আছে তাহাকে বহুব্রীহি পুরুষ বলে।

বহুব্রীহি সমাসনিষ্পন্ন শব্দ বিশেষণ, সুতরাং বিশেষ্যের অনুরূপ বিভক্তি, বচন ও লিঙ্গ হইবে। বহবঃ মৎস্যাঃ যস্মিন্ (সরসি) তৎ বহুমৎস্যং সরঃ। স্বচ্ছং জলং যস্যাঃ (নদ্যাঃ) সা স্বচ্ছজলা (নদী), স্বচ্ছসলিলঃ হ্রদঃ।

বহুব্রীহি সমাসে দুইটি স্ত্রীলিঙ্গ শব্দ থাকিলে পূর্বপদটি প্রায়ই পুংলিঙ্গ হয়—সুন্দরী বুদ্ধিঃ যস্য সঃ সুন্দরবুদ্ধিঃ (ইহার রূপ মুনি শব্দবৎ)।

বহুব্রীহি সমাসে সহ শব্দস্থানে স হয় বিকল্পে—পুত্রেণ সহ বিদ্যমানঃ সপুত্রঃ বা সহপুত্রঃ। সহশব্দের সঙ্গে সমাসবদ্ধ শব্দ ক্রিয়ার বিশেষণ হইলে ব্যাসবাক্যে

যথা তথা বা যথা স্যাৎ তথা দেওয়া হয়। সানন্দং ব্রজতি এখানে আনন্দেন সহ বর্তমানং যথা স্যাৎ তথা (বা যথা তথা)।

নঞ্ এর সহিত বহুব্রীহি সমাস হইলে নঞ্ এর পরস্থিত অস্তি অর্থ বুঝায় এরূপ বিদ্যমান প্রভৃতির লোপ হয়—অবিদ্যমানঃ পুত্রঃ যস্য সঃ অপুত্রঃ, এইরূপ অধনঃ।

বহুব্রীহি সমাসে সমস্যমান পদগুলির একই বিভক্তি হইলে অর্থাৎ বিশেষ্য বিশেষণ হইলে, উহাকে **সমানাধিকরণ বহুব্রীহি** বলে। স্থিরা বুদ্ধিঃ যস্য সঃ স্থিরবুদ্ধিঃ, শ্রুতঃ বৃত্তান্তঃ যেন সঃ শ্রুতবৃত্তান্তঃ।

সমস্যমান পদগুলির বিভক্তি ভিন্ন হইলে উহাকে **ব্যধিকরণ বহুব্রীহি** বলে। শূলং পাণৌ যস্য সঃ শূলপাণিঃ, এইরূপ বীণাপাণিঃ, বজ্রপাণিঃ, ক্ষণে জন্ম যস্য সঃ ক্ষণজন্মা।

বহুব্রীহি সমাসেও মহৎ শব্দ বিশেষণ হইলে মহা হয়—মহান্তৌ ভুজৌ যস্য সঃ মহাভুজঃ, এইরূপ মহাবাহুঃ, মহাবলঃ, কিন্তু ষষ্ঠীসমাসে মহতঃ ভুজঃ মহদ্ভুজঃ, এইরূপ মহদ্বলম্, মহদ্বাহুঃ, মহদ্ভোজ্যম্ ইত্যাদি।

পরস্পরের ক্রিয়া বুঝাইলে সমান আকৃতি বিশিষ্ট দুইটি [illegible] বা সপ্তম্যন্ত পদের বহুব্রীহি সমাস হয়, উহাকে **ব্যতিহার বহুব্রীহি** বলে। উহাতে পূর্বপদের অন্ত্যস্বরের বৃদ্ধি হয় এবং সমাসান্ত ইচ্ হয়। উহার ই থাকে—দণ্ডেন দণ্ডেন ইদং যুদ্ধং প্রবৃত্তম্ দণ্ডাদণ্ডি, কেশেষু কেশেষু গৃহীত্বা ইদং যুদ্ধং প্রবৃত্তম্ কেশাকেশি, এইরূপ হস্তাহস্তি।

লক্ষ্য করিবে—পীতম্ অম্বরম্ পীতাম্বরম্ কর্মধারয় সমাস, উহার অর্থ পীতবস্ত্র, শব্দটি বিশেষ্য। পীতম্ অম্বরং যস্য সঃ পীতাম্বরঃ বহুব্রীহি সমাস। উহার অর্থ পীতাম্বরধারী (পুরুষ), শব্দটি বিশেষণ। বহুব্রীহি সমাসে সপ্তম্যন্ত ও ক্ত প্রত্যয়ান্ত পদ পূর্বে বসে—**কণ্ঠে কালঃ** যস্য সঃ **কণ্ঠেকালঃ**, দীর্ঘৌ বাহূ যস্য সঃ দীর্ঘবাহুঃ, গতঃ গ্রামঃ যেন সঃ গতগ্রামঃ।

সু এবং সুরভি শব্দের সহিত গন্ধ শব্দের বহুব্রীহি সমাস হইলে এবং স্বাভাবিক গন্ধ বুঝাইলে সমাসান্ত ই হয়—সু গন্ধঃ যস্য তৎ—সুগন্ধি পুষ্পম্, এইরূপ সুরভিগন্ধি পুষ্পম্ কিন্তু সুগন্ধঃ বায়ুঃ।

জায়া শব্দ শেষে থাকিলে জায়া স্থানে জানি হয়—যুবতিঃ জায়া যস্য সঃ—যুবজানিঃ। এইরূপ সীতাজানিঃ, জানকীজানিঃ।

ধনুঃ শব্দ স্থানে ধন্বন্ হয় - পুষ্পং ধনুঃ যস্য সঃ—পুষ্পধন্বা, গাণ্ডীবধন্বা। ঋ-কারান্ত ও স্ত্রীলিঙ্গ ঈ কারান্ত ও ঊ-কারান্ত শব্দ পরে থাকিলে সমাসান্ত কপ্ হয়, ক থাকে, বহ্ব্যঃ নদ্যঃ যস্মিন্ সঃ— বহুনদীকঃ গ্রামঃ, সুতনুকা নারী। নদী মাতা যস্য সঃ—নদীমাতৃকঃ দেশঃ, মৃতঃ ভর্তা যস্যাঃ সা মৃতভর্তৃকা নারী। প্রোষিতঃ ভর্তা যস্যাঃ সা—প্রোষিতভর্তৃকা নারী।

অক্ষি শব্দ শেষে থাকিলে সমাসান্ত ষচ্ হয়, অ থাকে—কমলে ইব অক্ষিণী যস্য সঃ—কমলাক্ষঃ, যস্যাঃ সা কমলাক্ষী। সু ও দুর্ শব্দের পরস্থিত হৃদয় শব্দ স্থানে হৃৎ হয় যথাক্রমে বন্ধু ও শত্রু অর্থে—সু হৃদযং যস্য সঃ—সুহৃৎ (বন্ধু), সুহৃদয়ঃ (উত্তম হৃদয় যুক্ত পুরুষ)। এইরূপ দুর্হৃৎ (শত্রু), দুর্হৃদয়ঃ (দুষ্টহৃদয়যুক্ত পুরুষ)। শোভনাঃ দন্তাঃ যস্যাঃ সা—সুদতী (যুবতী হইলে) অন্যথা সুদন্তী, সমানঃ পতিঃ যস্যাঃ সা - সপত্নী, পত্ন্যা সহ বর্তমানঃ—সপত্নীকঃ, একঃ পতিঃ যস্যাঃ সা—একপত্নী, একা পত্নী যস্য সঃ—একপত্নীকঃ।

লব্ধং যশঃ যেন সঃ—লব্ধযশাঃ, লব্ধযশস্কঃ, বিশ্বং মিত্রং যস্য সঃ—বিশ্বামিত্রঃ (ঋষি [illegible]) অন্যথা বিশ্বমিত্রঃ, দ্বয়োঃ দিশোঃ আপঃ যস্য সঃ—দ্বীপঃ, এইরূপ অন্তরীপঃ, প্রতীপঃ। দ্বৌ বা ত্রয়ো বা যেষাং তে—দ্বিত্রাঃ, পঞ্চষাঃ, একদ্বৌ। গন্তুং কামঃ যস্য সঃ—গন্তুকামঃ, গন্তুং মনঃ যস্য সঃ—গন্তুমনাঃ। বিদিতঃ ধর্মঃ যেন সঃ—বিদিতধর্মা, কৃতং কর্ম যেন সঃ—কৃতকর্মা।

সহসুপা বা সুপ্‌সুপা সমাস

সহসুপা বা সুপ্ সুপা শব্দের অর্থ সুবন্ত পদের সহিত সুবন্ত পদের সমাস। এরূপ বলিলে অব্যয়ীভাব, তৎপুরুষ প্রভৃতি সকল সমাসই সুপ্‌সুপা সমাস হয়। সুতরাং সুপ্‌সুপা বলিলেই সকল সমাস বলা হয়, অব্যয়ীভাবাদি বলার প্রয়োজন হয় না। অতএব যে স্থানে সমাস হইয়াছে, অথচ অব্যয়ীভাব, তৎপুরুষ প্রভৃতির কোনটিই হয় নাই, সেখানে সহসুপা বা সুপ্‌সুপা সমাস হইবে। যথা—পূর্বং ভূতঃ—ভূতপূর্বঃ, বিস্পষ্টং পটুঃ—বিস্পষ্টপটুঃ।

নিত্য সমাস

যেখানে সমাস হইয়াছে কিন্তু ব্যাসবাক্য নাই অথবা ব্যাসবাক্য করিলে অর্থ অন্যরূপ হয় তাহাকে নিত্য সমাস বলে। যথা—কৃষ্ণসর্পঃ (কেউটে সাপ)। কৃষ্ণঃ সর্পঃ—কৃষ্ণসর্পঃ এরূপ ব্যাসবাক্য করিলে অর্থ হয় কাল

রং এর যে কোনও লোপ। যেখানে সমাসের নিজের শব্দসমূহ দ্বারা ব্যাসবাক্য হয় না তাহাও নিত্য সমাস। যথা—অন্যঃ দেশঃ—দেশান্তরম্। এখানে দেশ ও অন্তর শব্দ দ্বারা ব্যাসবাক্য করা হয় নাই। এইরূপ কুৎসিতঃ পুরুষঃ—কুপুরুষঃ। নিত্য সমাস দ্বিবিধ—**অ-বিগ্রহঃ নিত্যসমাসঃ** এবং **অস্বপদবিগ্রহঃ নিত্যসমাসঃ**। নিত্য সমাস একটি পৃথক্ শ্রেণীর সমাস নহে। অব্যয়ীভাব তৎপুরুষাদির অন্তর্গত।

অলুক্ সমাস

সমাস করিলে দুইটি পদেরই বিভক্তির লোপ হয়। যে সমাসে পূর্বপদের বিভক্তির লোপ হয় না তাহাকে অলুক্ সমাস বলে। লুক্ শব্দের অর্থ লোপ। ইহা কোনও পৃথক্ সমাস নহে। উক্ত সমাসসমূহেরই অন্তর্গত। যথা—

চতুর্থীতৎপুরুষ সমাসে—আত্মনেপদম্, পরস্মৈপদম্।

পঞ্চমীতৎপুরুষে—স্তোকান্মুক্তঃ।

ষষ্ঠীতৎপুরুষে—দাস্যাঃ পুত্রঃ (অবৈধ পুত্র অর্থে), ভ্রাতুষ্পুত্রঃ।

সপ্তমীতৎপুরুষে—যুধিষ্ঠিরঃ।

উপপদতৎপুরুষে—বনেচরঃ, অন্তেবাসী, সরসিজম্, মনসিজম্।

বহুব্রীহি সমাসে—কণ্ঠেকালঃ।

নিম্নের উদাহরণ গুলির অর্থভেদ লক্ষ্য করিবে—

মহারাজঃ (মহান্ রাজা, কর্মধা)—মহারাজঃ দশরথঃ প্রাণান্ তত্যাজ।

মহারাজা (মহান্ রাজা যস্য, বহুব্রীহি)—মহারাজা অয়ং দেশঃ।

মহাভয়ম্ (মহৎ ভয়ম্, কর্মধা)—স ব্যাঘ্রং দৃষ্ট্বা মহাভয়ং প্রাপ্তঃ।

মহদ্ভয়ম্ (মহতঃ ভয়ম্, ষষ্ঠী তৎ)—দুর্জনঃ মহদ্ভয়েন দূরং গতঃ।

মহদ্ ভয়ম্ (মহৎ ভয়ম্, অসমাস)—কুক্কুরস্য ব্যাঘ্রাৎ মহদ্ ভয়ম্।

প্রিয়সখঃ (প্রিয়ঃ সখা, কর্মধা)—দশরথঃ ইন্দ্রস্য প্রিয়সখঃ আসীৎ।

প্রিয়সখা (প্রিয়ঃ সখা যস্য, বহুব্রীহি)—প্রিয়সখা অর্জুনঃ কৃষ্ণমবদৎ।

অর্ধগ্রামঃ—(গ্রামস্য অর্ধম্, একদেশী, ঠিক অর্ধেক)—ময়া অর্ধগ্রামঃ লব্ধঃ।

গ্রামার্ধঃ (গ্রামস্য অর্ধঃ, ষষ্ঠীতৎ, এক অংশ)—গ্রামার্ধে বসতি বিপ্রঃ।

উন্নতমনাঃ (উন্নতং মনঃ যস্য, বহুব্রীহি)—উন্নতমনাঃ জনঃ সর্বস্বং দদাতি।

উন্নতমনঃ (উন্নতং মনঃ, কর্মধা)—স দরিদ্রোঽপি উন্নতমনঃ দধাতি।

পূর্বাহ্ণঃ (অহ্নঃ পূর্বম্, একদেশী)—পূর্বাহ্ণে দেবান্ পূজয়েৎ।

পূর্বাহঃ (পূর্বম্ অহঃ কর্মধা)—স পূর্বাহে প্রবাসং গতঃ।

তরুচ্ছায়া (তরোঃ ছায়া, ষষ্ঠীতৎ)—তরুচ্ছায়ায়াং পথিকঃ শেতে।

তরুচ্ছায়ম্ (তরূণাং ছায়া, ষষ্ঠীতৎ)—তরুচ্ছায়ে সর্বে সমবেতাঃ।

সুগন্ধি (স্বাভাবিক গন্ধ হইলে)—সুগন্ধি পুষ্পম্ আনয়।

সুগন্ধঃ (গন্ধ পরের হইলে)—সুগন্ধো বায়ুঃ প্রবহতি।

সুন্দরবুদ্ধিঃ (সুন্দরী বুদ্ধিঃ যস্য, বহুব্রীহি)—সুন্দরবুদ্ধিঃ অয়ং জনঃ।

